




# ভিজুয়্যাল বেসিক.নেট প্রোগ্রামিং

নতুন শিক্ষার্থীদের জন্য গুরুত্বপূর্ণ প্রশিক্ষণ রিসোর্স

## প্রথম খণ্ড

Part ONE



### Copyright NOTICE:

All rights reserved. This electronic book or any portion thereof may not be reproduced or used in any manner whatsoever without the express written permission of the author except for the use of brief quotations in a book review. This electronic book may only be used for private reading, it is forbidden to print and distribute all or any part of it and distribute for commercial purposes.

## বিশেষ ইন্টারনেট সংস্করণ Special Internet Edition

ইঞ্জিনিয়ার আজিজুল বারী  
engineerazizulbari@gmail.com

খানকায়ে আমীনিয়া-আসগরিয়া গবেষণা বিভাগ  
Ali Centre, Subidbazar, Sylhet, BD

# বিষয়সূচি

১ম পরিচ্ছেদ: ভূমিকা: মাইক্রোফট ভিজুয়্যাল বেসিক.নেট - কী এটা?	৪
২য় পরিচ্ছেদ: শুরু করুন প্রাকটিস: কী লাগবে প্রাকটিস করতে?	৫
<b>১ম প্রোগ্রাম: ProjectBismillah</b>	৬
User Interface ডিজাইন	৮
FormBorderStyle ও MaximumBox ডিজাইনে পরিবর্তন	৯
Designer থেকে Programmer	১০
৩য় পরিচ্ছেদ: ভিজুয়্যাল বেসিক.নেট ভাষার মৌলিক কাঠামো	১২
<b>ভিজুয়্যাল বেসিক.নেট : Subs &amp; Functions</b>	১২
১ম উদাহরণ: Sub	১৩
২য় উদাহরণ: Function	১৩
৩য় উদাহরণ: Sub & Function	১৬
৪র্থ পরিচ্ছেদ: ভিজুয়্যাল বেসিক.নেট ভাষার <b>Variable Declaration</b>	২১
<b>ভিজুয়্যাল বেসিক.নেট : Variable &amp; Data Type</b>	২১
<b>CollectionDemo Application</b>	২৭
৫ম পরিচ্ছেদ: <b>Looping in Program</b>	৩০
বিভিন্ন লুপিং : Various Looping	৩০
৬ষ্ঠ পরিচ্ছেদ: <b>Structure</b>	৩২
বিভিন্ন ভেরিয়েবল একত্রে : Different Variables together	৩২
৭ম পরিচ্ছেদ: <b>Separate code block in Program</b>	৩৬
মডিউল ও ক্লাস : Module & Class	৩৬
৮ম পরিচ্ছেদ: <b>More on Subs &amp; Functions</b>	৪০
সার ও ফাংশন : Subs & Functions	৪০
NumbersAdder উদাহরণ	৪৮
৯ম পরিচ্ছেদ: <b>Ready-made functions and methods</b>	৪৬
বানানো ফাংশন ও মেথড: Ready-made functions & Methods	৪৬
১০ম পরিচ্ছেদ: Object Oriented Programming [OOP] -বস্তিভিত্তিক প্রোগ্রামিং	৫৫
বস্তিভিত্তিক প্রোগ্রামিং: Object Oriented Programming [OOP]	৫৫
ক. Encapsulation	৫৫
খ. Inheritance	৫৬
খ. Polymorphism	৫৭
১১তম পরিচ্ছেদ: <b>Working with Files</b>	৬১
ফাইল নিয়ে কাজ : Working with Files	৬১
উদাহরণ-১: My.Computer.FileSystem Object ব্যবহার করে ফাইল নিয়ন্ত্রণ	৬৫
১২তম পরিচ্ছেদ: <b>Accessing Computer Resources</b>	৭১
কম্পিউটারের রিসোর্স সংগ্রহ ও ব্যবহার : Accessing Computer Resources	৭১
My.Computer.Object	৭১
উদাহরণ-১: Simple .wav audio player -.wav ফাইল অডিও প্লেয়ার	৭১



## বিষয়সূচি

<b>১৩তম পরিচ্ছেদ: Software Development Cycle</b>	৮০
সফটওয়্যার তৈরির প্রক্রিয়াচক্র : Software Development Cycle	৮০
ক. প্রয়োজন সনাক্তকরণ - <b>Identify Requirement</b>	৮০
খ. বিশ্লেষণ - <b>Analysis</b> , গ. আকল - <b>Design</b>	৮০
ঘ. সংক্ষেতলিপি - <b>Coding</b> , ঙ. পরীক্ষণ - <b>Testing</b> , চ. বিস্তারণ - <b>Deployment</b>	৮১
<b>১৪তম পরিচ্ছেদ: Complete Application Tutorials</b>	৮২
পূর্ণাঙ্গ এ্যাপলিকেশন প্রশিক্ষণ : <b>Complete Application Tutorials</b>	৮২
Application 1: BD City to City Distance - বাংলাদেশ শহর থেকে শহর দূরত্ব	৮২
Application 2 : Bangla Calculator - বাংলা ক্যালকুলেটর	৯১
Application 3 : Bangla / English Unit Conversion Software - বাংলা / ইংরেজি একক পরিবর্তন সফটওয়্যার।	৯৫
Application 4 : Bangla / English Word Processor - বাংলা / ইংরেজি ওয়ার্ড প্রসেসর।	১২৭
<b>১৫তম পরিচ্ছেদ: Database Programming Made Simple</b>	১৩৯
সহজ ডাটাবেইজ প্রোগ্রামিং: <b>Database Programming Made Simple</b>	১৩৯
১. এক্সিভেন্স ডাটা অবজেক্ট.নেট [সংক্ষেপে: ADO.Net]	১৩৯
১. ভিজুয়াল বেসিক.নেট ও ডাটাবেইজ: একটি ঠিকানা বই ডাটাবেইজ প্রোগ্রাম	১৪১
ডাটাবেইজ প্রোগ্রামিংয়ের ভাষা: Structured Query Language [SQL]	১৪৬
<b>১৬তম পরিচ্ছেদ: Few More Sample Applications</b>	১৬৫
আরো কয়েকটি নমুনা এ্যাপলিকেশন: <b>Few More Sample Applications</b>	১৬৫
১. একটি ব্যক্তিগত ওয়েব ব্রাউজার: <b>A Personal Web Browser</b>	১৬৫
২. সাধারণ এ্যানিমেশন: <b>Simple Animation</b>	১৭০
৩. বাংলা-ইংরেজি-বাংলা তারিখ রূপান্তর:	
<b>Bangla-English-Bangla Date Conversion</b>	১৭১
<b>১৭তম পরিচ্ছেদ: Windows Form Controls</b>	১৮৪
উইন্ডোজ ফর্ম কন্ট্রোলস: <b>Windows Form Controls</b>	১৮৪
<b>১৮তম পরিচ্ছেদ: Visual Basic.Net: Simple Guide</b>	২১১

## ১ম পরিচ্ছেদ: ভূমিকা

# মাইক্রসফ্ট ডিজিয়েল বেসিক.নেট - কী এটা?

এটা একটি সহজ কম্পিউটার প্রোগ্রামিং ভাষা। যে কেউ ইচ্ছে, এ ভাষা শিখে বিশ্বয়কর সফ্টওয়্যার তৈরি করতে পারে পি.সি কম্পিউটারের জন্য। এ ভাষার মৌলিক কঠি বৈশিষ্ট্য:


১. এটা বস্তুভিত্তিক প্রোগ্রামিং ভাষা (Object Oriented Programming Language)।
২. এটা আধুনিক, সহজ, জনপ্রিয়, ইংরেজির মতো ভাষা।
৩. এটা কাঠামোসৰ্ব ভাষা (Structured Language)।
৪. এ ভাষায় লেখা প্রোগ্রামগুলো খুব নির্ভরশীল।
৫. ভুল-ক্রটি সঠিকরণ (Debugging) অনেকটা সহজ।
৬. এটা মাইক্রসফ্টের ডট.নেট ফ্রেমওয়ার্ক (.Net Framework) এর অংশ।
৭. এ ভাষায় লিখিত সফ্টওয়্যার মাইক্রসফ্ট উইন্ডোজ এর জন্য খুব মানানসই।

**জানেন কি?:** পৃথিবীবিখ্যাত মাইক্রসফ্ট অফিস এর প্রতিটি এ্যাপলিকেশন ডিজিয়েল বেসিক (এবং ডিজিয়েল বেসিক.নেট) দ্বারা নিয়ন্ত্রণ ও রুদবদল (customize) করা যায়।


এ পর্যন্ত যা বলা হলো তার এক বা একাধিক বিষয় আপনার বুঝে না আসলে ভাববেন না। এই গ্রন্থ ভালো করে অধ্যয়ন ও এতে সম্পৃক্ত বিভিন্ন পদে পদে বর্ণিত মডেল প্রোগ্রামগুলোর ওপর প্রাকটিস করে নিলে আপনিও হয়ে যাবেন ডিজিয়েল বেসিক.নেট প্রোগ্রামার। আপনাকে প্রোগ্রামার বানানোই আমাদের ইচ্ছে। পাঠ করতে থাকুন। দেখুন, কম্পিউটার প্রোগ্রামিং এর বিশ্বয়কর জগৎ! এ বিশ্বয়ের জগতে পাড়ি দিতে আপনার হাতিয়ার শুধুমাত্র একটি ল্যাপটপ বা ডেস্কটপ কম্পিউটার ও সেসাথে শেখার স্পৃহা- এই যা!

এই গ্রন্থে আপনি যা শিখবেন:

১. ডিজিয়েল বেসিক.নেট ভাষার মাধ্যমে সফ্টওয়্যার তৈরির পদ্ধতি।
২. উইন্ডোজের .exe এ্যাপলিকেশন তৈরি।
৩. উইন্ডোজের বেসিক ডাটাবেইজ প্রোগ্রামিং।



## ২য় পরিচ্ছদ: শুরু করুন প্রাকটিস



### কী লাগবে প্রাকটিস করতে?


#### আই.ডি.ই (Integrated Development Environment)

বাংলায় বলা যায়, ‘অঙ্গীভূত উন্নয়ন পরিবেশ’। মূলত আই.ডি.ই হলো সফ্টওয়্যার তৈরির একটি সফ্টওয়্যার। এতে আছে বিভিন্ন ধরনের হাতিয়ার (Tools) যা ব্যবহারের মাধ্যমে আপনি সফ্টওয়্যার সৃষ্টি করতে সক্ষম হবেন। আপনার সুবিধার্থে মাইক্রসফ্ট একাধিক উন্নতমানের আই.ডি.ই তৈরি করেছে। আপনার পছন্দসই আই.ডি.ই ইন্টারনেট থেকে (অথবা কম্পিউটারের দোকান থেকে) কম্পিউটারে ইনস্টল করতে পারেন। এজন্য আপনাকে তেমন বেশি টাকা দিতে হবে না। ইন্টারনেট থেকে ফ্রি ডাউনলোড করতে পারেন।

এই গ্রন্থে আমি মাইক্রসফ্টের ‘ডিজিয়েল সুডিও এক্সপ্রেস ২০১২ ফর ডেক্সটপ’ থেকে উদাহরণ দিয়েছি। আপনি এটা ডাউনলোড করতে পারেন এই ওয়েব ঠিকানা থেকে:

<https://www.microsoft.com/en-us/download/details.aspx?id=34673>

ইনস্টল করার পর মাইক্রসফ্টের ওয়েবসাইট থেকে বিনামূল্যে রেজিস্ট্রেশন করুন। এরপর ডিজিয়েল বেসিক এক্সপ্রেস ফর ডেক্সটপ যখনই রান করবেন তখন প্রথমে এই উইনডোটি আসবে:



চিত্র-১: এক্সপ্রেস ২০১২ ফর উইনডোজ ডেক্সটপ রান করার পর প্রথমে প্রদর্শিত উইনডো।




## ১ম প্রোগ্রাম: ProjectBismillah

নিচে ধারাবাহিকভাবে বর্ণিত নির্দেশনাবলী অনুসরণ করে প্রজেক্ট তৈরি করুন:

### ১. Start এর নিচে লিখিত New Project... -এ ক্লিক করুন।

নতুন একটি প্রজেক্ট তৈরির জানালা আসবে। এটি নিম্নে দেখানো হলো।



চিত্র-২: New Project... -এ ক্লিক করার পর প্রদর্শিত জানালা।


আপনি ডেস্কটপে LearningDotNet নামকরণে একটি ফন্ডার বানিয়ে এর ভেতর সকল Project সংরক্ষণ করতে পারেন।

### ২. নতুন প্রজেক্ট ProjectBismillah -সংরক্ষণ করুন।

জানালার Name ফিল্ডে লিখুন ProjectBismillah। Windows Forms Application যেনো হাইলাইট (ক্লিক করা) থাকে। আমরা এই গ্রন্থে একটি প্রোগ্রামই করবো। Browse...-এ ক্লিক করে আপনার পছন্দসই ফন্ডারে সংরক্ষণের জন্য চয়েজ করুন। এরাব ক্লিক করুন 'Ok' বোতামে। আপনার নতুন প্রজেক্ট তৈরি হবে। কিছুক্ষণ পর প্রজেক্ট খুলবে এবং পরের পৃষ্ঠায় চিত্রিত জানালাটি প্রদর্শিত হবে।

ব্যস! আপনি প্রথম প্রজেক্ট তৈরি করে নিলেন। এবার আসুন, এই প্রজেক্টের উদ্দেশ্য হাসিলে কাজে লেগে যাই- কেমন?

১ম প্রোগ্রাম: ProjectBismillah



চিত্র-৩: ProjectBismillah তৈরির পর প্রদর্শিত আই.ডি.ই জানালা।

উপরের চিত্রের মতো আপনার কম্পিউটারে প্রদর্শিত আই.ডি.ই ঠিক হুবহু একই না-ও হতে পারে। কোনো ভাবনা নেই। যেভাবেই আসুক না কেনো, এতে সর্বদাই Form1 নামকরণে একটি ফরম থাকবে। এই ফরম বা জানালাটির ভেতরই আমাদের প্রোগ্রামের যাবতীয় বস্তু তৈরি হবে। একটু পরই আপনি বিষয়টি বুঝতে সক্ষম হবেন।

### ৩. সলিউশন এক্সপ্লোরার প্রদর্শন করুন।

যদি Solution Explorer জানালা প্রদর্শিত না হয়ে থাকে তাহলে VIEW ম্যানুতে ক্লিক করে চতুর্থ আইটেম Solution Explorer চয়েজ করুন। এটি টেনে ডানদিকে নিয়ে আসুন।

### ৪. টুলবক্স প্রদর্শন করুন।

যদি Toolbox জানালা প্রদর্শিত না হয়ে থাকে তাহলে VIEW ম্যানুতে ক্লিক করে ত্রয়োদশ আইটেম Toolbox চয়েজ করুন। এটি টেনে ডানদিকে নিয়ে আসুন। চাইলে Solution Explorer জানালার ভেতর ছেড়ে দিতে পারেন।

### ৫. প্রোপার্টিজ প্রদর্শন করুন।

যদি Properties জানালা প্রদর্শিত না হয়ে থাকে তাহলে VIEW ম্যানুতে ক্লিক করে শেষেরটির আগের আইটেম Properties Window চয়েজ করুন। এটি টেনে ডানদিকে নিয়ে আসুন। চাইলে Solution Explorer জানালার ভেতর এটাও ছেড়ে দিতে পারেন।

উপরে বর্ণিত উপায়ে কাজ করলে যে জানালাটি দেখা যাবে তা হবে এ পৃষ্ঠার চিত্রের মতো (চিত্র-৩)। লক্ষ করুন Solution Explorer জানালার নিচে তিনটি বোতাম আছে: Properties, Toolbox এবং Solution Explorer। যে সময় যেটির প্রয়োজন তাতে ক্লিক করলেই সে জানালা প্রদর্শিত হবে। আপাতত আমাদের দরকার এই তিনটি ও Form1 নামক জানালাটি।

ব্যস! ProjectBismillah -এর জন্য আপনি আই.ডি.ই প্রস্তুত করে নিয়েছেন। এবার কিছু প্রোগ্রামিং হবে।

১ম প্রোগ্রাম: ProjectBismillah

## User Interface ডিজাইন


বাংলায় ব্যবহারকারীর সাথে প্রোগ্রামের মিথস্ক্রিয়াকে ইউজার ইন্টারফেইস বলা যায়। কিভাবে একজন ব্যবহারকারী আপনার প্রোগ্রাম থেকে কাঞ্চিত ফলাফল বা সুবিধা উপভোগ করবে তা সুন্দরভাবে ডিজাইন করার নামই হলো ইউজার ইন্টারফেইস। বিসমিল্লাহ প্রোগ্রামে আমরা যা চাচ্ছি তাহলো, একটি বোতামে ক্লিক করলে ইংরেজিতে 'Bismillahir Rahmanir Raheem' বাক্যটি একটা ফিল্ডে লেখা হবে। একই সময় একটি ডায়লোগ বা মেসেজ বাক্স আসবে ও 'Beep' শব্দ হবে। বাস্তে ইংরেজিতে লেখা থাকবে "In the name of Allah the Merciful, the Beneficent." - এ কথাটি।

এ ইন্টারফেইস তৈরিতে আমাদের যা দরকার:

১. একটি প্রোগ্রাম ফরম বা উইডো।
২. একটি লেখা প্রদর্শনের ফিল্ড বা টেক্সট বাক্স।
৩. একটি ক্লিক করার বোতাম।

উপরে উল্লেখিত তিনটি বস্তুর মধ্যে প্রথমটি তথা উইডো ফরম ইতোমধ্যে আমরা তৈরি করে নিয়েছি। চাইলে একে সামান্য পরিবর্তন করতে পারি। যেমন, এর উপরের শিরোনাম 'Form1' পরিবর্তন করে আমরা লিখতে পারি 'Project Bismillah'। এটা করতে নিচের ধারাবাহিক পদক্ষেপগুলো গ্রহণ করুন।

১. ফর্মের ভেতর ক্লিক করে একে সিলেক্ট করুন। ২. সলিউশন এক্সপ্লোরারের নিচে 'Properties' শব্দের উপর ক্লিক করুন। ৩. স্ক্রল করে 'Text' আইটেমে যেয়ে 'Form1' শব্দ মুছে সেখানে লিখুন 'Project Bismillah'। এবার সেইভ করুন (Ctrl+Shift-S কিংবা File - Save All)। নিচের চিত্রটি (চিত্র-8) দেখুন।



### প্রোগ্রাম "Start" করা


যে কোনো প্রোগ্রাম তৈরির সময় বার বার এটি শুরু করে কাজ করছে কি না দেখতে হয়। এ সুবিধার জন্য "Start" নামকরণে একটি মেনু আইটেম দেওয়া আছে। এতে ক্লিক করলে প্রোগ্রাম বিল্ড করবে। প্রোগ্রামের কোডিংয়ে ভুল থাকলে সতর্ক মেসেজ প্রদর্শিত হবে। অন্যথায় সফলভাবে প্রোগ্রাম শুরু হবে। আপনি কাঞ্চিত ফলাফল পাচ্ছেন কি না পরীক্ষা করে নিতে পারেন। এরপর এটা বন্ধ করলেই আই.ডি.ই -তে ফিরে আসবেন।

এ পর্যন্ত আমরা যা করেছি তা দেখার জন্য একবার "Start" বোতামে ক্লিক করুন। নিচের চিত্র-5 এর মতো একটি উইডো দেখা যাবে।

চিত্র-8: Form1 -এর শিরোনাম পরিবর্তন।

মনে রাখবেন:

কিছুক্ষণ কাজ করেই Ctrl+Shift-S কিংবা File - Save All দ্বারা প্রজেক্ট সেইভ বা সংরক্ষণ করবেন। এভাবে সংরক্ষণের অভ্যেস করে নেবেন। আপনার কাজ অনাকাঞ্চিত কোনো কারণে নষ্ট হবে, তা-তো মানা যায় না!




চিত্র-5: Start -করার পর প্রদর্শিত জানালা।

## FormBorderStyle ও MaximumBox ডিজাইনে পরিবর্তন

প্রোগ্রাম চলার সময় যাতে ফরম জানালার আয়তন পরিবর্তন না হয় সে জন্য দু'টি প্রোপার্টি পরিবর্তন করলে ভালো হবে। এই দু'টি পরিবর্তন করতে নিম্নের ধারাবাহিক পদক্ষেপগুলো অনুসরণ করুন:

ফর্মে ক্লিক করে এটাকে সিলেক্ট করুন। ক্লিক করুন সলিউশন এক্সপ্লোরার জানালায়। এবার স্ক্রল করে FormBorderStyle -এ যান। ডানের ড্রপডাউন মেনু থেকে চয়েজ করুন Fixed3D আইটেম। এরপর স্ক্রল করে চলে যান MaximumBox -এ। এর ডানের বাস্তু True লেখা থকালে ড্রপডাউন বাস্তু থেকে False শব্দটি চয়েজ করুন।

এবার আপনার ফর্মের চেহারা ডানের চিত্রের মতো হবে। প্রোগ্রাম Start করে দেখুন- ফর্মের সাইজ পরিবর্তন করা আর সম্ভব হবে না।



চিত্র-৬: Form1 -এর চিত্র।

### একটি Button ও একটি Text box ফর্মে যুক্তকরণ

আমরা ফর্মের ডিজাইন শেষ করেছি। এবার এর ভেতর দু'টি বস্তু যুক্ত করবো। প্রথমে একটি Text box ফর্মের উপরে এনে বসাবো। নিচে বর্ণিত পদক্ষেপগুলো ধারাবাহিকভাবে অনুসরণ করুন।

ক্লিক করুন সলিউশন এক্সপ্লোরার জানালায়। ক্লিক করুন নিচের Toolbox বাস্তু। Common Controls -এর নিচে দেখতে পাবেন অনেকগুলো আইটেম। ডবল ক্লিক করুন ২নং আইটেম Button-এ। দেখবেন, Button1 -নামক একটি বোতাম ফর্মের উপরের বায়ের কোণে চলে গেছে। আপনি বোতাম যোগ করে নিয়েছেন।

এবার টুল বাস্তু যেয়ে স্ক্রল করে নিচে যান। আগের মতো ডবল ক্লিক করুন TextBox -নামক আইটেমে। লক্ষ করুন, একটি বাস্তু চলে গেছে ফর্মের ভেতর। এটাকে মাউস দিয়ে টেনে মাঝখানে নিয়ে আসুন। বোতামটিও নিচে সেন্টারে নিয়ে আসুন।

### টেক্স্ট বাস্তু ও বোতামের প্রোপার্টি পরিবর্তন

আমরা চাই টেক্স্ট বাস্তুর লেখাটুকু একটু বড় সাইজ হবে। এছাড়া বোতামে লেখা থাকবে Click Me শব্দগুলো। লেখার সাইজও কিছুটা বড় হবে। আমরা এ কাজগুলো সহজে করতে পারি প্রোপার্টি জানালা ব্যবহার করে। নিম্নে বর্ণিত পদক্ষেপগুলো অনুসরণ করুন।

Button - ক্লিক করে Button1 সিলেক্ট করুন। এক্সপ্লোরার জানালার নিচে Properties বাস্তু থেকে ক্লিক করুন। এবার প্রথম দিকের + Font -এর + চিহ্নে ক্লিক করুন। আরো একটি মেনু আসবে। এখানে Size কথাটির বাস্তু Text আইটেম বের করুন। এর ডানে Button1 শব্দটি মুছে Click Me শব্দদ্বয় লিখুন। ব্যস! বোমাতের পরিবর্তন সম্পূর্ণ হলো।

TextBox - ক্লিক করে টেক্স্ট বাস্তু সিলেক্ট করুন। প্রোপার্টি জানালায় যেয়ে আগের মতো ফন্ট সাইজ বদলে ১৪ করুন। ব্যস! হয়ে গেল।

ফর্মের সাইজ পরিবর্তন, টেক্স্ট বাস্তু ও বোতামের অবস্থান পরিবর্তন শেষে যে ফর্ম তৈরি হলো তা নিম্নে দেখানো হয়েছে।



চিত্র-৭: Form1 -এর শেষ চিত্র।

## Designer থেকে Programmer

এ পর্যন্ত আপনি যা করলেন তাতে আপনাকে প্রোগ্রামার উপাধিতে ভূষিত করা যাবে না! হ্যাঁ, আপনি ডিজাইনার ছিলেন। কারণ আপনি একটি ইউজার ইন্টারফেইস ডিজাইন করেছেন সফলভাবে। তবে আমাদের ইচ্ছা আপনি শুধু ডিজাইনার নয় একজন দক্ষ প্রোগ্রামার হবেন। অর্থাৎ বুঝেসুঝে আপনি প্রোগ্রাম চলাকালের এ্যাকশন কোড লিখার যোগ্যতা লাভ করবেন। আর এটাই তো এ গ্রন্থ রচনার উদ্দেশ্য।

প্রোগ্রাম করা যেমন কঠিন মনে করা হয় বাস্তবে তা কিন্তু নয়। অবশ্য এজন্য মাইক্রসফটকে ধন্যবাদ দিতেই হবে। এক সময় এমন ছিলো, আপনি যে ইউজার ইন্টারফেইস কয়েক মিনিট বা ধুরণ ঘণ্টা খানেকের মধ্যেই তৈরি করে নিলেন তা করতে, লিখতে হতো শত শত লাইনস্বৰ্স্ব কোড। সময় লাগতো কয়েক দিন পর্যন্ত। কিন্তু এ কাজগুলো আমরা রেডি-মেইড পেয়ে যাচ্ছি। যা তারা রেডি-মেইড করে দিতে পারেন নি তাহলো আমাদের চাহিদা। কারণ তারা তো জানেন না, প্রোগ্রাম দ্বারা আমরা কি করতে চাই? এ কারণেই বাকী অংশ নিজেরাই করতে হবে।

### প্রোগ্রাম কোডিং

আমরা চাই, যে মুহূর্তে ব্যবহারকারী Click Me বোতামে ক্লিক করবেন, তখনই কিছু তথ্য প্রদর্শন করতে। কিসব তথ্য প্রদর্শিত হবে তা নিম্নে চিত্রিত হয়েছে।

**Click Me**

Bismillahir Rahmanir Raheem.

Beep

বোতাম

টেক্স্ট বাক্স

সিস্টেম ধ্বনি

In the name of  
Allah the Merciful,  
the Beneficent.

ডায়লোগ জানালা

উইন্ডোজ ফরম এপ্লিকেশনের কোডিং ফিল্ডে সর্বদাই নিম্নে চিত্রিত একটি কোড ব্লক থাকে। এই ব্লকের ভেতরেই যাবতীয় কোড লিখতে হবে।

**Public Class Form1**

সব কোড এখানে

**End Class**

### Click Me - বোতামের কোড

ডিজাইন উইন্ডোতে চিত্রিত বোতামে ডবল ক্লিক করলেই নিচের ফিল্ডটি আসবে। আমাদের নেখা লাইনটি আন্ডারলাইন করে দেখানো হয়েছে। মূল কোডে আন্ডারলাইন থাকবে না।

**Public Class Form1**

```
Private Sub Button1_Click(sender As Object, e As EventArgs) Handles Button1.Click
    TextBox1.Text = "Bismillahir Rahmanir Raheem."
End Sub
```

**End Class**

এই **TextBox1.Text = "Bismillahir Rahmanir Raheem."** লাইন কোড দ্বারা আমরা নির্দেশ দিচ্ছি টেক্স্ট বাক্সে যা লিখা হবে।

১ম প্রোগ্রাম: ProjectBismillah

আমরা এবার Click Me বোতামের Sub-এ আরো দু'টি লাইন যুক্ত করে নেবো। লাইন দুটো হলো:

Beep()

MsgBox("In the name of Allah the Merciful, the Beneficent.")

ব্যস! কোডং শেষ হলো। Form1.vb\* -নামক ফিল্ডে এবার যা লিখা থাকবে তাহলো:

### Public Class Form1


```
Private Sub Button1_Click(sender As Object, e As EventArgs) Handles Button1.Click
    TextBox1.Text = "Bismillahir Rahmanir Raheem." 'what we want to be written in Text Box.
    Beep() 'System sound.
    MsgBox("In the name of Allah the Merciful, the Beneficent.") 'The text for message box window.
End Sub
End Class
```

**ব্যাখ্যা:** Click Me বোতামের Click নামক একটি Event আছে। আমরা এই ইভেন্টটি ধরে কম্পিউটারকে ৩টি কোড লাইনে নির্দেশ দিচ্ছি। যথা: লাইন-১ দ্বারা বলা হচ্ছে ফর্মের TextBox1-এ কী লেখা হবে। লাইন-২ দ্বারা নির্দেশ দিচ্ছি কম্পিউটারের Beep নামক ধ্বনিটি প্লে করার জন্য। এটি সিস্টেমে সংরক্ষিত আছে। লাইন-৩ দ্বারা বলা হচ্ছে একটি মেসেজ বাক্স খুলে তাতে কিছু লিখে প্রদর্শন করতে।

দ্র: লক্ষ করুন, কোডে **সবুজ কিছু লেখা** আছে। এগুলোর শুরুতে '-এ সিঙ্গুল কোট মার্কও দেওয়া হয়েছে। এ সবুজ লাইনগুলো হলো 'কমেন্ট'। ডিজিয়েল বেসিক এগুলো সম্পূর্ণরূপে উপেক্ষা করে যাবে। প্রোগ্রামারের সুবিধার্তে এই কমেন্ট লাইনের ব্যবস্থা। মন্তব্য করলে কোডের অর্থ অনেকটা স্পষ্ট হয়ে ওঠে। আপনিও অবশ্যই মন্তব্য করবেন। এগুলো রেডি-হওয়া প্রোগ্রামের কোনো ক্ষতি করে না কিংবা এদের কারণে অতিরিক্ত মেমোরিও খরচ হয় না। তবে প্রয়োজনে প্রোগ্রাম সঠিকভাবে চালাবল কমেন্ট উপকারী হবে। মনে রাখবেন, কোনো কোনো প্রোগ্রামের কোডের লাইন সংখ্যা শত শত থেকে হাজার হাজারে যেয়ে পৌঁছতে পারে!

### ১ম প্রোগ্রাম শেষ!

আপনি সফলভাবে প্রথম প্রোগ্রাম শেষ করেছেন। তবে আই.ডি.ই বন্ধ করার পূর্বে অবশ্যই একবার প্রোগ্রাম টেস্ট করে দেখতে হবে। নিচের চিত্র-৮-এ এই টেস্টের ফলাফল চিত্রিত হলো।



চিত্র-৮: ১ম প্রোগ্রাম ProjectBismillah পরিচালনা করে Click Me বোতামে ক্লিক করার ফলাফল।

## ৩য় পরিচ্ছেদ: ডিজিয়েল বেসিক.নেট ভাষার মৌলিক কাঠামো

# ডিজিয়েল বেসিক.নেট : Subs & Functions

ডট.নেট প্রোগ্রামের কোড মূলত Sub [Subroutine] ও Function নিয়ে গঠিত। ১ম প্রোগ্রামে আমরা Sub ব্যবহার করেছি। এ দু'টো হলো প্রোগ্রাম কোডের মধ্যে একেকটি অংশ।

প্রত্যেক Sub শুরু হয় এভাবে [এর Syntax]:

```
[accessibility] Sub routine_name [paramaters]
    statements
End Sub
```

accessibility = Public, Protected, Friend, Protected Friend, or Private

Public -অর্থ এই সাবরুটিন সমগ্র প্রোগ্রামব্যাপী ব্যবহারযোগ্য।

Private -অর্থ যে মডিউলের ভেতর এটি আছে শুধু সেখানেই ব্যবহারযোগ্য।

আপাতত এ দু'টোই আমরা ব্যবহার করবো।

routine\_name -যে কোনো নাম। নামটি ডিজিয়েল বেসিকের আইন মুতাবিক হতে হবে। যে কোনো অক্ষর বা আভারস্কোর [-] দ্বারা নাম শুরু হবে। নামের মধ্যে কোনো স্পেসিস [শূন্যস্থান ক্যারাটার] থাকবে না।

paramters - ঠিক ভেরিয়েবল ঘোষণার মতো। একটু পর কিছু উদাহরণ দ্বারা সব পরিষ্কার হবে।

প্রত্যেক Function শুরু হয় এভাবে [এর Syntax]:

```
[accessibility] Function function_name [paramaters] [As return_type ]
    statements
End Function
```

প্রতিটি আইটেম Sub ঘোষণার অনুরূপ। আর As return\_type -এর অর্থ হলো কোন ধরনের তথ্য ফাংশন ফিরে দেবে।

মনে রাখবেন: প্রত্যেক ফাংশনের কাজ হলো কোনো তথ্য [ভ্যালু] ফিরে দেওয়া।

বিষয়টি স্পষ্টভাবে বুঝার জন্য নিচের কোড অংশ দেখুন (চিত্র-৯)। এই কোডিংয়ের উদাহরণ পরে আসছে।

চিত্র-৯:  
Sub  
এবং  
Function  
লেখা হয়েছে  
ফর্মের কুস  
রুকের ভেতর।

```

Form1.vb[Design] Form1.vb.cs
SelectedIndexChanged
Equation1: AreaBox = 2*(Length + Width + Height) * Length, WD=Width, LD=Length, RD=Radius, SD=base width,
Equation2: VolSphere = (4/3) * Pie * Radii^3, SD=base width, RD=Radius of Sphere
Private Sub ListBox1_SelectedIndexChanged(sender As Object, e As EventArgs) Handles ListBox1.SelectedIndexChanged
    HideAll()
    TextBox6.Text = ListBox1.SelectedItem
    Dim WhatNeed As String = TextBox6.Text
    If WhatNeed = "" Then Exit Sub

    '***** Calculate Area and Volume of Cube *****
    If WhatNeed = "Cube" Then
        Label13.Visible = True : TextBox1.Visible = True
        'Label14.Visible = False : Label5.Visible = False : TextBox2.Visible = False : TextBox3.Visible = False
        Label13.Text = "Enter Cube Side length."
    End If

    '***** Calculate Area and Volume of Cylinder *****
    If WhatNeed = "Cylinder" Then
        Label15.Visible = True : Label14.Visible = True : TextBox1.Visible = True : TextBox2.Visible = True
        'Label15.Visible = False : TextBox3.Visible = False
        Label15.Text = "Enter Cylinder Radius."
        Label14.Text = "Enter Cylinder Height."
    End If

    '***** Calculate Area and Volume of Box *****
    If WhatNeed = "Box" Then
        Label13.Visible = True : Label14.Visible = True : Label5.Visible = True
        : TextBox1.Visible = True : TextBox2.Visible = True : TextBox3.Visible = True
        Label13.Text = "Enter Box Length."
        Label14.Text = "Enter Box Width."
        Label5.Text = "Enter Box Height."
    End If

    '***** Calculate Area and Volume of Sphere *****
    If WhatNeed = "Sphere" Then
        Label15.Visible = True : TextBox1.Visible = True
        'Label14.Visible = False : Label5.Visible = False : TextBox2.Visible = False : TextBox3.Visible = False
        Label15.Text = "Enter Sphere Radius."
    End If
End Sub

Function AreaSphere(Radii As Double) As Double
    Dim Pie As Double = 3.142
    Return 4 * Pie * Radii * Radii
End Function

Function VolSphere(Radii As Double)
    Dim Pie As Double = 3.142
    Return 4 / 3 * Pie * Radii * Radii * Radii
End Function


```

তৃয় পরিচেদ: ডিজুয়্যাল বেসিক.নেট ভাষার মৌলিক কাঠামো

## ডিজুয়্যাল বেসিক.নেট : Subs & Functions Examples

### ১ম উদাহরণ: Sub

Sub এর উদাহরণ উপস্থাপনের পূর্বে আপনাকে একটি বিষয় খুব ভালো করে জানতে হবে। Form, Button, TextBox, Label, ListBox, ComboBox ইত্যাদি টুলবাক্সের যাবতীয় বস্তুর [Objects] একাধিক event [ঘটনা] আছে। প্রোগ্রামার হিসাবে আপনার কাজ হলো এসব ঘটনাকে Sub -এর মধ্যে ধরে নিজের ইচ্ছে মতো কাজ করানো। নিচের চিত্রে [চিত্র-১০] ফরম ও বোতামের কিছু ঘটনা [events] দেখানো হয়েছে। এসব ইভেন্ট কোড উইন্ডোতে যেয়ে সিলেক্ট করলেই একেকটি Sub আই.ডি.ই বানিয়ে দেবে। আপনি এর ভেতর কোড লিখে ইভেন্টকে নিয়ন্ত্রণ ও কাজে লাগাবেন। আর এভাবে ইভেন্ট কাজে লাগানোর নামই প্রোগ্রামিং। আপনি যদি সফলভাবে এগুলো কাজে লাগাতে সক্ষম হন তাহলে আপনি হবেন একজন দক্ষ প্রোগ্রামার।



চিত্র-১০: (বায়ে) একটি Project। (মাঝে) প্রজেক্টের ফর্মের ইভেন্ট লিস্ট। (ডানে) প্রজেক্টের বাটন১ এর ইভেন্ট লিস্ট।

অধিকাংশ ক্ষেত্রে আপনি যেসব ইভেন্ট কাজে লাগাবেন তাহলো: (ফরম ও বোতামের ক্ষেত্রে) Click, MouseUp, MouseDown, MouseEnter, MouseLeave; (লিস্টবাক্স, কম্বোবাক্স ইত্যাদির ক্ষেত্রে) Click, MouseEnter, TextChanged, MouseLeave ইত্যাদি।

Sub শব্দের অর্থ Subroutine। ডিজুয়্যাল বেসিক.নেট -এ সাব -এর গুরুত্ব অপরিসীম। সুতরাং সাব কিভাবে কাজ করে তা আপনাকে জানতেই হবে। আপনি আগের পৃষ্ঠায় সাব লেখার নিয়ম (Syntax) দেখেছেন। পরের পৃষ্ঠার সাব দু'টি উপরের চিত্র-১০ -এ চিত্রিত বোতামের Click event ও টেক্সট বাক্সের MouseLeave event সাব, যা আমরা লিখেছি দু'টি কাজ আঞ্চাম দিতে। উক্ত ফর্মে এবার দু'টি TextBox কন্টোলও যোগ করেছি। নিচের বায়ের চিত্রে (চিত্র-১১) দেখানো হয়েছে ফর্মের ডিজাইনটি। ডানের চিত্রে (চিত্র-১২) তুলে ধরেছি রান করার পরে বোতামে ক্লিক করার ফলাফল। আপনি যখন মেসেজ বাক্সের 'Ok' বোতামে ক্লিক করবেন তখনই ফিল্ডে কিছু লিখার জন্য প্রোগ্রাম অপেক্ষায় থাকবে।



চিত্র-১১: (বায়ে) ফর্মের ডিজাইন। (ডানে) প্রোগ্রাম চলাকালে বোতামে ক্লিক করলে যে মেসেজ আসবে তার দৃশ্য।

তৃতীয় পরিচ্ছেদ: ডিজুয়্যাল বেসিক.নেট ভাষার মৌলিক কাঠামো

## ডিজুয়্যাল বেসিক.নেট : Subs & Functions Examples

আগের পৃষ্ঠায় বর্ণিত উদাহরণের দুটি Sub নিচে তুলে ধরেছি। এরপর (চিত্র-১৩) প্রোগ্রাম চলাকালে প্রথম টেক্সট বাক্সের লেখা বাক্স থেকে মাউস সরে নিয়ে আসার পর দ্বিতীয় টেক্সট বাক্সে লেখা কপি হয়েছে দেখা যাচ্ছে।

### Public Class Form1

'This sub is the button click event code

```
Private Sub Button1_Click(sender As Object, e As EventArgs) Handles Button1.Click
```

    MsgBox("Please type something in the first text box.") 'call messageBox to display  
    'instruction

```
End Sub
```

'Catching MouseLeave event and doing something

```
Private Sub TextBox1_MouseLeave(sender As Object, e As EventArgs) Handles TextBox1.MouseLeave
```

    If TextBox1.Text = "" Then Exit Sub 'checks if there is text in the first field. if not program ends.

    TextBox2.Text = TextBox1.Text 'if there is text, this line executed, copies  
    'text into 2nd field.

```
End Sub
```

```
End Class
```

উক্ত সাব দুটো কিভাবে কাজ করে: প্রোগ্রাম রান করলেই পুরো ফর্মটি প্রদর্শিত হবে। আপনি যদি বোতামে ক্লিক করেন তাহলে প্রথম সাবটি কাজ শুরু করবে। এই সাবে আমরা নির্দেশ দিয়েছি: একটি মেসেজ বাক্স প্রদর্শন করতে যেখানে লিখা থাকবে, "Please type something in the first text box." কথাটি। 'Ok' ক্লিক করার পর আগের অবস্থায় ফিরে যাবে। এবার আপনি যদি কিছু লিখেন এবং মাউসটি বাক্স থেকে বের করেন তাহলে সাথে সাথে লেখাটুকু এমনিতেই দ্বিতীয় বাক্সে চলে যাবে। এই কাজটি সম্ভব হয় ১ম টেক্সট বাক্সের মাউসলীভ সাব সক্রিয় হওয়ার কারণে। এ সাবে আমরা নির্দেশ দিয়েছি: প্রথমে পরীক্ষা করো, বাক্সে কিছু লেখা হলো কি না? যদি না হয়- সাব থেকে বের হও। যদি লেখা থাকে তাহলে দ্বিতীয় লাইনের নির্দেশ পালন করো। অর্থাৎ ১ম বাক্সের যাবতীয় লেখা ২য় বাক্সে লিখ। এরপর সাব থেকে বের হও।



চিত্র-১৩: প্রোগ্রাম Run করে প্রথম টেক্সট বাক্সের লিখা স্বয়ংক্রিয়ভাবে দ্বিতীয়টি লেখা হওয়ার দৃশ্য।

## ২য় উদাহরণ: Function

উপরের ১ম উদাহরণে আমরা Sub-এর ব্যবহার দেখেছি। এবার একটি নিজের তৈরি ফাংশন (Function) উপস্থাপন করছি। ডিজুয়্যাল বেসিকে Function সর্বদাই কোনো এক বা একাধিক ভ্যালু (value) রিটার্ন করে। এটা হতে পারে প্রাইভেট বা পাবলিক বা আরো কোনো ধরনের। ইতোমধ্যে আপনি ফাংশনের সিন্টেক্স (Syntax) দেখেছেন। যাক, উক্ত প্রজেক্টে এখন আমরা একটি ফাংশন যোগ করবো।

\*\* মনে রাখবেন: ফাংশন ব্লক ফর্মের ক্লাসের ভেতর যে কোনো স্থানে লিখা যায়। এটাকে যে কোনো সাব বা অপর ফাংশন থেকে কল (call) করা হয়ে থাকে। ফাংশন (এবং সাবকে) বার বার কল করা সম্ভব। আর সর্বদাই ফাংশন থেকে ফলাফল (ভ্যালু) আসবে। ভ্যালুর ধরন (type) যে কোনোটি হতে পারে, যেমন: text, number, etc. \*\*

**উদ্দেশ্য:** আমাদের ফাংশনের কাজ হলো, আপনি মোট ক'টি অক্ষর টাইপ করেছেন তা একটি মেসেজ বাক্সে দেখানো। সুতরাং ফাংশনের রিটার্ন ভ্যালু হবে একটি ইন্টেজার (আস্ত) সংখ্যা। পরের পৃষ্ঠায় এ সম্পর্কে বিস্তারিত দেখুন।

তৃয় পরিচ্ছেদ: ডিজুয়্যাল বেসিক.নেট ভাষার মৌলিক কাঠামো

## ডিজুয়্যাল বেসিক.নেট : Subs & Functions Examples

আমাদের ফর্ম ডিজাইনে কোনো পরিবর্তনের প্রয়োজন নেই। আমাদের কাজ হলো ফাংশন ব্লকটি ফর্মের ক্লাসের ভেতর লেখা। এরপর এটি অন্য কোনো কোড ব্লক থেকে কল করা। এই যা। নিচে ফাংশন কোডসহ পুরো কোড তুলে ধরেছি।

### Public Class Form1

'This sub is the button click event code

```
Private Sub Button1_Click(sender As Object, e As EventArgs) Handles Button1.Click
```

MsgBox("Please type something in the first text box.") 'call messageBox to display

'instruction

```
End Sub
```

'Caching MouseLeave eve and doing something

```
Private Sub TextBox1_MouseLeave(sender As Object, e As EventArgs) Handles TextBox1.MouseLeave
```

If TextBox1.Text = "" Then Exit Sub 'checks if there is text in the first field

TextBox2.Text = TextBox1.Text 'if there is text this line executed. copies

'text into 2nd field.

'function call from message box

MsgBox("You have typed: " & NumOfChar(TextBox1.Text) & " letters.")

```
End Sub
```

'function returns number of characters in TextBox1

```
Function NumOfChar(Supply As String) As Integer
```

If TextBox1.Text = "" Then 'in case there aren't any characters in the textBox1

'although it is checked at the beginning of the sub. This If --- End If block is for extra solidarity.

Return 0 'empty textBox means no character.

```
End If
```

Return Len(TextBox1.Text) 'counts character and returns integer

```
End Function
```

```
End Class
```

প্রোগ্রামে ফাংশনের ব্যবহার: আমাদের সৃষ্টি NumOfChar (Supply) ফাংশন কিভাবে ব্যবহৃত হয়েছে, তা একটু লক্ষ্য করুন। টেক্সটবক্স১ এর 'TextBox1\_MouseLeave' ইভেন্ট সাব থেকে এটি কল করেছি। ফলাফল একটি সংখ্যা যা মেসেজ বাক্সে লিখা হবে। অন্যকথায় মেসেজ বাক্সের ভেতর থেকেই আমরা কলটি করেছি। চাইলে এভাবেও হতো:


```
Dim NumOfLetters as Integer
```

NumOfLetters = NumOfChar(TextBox1.Text) 'Function call

MsgBox("You have typed: " & NumOfLetters & " letters.")

উক্ত কোড দ্বারা প্রথমে আমরা NumOfLetters নামক একটি ভেরিয়েবলে বাক্সের অক্ষর সংখ্যা ফাংশন কল করে সংরক্ষণ করেছি। এরপর এটা মেসেজ বাক্স দ্বারা প্রদর্শিত হয়েছে। তবে এ ক্ষেত্রে দু'টি অতিরিক্ত লাইন কোডিং হয়েছে। যাক, নিচে ফাংশনের কাজ (চিত্র-১৪) চিত্রিত হয়েছে।

চিত্র-১৪:  
NumOfChar  
(Supply)  
ফাংশন -এর  
ব্যবহার ও  
ফলাফল।




৩য় পরিচেদ: ডিজুয়্যাল বেসিক.নেট ভাষার মৌলিক কাঠামো

## ডিজুয়্যাল বেসিক.নেট : Subs & Functions Examples

### ৩য় উদাহরণ: Sub & Function

এই উদাহরণে আমরা সত্যিকার অর্থে ব্যবহারযোগ্য একটি ক্যালকুলেটর তৈরি করতে যাচ্ছি। যে কোনো পিসিতে এটি ব্যবহার করা যাবে। প্রথমে আমরা ফর্মের ডিজাইন নিয়ে কিছু আলোচনা করবো। নিচের চিত্রে (চিত্র -১৫) এটি দেখানো হয়েছে। নিম্নে বর্ণিত পদ্ধতিতে প্রজেক্ট তৈরি করে ফর্ম ডিজাইন করুন।

- একটি নতুন প্রজেক্ট তৈরি করুন। এর নামকরণ করুন SimpleCal
- ফর্মের সাইজ প্রোপার্টি হবে: ৩১৫ x ৩১০। Name প্রোপার্টি হবে Simple Calculator। ফর্মের FormBorderStyle প্রোপার্টি হবে Fixed3D এবং MaximizeBox প্রোপার্টি হবে False।
- ফর্মে ৫টি লেবেল থাকবে: label1 এর Text প্রোপার্টি হবে Please Choose One। label2 এর Text প্রোপার্টি হবে Enter 1st Number। label3 এর Text প্রোপার্টি হবে Enter 2nd Number। label4 এর Text প্রোপার্টি হবে Result:। label5 এর Text প্রোপার্টি হবে Label5- এটা দেওয়াই থাকবে।
- ফর্মে থাকবে ৩টি টেক্স্ট বক্স: TextBox1, TextBox2 ও TextBox3। সবগুলোর Font Size প্রোপার্টি হবে 11। শুধু TextBox3 -এর ReadOnly প্রোপার্টি হবে True। আমরা চাইনা এই বাক্সে ব্যবহারকারী কিছু লিখবেন।
- ফর্মে মোট ৬টি রেডিও বাটন থাকবে: এগুলোর ক্যাপশন নাম (Text property) হবে যথাক্রমে, Plus, Minus, Divide, Times, Sqrt এবং Percent। এদের (Name) প্রোপার্টি হবে যথাক্রমে, RDplus, RDminus, RDdivide, RDtimes, RDsqrt এবং RDpercent। এই প্রোপার্টি সঠিকভাবে থাকা চাই। এ নামগুলো কোডে ব্যবহৃত হবে।
- সবশেষে ফর্মে একটি বোতাম থাকবে। এর Font Size প্রোপার্টি হবে 12 এবং Text প্রোপার্টি হবে Calculate। চাইলে ফর্মের BackColor প্রোপার্টি বদলাতে পারেন। আমি হালকা হলুদ (SeaShell) দিয়েছি।



চিত্র -১৫: সিম্পল ক্যালকুলেটর  
প্রজেক্টের ফর্ম

ডিজাইন শেষ হওয়ার পর একবার Start মেনুতে ক্লিক করে রান করে দেখুন। লক্ষ করুন, ফর্ম বড় কিংবা ছোট করা যাবে না। আমরা এটাই চাই। ক্লোজ বাক্সে ক্লিক করে বন্ধ করুন।

### কোডং

এ উদহরণে মূল কোড লিখিত হবে Calculate বোতামের Click ইভেন্টে। তবে ফর্মের Load ইভেন্টে একটি ছেট কোড লেখার প্রয়োজন। আমরা চাই রেডিও বোতামের Default একটি চয়েজ থাকবে। এটি হবে Plus নামক রেডিও বোতামটি (অর্থাৎ প্রথমটি)। সুতরাং ফর্মের লোড কোড হবে নিম্নরূপ:

```
' default value 'Plus' -radio button1 chosen
Private Sub Form1_Load(sender As Object, e As EventArgs) Handles MyBase.Load
    RDplus.Checked = True
End Sub
```

Form1.vb [design] ক্লিক করে ফর্মের যে কোনো স্থানে [কোনো বস্তুতে নয়] ডবল ক্লিক করলেই উক্ত সাবটি আসবে। এখানে শুধু মাঝের লাইনটি লিখবেন। এই লাইন দ্বারা বুঝানো হচ্ছে: ফর্মের Plus Radio button চেক করা থাকবে। এর দ্বারা এটাও বুঝাচ্ছে যে, ব্যবহারকারী উভয় টেক্স্ট বাক্সে সংখ্যা লিখে Calculate বোতামে ক্লিক করলে উক্তয়াটির যোগফল আসবে।

তৃয় পরিচেদ: ডিজুয়্যাল বেসিক.নেট ভাষার মৌলিক কাঠামো

## ডিজুয়্যাল বেসিক.নেট : Subs & Functions Examples


Calculate বোতামের Click ইভেন্টের কোডিংয়ে যাওয়ার পূর্বে আমরা আরো দু'টি ছোট কোডিং করবো। এগুলো অনুরূপ এবং লিখিত হবে TextBox1 ও TextBox2 -এর KeyPress নামক ইভেন্টে। এই সাবটি পেতে হলে প্রথমে টেক্স্ট্বাক্সে ডবল ক্লিক করুন। এতে টেক্স্ট্বাক্সের TextChanged নামক ইভেন্টটি আসবে। এটা আমাদের প্রয়োজন নেই। তবে উপরে ডানদিকের মেনু থেকে চয়েজ করে নিতে হবে টেক্স্ট্বাক্সের KeyPress নামক ইভেন্টটি (নিচের চিত্রটি দেখুন)। নিচের সাবটি আসবে। এই সাবের মধ্যেই আমরা এক লাইন কোড লিখেছি।

চিত্র -১৬: কিভাবে

টেক্স্ট্বাক্সের

KeyPress ইভেন্ট সাব

বের করবেন?



```
'Make sure only numbers can be entered
Private Sub TextBox1_KeyPress(sender As Object, e As KeyPressEventArgs) Handles
    TextBox1.KeyPress
    e.Handled = Not (Char.IsDigit(e.KeyChar) Or Asc(e.KeyChar) = 8 Or ((e.KeyChar
    = ".") And (sender.Text.IndexOf(".") = -1)))
End Sub
```

ঠিক একই কোড যাবে TextBox2 এর KeyPress ইভেন্ট সাবেও:

```
'Make sure only numbers can be entered
Private Sub TextBox2_KeyPress(sender As Object, e As KeyPressEventArgs) Handles
    TextBox2.KeyPress
    e.Handled = Not (Char.IsDigit(e.KeyChar) Or Asc(e.KeyChar) = 8 Or ((e.KeyChar
    = ".") And (sender.Text.IndexOf(".") = -1)))
End Sub
```

উপরের কোড লাইনটি ভালো করে শিখে নিন। এই কোড দ্বারা যে কোনো টেক্স্ট্বাক্সে শুধুমাত্র সংখ্যা (দশমিক একটিমাত্র বিন্দুসহ ':') এবং Delete ছাড়া অন্যকিছু যাতে কেউ লিখতে পারেন না তা নিশ্চিত করে। প্রয়োজনে কোডটি নেট বইয়ে লিখে রাখুন।

যাক এ পর্যন্ত আমরা যা করেছি তা দেখার জন্য একবার প্রোগ্রাম রান করে দেখুন। উভয় টেক্স্ট্বাক্সে সংখ্যা লিখুন এবং সংখ্যা ছাড়া অন্য কিছু লিখার চেষ্টা করুন। এবার আমরা আসল কোড নিয়ে বিস্তারিত আলোচনা করবো।

তৃয় পরিচ্ছেদ: ডিজিয়াল বেসিক.নেট ভাষার মৌলিক কাঠামো

## ডিজিয়াল বেসিক.নেট : Subs & Functions Examples

### Calculate বোতামের কোড

আমরা ইতোমধ্যে ফর্মের লোড ইভেন্ট ও সংখ্যা লেখার কীপ্রেস ইভেন্ট কোড নিয়ে আলোচনা করেছি। এই কোডগুলো দ্বারা প্রথমত Plus রেডিও বোতাম চয়েজ করা অবস্থা ও টেক্সট্বার্ক দু'টোয় শুধুমাত্র সংখ্যা লিখা সত্ব- তা নিশ্চিত করেছি। এবার আমরা ক্যালকুলেট বোতামের কোড নিয়ে আলোচনায় যেতে পারি। নীচে প্রথমে বোতামের কোডগুলো তুলে ধরলাম। এরপর প্রত্যেক লাইনের ওপর ব্যাখ্যা দেবো।

```
'calculation button
Private Sub Button1_Click(sender As Object, e As EventArgs) Handles Button1.Click
    Dim ActWant As String = WhichCal() 'get the chosen maths fuction value
    ' ActWant= Add, Minus, Division, Multiply or Sqroot
    If TextBox1.Text = "" Or TextBox1.Text = "." Then
        Exit Sub 'make sure there is 'number in the first fld
    End If
    'first fld has a number
    'check if the user wants to get sqrt of that number
    If TextBox1.Text <> "" And ActWant = "Sqroot" Then
        TextBox2.Text = "" ' Note: if second textBox also has number it is
        'ignored and wiped
        Label5.Text = "√" & TextBox1.Text
        TextBox3.Text = Math.Sqrt(Val(TextBox1.Text)) 'calculate square root, display
        'and exit
        Exit Sub
    End If
    'textBox1 has a number and chosen radio button is not sqroot
    'check if textBot2 has a valid number
    If TextBox2.Text = "" Or TextBox2.Text = "." Then 'make sure there is number in
        'the first fld
        Exit Sub
    End If
    'check if the user trying to divide by 0
    If Val(TextBox2.Text) = 0 And ActWant = "Division" Then
        TextBox3.Text = "Division by 0 not valid!"
        Exit Sub
    End If
    'both textBox have valid numbers- calculate and display results
    If TextBox1.Text <> "" Or TextBox2.Text <> "" Then 'check again
        If ActWant = "Add" Then
            Label5.Text = TextBox1.Text & " + " & TextBox2.Text 'display info
            TextBox3.Text = Val(TextBox1.Text) + Val(TextBox2.Text) 'add and show
            Exit Sub
        End If
        If ActWant = "Minus" Then
            Label5.Text = TextBox1.Text & " - " & TextBox2.Text 'display info
            TextBox3.Text = Val(TextBox1.Text) - Val(TextBox2.Text) 'minus and show
            Exit Sub
        End If
        If ActWant = "Division" Then
            Label5.Text = TextBox1.Text & " ÷ " & TextBox2.Text 'display info
            TextBox3.Text = Val(TextBox1.Text) / Val(TextBox2.Text) 'divide and show
            Exit Sub
        End If
    End If
End Sub
```

তৃতীয় পরিচ্ছেদ: ডিজুয়্যাল বেসিক.নেট ভাষার মৌলিক কাঠামো

## ডিজুয়্যাল বেসিক.নেট : Subs & Functions Examples

```
If ActWant = "Multiply" Then
    Label5.Text = TextBox1.Text & " x " & TextBox2.Text 'display info
    TextBox3.Text = Val(TextBox1.Text) * Val(TextBox2.Text) 'multiply and show
    Exit Sub
End If
If ActWant = "Percent" Then
    Label5.Text = TextBox2.Text & "% of " & TextBox1.Text 'display info
    TextBox3.Text = Val(TextBox1.Text) * Val(TextBox2.Text) / 100 'get percent
    'and show
    Exit Sub
End If
End If
End Sub
```

---

### উপরের কোডের ব্যাখ্যা

প্রথম লাইন: `Dim ActWant As String = WhichCal()` দ্বারা আমরা `ActWant` নামক একটি ভেরিয়েবল ঘোষণা করছি। এটার মধ্যে একটি শব্দ থাকবে যা নির্ভর করবে ব্যবহারকারী কোন রেডিও বোতাম চয়েজ করেছেন তার ওপর। লক্ষ করুন একই লাইনে ভেরিয়েবলের ভ্যালু নির্ধারণ করা হয়েছে `WhichCal()` নামক ফাংশন কল করে। এই ফাংশন আমরা আলাদাভাবে ডিফাইন করেছি। এর ওপর আলোচনা একটু পরে আসছে। এখানে শুধু এটুকু জানতে হবে যে, এটা রিটার্ন করে ব্যবহারকারী কোন রেডিও বোতাম চয়েজ করেছেন তার একটি নাম। সুতরাং প্রথম লাইন থেকে আমরা জানলাম ব্যবহারকারী কোন ক্যালকুলেশন করবেন। এবার দেখে নেই `WhichCal()` ফাংশনের কোডটি।

```
Function WhichCal() 'Returns values according to which radio button clicked
    If RDplus.Checked = True Then
        Return "Add"
    End If
    If RDminus.Checked = True Then
        Return "Minus"
    End If
    If RDdivide.Checked = True Then
        Return "Division"
    End If
    If RDtimes.Checked = True Then
        Return "Multiply"
    End If
    If RDsqrt.Checked = True Then
        Return "Sqroot"
    End If
    If RDpercent.Checked = True Then
        Return "Percent"
    End If
    Return "Add"
End Function
```

লক্ষ করুন: এই ফাংশনের কোনো প্যারামিটার নেই। এটার কাজ হলো ব্যবহারকারী কোন রেডিও বোতাম ক্লিক করে রেখেছেন তা পরীক্ষা করে একটি নাম [অর্থাৎ, 'Add', 'Minus', 'Division', 'Multiply', 'Sqroot' কিংবা 'Percent'] ফেরৎ পাঠানো। ফাংশনের `Return` কিওয়ার্ড এ কাজটি করে। এই কিওয়ার্ড পরে ফাংশনের কাজ শেষ হয়ে যায়। পরের লাইনে আর যাবে না।

মনে করুন, আপনি চয়েজ করলেন `Times` নামক রেডিও বোতামটি- অর্থাৎ পূরণ অঙ্ক করবেন। এই ফাংশন একে একে চেক করে দেখবে কোন রেডিও বোতাম চেক করা অবস্থায় আছে। যেতেহু `RDtimes` নামক বোতামটি চয়েজ করা আছে- তাই এখানে এসে ফাংশন রিটার্ন করবে `Multiply` ভ্যালু। অন্যকথায়, এক্ষেত্রে `ActWant` এর মান হবে `Multiply`।

৩য় পরিচ্ছেদ: ডিজিটাল বেসিক.নেট ভাষার মৌলিক কাঠামো

## ডিজিটাল বেসিক.নেট : Subs & Functions Examples

ব্যবহারকারী কোন্ হিসাব করবেন তা প্রথমেই আমরা জ্ঞানে নিলাম কোডের প্রথম লাইন থেকে। এবার একটি চেক করা চাই। দেখতে হবে প্রথম বার্ষে সংখ্যা আছে কি না। এছাড়া শুধুমাত্র দশমিক পয়েন্ট ‘.’ তো আর সংখ্যা নয়। নিচের If - End If ব্লকের কাজ এটি। সংখ্যা না থাকলে কিংবা শুধু ‘.’ থাকলে সাব থেকে বেরিয়ে যাবে।

```
If TextBox1.Text = "" Or TextBox1.Text = "." Then 'make sure there is number in the first fld
    Exit Sub
End If
```

যদি গ্রহণযোগ্য সংখ্যা প্রথম টেক্সটবার্ষে থাকে তাহলে পরবর্তী ব্লকের কাজ শুরু হবে। এটা প্রথমে দেখে নেয় কোন্ অঙ্ক করা হবে- তারপর সিন্দ্বান্ত নেয়। প্রথম টেক্সটবার্ষে সংখ্যা থাকলে ও ব্যবহারকারী এটির ক্ষেত্রের রুট বের করতে ইচ্ছুক হলে ব্লকের ভেতরের লাইনগুলো কাজ করে সাব থেকে বেরিয়ে যাবে। মনে রাখবেন- ক্ষেত্রের জন্য সংখ্যা লাগে মাত্র একটি। সুতরাং দ্বিতীয় বার্ষে কিছু আছে কি না তা চেক করা নিষ্পোজন।

```
If TextBox1.Text <> "" And ActWant = "Sqroot" Then
    TextBox2.Text = "" ' Note: if second textBox also has number it is ignored and wiped
    Label5.Text = "V" & TextBox1.Text
    TextBox3.Text = Math.Sqrt(Val(TextBox1.Text)) 'calculate square root display and exit
    Exit Sub
End If
```

যদি প্রথম টেক্সটবার্ষে সংখ্যা থাকে এবং ব্যবহারকারী চান অন্য কোনো হিসাব করতে তাহলে দেখতে হবে দ্বিতীয় টেক্সটবার্ষে আরেকটি সংখ্যা আছে কি না। এই কাজটি করে পরের কোড ব্লকটি।

```
If TextBox2.Text = "" Or TextBox2.Text = "." Then 'make sure there is number in the second fld
    Exit Sub
End If
```

দ্বিতীয় টেক্সট বার্ষে গ্রহণযোগ্য সংখ্যা আছে তা নিশ্চিত হলেই পরবর্তী কোড ব্লক কাজ শুরু করবে। এটার কাজ হলো একটি বিশেষ কভিশন চেক করা। আমরা জানি যে কোনো সংখ্যাকে 0 দ্বারা ভাগ করা যায় না। ব্যবহারকারী ঠিক এটি করছেন কি না তা চেক করে দেখে নিচের এই কোড ব্লকটি।

```
If Val(TextBox2.Text) = 0 And ActWant = "Division" Then
    TextBox3.Text = "Division by 0 not valid!" 'এই লাইনটি ডিসপ্লে ফিল্ডে প্রদর্শিত হবে যাতে ব্যবহারকারী বুঝতে পারেন।
    Exit Sub
End If
```

এ পর্যন্ত সকল চেক-টেক সঠিক মতো হয়ে গেলে আমরা নিশ্চিত হবো ব্যবহারকারী +, -, X, ÷ কিংবা % - এই ৫টির মধ্যে যে কোনো একটি হিসাব করবেন। আর কোন্টি করবেন তা সংরক্ষিত আছে এই প্রথম লাইন থেকে পাওয়া ActWant ভেরিয়েবলে। সুতরাং বাকি ৫টি ব্লকের কাজ হলে ActWant ভেরিয়েবলে সংরক্ষিত তথ্য মুতাবিক হিসাব করে প্রদর্শন করা। অন্য কথায় ভেরিয়েবলে যে নামটি আছে সে মুতাবিক ব্লক চায়েজ করে হিসাব করবে। আমরা এই সবগুলো ব্লক আর এখানে দেখাচ্ছি না- শুধু একটা দেখলেই বুঝতে সক্ষম হবো কি হচ্ছে। মনে করুন ভাগ হবে- তাহলে নিচের কোড ব্লকটি সক্রিয়া হয়ে প্রোগ্রাম শেষ করবে।

```
If ActWant = "Division" Then
    Label5.Text = TextBox1.Text & " ÷ " & TextBox2.Text -এই লাইন দ্বারা তথ্য দেওয়া হচ্ছে কোন্ হিসাব হবে।
    TextBox3.Text = Val(TextBox1.Text) / Val(TextBox2.Text) 'divide and show
    Exit Sub
End If
```

ব্লকের দ্বিতীয় লাইন দ্বারা আমার বুঝিয়েছি ব্যবহারকারী উভয় সংখ্যা দিয়ে কোন্ হিসাব করবেন। এখানে বলা হচ্ছে: লেবেল৫-এর টেক্সট হবে প্রথম সংখ্যা ভাগ দ্বিতীয় সংখ্যা। অনুরূপ অন্যান্য ক্ষেত্রেও এই তথ্য দেওয়া থাকবে। ব্যস! প্রোগ্রামের কোড নিয়ে আলোচনার ইতি হলো। ব্যাখ্যাগুলো প্রয়োজনে পুনরায় পাঠ করুন। কোডের একশন বুঝতে পারলে আপনি অনেকদূর এগিয়ে গেলেন।

## ৪৬ পরিচ্ছেদ: ডিজিয়েল বেসিক.নেট ভাষার Variable Declaration

### ডিজিয়েল বেসিক.নেট : Variable & Data Type

আমরা ইতোমধ্যে ডিজিয়েল বেসিক.নেট এর কয়েকটি উদাহরণ দেখেছি। এই পরিচ্ছেদেও আরো কিছু উদাহরণ দেখবো। তবে এসব উদাহরণের উদ্দেশ্য হবে ভাষার Variable Declaration এবং Data type সম্পর্কে অবগত হওয়া।

#### Variable কি?

যে কোনো প্রোগ্রামিং ভাষায় পরিবর্তনযোগ্য কিছু তথ্যের প্রয়োজন পড়ে। যে উপায়ে এটা সম্ভব তাহলো কম্পিউটারের মেমোরিতে তথ্যের ধরন চিহ্নিত করে বিশেষ নাম দ্বারা জায়গা সংরক্ষণ করা। আর প্রয়োজনে প্রোগ্রাম থেকে ঐ তথ্যটুকু এনে এর উপর কাজ, রদবদল, হিসাব-নিকাশ, পরিবর্তন ইত্যাদি করে পুনরায় সংরক্ষণ করা। এছাড়া দৃশ্যমান বস্তু যেমন টেক্সট বাক্স, লেবেল, লিস্ট বাক্স ইত্যাদিতে প্রদর্শন করা। মোটকথা ভেরিয়েবল ছাড়া কোনো কম্পিউটার প্রোগ্রাম লিখা প্রায় অসম্ভব। সুতরাং এটা কিভাবে ডিক্লায়ার করতে হয় এবং কোন উপায়ে কাজে লাগানো যায় তা জানা আমাদের জন্য একান্ত জরুরী।

#### কিভাবে ভেরিয়েবল ডিক্লারেশন করবেন?

প্রত্যেক ভেরিয়েবল নলিলিখিত উপায়ে ডিক্লায়ার করতে হবে:

১. স্কোপ বা ব্যবহারের ব্যক্তি: ফর্মের কোথায় এটা ডিক্লায়ার করছেন তা-ই নির্ধারণ করে তার স্কোপ। ফর্মের ক্লাস ডিক্লারেশনের পরই (অর্থাৎ প্রথম লাইন বাদে) ডিক্লায়ার করলে ক্লাসের ভেতরস্থ সকল প্রসিডের, সাব, ফাংশন ইত্যাদিতে এটা কাজে লাগানো যায়। অপরদিকে যে কোনো প্রসিডের, সাব ও ফাংশনের ভেতর ডিক্লায়ার করলে শুধু এই সাবের ভেতরই এটা ব্যবহারযোগ্য হবে। নিচের উদাহরণ দু'টো দেখুন।

উদাহরণ ১. সর্বত্র ব্যবহারযোগ্য ভেরিয়েবল।

#### Public Class Form1

```
Dim intNum As Integer 'intNum scope throughout rest of the program
Private Sub Button1_Click(sender As Object, e As EventArgs) Handles Button1.Click
    intNum = 20 'Here intNum = 20
End Sub
Private Sub TextBox1_MouseLeave(sender As Object, e As EventArgs) Handles TextBox1.MouseLeave
    intNum = 50 'Here intNum = 50
End Sub
Function NumOfChar()
    intNum = Len(TextBox1.Text) 'Here intNum = Number of characters in TextBox1
    Return intNum
End Function
End Class
```

উদাহরণ ২. শুধুমাত্র সাব বা ফাংশনের ভেতর ব্যবহারযোগ্য।

#### Public Class Form1

```
Private Sub Button1_Click(sender As Object, e As EventArgs) Handles Button1.Click
    dim EntText as String = TextBox1.Text 'only available in this sub
End Sub
Private Sub Button2_Click(sender As Object, e As EventArgs) Handles Button2.Click
    MsgBox(EntText) 'will not work -EntText is not declared error comes- because here it isn't useful.
End Sub
End Class
```

৪ৰ্থ পরিচ্ছেদ: ডিজিটাল বেসিক.নেট ভাষার **Variable Declaration**

## ডিজিটাল বেসিক.নেট : **Variable & Data Type**

### Data Type

কম্পিউটারে বুঝার জন্য যে কোনো তথ্যের ধরন বা টাইপ কি তা বলে দিতে হবে। ভেরিয়েবল ঘোষণার সময় এর Type-ও লিখে দিতে হয়। যেমন:

Dim MyVariable as String 'String is the type

Dim MyVariable as Integer 'Integer is the type

Dim MyVariable as Single 'Single (decimal number) is the type

### এই গ্রন্থে ব্যবহৃত বিভিন্ন Type

1. Boolean - True or False
2. Char (single Character) - 0 through 65535 (unsinged)
3. Date - 0:00:00 (midnight) on January 1, 0001 through 11:59:59 PM on December 31, 9999
4. Double (double precision floating point number)
5. Single (single precision floating point number)
6. Integer - -2,147,483,648 through 2,147,483,647 (signed)
7. Long (long Integer)
8. Object - Any type can be stored in a variable of type Object
9. Short (short integer) - -32,768 through 32,767 (signed )
10. String - 0 to approximately 2 billion Unicode characters

এবার আমরা উপরোক্ত প্রতিটি টাইপ ডিক্লারেশন ও ব্যবহার পদ্ধতির উদাহরণ দেখবো।

#### 1. Boolean

Dim RadButOn As Boolean

'Check to see if RadioButton1 is ON or OFF.

If RadioButton1.Checked = True Then

    RadButOn = True

    Else

        RadButOn = False

End If

#### 2. Char

'Normally we don't need this type. It is used to hold a single character only.

Dim MyChar as Char

MyChar = "A"

#### 3. Date

Dim date1 As Date = Date.Now

'gives local date and time: ex. 6/21/2016 1:34:14

Dim date2 As Date = Date.UtcNow

'gives short date and coordinated universal time (GMT time without daylight change: ex. 6/21/2016 7:34:14)

Dim date3 As Date = Date.Today

'gives just the short date: ex. 6/21/2016

## ৮র্থ পরিচ্ছেদ: ভিজুয়্যাল বেসিক.নেট প্রোগ্রামিং

### ভিজুয়্যাল বেসিক.নেট : Variable & Data Type

#### 4. Double

Dim DecOne as Double = 23.09898731

Dim DecTwo as Double = 5.98987654

MsgBox(DecOne \* DecTwo) 'gives 138.360082185927

#### 5. Single

Dim DecOne as Single = 23.09898731

Dim DecTwo as Single = 5.98987654

MsgBox(DecOne \* DecTwo) 'gives 138.3601

উপরোক্ত Double এবং Single টাইপের মধ্যে পার্থক্য লক্ষ করুন। প্রথমটি দ্বিতীয়টি থেকে অধিক সঠিক।

#### 6. Integer

Dim MyNum as Integer

লক্ষ করুন: ছোট আন্ত সংখ্যা নিয়ে কাজ করতে ইটেজার টাইপ ব্যবহার করা উচ্চম।

#### 7. Long

Dim MyNum as Long

লক্ষ করুন: বড় আন্ত সংখ্যা নিয়ে কাজ করতে লং টাইপ ব্যবহার করা উচ্চম।

#### 8. Object

'Any type can be stored in an Object Data Type

Dim v As Object

v = "17"

' v contains the 2-character String value "17".

v = v - 15

' v now contains the Integer value 2.

v = "H" & v

' v now contains the 2-character String value "H2"

#### 9. Short

Dim ANum as Short 'Use short data type if you work with small integer to save memory

#### 10. String

Dim j As String = "Joe said ""Hello"" to me."

Dim h As String = "Hello"

' The following messages all display the same thing:

' "Joe said "Hello" to me."

MsgBox(j)

MsgBox("Joe said " & " " & h & " " & " to me.")

MsgBox("Joe said " " & h & " " to me.")

সাধারণত আমরা Single, Long এবং Short Data type ব্যবহার করবো।

৪ৰ্থ পরিচ্ছেদ: ডিজুয়্যাল বেসিক.নেট ভাষার **Variable Declaration****ডিজুয়্যাল বেসিক.নেট : Variable & Data Type****Array Variables**

এ পর্যন্ত আমরা যেসব ভেরিয়েবল নিয়ে আলোচনা করেছি সেগুলোর প্রতিটিই মূলত একক কোনো ভ্যালু সংরক্ষণ করার ক্ষমতা রাখে। যেমন:

Dim A as integer 'A যে কোনো একটিমাত্র সংখ্যা সংরক্ষণ করতে পারে। তবে এটা পরিবর্তনশীল।

Dim Astring as string 'Asring যে কোনো একটিমাত্র string সংরক্ষণ করতে পারে। যেমন: Asring = "Ab" মোটকথা, সাধারণ সকল ভেরিয়েবল যে কোনো একটি তথ্য সংরক্ষণ করতে পারে এবং তা পরিবর্তনশীল। তবে আপনি যদি চান ১০টি, ২০টি, ১০০টি কিংবা আরো বেশি সংখ্যা, নাম ইত্যাদি সংরক্ষণ করবেন তাহলে উপায় কি? প্রতিটি ভ্যালুর জন্য একেকটি নাম ডিক্লায়ার করতে পারেন। কিন্তু এভাবে ক'টি করবেন? শীষ্ট্রুই আপনি প্রোগ্রাম করা থেকে ইঙ্গিষ্ফা দেবেন! ভাবার কোনো কারণ নেই। মাইক্রোসফ্ট ডিজুয়্যাল বেসিক আমাদেরকে শত শত বা এমনকি হাজার হাজার ভিন্ন সংখ্যা, নাম ইত্যাদি খুব সহজে ডিক্লায়ার করে সংরক্ষণের ব্যবস্থা করে দিয়েছে। এই ব্যবস্থার নামই হলো:

**Array Variables****Array variable declaration**

এই ভেরিয়েবল ঘোষণার নিয়ম এলো এরূপ:

**Dim A(7) As Integer** 'Here A is one-dimensional array with 8 elements.

লক্ষণীয় সকল অ্যারের উপদান ০ থেকে শুরু হয়। সুতরাং আপনি যদি আটটি ভিন্ন সংখ্যা বা অন্য কিছু ডিক্লায়ার করতে চান তাহলে ব্র্যাকেটের ভেতর ৭ লিখবেন। ১০টি চাইলে লিখবেন ৯, ১৫টি হলে লিখবেন ১৪। উপরের ডিক্লারেশনের ফলে যে ৮টি ইলেমেন্ট তৈরি হবে তাহলো নিম্নরূপ:

A(0), A(1), A(2), A(3), A(4), A(5), A(6), A(7)

কিভাবে ভ্যালু প্রবেশ করাবেন? কয়েকটি উপায় আছে। নিচে এগুলো উদাহরণ দ্বারা দেখিয়েছি।

১. মনে করুন আপনি ০ থেকে ৫ -এই ৬টি সংখ্যা অ্যারেতে সংরক্ষণ করবেন। আপনি এভাবে করবেন:

**Dim MyNum (5) as Integer** 'define array

**Dim i as integer** 'define a counter

**For i = 0 to 5**

**MyNum (i) = i**

**Next**

এই প্রোগ্রাম অংশ রান করার পর MyNum নামক অ্যারে ভেরিয়েবলে থাকবে:

MyNum (0) = 0, MyNum (1) = 1, MyNum (2) = 2, MyNum (3) = 3, MyNum (4) = 4 এবং  
MyNum (5) = 5

২. মনে করুন আপনি ব্যবহারকারীর কাছে ১০টি নাম লিখতে বলবেন এবং এগুলো একটি অ্যারে ভেরিয়েবলে সংরক্ষণ করবেন। আপনি তা এভাবে করতে পারেন:

**Dim My10Names(9) As String** ' define the array

**Dim C As Integer** ' define a counter

' fill the array

**For C = 0 To 9**

**My10Names(C) = InputBox("Enter the name please: " & C)**

**Next**

## ৪ৰ্থ পরিচেদ: ভিজুয়্যাল বেসিক.নেট প্ৰোগ্ৰামিং

### ভিজুয়্যাল বেসিক.নেট : Variable & Data Type

সংৰক্ষিত নামগুলো এক সঙ্গে দেখতে চাইলে আমৱা ব্যবহাৰ কৰতে পাৰি একটি লিস্টবক্স। নিম্নেৰ কোড অংশ উপৱেৱ কোডেৰ নিচে লিখলেই হবে।

ListBox1.Items.Clear() ' display the result

For I = 0 To 7

    ListBox1.Items.Add(My10Names(I))

Next

Test 1: নতুন একটি প্ৰজেক্ট তৈৰি কৰে এতে একটি লিস্টবক্স ও একটি বোতাম দিন। বোতামেৰ নাম দিন ‘Create 10 Names Array’। বোতামেৰ ক্লিক ইভেন্টে উপৱেৱ কোড লিখে রাখ কৰুন। লিস্ট বাবে সব নাম এসছে কি? সমস্যা হলে নিচেৰ ছবিগুলো দেখুন।

**Public Class Form1**

**Private Sub Button1\_Click(sender As Object, e As EventArgs) Handles**

**Button1.Click**

    Dim My10Names(9) **As String** 'define thearray

    Dim C **As Integer** ' define a counter

    ' fill the array

    For C = 0 To 9

        My10Names(C) = InputBox("Enter the name please: " & C)

    Next

    ListBox1.Items.Clear() ' display the result


    For I = 0 To 7

        ListBox1.Items.Add(My10Names(I))

    Next

End Sub


End Class



চিত্র -১৭: ফৰ্ম ডিজাইন



চিত্র -১৮: নাম প্ৰবেশেৰ ডায়লগ



চিত্র -১৯: রানেৰ পৰ লিস্ট

মাইক্ৰোসফ্ট ভিজুয়্যাল বেসিক.কম উপৱেৱক 'Array' তৈৰিৰ সুযোগ দিয়ে অনেক তথ্য সংৰক্ষণ ও ব্যবহাৱেৰ ব্যবস্থা কৰে দিয়েছে। তবে এখানেই শেষ নয়। এ্যাৱে ছাড়াও আৱো একটি গুৱাত্তপূৰ্ণ তথ্য সংৰক্ষণ ও ব্যবহাৱ পদ্ধতি আৰ্কিকাৱ কৰেছে। এটা এ্যাৱে থেকেও উন্নতমানেৰ এবং সহজ। এই ব্যবস্থাৰ নাম collection। আমৱা এখন এ সম্পর্কে বিস্তাৱিত আলোচনায় যাচ্ছি।

৪র্থ পরিচ্ছেদ: ডিজিয়াল বেসিক.নেট ভাষার **Variable Declaration**

ডিজিয়াল বেসিক.নেট : **Variable & Data Type**

## Collection Declaration & it's use -কালেকশন ঘোষণা ও এর ব্যবহার

Collection অনেকটা এ্যারের মতোই কাজ করে। তবে, কালেকশনের মধ্যে একাধিক মান বা ভেরিয়েবল সংরক্ষণ ও ব্যবহার করা যায় একই সঙ্গে। নিচে এ্যারে ও কালেকশনের মধ্যে মূল ক'টি পার্থক্য তুলে ধরেছি।

ক. এ্যারের ইনডেক্স শুরু হয় ০ থেকে। কিন্তু কালেকশনের ইনডেক্স শুরু হয় ১ থেকে। যেমন:

Dim AnArray(3) - তে চারটি ইলেমেন্ট বা তথ্য থাকবে: AnArray(0), AnArray(1), AnArray(2) ও AnArray(3)। অপরদিকে:

Dim MyCollection as New Collection

MyCollection.add (1, "Sharif")

MyCollection.add (2, "Nasim")

MyCollection.add (3, "Abdullah")

MyCollection.add (4, "Khaled")

উপরের কালেকশনে চারটি ইলেমেন্ট সংরক্ষিত হবে। আমরা এদেরকে ব্যবহার করবো এভাবে রেফারেন্স করে:

MyCollection(1), MyCollection(2), MyCollection(3) ও MyCollection(4)।

খ. আরেক পার্থক্য হলো ভেরিয়েবল টাইপ। এ্যারের মধ্যে সকল ইলেমেন্ট হতে হবে একই ধরনের। যেমন:

Dim MyArray (0 to 5) as integer -এখানে ০ থেকে ৫ পর্যন্ত ৬টি আন্ত সংখ্যা ঘোষণা করা হয়েছে।

Dim MyArray ("Aziz", "Matin", "Zakir") as string -এখানে তিনটি নাম যাদের স্বার ভেরিয়েবল টাইপ হলো স্ট্রিং ঘোষণা করা হয়েছে। অপরদিকে কালেকশনের ইলেমেন্টগুলো বিভিন্ন ধরনের হতে পারে। যেমন:

Dim MyCollection as New Collection

MyCollection.add ("Sharif")

MyCollection.add (2)

MyCollection.add ("Hello!")

MyCollection.add ("01732562315")

গ. আরেক পার্থক্য হলো কালেকশনের ইলেমেন্ট সরাসরি যুক্ত ও সরানো যায়। অপরদিকে এ্যারে ফিল্ট। যেমনে তেমনে ভ্যালু পরিবর্তন করা যায় না।

ঘ. আরো একটি পার্থক্য হলো, এ্যারে ইলেমেন্ট সহজেই পরিবর্তন বা অভাররাইট করা যায়। যেমন:

Dim MyArray (2)

MyArray (0) = 5

MyArray (0) = 7

কালেকশনের সময় এটা করা যাবে না। তবে অন্যভাবে করার ব্যবস্থা আছে। পরে আমরা সে সম্পর্কে আলোচনা করবো।

কালেকশনের কয়েকটি মেথড আছে যেমন:

Dim C As New Collection 'Declaration

C.Add (1, "Aziz") 'adding element

C.Add (2, "Hello!")

C.Remove(1) 'remove element in index 1

#### ৭. Double > < To Object - ভিজুয়্যাল বেসিক.নেটে Object -একটি টাইপ ভেরিয়েবল। উদাহরণ:

Dim aDouble As Double

Dim anObject As Object

aDouble = 2.7182818284 ' The following line of code sets anObject to a pointer to aDouble.

anObject = CObj(aDouble)

দ্র: উপরের কোড অংশের কমেন্টে pointer -শব্দটি ব্যবহার করেছি। pointer কি? প্রোগ্রামিং ভাষার pointer হলো: প্রোগ্রামিং ভাষার বস্তু [Object], যার মান [Value] ইঞ্জিতে নির্দেশ করে [Points to] কম্পিউটারের অন্যত্র মেমোরি ঠিকানায় সংরক্ষিত মানের দিকে। আরো বুবাতে আমরা গ্রন্থের ‘সূচিপত্রের’ কথা ভাবতে পারি। সূচিতে সংশ্লিষ্ট বিষয়ের উপর আলোচনার পৃষ্ঠা সংখ্যা থাকে। অন্যকথায়, বইয়ের সূচিতে দেওয়া এ পৃষ্ঠা নাম্বার হলো একটি পয়েন্টার যা আমাদেরকে জানিয়ে দেয় কোন পৃষ্ঠায় তথ্যাদি সংরক্ষিত [লিখিত] হয়েছে। পয়েন্টার ব্যবহারের মাধ্যমে কম্পিউটিং গতি বৃদ্ধি পায়। কারণ, একই টিকানায় সংরক্ষিত তথ্য বিভিন্ন কোড লাইনে ব্যবহৃত হয়ে থাকে।

৯ম পরিচ্ছেদ: *Ready-made functions and methods*বানানো ফাংশন ও মেথড: *Ready-made functions & Methods*

## ৮. String &gt; &lt; Char, CChar - উদাহরণ:

```
Dim aString As String
```

```
Dim aChar As Char
```

aString = "BCD" ' CChar converts only the first character of the string.

aChar = CChar(aString) 'sets aChar to "B".

## ৯. Double &gt; &lt; Byte, Short - উদাহরণ:

```
Dim aDouble As Double
```

```
Dim anSByte As SByte
```

aDouble = 39.501 ' The following line of code sets anSByte to 40.

```
anSByte = CSByte(aDouble)
```

```
Dim aByte As Byte
```

```
Dim aShort As Short
```

aByte = 100 ' The following line of code sets aShort to 100.

```
aShort = CShort(aByte)
```

Byte data type -কম্পিউটারের মেমোরিতে সংরক্ষিত সর্বাধিক স্বল্পমাত্রার সাংখ্যিক তথ্যকে বলে বিট [Bit]। একেক বিটকে বিজ্ঞানীরা দু'টি মাত্র সাংখ্যিক কোড দ্বারা উপস্থাপন করেন। এগুলো হলো: ০ এবং ১। এ দু'টোর সমন্বয়ে ঘটিত ৮টি বিট হলো একেকটি বাইট [Byte]। সুতরাং ১ বাইট মানে ৮ বিট তথ্য।

## ১০. Double &gt; &lt; String - উদাহরণ:

```
Dim aDouble As Double
```

```
Dim aString As String
```

aDouble = 437.324 ' The following line of code sets aString to "437.324".

```
aString = CStr(aDouble)
```

## ১১. Double &gt; &lt; String - উদাহরণ:

```
Dim testNumber As Long = 1000 ' The following line of code sets testNewType to 1000.0.
```

```
Dim testNewType As Single = CType(testNumber, Single)
```

## ১২. Properties -ভিজুয়্যাল বেসিকে প্রোপার্টি

## ১. DateString -কম্পিউটারের সেটিং মুতাবিক বর্তমান তারিখ ও সময়। ব্যবহার:

```
MsgBox("The current date is " & DateString) 'returns 08-11-2016
```

```
MsgBox("The formatted date is " & Format(Now, "dddd, d MMM yyyy")) 'returns
```

Thursday, 11 August 2016.

## ২. Now -এখনকার তারিখ ও সময়। ব্যবহার:

Dim ThisMoment As Date ' The following statement calls the Get procedure of the Visual Basic Now property.

```
ThisMoment = Now : MsgBox(ThisMoment) 'retuns 8/11/2016 12:44:03 PM
```

## ৯ম পরিচেদ: Ready-made functions and methods

বানানো ফাংশন ও মেথড: Ready-made functions & Methods

**৩. ScriptEngine** -বর্তমান রান-টাইমের ওপর তথ্য। উদাহরণ:

MsgBox(ScriptEngine) 'returns- VB

**৪. ScriptEngineBuildVersion** -বর্তমান রান-টাইমের বিস্তৃত ভার্শনের ওপর তথ্য। উদাহরণ:

MsgBox(ScriptEngineBuildVersion) 'returns- 50709

**৫. ScriptEngineMajorVersion** -বর্তমান রান-টাইমের মেজর ভার্শনের ওপর তথ্য। উদাহরণ:

MsgBox(ScriptEngineMajorVersion) 'returns 11

**৬. ScriptEngineMinorVersion** -বর্তমান রান-টাইমের মাইনর ভার্শনের ওপর তথ্য। উদাহরণ:

MsgBox(ScriptEngineMinorVersion) 'returns 0


**৭. TimeOfDay** -দিনের বর্তমান সময়ের ওপর তারিখ ভ্যালু সেট বা রিটার্ন করে। উদাহরণ:

Dim currentTime As Date

currentTime = TimeOfDay 'returns 1:10:19 PM

**৮. Timer** -আগের মধ্যরাত থেকে বর্তমান পর্যন্ত কতো সেকেন্ড অতিবাহিত হয়েছে তার একটি মাত্রা। উদাহরণ:

```
Public Sub waitFiveSeconds()
    If TimeOfDay >= #11:59:55 PM# Then
        MsgBox("The current time is within 5 seconds of midnight" &
               vbCrLf & "The timer returns to 0.0 at midnight")
        Return
    End If
    Dim start, finish, totalTime As Double
    If (MsgBox("Press Yes to pause for 5 seconds", MsgBoxStyle.YesNo)) = MsgBoxResult.Yes Then
        start = Microsoft.VisualBasic.DateAndTime.Timer
        ' Set end time for 5-second duration.
        finish = start + 5.0
        Do While Microsoft.VisualBasic.DateAndTime.Timer < finish
            ' Do other processing while waiting for 5 seconds to elapse.
        Loop
        totalTime = Microsoft.VisualBasic.DateAndTime.Timer - start
        MsgBox("Paused for " & totalTime & " seconds")
    End If
End Sub
```



উপরের প্রোগ্রাম রানিংয়ের চিত্র।

## ১০ম পরিচ্ছেদ: Object Oriented Programming [OOP] - বস্তুভিত্তিক প্রোগ্রামিং

### বস্তুভিত্তিক প্রোগ্রামিং: Object Oriented Programming [OOP]

শিক্ষার্থীরা অবজেক্ট অরিয়েন্টেড প্রোগ্রামিং [OOP] কথাটি ইতোমধ্যে অন্যত্র দেখেছেন। এ সম্পর্কে বিস্তারিত আলোচনা জরুরী মনে করে এ পরিচ্ছেদ লেখার প্রয়াস। কম্পিউটার সফটওয়্যার সৃষ্টির জগতে OOP একটি আধুনিক ধারণা [concept]। ডিজিয়েল বেসিক.নেট এর পূর্বসূরী ছিলো শুধু ডিজিয়েল বেসিক। ভার্শন ৬.০ এর পর মাইক্রসফ্ট ডিজিয়েল বেসিক আর ডেভেলাপ করে নি। ডিজিয়েল বেসিক.নেট এর ওপরই মনোযোগ দিয়েছে। এর একটি অন্যতম কারণ, আধুনিক অন্যান্য ভাষা [যেমন C++, Java] হলো পূর্ণাঙ্গ OOP-নিয়ন্ত্রিত। মাইক্রসফ্ট ডিজিয়েল বেসিকের মতো নতুন একটি ভাষা তৈরি করতে সচেষ্ট হয় পৃথিবীব্যাপী অসংখ্য ভক্ত-অনুরক্ত প্রোগ্রামারদের সুবিধার্থে। সবাই চাছিলো একটি উন্নতমানের ভাষা যাতে সরলতা থাকবে- যেরূপ মূল ডিজিয়েল বেসিকে ছিলো, এসাথে আধুনিক অন্যান্য ভাষার সঙ্গে সামঞ্জস্যশীলতা নিশ্চিত করা। আর এরই ফলাফল স্বরূপ আমরা পেয়েছি পূর্ণাঙ্গ OOP-সহ মাইক্রসফটের এই .নেট ভাষাটি। এই ভাষার আরেক বৈশিষ্ট্য হলো উইন্ডোজ অপারেটিং সিস্টেমের ফাংশন, মেথড ইত্যাদি সরাসরি কাজে লাগানোর সুযোগ। এ সুযোগের নামই হলো API- Application Program Interface। মূলত একটি কোডিং সিস্টেম যেখানে সফটওয়্যার তৈরিকারী নিজের কোড দ্বারা সিস্টেমের কোডের সঙ্গে যোগাযোগ সৃষ্টি করতে পারেন।

যাক, ফিরে আসি OOP প্রোগ্রামিং কনসেপ্টে। আমাদের এ জগতটি মূলত বস্তু বা অবজেক্টের তৈরি। একটি বাড়ি। এটা সার্বিকভাবে একটি বস্তু যা সৃষ্টি হয়েছে একাধিক বিভিন্ন অংশের সমন্বয়ে। যেমন: ইট, পাথর, বালি, দেওয়াল, ফ্লোর, কক্ষ, ছাদ, পিলার ইত্যাদি। এ-সবই বাড়ির অংশ বা প্রোপার্টি। অনুরূপ একটি বৃক্ষের মধ্যে বেশ ক'টি প্রোপার্টি চিহ্নিত করা যায়। যেমন: এর মূল, কাণ্ড, শাখা, প্রশাখা, পত্র, উচ্চতা, কাণ্ডের ব্যাস ইত্যাদি। কম্পিউটার বিজ্ঞানীরা এরূপ প্রাত্যহিক বস্তু ও এদের প্রোপার্টি গবেষণা করে OOP সৃষ্টি করেছেন প্রোগ্রামিং সুবিধার্থে।

যে কোনো প্রোগ্রামিং ভাষাকে OOP হিসেবে স্বীকৃতি পেতে হলে তার মধ্যে তিনটি মৌলিক জিনিস থাকতে হবে:

- ক. **Encapsulation** - ঠিক যেরূপ ক্যাপসুলের ভেতর কিছু থাকে সেরূপ কোডগুলো বন্ধ অবস্থায় থাকা। অন্যকথায় বাইরের জগত থেকে গোপন রাখা।
- খ. **Inheritance** - ঠিক যেরূপ কোনো প্রাণী নিজের বংশবিস্তার লাভে সমর্থ, সেরূপ নিজেকে কপি করার ক্ষমতা থাকা। অর্থাৎ উত্তরাধিকার ব্যবস্থা থাকতে হবে।
- গ. **Polymorphism** - ঠিক একই দলভুক্ত বিভিন্ন বস্তুর মতো থাকতে হবে, একই দলভুক্ত একাধিক ভিন্ন বস্তু।

এই তিনটি বিষয়ের ওপর আরো কিছু ব্যাখ্যা তুলে ধরার প্রয়াস পাচ্ছি। এগুলো বুবো এসে গেলে OOP সম্পর্কে ধারণাও আরো স্পষ্ট হয়ে ওঠবে।

#### ক. Encapsulation

কোডিংয়ের ক্ষেত্রে বার বার ব্যবহারযোগ্য এবং ভিন্ন এ্যাপলিকেশনে বহনযোগ্য কিছু ইউনিট তৈরি করা যায়। এগুলোকে বলে আত্মনির্ভরশীল মডিউল [self-contained module]। এসব মডিউলে থাকে তথ্য প্রসেস করার বিভিন্ন ফাংশন। ব্যবহারকারী কর্তৃক নিরপেক্ষভাবে তথ্য-ধরনকে [user-defined data type] বলে ক্লাস [class]। প্রত্যেক ক্লাসে থাকে তথ্য [data]। আরো থাকে এক বা একাধিক পদ্ধতি [method] যাদের মাধ্যমে তথ্যাদি রাববদল করা যায়। ক্যাপসুলের মতো আত্মনির্ভরশীল আবদ্ধ ক্লাসের ডাটা অংশকে বলে সময়ের পরিবর্তনশীল তথ্য বা ইন্স্ট্যান্ট ভেরিয়েবলস [instant variables]। আর ক্লাসের একটি ইন্স্ট্যান্ট হলো একটি বস্তু [object]। আমরা এগুলোকে পাবলিক লাইব্রেরি সিস্টেমের সঙ্গে তুলনা করতে পারি। ক্লাস হতে পারে লাইব্রেরির সদস্য এবং আমির ও সাকিয়া হতে পারে এ লাইব্রেরি ক্লাসের দু'টি ইন্স্ট্যান্ট [দু'টি বস্তু]। আশারাখি এ কথাগুলো পাঠ করে আপনি Encapsulation সম্পর্কে আরো কিছুটা স্পষ্ট ধারণা পেয়ে গেছেন। তবে বাস্তব ক্ষেত্রে একটি কোড উদাহরণ দেখুন। এতে বিষয়টি আরো স্পষ্ট হবে।

## ১০ম পরিচেদ: Object Oriented Programming [OOP] - বস্তভিত্তিক প্রোগ্রামিং

### বস্তভিত্তিক প্রোগ্রামিং: Object Oriented Programming [OOP]


ডিজিয়েল বেসিক.নেটে Encapsulation ব্যবহারের উদাহরণ: একটি গুণের নামতা:

Public Class Form1

```

Private Sub Button1_Click(sender As Object, e As EventArgs) Handles Button1.Click
    TextBox1.Text = "" 'clear text
    MySub() 'calling another sub
End Sub
'called from button clicked event sub
Public Sub MySub()
    Dim obj As ClassA = New ClassA(7) 'create object of ClassA
    obj.table() 'calling member method by object [function call which is in classA]
End Sub
End Class
=====
'class declaration
Public Class ClassA 'ClassA starts
    Private Value As Integer 'private member variable
    Sub New(V As Integer) 'constructor with 1 argument
        Value = V
    End Sub
    Public Function table() 'member method to show member variable
        Dim Heading, TableV As String
        Heading = "Table of " & Value & ":" & vbCrLf 'heading text String with
        return vbCrLf Character
        Form1.TextBox1.Text += Heading 'display heading in the TextBox
        For i As Integer = 1 To 10 Step 1 'calculate times table and display
            TableV = Value & "*" & i & "=" & Value * i & vbCrLf 'calculate and
            put into variable
            Form1.TextBox1.Text += TableV 'display '+=' means add text to
            existing text.
        Next
        Return Nothing
    End Function
End Class 'classA ends

```



বায়ের প্রোগ্রামের ফলাফল।

### খ. Inheritance

ক্লাসগুলো সৃষ্টি হয় হাইআর্কির [hierarchies] সূত্র ধরে। অর্থাৎ ক্রমাধিকারের মাধ্যমে এগুলো অস্তিত্বশীল হয়। ইনহেরিট্যান্স [Inheritance] বা উত্তরাধিকার থাকায় কোড কাঠামো ও মেথড একটি ক্লাস থেকে হাইআর্কির নিচ দিকে যেতে সক্ষম হয়। এর ফলে জটিল সিস্টেমেও কম প্রোগ্রামিংয়ের জরুরত হবে। অন্যকথায় ডিভ কোনো পদক্ষেপ হাইআর্কির নিম্নতম স্তরে যুক্ত করতে হলে পুরো হাইআর্কি'কে অপরিবর্তিত রেখেই শুধুমাত্র ঐ পদক্ষেপটি তৈরি করে যুক্ত করা সম্ভব হবে। এই পদক্ষেপের বাকি সকলুই উত্তরাধিকারসূত্রে পাওয়া যাবে [inherited]। এভাবে প্রস্তুতকৃত বস্ত পুনঃব্যবহারের সুযোগ থাকাটাকে অবজেক্ট প্রযুক্তির ক্ষেত্রে সর্বাধিক বড় সুবিধা হিসাবে ধারণা করা হয়।

একটি ক্লাস যখন অপর আরেকটি ক্লাস Inherit করে বা উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত হয় তখন একে বলে derived [উত্তৃত] ক্লাস। অপরদিকে উত্তৃত ক্লাস থেকে যে ক্লাস উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত হয় তাকে বলে Base Class [মূল ক্লাস]। কেউ কেউ অন্যান্য নামও ব্যবহার করেন, যেমন: প্যারেন্ট [অভিভাবক], চাইন্ড [সন্তান] ইত্যাদি। এবার একটি উদাহরণ দেখুন।

Public Class Form1

```

Private Sub Button1_Click(sender As Object, e As EventArgs) Handles Button1.Click
    TextBox1.Text = "" 'clear text
    InVokes()
End Sub

```

## ১০ম পরিচেদ: Object Oriented Programming [OOP] - বস্তিভিত্তিক প্রোগ্রামিং

### বস্তিভিত্তিক প্রোগ্রামিং: Object Oriented Programming [OOP]


```

Sub InVokes() 'method- called from button's click event sub
    Dim obj As Child = New Child(5, 48)
    TextBox1.Text += "Father's Output: " & obj.FatherOutput & vbCrLf
    TextBox1.Text += "Child's Output: " & obj.ChildOutput
End Sub
End Class
'=====Base Class=====
Public Class Father 'start of base class Father
    Protected Resources As Integer
    Protected WorkInHours As Integer
    Public Sub New(r As Integer, w As Integer) 'constructor with 2 arguments
        Resources = r
        WorkInHours = w
    End Sub

    Public Function FatherOutput() As Integer 'method
        Dim Output As Integer = Resources * WorkInHours
        Return Output
    End Function
End Class
'=====Inherited Class=====
Public Class Child : Inherits Father 'derived class
    Private Resources As Integer
    Private WorkInHours As Integer
    Public Sub New(r As Integer, w As Integer) 'constructor with 2 arguments
        MyBase.New(10, 48)
        Me.Resources = r
        Me.WorkInHours = w
    End Sub

    Public Function ChildOutput() As Integer 'method
        Dim Output As Integer = (Me.Resources + MyBase.Resources) * WorkInHours
        Return Output
    End Function
End Class

```



বায়ের প্রোগ্রাম রানের ফলাফল

### ৬. Polymorphism


শব্দটি আসলে রসায়ন ও জীববিদ্যা থেকে ধার-করা। রসায়ন শাস্ত্রে Polymorphism-এর অর্থ হলো একই রসায়নভুক্ত কম্পাউন্ড [যুক্ত পদার্থ] দ্বারা সৃষ্টি বিভিন্ন ক্রিস্ট্যাল [স্ফটিক]। জীববিদ্যায় এ শব্দের অর্থ হলো একই প্রজাতিভুক্ত বিভিন্ন প্রাণীর অস্তিত্ব যা মূলত লিঙ্গ নির্ভরশীলহীন।

অবজেক্ট অরিয়েন্টেড প্রোগ্রামিংয়ে বিমূর্ত [abstract] কোড কাঠামো ও মেথড [পদ্ধতি] তৈরি সম্ভব যাদের যথার্থ ধরন বা টাইপ রানটাইম [প্রোগ্রাম চলাকালীন অবস্থা] এর পূর্বে জানা যায় না। যেমন ধরুন, ক্লীনের কারসার মাউস চলাকালে তার আকার তীর [এ্যারো] থেকে বদলে রেখায় [লাইন] পরিণত হতে পারে। এটা নির্ভর করবে প্রোগ্রামের ভাবধারার ওপর। সুতরাং আপনি প্রোগ্রামের হিসেবে ক্লীনে মাউস চলানোর জন্য লিখবেন 'cursor' রুটিন [কোড বল্ক]. আর পলিমোরফিজম রানটাইমের সময় মাউসের আকার প্রয়োজনমাফিক রদবদল করবে। এটা নতুন এই আকারকে সহজে সম্পূর্ণ করতেও সুযোগ সৃষ্টি করে দেবে। অন্যকথায় রসায়ন শাস্ত্রে যেরূপ একই রসায়নভুক্ত কম্পাউন্ড থেকে সৃষ্টি হতে পারে বিভিন্ন ক্রিস্ট্যাল এবং জীববিদ্যায় একই প্রজাতিভুক্ত বিভিন্ন প্রাণীর অস্তিত্ব- সম্ভব- তদ্রপ অবজেক্ট অরিয়েন্টেড প্রোগ্রামিংয়েও রান-টাইমের সময় একটি অবজেক্ট প্রয়োজনমাফিক তার আকার, আয়তন, কর্ম ইত্যাদিও রদবদল করার ক্ষমতা রাখতে পারে। আর একেই বলে **Polymorphism**। কোডে পলিমোরফিজম হয় মেথড অভারেইডিং ও মেথড অভারলোডিং এর মাধ্যমে। উদাহরণ দ্বারা বুঝা অনেকটা সহজ। [পরের পৃষ্ঠায় দেখুন]

১০ম পরিচেদ: *Object Oriented Programming [OOP]* - বস্তুভিত্তিক প্রোগ্রামিং

### বস্তুভিত্তিক প্রোগ্রামিং: *Object Oriented Programming [OOP]*

Polymorphism-এর দুটি রূপ আছে: ১. Static Polymorphism [স্থিত পলিমোরফিজম] ও ২. Dynamic Polymorphism [বেগবান পলিমোরফিজম]। নিচের ইনক চিত্র থেকে উভয়টির স্বরূপ সম্পর্কে অতিরিক্ত ধারণা পাওয়া যেতে পারে।



উপরের ডায়াগ্রাম থেকে স্পষ্ট, পরিমোরফিজমের স্টেটিক [স্থিত] শাখার মেথড [কোড পদ্ধতি] হলো অভারলোডিং [অতিরিক্ত বোঝাই করা]। অরপদিকে ডাইনামিক [বেগবান] শাখার মেথড হবে অভাররাইডিং [পদদলিতকরণ!]।

#### ১. Static Polymorphism [স্থিত পলিমোরফিজম]: একটি উদাহরণ

একে প্রাথমিক বন্ধন বা Early Binding কিংবা ভাষা পরিবর্তনকাল অর্থাৎ Compile Time Polymorphism-ও বলে। অন্যকথায় সিন্দৃষ্ট নেওয়া হয় কম্পাইল টাইমে। মেথড অভারলোডিং হলো কম্পাইল টাইমেই কম্পাইলার জানতে পারে কোন মেথড সম্পাদিত হবে। কম্পাইল টাইমে কম্পাইলার প্যারামিটার সংখ্যা এবং প্যারামিটারের ধরন বুঝে সিন্দৃষ্ট নেয় কোন অভারলোডেড মেথড সম্পাদিত [execute] হবে। উদাহরণ কোডটি দেখে নিই।

Public Class Student 'class starts

'show method with 3 overloaded versions

Public Overloads Function show(name As String) As String 'method with 1 parameter

Return name

End Function

[বাকি কোড পরের পৃষ্ঠায়]

১০ম পরিচেদ: Object Oriented Programming [OOP] - বস্তিভিত্তিক প্রোগ্রামিং

## বস্তিভিত্তিক প্রোগ্রামিং: Object Oriented Programming [OOP]

```
Public Overloads Function show(name As String, rollNo As String) As String 'method with 2 parameter
    Return (name + " " + rollNo)
End Function
```

'method with 3 parameter

```
Public Overloads Function show(name As String, rollNo As String, Section As String) As String
    Dim St As String = (name + " " + rollNo + " " + Section)
    Form1.TextBox2.Text = St 'display result
    Return Nothing
End Function
```

End Class

Public Class Form1

```
Private Sub Button1_Click(sender As Object, e As EventArgs) Handles Button1.Click
    TextBox1.Text = "" 'clear text
    TextBox2.Text = "" 'clear text
    CallSub()
End Sub
```


```
'called from button clicked event sub
Public Sub CallSub()
    Dim s As Student = New Student()
    TextBox1.Text += (s.show("Engineer Azizul Bari")) & VbCrLf 'call show method with 1 param
    'call show method with 3 param
    TextBox1.Text += (s.show("Engineer Azizul Bari", "0173249 8288", "Bangladesh")) & VbCrLf
End Sub
```

End Class

## ২. Dynamic Polymorphism [বেগবান পলিমোরফিজম]:

### একটি উদাহরণ

একে রান-টাইম (চলাকালীন) বা লেইট-বাইডিং (দেরিতে-চলন্ত) পলিমোরফিজম-ও বলে। মেঠড অভাররাইডিং এর মাধ্যমে এটা সম্পাদিত হয়। মেঠড অভাররাইডিং মানে একই মেঠডের বিভিন্ন রূপকে কল করা। কোন রূপকে কল করা হবে তা নির্ভর করবে প্রোগ্রাম চলাকালে বেগবান অবস্থায়। অন্যথায়, রান-টাইম পলিমোরফিজমে কোন মেঠড কল করা হবে তা নির্দিষ্ট হয় রেফারেন্স ডেরিয়েবল কর্তৃক পছন্দকৃত বস্ত থেকে। উদাহরণ থেকে এসব কথার সঠিক অর্থ হয়তো অনুধাবন হতে পারে।



উপরের প্রোগ্রাম পরিচালনার ফলাফল

Public Class Add 'base class starts

'Virtual method of Base Class

Public Overridable Function Calculate(num1 As Integer, num2 As Integer) As Integer

Form1.TextBox1.Text = ("Virtual method of base class!")

Dim result As Integer = 0

result = num1 + num2

Return result

End Function

End Class 'Base Class Ends

## ১০ম পরিচেদ: Object Oriented Programming [OOP] - বস্তুভিত্তিক প্রোগ্রামিং

### বস্তুভিত্তিক প্রোগ্রামিং: Object Oriented Programming [OOP]

**Public Class Subtract : Inherits Add** 'Derived class starts

'override method from Base class

**Public Overrides Function Calculate(num1 As Integer, num2 As Integer) As Integer**

Form1.TextBox2.Text = ("Override method of Derived class.!")

Dim result As Integer = 0

result = num1 - num2

Return result

End Function

End Class 'Derived class ends

**Public Class Form1**

**Private Sub Button1\_Click(sender As Object, e As EventArgs) Handles Button1.Click**

AddMinus()

End Sub

'called from button clicked event sub

**Public Sub AddMinus()**

Dim a1 As Add = New Add()

Dim AddRes As Double = (a1.Calculate(400, 100))

TextBox4.Text = "Sum: " & AddRes

Dim a2 As Subtract = New Subtract() ' instance of the derived class using base class reference


Dim Dif As Double = (a2.Calculate(400, 100))

TextBox3.Text = "Difference: " & Dif

End Sub

End Class

**দ্রষ্টব্য:** এ পরিচেদে উপস্থাপিত উদাহরণগুলো মূলত অবজেক্ট অরিয়েন্টেড প্রোগ্রামিংয়ের স্বরূপ বুঝানোর জন্য দেওয়া হয়েছে। আসলে যেসব ফলাফল এগুলো থেকে পাওয়া যাচ্ছে তা অন্যভাবে অনেকটা সজহ উপায়ে প্রোগ্রাম করার মাধ্যমে অর্জন সম্ভব। আর বাস্তব ক্ষেত্রে এরূপ সাধারণ প্রোগ্রামের জন্য ব্যবহার মোটেই প্রয়োজনীয়ও নয়। যাক, আশাকরি পাঠকরা OOP-এর সাথে সম্পৃক্ত তিনটি মৌলিক বিষয় তথা, **Encapsulation**, **Inheritance** এবং **Polymorphism** সম্পর্কে অত্যন্ত হলেও ধারণা পেয়ে গেছেন। আর এটুকু অর্জনই এ অধ্যয়ায় রচনার উদ্দেশ্য ছিলো। আমরা OOP-নিয়ে খুব একটা মাথা ঘামাবো না। পরবর্তীতে যেসব প্রোগ্রাম উদাহরণ উপস্থাপন করবো তা হবে ভিজুয়্যাল বেসিক.নেট প্রোগ্রাম করার কৌশল বুঝা, কোড জানা এবং অভিজ্ঞতা অর্জন করার নিমিত্তে। আমরা কিন্তু OOP-ই করবো কিন্তু তা হবে আমাদের অজ্ঞানে!



উপরের প্রোগ্রাম পরিচালনার ফলাফল

## ১১তম পরিচ্ছেদ: Working with Files

### ফাইল নিয়ে কাজ : Working with Files

#### ডিজিয়েল বেসিক.নেট দ্বারা ফাইল নিয়ন্ত্রণ: VB.Net File Handling

প্রোগ্রামিং এর একটি গুরুত্বপূর্ণ অংশ হলো তথ্য বা ডাটা ফাইলে লেখা, সংরক্ষণ ও প্রয়োজনে পাঠ করা। যে উপায়ে তা করতে হয় তাকে বলে File Streaming। এর অর্থ, কম্পিউটারের মেমোরিতে সংরক্ষিত ফাইল পড়া [Read] ও লেখা [Write]। প্রত্যেক প্রোগ্রামিং ভাষায় ফাইল নিয়ে কাজ করার কোড আছে। ডিজিয়েল বেসিক.নেটেও ফাইল নিয়ন্ত্রণের জন্য শক্তিশালী স্ট্রিমিং সিস্টেম তৈরি করা হয়েছে। এ পরিচ্ছেদে বিভিন্ন উদাহরণসহ ফাইল নিয়ে কিভাবে কাজ করতে হয় তার ওপর আলোচনা করবো।

**File- সংজ্ঞা:** নামকরণকৃত মেমোরি ব্রক বা বাক্স যাতে সংরক্ষিত থাকে তথ্যাদি। কম্পিউটারের ডিস্কে [হার্ড ডিস্ক], সিডি, ভিসিডি, পেন-ড্রাইভ] সকল ফাইল প্যাথ [path] দ্বারা সনাক্ত করা হয়।

যেমন: C:\Users\htci\Desktop\Copied\Islamic History Project

**Streaming- সংজ্ঞা:** প্যাথ [রাস্তা] ব্যবহার করে কোডের মাধ্যমে ফাইল খোলা, লেখা ও পাঠ করাকে বলে স্ট্রিমিং। খোলা ফাইলকে প্রোগ্রামিং ভাষায় স্ট্রিম [Stream] বলে।

#### ইনপুট/আউটপুট [Input/Output -I/O] ক্লাস

ডিজিয়েল বেসিক.নেটে ফাইল নিয়ন্ত্রণের জন্য আই/অ সুযোগ-সুবিধার মূলে আছে সিস্টেমের নামকৃত [namespace] ক্লাস যাকে System.IO বলে। অর্থাৎ System.IO থেকে সব আই/অ ক্লাস উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত। যেসব ক্লাস আমরা ব্যবহার করতে পারবো তার মধ্যে উল্লেখযোগ্য ক'টি হলো:

System.IO.Path, System.IO.StreamReader, System.IO.StreamWriter, System.IO.StringReader এবং System.IO.StringWriter। এ পরিচ্ছেদে বিভিন্ন উদাহরণে এগুলোর ব্যবহার ও ব্যাখ্যা আসবে।

**ক. স্ট্রিমরাইটার ক্লাস [StreamWriter Class]:** এই ক্লাস দ্বারা খোলা ফাইলে [অর্থাৎ স্ট্রিমে] ক্যারাট্রার লেখা হয়। নিচের উদাহরণ দ্বারা বিষয়টি বুঝে আসবে।

#### Public Class Form1

```

Private Sub Button1_Click(sender As Object, e As EventArgs) Handles Button1.Click
    WriteToFile() 'sub call
End Sub
'called from button clicked event sub
Public Sub WriteToFile()
    'creating instance of StreamWriter class, and opening specific file
    Dim FOut As System.IO.StreamWriter = New System.IO.StreamWriter("C:\Users\htci\Desktop\Data.txt")
    FOut.WriteLine("বিসমিল্লাহির রাহমানির রাহীম" & vbCrLf & "ডিজিয়েল বেসিক.নেট একটি সহজ প্রোগ্রামিং ভাষা, অর্থাৎ
    'খুব শক্তিশালী। আপনি অতি সহজে এ ভাষা শিখে নিতে পারেন। প্রয়োজন শুধু শেখার স্পৃহা ও ধৈর্য, এই যা!" 'writing a string to
    file
    FOut.Close() 'closing file -don't forget that!
    TextBox3.Text = "হয়তো ফাইল লিখা হয়ে গেছে! ফাইল খুলে চেক করুন। ফাইলের পাথ হলো: " & vbCrLf &
    "C:\Users\htci\Desktop\Data.txt"
End Sub
End Class

```

## ১১তম পরিচ্ছেদ: Working with Files



### ফাইল নিয়ে কাজ : Working with Files

ডানের ছবিতে প্রোগ্রাম রান করার ফলাফল তুলে ধরেছি। লক্ষ করুন, বাংলা ইউনিকোড লেখা কিভাবে প্রদর্শিত হয়েছে। বিজয় কিবোর্ড বা অভি কিবোর্ড দিয়ে আপনি ইউনিকোড লিখতে পারেন। আরেকটি ব্যাপার এখানে উল্লেখ্য, কোডে ফাইলের প্যাথ দেওয়া আছে- কিন্তু, এই নামে প্যাথে কোনো ফাইল না থাকলে ডিজুয়্যাল বেসিক.নেট একটি ফাইল সৃষ্টি করবে। অবশ্য প্যাথের সবগুলো টেক্সট সঠিক হতে হবে।

**লেখা সংরক্ষণ:** আমরা চাইলে কোডটিতে সামান্য রদবদল এনে টেক্সটবাক্সে কিছু লিখে তা ফাইলে সংরক্ষণ করতে পারি। দেখুন নিচের পরিবর্তিত WriteToFile() সাবরুটিনটি।

```
Public Sub WriteToFile()
    If TextBox3.Text <> "" Then 'if textBox3 doesn't have text in it nothing
    will happen
        Dim WrittenText As String = TextBox3.Text 'put text into a variable
        'creating instance of StreamWriter class, and opening specific file
        Dim FOut As System.IO.StreamWriter = New
        System.IO.StreamWriter("C:\Users\htci\Desktop\Data1.txt")
        FOut.WriteLine(WrittenText)
        FOut.Close() 'closing file
        Label1.Text = "ফাইল লিখা হয়েছে!" & vbCrLf &
        "C:\Users\htci\Desktop\Data.txt"
    End If
End Sub
```

এবার প্রোগ্রাম চালিয়ে টেক্সটবাক্সে কিছু লিখলে তা ফাইলে সংরক্ষিত হবে। দেখুন ডানের রান-টাইম চিত্রটি।




**ক. স্ট্রিমরিডার ক্লাস [StreamReader Class]:** এই ক্লাস দ্বারা খোলা ফাইল [অর্থাৎ স্ট্রিম থেকে] ক্যারাট্টার পাঠ করা হয়। নিচের উদাহরণ দ্বারা বিষয়টি বুঝে আসবে।

'called from button clicked event sub'

```
Private Sub ReadFile()
    'creating instance of StreamReader class, and opening specific file
    Dim FIn As System.IO.StreamReader = New System.IO.StreamReader
    ("C:\Users\htci\Desktop\Data1.txt")
    TextBox3.Text = FIn.ReadToEnd() 'read the whole file at once
    FIn.Close() 'closing file
    Label1.Text = "হয়েছে!"
End Sub
```

উপরের সাবরুটিন রান করার ফলে ফর্মের টেক্সটবাক্সে আসা ফাইলের লেখা ডানের ছবিতে চিত্রিত হয়েছে।



## ১১তম পরিচ্ছেদ: Working with Files

### ফাইল নিয়ে কাজ : Working with Files

**Using the OpenFileDialog / SaveFileDialog Class:** ফাইল খোলার ডায়লগের ব্যবহার ফাইল নিয়ন্ত্রণ সম্পর্কে এ পর্যন্ত আমরা যা জেনেছি তাহলো স্ট্রিমরিডার ক্লাসের মাধ্যমে ফাইল খোলা, পড়া ও প্রদর্শন। আমরা এটাও জেনেছি কিভাবে ফাইলে লিখা যায়। এজন্য প্রয়োজন স্ট্রিমরাইটার ক্লাস। তবে উভয় ক্ষেত্রেই আমাদেরকে ফাইলের প্যাথ [path] পুরোটা লিখে দিতে হয়েছে। কিন্তু আমরা সচরাচর দেখে আসছি ওয়ার্ড প্রসেসর, পেইন্ট প্লেগ্রাম ইত্যাদি থেকে ফাইল খুলতে হলে একটি ডায়লগ আসে। আমরা যে ধরনের ফাইল খুলবো তা চয়েজ করে ‘OK’ ক্লিক করলেই ফাইলটি খুলে টেক্সটবাক্সে বা ক্যানভাসে প্রদর্শিত হয়। অনুরূপ নতুন ফাইল সংরক্ষণকালেও ফাইল সংরক্ষণের ডায়লগ আসে। এ দু’টো কোডের মাধ্যমে কিভাবে নিয়ন্ত্রণ করা হয়? এখনই আমরা জেনে নেবো।

ডিজিটাল বেসিক.নেটে ফাইল খোলা ও সংরক্ষণের দু’টি ক্লাস আছে। এদের নাম যথাক্রমে:  [OpenFileDialog\(\)](#) ও [SaveFileDialog\(\)](#)। উদাহরণের মাধ্যমে এবার এ দু’টোর ব্যবহার উপস্থাপন করবো।


প্রথমে ফর্মের কোডটি দেখুন:

```
Public Class Form1
    'this sub calls the OpenFileDialog which in turn Opens the OpenDialog
    Private Sub Button1_Click(sender As Object, e As EventArgs) Handles Button1.Click
        OpenTheFile() 'sub call
    End Sub
    Sub OpenTheFile() 'this sub displays open dialog
        Dim Open As New OpenFileDialog() 'new instance of file opening dialog class
        Dim myStreamReader As System.IO.StreamReader 'dimension a streamReader Object
        Open.Filter = "Text (*.txt)|*.txt|All Files (*.*)|*.*" 'text files filters
        Open.CheckFileExists = True 'this function makes sure the file exists before opening
        Open.Title = "ফাইল খুলুন" 'Open dialog title text
        Open.ShowDialog(Me) 'shows the dialog
        Try 'Try is a debug keyword. If any problem it will catch it and jump to catch ex as exception line below
            Open.OpenFile() 'open chosen file
            myStreamReader = System.IO.File.OpenText(Open.FileName) 'assign file to StreamReader object
            TextBox1.Text = myStreamReader.ReadToEnd() 'read and display the whole file
        Catch ex As Exception 'any exception will be displayed
        End Try
    End Sub
    Private Sub Button2_Click(sender As Object, e As EventArgs) Handles Button2.Click
        If TextBox1.Text <> "" Then 'make sure there is text to be saved
            SaveTheFile() 'sub call
        End If
    End Sub
    Sub SaveTheFile() 'this sub displays Save Dialog
        Dim Save As New SaveFileDialog() 'new instance of file saving dialog class
        Dim myStreamWriter As System.IO.StreamWriter 'dimension a StreamWriter Object
        Save.Filter = "Text (*.txt)|*.txt|All files (*.*)|*.*" 'text filters
        Save.CheckPathExists = True
        Save.Title = "ফাইল সংরক্ষণ করুন" 'saveDialog title text
        Save.ShowDialog(Me) 'Me means ShowDialog class itself
        Try
            myStreamWriter = System.IO.File.AppendText(Save.FileName) 'append already saved file- shows a replace
            dialog
            myStreamWriter.Write(TextBox1.Text) 'write all text of the textBox to the file
            myStreamWriter.Flush() 'clear memory
        Catch ex As Exception
        End Try
    End Sub
    Private Sub Button3_Click(sender As Object, e As EventArgs) Handles Button3.Click
        Close() 'close form and exit application
    End Sub
End Class
```

## ১১তম পরিচ্ছেদ: Working with Files

### ফাইল নিয়ে কাজ : Working with Files

পূর্বের পৃষ্ঠার কোড রানের ফলাফল নিচে দেখানো হয়েছে। আপনি চাইলে একটি নতুন প্রজেক্ট তৈরি করতে পারেন। লক্ষ করুন, ইউনিকোড দিয়ে কিভাবে বাংলা লিখেছি। এছাড়া ইউনিকোডের বোতামগুলোর টেক্স্ট প্রোপার্টি ও ইউনিকোডের মাধ্যমে বাংলায় করেছি। নিজের ভাষায় এভাবে ইউজার ইন্টারফেইস তৈরি করতে পেরে অনেকটা স্বত্ত্ব ও আনন্দবোধ করছি। মাত্র কয়েক বছর পূর্বেও এভাবে করা কঠিন ছিলো। ডিজাইনার ফন্ট [যা মূলত ইংরেজি ক্যারাক্টার] দিয়ে অতীতে কাজ করতে হয়েছে। এখন সব ইউনিকোড প্রায় সকল উইন্ডোজ সিস্টেম সাপোর্ট করে। সুতরাং বাংলায় সফ্টওয়্যার তৈরি অনেকটা সহজ হয়েছে। আশা করছি ভবিষ্যতে বাংলা ভাষাভাষি প্রোগ্রামাররা এই সুযোগ ব্যবহার করবেন ও সবার জন্য তৈরি করবেন মনোযুগন্দকর মাতৃভাষা-ভিত্তিক কম্পিউটার সফ্টওয়্যার।



**চিত্র ১৯:** আগের পৃষ্ঠার কোড রান করার ফলাফল। লক্ষ করুন: জানালার পুরোটাই বাংলায় উপস্থাপিত হয়েছে। এজন্য আমরা বাংলা ফন্ট চয়েজ করি নি। শুধুমাত্র বিজয়ের ইউনিকোড টাইপ সিস্টেম অন করেছি। মাইক্রসফটের ডিজিয়েল স্টুডিও এক্সপ্রেস ফর ডেভলপ ইউনিকোড সাপোর্ট করে। এ কারণেই বাংলায় সবকিছু সম্ভব।

ডিজিয়েল বেসিক.নেটে ফাইল ম্যানেজমেন্ট সম্পর্কে আরো একদুটো ব্যাপার জানার আছে। পরবর্তী পৃষ্ঠাসমূহে উদাহরণসহ এগুলো তুলে ধরছি।

## ১১তম পরিচ্ছেদ: Working with Files

### ফাইল নিয়ে কাজ : Working with Files


#### উদাহরণ-১: My.Computer.FileSystem Object ব্যবহার করে ফাইল নির্যন্ত্রণ

আমরা ইতোমধ্যে ফাইল নির্যন্ত্রণ সম্পর্কিত যেসব ব্যাখ্যা ও উদাহরণ তুলে ধরেছি তা সবই ছিলো **System.IO namespace** -এর অন্তর্ভুক্ত। ডিজিয়েল বেসিক.নেটে ফাইল নিয়ে কাজ করার আরো একটি পদ্ধতি আছে। একে বলে **My.Computer.FileSystem Object**। নিম্নে এ সম্পর্কিত একটি উদাহরণ তুলে ধরছি। এসাথে শেষের দিকে একই কাজ সারতে প্রথম পদ্ধতি তথা **System.IO** -এর অন্তর্ভুক্ত কোডও দেওয়া হয়েছে। শিক্ষার্থীরা উভয় কোডের মধ্যে পার্থক্য লক্ষ্য করবেন।

এবার আমরা ধারাবাহিক পদক্ষেপে পুরো উদাহরণটি লিপিবদ্ধ করবো। শিক্ষার্থীরা নিচের প্রতিটি পদক্ষেপ সঠিকভাবে অনুসরণ করে এ প্রজেক্টটি তৈরি করুন।

ক. একটি নতুন উইডেজ ফর্ম প্রজেক্ট তৈরি করুন। প্রজেক্টের নামকরণ করুন ‘FolderAndFiles’। অবশ্য চাইলে অন্য নামও দিতে পারেন। প্রদর্শিত ফর্মের প্রোপার্টি হবে নিম্নরূপ:

খ. ফর্মে টুল বাক্স থেকে সংযুক্ত করুন একটি **ListBox**, একটি **CheckBox**, দু’টি **Button** এবং একটি **FolderBrowserDialog** কন্ট্রোল। টুল বাক্সে যেয়ে এগুলোর নামের ওপর ডবল ক্লিক করলেই ফর্মে এসে যুক্ত হবে। সকল কন্ট্রোলের নাম নিচের জানালার অনুরূপ করুন। আমি বাংলা নামকরণ করেছি। চাইলে আপনি অন্য নাম বা এমনকি ইংরেজিতেও নামকরণ করতে পারেন।



## ১১তম পরিচ্ছেদ: Working with Files

### ফাইল নিয়ে কাজ : Working with Files

ফর্মের বিভিন্ন বস্তুর ব্যাখ্যা: দেখতেই পাচ্ছেন, ফর্মে মোট ৫টি বস্তু আছে: ১. লিস্টবক্স [listBox1]- এই ফিল্ডে ফন্ডারে প্রাপ্ত ডকুমেন্টের প্র্যাথসহ নাম প্রদর্শিত হবে। ২.‘ব্রাউজ’ বোতাম [Button2] এর ক্লিক ইভেন্টে আমরা কোড লিখবো ফন্ডার চয়েজ করে তথ্য সংগ্রহ করতে এবং তা লিস্ট বাক্সে নিয়ে আসতে। ৩. ‘ফাইল তথ্য’বোতাম [Button1] এর ক্লিক ইভেন্টে যে কোড দেওয়া হবে, তার দ্বারা আমরা লিস্ট বাক্স সিলেক্ট করা ফাইলের ওপর পুরো তথ্যাদি সংগ্রহ করে ম্যাসেজ বাক্সে দেখাবো। ৪. ‘তথ্য সংরক্ষণ করুন’ নামক চেক বাক্সের [checkBox1] মাধ্যমে আমরা ফাইল তথ্য বোতামে ক্লিক করার পর তা লগ [সংরক্ষণ] করবো কি না সে সিন্ক্রান্ত নেবো। ব্যবহারকারী চেক বাক্সে ক্লিক করে থাকলে বুবা যাবে সংরক্ষণ হবে, অন্যথায় নয়। ফর্মের বাইরে লাইনের নিচে ‘FolderBrowserDialog1’ নামক আরেকটি বস্তু আছে। এটার কাজ হলো কোডের মাধ্যমে ডাকা ফন্ডার ব্রাউজার

**নোট:** কোড চলাকালে যে কোনো বস্তুকে ইঙ্গিত বা পারিচিত করা হয় তার Name Property-এর মাধ্যমে। যেমন: আমাদের এই উদাহরণে listBox1, Button1, Button2, checkBox1 এবং Form1। তবে বস্তুর টেক্স্ট প্রোপার্টি জানালায় প্রদর্শিত হবে। এটা যে কোনো কিছু হতে পারে- এতে কোডের ক্রিয়ার ওপর কোনো রদবদল আনবে না। সুতরাং আপনি চাইলে উভয় বোতাম, চেক বাক্স ও ফর্মের শিরোনামের টেক্স্ট প্রোপার্টি অন্য কিছু দিতে পারেন। আমরা এখানে বাংলা দিয়েছি- আপনি অন্য কোনো বাংলা টেক্স্ট বা এমনকি ইংরেজি টেক্স্টও দিতে পারবেন - এতে কোডের একটি অক্ষরও বদলানো লাগবে না।

প্রদর্শন করা। এটা ফর্মের ভেতরে থাকার বস্তু নয়। যাক, ইউ.আই. ডিজাইনের কাজ শেষ হয়ে গেলো। এবার আমরা কোড লিখবো। আমরা পুরো কোডটিই এক সঙ্গে তুলে ধরছি। এরপর প্রত্যেক সাবকুটিনের ওপর ব্যাখ্যা দেবো।

#### Public Class Form1

'where to start browsing? Set it to current directory

```
Private Sub Form1_Load(sender As Object, e As EventArgs) Handles MyBase.Load
```

' Set the default directory of the folder browser to the current directory.

```
    FolderBrowserDialog1.SelectedPath = My.Computer.FileSystem.CurrentDirectory
```

SetEnabled() 'CheckBox1 and Button1 enabled

```
End Sub
```

'The FolderBrowserDialog1.ShowDialog call opens the Browse For Folder dialog box.

'After the user clicks OK, the SelectedPath property is sent as an argument to the

'ListFiles method [below].

```
Private Sub Button2_Click(sender As Object, e As EventArgs) Handles Button2.Click
```

If FolderBrowserDialog1.ShowDialog() = DialogResult.OK Then

' List files in the folder.

```
    listFiles(FolderBrowserDialog1.SelectedPath)
```

```
End If
```

SetEnabled() 'CheckBox1 and Button1 enabled

```
End Sub
```

'The GetFiles method retrieves a collection of strings, one for each file in the directory.

'The GetFiles method accepts a search pattern argument to retrieve files that match a particular pattern.

'In this example, only files that have the extension .txt, .Doc and 'Docx [word files] are returned.

'Returned string added to ListBox

```
Private Sub ListFiles(ByVal folderPath As String)
```

listBox1.Items.Clear() 'clear any list in it

```
    Dim fileNames = My.Computer.FileSystem.GetFiles(folderPath, FileIO.SearchOption.SearchTopLevelOnly,
    "*.txt", "*.Doc", "*.Docx")
```

For Each fileName As String In fileNames 'File names contained indexed file path

```
    listBox1.Items.Add(fileName) 'build the list line by line
```

Next

```
End Sub
```

১১তম পরিচ্ছেদ: *Working with Files***ফাইল নিয়ে কাজ : *Working with Files***

```

Private Sub Button1_Click(sender As Object, e As EventArgs) Handles Button1.Click
    If ListBox1.SelectedItem Is Nothing Then 'make sure user has selected an item
        MessageBox.Show("Please select a file.")
        Exit Sub
    End If
    Dim filePath = ListBox1.SelectedItem.ToString ' Obtain the file path from the list box selection.
    ' Verify that the file was not removed since the " button was clicked.
    If My.Computer.FileSystem.FileExists(filePath) = False Then
        MessageBox.Show("File Not Found: " & filePath)
        Exit Sub
    End If
    Dim fileInfoText As String = GetTextForOutput(filePath) ' Obtain file information in a string.
    MessageBox.Show(fileInfoText) 'Show the file information.
    'The if-end if block of code sets the log file path to put it in the same directory as that of the selected file.
    'The text of the log entry is set to the current date and time followed by the file information.
    'The WriteAllText method, with the append argument set to True, is used to create the log entry.
    If CheckBox1.Checked = True Then
        ' Place the log file in the same folder as the examined file.
        Dim logFolder As String = My.Computer.FileSystem.GetFileInfo(filePath).DirectoryName
        Dim logFilePath = My.Computer.FileSystem.CombinePath(logFolder, "log.txt")
        Dim logText As String = "Logged: " & Date.Now.ToString & vbCrLf & fileInfoText & vbCrLf & vbCrLf
        ' Append text to the log file.
        My.Computer.FileSystem.WriteAllText(logFilePath, logText, append:=True)
    End If
End Sub

Private Function GetTextForOutput(ByVal filePath As String) As String
    If My.Computer.FileSystem.FileExists(filePath) = False Then
        Throw New Exception("File Not Found: " & filePath) ' Verify that the file exists. In no, show dialog & exit
    End If
    ' Create a new StringBuilder, which is used to efficiently build strings.
    Dim sb As New System.Text.StringBuilder()
    ' Obtain file information.
    Dim thisFile As System.IO.FileInfo = My.Computer.FileSystem.GetFileInfo(filePath)
    ' Add file attributes.
    sb.Append("File: " & thisFile.FullName)
    sb.Append(vbCrLf)
    sb.Append("Modified: " & thisFile.LastWriteTime.ToString)
    sb.Append(vbCrLf)
    sb.Append("Size: " & thisFile.Length.ToString & " bytes")
    sb.Append(vbCrLf)
    ' Open the text file.
    Dim sr As System.IO.StreamReader =
        My.Computer.FileSystem.OpenTextFileReader(filePath)
    If sr.Peek() >= 0 Then
        sb.Append("First Line: " & sr.ReadLine()) ' Add the first line from the file.
    End If
    sr.Close()
    Return sb.ToString
End Function

```

## ১১তম পরিচ্ছেদ: Working with Files

### ফাইল নিয়ে কাজ : Working with Files

'enable or disable Button1 and CheckBox wether ListBox1 item selected or not respectively  
**Private Sub** SetEnabled()

'AnySelected becomes Yes or No depending wether any Item selected or not resectively

**Dim AnySelected As Boolean = (ListBox1.SelectedItem IsNot Nothing)**

Button1.Enabled = AnySelected 'if AnySelected True, Button1 is Enabled

CheckBox1.Enabled = AnySelected 'if AnySelected True, CheckBox1 is Enabled too

**End Sub**

**Private Sub** ListBox1\_SelectedIndexChanged(sender **As Object**, e **As EventArgs**) **Handles**  
 ListBox1.SelectedIndexChanged

SetEnabled() 'CheckBox1 and Button1 enabled

**End Sub**

**End Class**

কোডের ব্যাখ্যা: ফর্মে লোড ইভেন্ট হ্যান্ডলারে আমরা একটিমাত্র লাইন লিখেছি। লাইনটি এই:

FolderBrowserDialog1.SelectedPath = My.Computer.FileSystem.CurrentDirectory

এখানে ফন্ডারব্রাউজারডায়লগ ক্লাসের ডিফেল্ট প্যাথ বলে দেওয়া হয়েছে। ফাইল সিস্টেমের .CurrentDirectory যে ডাইরেক্টরী থেকে লিস্ট বাক্সে ফাইলের প্যাথ নিয়ে আসা হয়েছে সেই প্যাথের দিকেই নির্দেশ করে। অন্যকথায় প্রথমবার যে ডাইরেক্টরিতে যেয়ে আপনি ফন্ডার খুলবেন, সে-ই ডাইরেক্টরিকেই দ্বিতীয়বার দেখাবে। আর লগ টেক্সটিও সেখানে সংরক্ষিত হবে। আমরা যদি My.Computer.FileSystem.CurrentDirectory এর বদলে এখানে System.IO ব্যবহার করি তাহলে লিখবো:

FolderBrowserDialog1.SelectedPath = System.IO.Directory.GetCurrentDirectory()

GetCurrentDirectory() -সিস্টেম.আইও এর একটি ফাংশন। এটা রিটার্ন করে বর্তমান ডাইরেক্টরির প্যাথ। সাবের দ্বিতীয় লাইনে অপর একটি সাবরুটিন কল করা হয়েছে। এটি 'ফাইল তথ্য' বোতাম ও 'তথ্য সংরক্ষণ করুন' চেক বাক্সকে অকার্যকর করে। এগুলো কার্যকর হবে এই একই সাব পুনরায় কল করে- যখন ব্যবহারকারী কোনো ফাইলের তথ্য জানার জন্য লিস্ট বাক্সের কোনো আইটেমে ক্লিক করবে।

Button2 -এর ক্লিক ইভেন্ট সাবে; **If** FolderBrowserDialog1.ShowDialog() = DialogResult.OK  
**Then** -অংশ প্রথমে ডায়লগটি দেখাবে। এরপর ব্যবহারকারী কোনো ফন্ডার চয়েজ করে 'OK' বোতামে ক্লিক করলে বুলিয়ান ফলাফল 'True' হবে। সুতরাং পরের লাইনে যেয়ে ListFile() সাবটি কল করবে- যার কাজ প্রাপ্ত ফাইলগুলোর নাম লিস্ট বাক্সে প্রদর্শন করা। আর যদি 'Cancel' বোতামে ক্লিক করা হয় তাহলে কিছুই হবে না। শুধুমাত্র ডায়লগটি বন্ধ হবে। একই সময় SetEnabled() সাব কল করে নিশ্চিত করা হবে 'ফাইল তথ্য' বোতাম ও তথ্য 'সংরক্ষণ করুন' চেক বাক্স যাতে Disabled অবস্থায় থাকে। অবশ্য ডায়লগের ফলাফল 'OK' কিংবা 'Cancel' হোক উভয় অবস্থায়ই Button2-তে ক্লিক করলে এ দু'টো Disabled থাকা জরুরী- আর তা-ই হবে। কারণ আমরা কল করছি **End If** কথাটির পরে।

ListFiles(**ByVal** folderPath **As String**) সাবের কাজ হলো প্রদত্ত ফন্ডার প্যাথ [সাবের আর্গুমেন্ট] ব্যবহার করে এই ফন্ডানের .txt, .Doc & .Docx ফাইল টাইপের যতো ফাইল আছে সবগুলোর প্যাথ সংগ্রহ করে লিস্ট বাক্সে প্রদর্শন করা। এজন্য অপারেটিং সিস্টেমের My.Computer.FileSystem.GetFiles ফাংশনটি কাজে লাগানো হয়েছে। এ ফাংশনের গুরুত্বপূর্ণ দু'টি আর্গুমেন্ট হলো: ফন্ডারের প্যাথ [যা আসবে FolderBrowserDialog1.SelectedPath থেকে] ও অনুসন্ধান ফিল্টার তথ্য [এখানে] .txt, .Doc & .Docx ফাইল টাইপ। অপর আর্গুমেন্ট নিশ্চিত করে শুধুমাত্র উচ্চ পর্যায়ের ডাইরেক্টরি থেকে তথ্য আনা হবে। অন্যকথায় অনুসন্ধান হবে শুধুমাত্র কারেন্ট ফন্ডারে- এর ভেতরস্থ অপর কোনো ফন্ডার এ অনুসন্ধানের আওতাভুক্ত থাকবে না।

## ১১তম পরিচ্ছেদ: Working with Files

### ফাইল নিয়ে কাজ : Working with Files

লিস্ট বাক্সে আইটেমগুলো লাইনের পর লাইনে লেখা হয় For Each - Next কোড অংশের মাধ্যমে।

Button1\_Click ইভেন্ট সাবের কোডগুলো লিস্ট বাক্সের সিলেক্টেড ফাইল প্যাথে সংরক্ষিত ফাইলের তথ্যাদি একটি লগে [অর্থাৎ টেক্স্ট ফাইলে] সংরক্ষণ করবে কারেন্ট ডাইরেক্টরির ভেতর। প্রত্যেক বার কোনো ফাইলের প্যাথ সিলেক্ট করে এই বোতামে ক্লিক করলেই ঐ লগে তথ্যাদি যোগ হবে। সুতরাং লগ ফাইল একটি মাত্র তৈরি করা হবে।

সাবের প্রথম If-End If ব্লক নিশ্চিত করে লিস্ট বাক্সের কোনো আইটেম সিলেক্ট করা আছে কি না। না থাকলে মেসেজ জানালা এসে ‘**Please select a file.**’ কথাটি জানিয়ে কোডের কার্যক্রম এখানে শেষ হবে।

পরের লাইনে আমরা ফাইল প্যাথের লেখাটুকু একটি ভেরিয়েবলে সংরক্ষণ করেছি। এরপর আরেকটি If-End If ব্লকে নিশ্চিত করা হচ্ছে ফাইলটি আদৌ আছে কি না- কারণ, ইতোমধ্যে এটি মুছে যেতে পারে কিংবা অন্যত্র সরিয়ে নিতে পারেন ব্যবহারকারী। পরের লাইনে ফাইলের তথ্যাদি একটি ভেরিয়েবলে সংরক্ষণ করা হচ্ছে। এই তথ্যাদি আসবে আমাদের বানানো GetTextForOutput(filePath) নামক সাব থেকে। এ সাব সম্পর্কে একটু পরই ব্যাখ্যা তুলে ধরবো। পরের লাইনে মেসেজ বাক্সে প্রাপ্ত তথ্যাদি দেখানো হবে। এরপর আরেকটি If-End If ব্লকের ভেতর তথ্যাদি সংরক্ষণ করার জন্য লগ ফাইল বানানো হওয়ার কাজ সারা হচ্ছে। যদি চেক বাক্স ক্লিক করা থাকে তাহলেই এ কাজ হবে।

তথ্য সংরক্ষণের জন্য প্রথমে ডাইরেক্টরি তৈরি করে তা logFolder নামক ভেরিয়েবলে প্রাপ্ত টেক্স্ট রাখা হয়েছে। এ কাজের জন্য সিস্টেমের **My.Computer.FileSystem.GetFileInfo(filePath).DirectoryName** কুস্টোডি কল করেছি। এর পরের লাইনে লগ ফাইল সৃষ্টি হয়েছে। এর প্যাথটিও আমার logFilePath নামক ভেরিয়েবলে সংরক্ষণ করেছি। পরের লাইনে লগে কি লেখা হবে তা-ও নাকটি logText নামক ভেরিয়েবলে সংরক্ষণ করে লেখার কাজটি সেরেছি এই **My.Computer.FileSystem.WriteAllText(logFilePath, logText, append:=True)** কোড লাইনটি দ্বারা।


পরবর্তী তিনটি ব্লকের প্রথমটি ফাংশন এবং বাকি দু'টো সাবরুটিন। এগুলো প্রোগ্রামের অন্যত্র থেকে কল করা হয়। ফাংশন GetTextForOutput কাজ হলো ফাইল প্যাথ [filePath] প্যারামিটার ব্যবহার করে ফাইল সম্পর্কে তথ্য সংগ্রহ করা ও তা টেক্স্ট হিসাবে কলিং কোডে ফিরে দেওয়া। এ কাজ আঙ্গাম দিতে ফাংশন ধারাবাহিকভাবে সিস্টেমের কয়েকটি গুরুত্বপূর্ণ মেথড কাজে লাগায়। যেমন:

1. **My.Computer.FileSystem.FileExists(filePath)** -এটা রিটার্ন করে একটি বুলিয়ান ভ্যালু। ফাইলের অস্তিত্ব থাকলে তা হবে True, অন্যথায় False।
2. **New System.Text.StringBuilder()** -এটা একটি সিস্টেম অবজেক্ট মেথড। এর কাজ হলো ফাইল সম্পর্কে বিভিন্ন তথ্যাদি যোগান দেওয়া: যেমন, ফাইলের পূর্ণাঙ্গ নাম, সর্বশেষ রদবদলের সময়, ফাইলের বাইটস সংখ্যা [সাইজ] ইত্যাদি।
3. **My.Computer.FileSystem.GetFileInfo(filePath)** -এই ফাংশন মেথড কল করে আমরা ফাইলের তথ্যাদির প্রতি পয়েন্ট করতে পারি।
8. **System.IO.StreamReader** এবং **My.Computer.FileSystem.OpenTextFileReader(filePath)** ব্যবহার করে ফাইল খুলে পরের ব্লকে প্রথম লাইন পড়া এবং ফাইল বন্ধ করা।

এর পরের কোড ব্লক হলো লিস্ট বাক্সের SelectedIndexChanged ইভেন্ট হ্যান্ডলার ধরে SetEnabled সাবটি কল করা। আর এই সর্বশেষ সাবটির কাজ হলো ‘তথ্য সংরক্ষণ করুন’ চেক বাক্স ও ‘ফাইল তথ্য’ বোতামের Enabled প্রপার্টি সত্য হিসাবে নিশ্চিত করা। ব্যস্ত! এভাবেই কোডটি কাজ করে! পাঠকদের নিকট এই ব্যাখ্যা প্রথমত কঠিন মনে হবে। ভাববেন না, ধীরে ধীরে আপনি বুঝতে পারবেন ঠিকই। ইংরেজিতে একটি কথা আছে: Practice makes perfect। এ কথাটি ও নিজের বুঝার ক্ষমতার প্রতি আস্থা রাখুন। এ গ্রন্থের বিভিন্ন কোড উদাহরণ, প্রজেক্ট ইত্যাদি প্রয়োজনে বার বার স্টাডি করুন। আপনি অভিজ্ঞ প্রোগ্রামার বনতে মোটেই ব্যর্থ হবেন না। পরের পৃষ্ঠায় ফাইল নিয়ন্ত্রণের এই উদাহরণ প্রজেক্টটির রান-টাইম জানালা তুলে ধরেছি। একটু দেখে নিন।

## ১১তম পরিচ্ছেদ: Working with Files

### ফাইল নিয়ে কাজ : Working with Files



উদাহরণ-১ -এর রানটাইম দুটি জানালা।

ডিজিয়েল বেসিক.নেটে ফাইল নিয়ে কাজ করার উপর উপরোক্ত উদাহরণটি শিক্ষার্থীরা বার বার দেখে ও নিজে প্রজেক্টটি তৈরি করে ভালো করে অনুধাবনের চেষ্টা করবেন। আমরা এই কোড দ্বারা দুটি সিস্টেম ফাংশন ক্লাস সম্পর্কে অবগত হয়েছি। এগুলো হলো:

১. System.IO.File - যার ব্যবহার পরিচ্ছেদের প্রথম উদাহরণে দেখেছি।
২. My.Computer.FileSystem - যার ব্যবহার আমরা শেষের উদাহরণে দেখেছি।

উপরোক্ত উভয় ক্লাসের কাজ একই। আপনি যে কোনোটি বা উভয়টি একই এ্যাপ্লিকেশনে ব্যবহার করতে পারেন। তবে আমার ইচ্ছে হচ্ছে দ্বিতীয়টির ব্যবহারের উপর আলাদা একটি পরিচ্ছেদ রচনা করার। এর কার্যকারিতা অনেক ব্যাপক। যেটুকু স্মৃতি এ ক্লাস সম্বন্ধে জানা হবে বিশেষ উপকারী। তাই আসুন, পরের পরিচ্ছেদে এর ব্যবহারের আরো কিছু উদাহরণ দেখে নিই।

## ১২তম পরিচেদ: Accessing Computer Resources



### কম্পিউটারের রিসোর্স সংগ্রহ ও ব্যবহার : Accessing Computer Resources

#### My.Computer.Object

সিস্টেমের এই বস্তি আমাদেরকে সুযোগ দিয়েছে কম্পিউটারের বিভিন্ন প্রোপার্টিকে ব্যবহার ও নিয়ন্ত্রণ করার। যেমন: অডিও, ক্লিপবোর্ড, ঘড়ি, ফাইল সিস্টেম, তথ্য, কিবোর্ড, মাউস, নেটওয়ার্ক, পোর্ট, রেজিস্ট্রি ইত্যাদি। এসব নিয়ন্ত্রণের কিছু উদাহরণ এবার উপস্থাপন করছি।

**১. My.Computer.Audio:** নিচয়ই আপনি লক্ষ্য করেছেন, কোনো কোনো প্রোগ্রামের মধ্যে অডিও প্লে করতে। ডিজিয়েল বেসিক.নেটে এটা যে কোড দ্বারা করা হয় তা-ই হলো এই বস্তি। নিচের উদাহরণ দ্বারা ব্যবহার পদ্ধতি আমার শিখে নেবো।


মনে করুন আমরা আল-কুরআনের একটি সুরা শুনবো। সুরাটির অডিও ফাইল সংরক্ষিত আছে যেখানে তার প্যাথ হলো: C:\Users\htci\Music\Muslima - Nas.mp3। আমরা এই ফাইলটি প্লে করতে পারি এই কোডটি দ্বারা:

```
Sub PlayBackgroundSoundFile()
    My.Computer.Audio.Play("C:\Users\htci\Music\Muslima - Nas.mp3",
    AudioPlayMode.WaitToComplete) 'শেষের এই প্র্যারামিটার নিশ্চিত করে ফাইল প্লে শেষ না হওয়া পর্যন্ত
    'পরবর্তী কোড রান করবে না।
End Sub
```

উপরোক্ত কোড ব্যবহার করে আমরা তৈরি করতে পারি একটি সাধারণ অডিও প্লেয়ার প্রোগ্রাম। আসুন তাহলে, এটা করে নিই।

#### উদাহরণ-১: Simple .wav audio player -.wav ফাইল অডিও প্লেয়ার

আপনার সকল অডিও ফাইলগুলো যে কোনো একটি ফন্ডারে সংরক্ষণ করে রাখতে পারেন। মনে রাখবেন ফাইলগুলো হতে হবে .wav ফাইল। আপনার অডিও ফাইল এই ফরমেটে না থাকলে ইন্টারনেট থেকে ফ্রিওয়্যার অডিও কনভার্টার ফাইল ডাউনলোড করতে পারেন। বেশ কয়েকটি ফ্রিওয়্যার আছে। আমি ব্যবহার করি- 'frea:ac - free audio converter v 1.0.16'। যাক, নিচের পদক্ষেপগুলো একে একে অনুসরণ করে প্রজেক্ট তৈরি করুন।



- নতুন একটি উইন্ডোজ ফর্ম প্রজেক্ট তৈরি করুন- এর নামকরণ করুন: wavAudioPlayer।
- ফর্মটির ডিজাইন পাশের ছবিতে প্রদর্শিত হয়েছে। এতে থাকবে একটি লিবেল, একটি লিস্ট বাক্স ও তিনি বোতাম।
- Button1 ডবল ক্লিক করুন। ফর্মের ক্লাসের ভেতর বোতামের ক্লিক ইভেন্ট সাব আসবে। এতে লিখুন নিম্নের কোডটুকু।

```
Private Sub Button1_Click(sender As Object, e As EventArgs) Handles
Button1.Click
    If ListBox1.SelectedItem = "" Then Exit Sub 'make sure a file path is
chosen
    PlayFile() 'call sound play sub
End Sub
```

## ১২তম পরিচেদ: Accessing Computer Resources

### কম্পিউটারের রিসোর্স সংগ্রহ ও ব্যবহার : Accessing Computer Resources

প্রথম লাইন দ্বারা নিশ্চিত করা হয়েছে যে, ব্যবহারকারী লিস্ট বাক্সের কোনো একটি লাইনে ক্লিক করে সিলেক্ট করেছেন। এটা নিশ্চিত হওয়ার পর পরের লাইনে আমরা নিম্নের সাবটি কল করেছি।

**Sub** PlayFile()

```
'get the path string from list box selected line
Dim FileP As String = ListBox1.SelectedItem
My.Computer.Audio.Play(FileP) 'play file
Label1.Text = "Now Playing: " & FileName(FileP) 'call FileName() sub show info
End Sub
```

উক্ত সাবের প্রথম লাইন FileP নামক স্ট্রিং ভেরিয়েবলের মধ্যে লিস্ট বাক্সের ফাইল প্যাথ স্ট্রিংটি সংরক্ষণ করেছি। এরপর সিস্টেমের My.Computer.Audio.Play ফাংশনটি কল করেছি ও এর প্যারামিটার হিসাবে FileP -অর্থাৎ ফাইলের প্যাথ দিয়েছি। সুতরাং .wav ফাইলটি খুলে তা বাজতে শুরু হবে। পরের লাইনটি যে ফাইল প্লে হচ্ছে তার নাম লেবেলে দেখাবে। এবার লিখুন বোতাম২ এর ক্লিক ইভেন্ট সাবে নিচের কোড লাইনটি। এই কোড লাইন বলছে ফাইল প্লে করা বন্ধ করতে।

```
Private Sub Button2_Click(sender As Object, e As EventArgs) Handles Button2.Click
    My.Computer.Audio.Stop() 'stops playing
End Sub
```

বোতাম৩ এর ক্লিক ইভেন্টে যে কোডটি দেওয়া হয়েছে তার দ্বারা উদ্দেশ্য হলো, ফন্ডার ব্রাউজার ডায়লগ খোলা ও যে কোনো ফন্ডারে প্রাপ্ত সকল .wav সাউন্ড ফাইলের প্যাথ স্ট্রিং এনে লিস্ট বাক্সে প্রদর্শন করা। সুতরাং নিচের কোড ব্লকটি বোতাম৩ এর ইভেন্ট হ্যান্ডলারে লিখতে হবে:

```
Private Sub Button3_Click(ByVal sender As System.Object, ByVal e As System.EventArgs) Handles Button3.Click
    If FolderBrowserDialog1.ShowDialog() = DialogResult.OK Then 'if Cancel, the code will not execute
        'List files in the folder.
        ListFiles(FolderBrowserDialog1.SelectedPath) 'call the sub below
    End If
End Sub
```

প্রথম লাইনের '=' চিহ্নের আগের অংশ ফন্ডার ব্রাউজার ডায়লগটি খুলবে। এরপর ফলাফল যদি 'OK' হয়- অর্থাৎ ব্যবহারকারী কোনো ফন্ডার খুলেন তাহলে পরবর্তী লাইনের কোড রান করবে- অন্যথায় নয়। আমাদের তৈরি ListFiles() সাবরুটিনটি একটিমাত্র প্যারামিটার গ্রহণ করে- সেটা হলো সংরক্ষিত ফাইলের প্যাথ- যা আসবে ফন্ডার ব্রাউজার থেকে। এই সাবরুটিনটি নিম্নরূপ:

```
'opens all .wav files in a folder and list their path in the list Box
Private Sub ListFiles(ByVal folderPath As String)
    ListBox1.Items.Clear() 'clear any previous list
    Dim fileNames As String() = System.IO.Directory.GetFiles(folderPath, "*.wav",
    System.IO.SearchOption.TopDirectoryOnly) 'this line gets the path list
    For Each fileName As String In fileNames 'this one puts the list line by line in the ListBox
        ListBox1.Items.Add(fileName)
    Next
End Sub
```

এই সাবরুটিনের প্রথম লাইন আগের কোনো লেখা থাকলে তা লিস্ট বাক্স থেকে মুছে ফেলে। দ্বিতীয় লাইন ফন্ডার ব্রাউজার থেকে সিলেক্ট করা ফন্ডারের ভেতর যতো .wav টাইপের সাউন্ড ফাইল আছে সবগুলোর প্যাথ সংগ্রহ করে। আর For Each -- Next লুপটির কাজ হলো সবগুলো ফাইলের প্যাথ স্ট্রিং, লাইনে লাইনে লিস্টবাক্সে লিখে দেওয়া। সর্বশেষ আমাদের বানানো ফাংশনটির ব্যবহার মূলত জরুরি নয়। তবে আমরা তো শিখবো! প্যাথ স্ট্রিং থেকে শুধু ফাইলের নাম কিভাবে বের করা যায় তা-ই দেখানো হলো এ ফাংশন তৈরির উদ্দেশ্যে।

## ১২তম পরিচেদ: Accessing Computer Resources

### কম্পিউটারের রিসোর্স সংগ্রহ ও ব্যবহার : Accessing Computer Resources

প্রথমে ফাংশনটি দেখে নিই। এরপর এর ব্যাখ্যা আসবে।

'this function returns the name of a file from path string parameter

Private Function FileName(SupplyString As String) As String

```
Dim A As Integer : Dim RetString As String = ""
```

```
For A = Len(SupplyString) To 1 Step -1
```

```
    If Mid(SupplyString, A, 1) = "\" Then Exit For 'last \' char position
```

```
Next
```

```
RetString = Mid(SupplyString, (A + 1), Len(SupplyString) - A) 'get the name
```

```
Return RetString
```

```
End Function
```

**ফাংশনের ব্যাখ্যা:** প্রত্যেক প্যাথ নামের শেষের অংশে ‘\’-এ চিহ্নটি পরে ফাইলের নাম থাকে। সুতরাং আমরা চাই ফাংশনের প্যারামিটার হবে প্যাথ নামটি যার টাইপ হলো স্ট্রিং। ফাংশন থেকে যে ভ্যালু রিটার্ন হবে তা-ও একটি স্ট্রিং টাইপ। এজন্য আমরা প্রথম লাইনে লিখেছি:

Private Function FileName(SupplyString As String) As String

উক্ত লাইনের প্রথম দু'টি শব্দ লিখা বাধ্যতামূলক। এরপর এসেছে ফাংশনের নাম- এখানে FileName। বন্ধনীর ভেতর থাকবে প্যারামিটার- বা আঙ্গুমেন্ট যা কলিং কোডে দিতে হবে। কী দিতে হবে, তা আমরা সাব্যস্ত করে দিয়েছি- সেটা হলো স্ট্রিং টাইপ। এজন্য আমরা লিখেছি: (SupplyString As String)। এ তিনটি শব্দের প্রথমটি আমাদের বানানো, দ্বিতীয় ও তৃতীয়টি বাধ্যতামূলক- এখানে As String। কারণ, আমরা চাই SupplyString -এর টাইপ হবে স্ট্রিং। লাইনের শেষের দু'টি শব্দ দ্বারা আমরা জানিয়ে দিচ্ছি ফাংশন কোন ইন্টেজার টাইপের ভ্যালু রিটার্ন করবে- তা-হবে, স্ট্রিং। ফাংশনের দ্বিতীয় লাইনে দু'টি ভেরিয়েবল ঘোষণা করেছি: A - একটি ইন্টেজার টাইপ ও RetString -একটি স্ট্রিং টাইপ। শেষোক্তি শূন্য স্ট্রিং হিসাবে ইনিশিয়েলাইজ করেছি। প্রথমটি পরবর্তী ফর-নেক্ট লুপটির জন্য ব্যবহৃত হয়েছে। এ ফর-নেক্ট লুপের প্রথম লাইন দ্বারা বুঝাচ্ছি, SupplyString তথা প্যাথ নামের দৈর্ঘ্যসংখ্যা থেকে ১ পর্যন্ত এই লুপটি রান করবে। আমাদের উদ্দেশ্য, ঠিক কোন পজিশনে স্ট্রিংয়ের মধ্যে শেষের ‘\’-এ চিহ্নটি আছে তা নির্ণয় করা। সুতরাং আমরা ডান থেকে শুরু করে একে একে বামদিকে যেয়ে উক্ত চিহ্নটির পজিশন খুঁজে দেখবো। যে মুহূর্তে এটা পাওয়া যাবে তখনই লুপ থেকে বের হবো। আর এ চিহ্নটি বার বার পরীক্ষার জন্য আমরা পরের লাইনের কোডটি ব্যবহার করেছি। তাহলো:

If Mid(SupplyString, A, 1) = "\" Then Exit For -এখানে, Mid ফাংশনের কাজ হলো স্ট্রিংয়ের পজিশন A -এর একটি মাত্র অক্ষর সংগ্রহ করা। আমরা বলছি এই অক্ষর বা ক্যারাক্টারটি যদি ‘\’ হয়, তাহলে লুপ থেকে বের হও। মনে রাখবেন আমাদের ইন্টেজার ভেরিয়েবল A শুরু হয়েছে প্যাথ স্ট্রিং এর মোট অক্ষরসংখ্যা থেকে। আর এ সংখ্যার মান প্রত্যেক লুপে এক এক করে কমে আসছে। সুতরাং উক্ত ‘\’-ক্যারাক্টারটি যেখানে পাওয়া যাবে সেখানকার সংখ্যা-মান হবে A। অর্থাৎ ঠিক কোন সর্বডানের পজিশনে ‘\’-এ চিহ্নটি আছে তার মান আমরা পেলাম। এই মানটি বের করাই হলো ফাংশনের মূল কাজ।


এবার আমরা ফাইলের নাম অংশ একটিমাত্র কোড লাইনে সংগ্রহ করতে পারি:

RetString = Mid(SupplyString, (A + 1), Len(SupplyString) - A) -এখানে Mid ফাংশনের কাজ হলো পুরো স্ট্রিং থেকে প্রাপ্ত সংখ্যা (A+1)-এ শুরু করে স্ট্রিং এর শেষ পর্যন্ত [Len(SupplyString) - A] সংগ্রহ করা। আমরা একে [অর্থাৎ ফাইলের নামকে] সংরক্ষণ করেছি RetString ভেরিয়েবলে। পরের লাইনে ফাংশন তার রিটার্ন ভ্যালু ফিরিয়ে দেবো। তাহলো এই সংরক্ষিত RetString ভেরিয়েবল: Return RetString।

যাক, আশাকরি ফাংশনের ওপর এই বিস্তারিত ব্যাখ্যা আগন্তর জন্য ফাংশন কিভাবে কাজ করে তা বুঝতে সহায়ক হবে। পরের পৃষ্ঠায় একটি চিত্রে এ উদাহরণ প্রোগ্রামটির রান-টাইমের ছবি তুলে ধরেছি।

## ১২তম পরিচ্ছেদ: Accessing Computer Resources

### কম্পিউটারের রিসোর্স সংগ্রহ ও ব্যবহার : Accessing Computer Resources



#### উদাহরণ-২: Me.Computer -এর বিভিন্ন ফাংশন, মেথড ও প্রোপার্টি

আমরা সিন্ক্রান্ত করেছি, ক্যালকুলেন ও রেজাল্ট প্রদর্শন হবে একটি স্বয়ংক্রিয় কাজ। এর জন্য আলাদা কোনো বোতামে ক্লিক করার প্রয়োজন নেই। সুতরাং যে মুহূর্তে ব্যবহারকারী কোনো ক্রিয়া সম্পাদন করবেন- প্রোগ্রাম সাথে সাথে ফলাফল ও তথ্যাদি প্রদর্শন করবে- এটাই আমার চাই। আমরা জানি ব্যাবহারকারী মোট চারটি ক্রিয়ার যে কোনো একটি করতে পারেন। এগুলো হলো: ১. প্রথম কম্বো বাক্সের আইটেম পরিবর্তন [ক্যাটাগরি চয়েজ]। ২. দ্বিতীয় কম্বো বাক্সের আইটেম পরিবর্তন [‘হতে’ একক চয়েজ]। ৩. তৃতীয় কম্বো বাক্সের আইটেম পরিবর্তন [‘প্রতি’ একক চয়েজ]। ৪. সংখ্যা প্রবেশ ফিল্ড টেক্সট বাক্স-১ এ পরিবর্তন [সংখ্যা মান প্রবেশ]। আমাদের কোড এ চারটির মধ্যে কোন্টিতে রদবদল হয়েছে তা জেনে ক্যালকুলেশন করবে। এটা করতে যেয়ে আমরা পূর্বপ্রস্তুত হিসেবে আগে ব্যাখ্যাত কোডগুলো কাজে লাগিয়েছি। এরপর যেখান থেকে যেভাবে প্রয়োজন CalculationModule.vb-এ ডিফাইন করা ফাংশনগুলোর সঠিকটি কল করে ফলাফল বের করে প্রদর্শন করেছি। কিভাবে? এক্ষুণি বুঝে নেবেন। তবে প্রথমে পুরো ক্যালকুলেন কোড ব্লকটি তুলে ধরা প্রয়োজন।

#### Public Module CalculationModule

##### '===== Length Relation=====

```
Dim LengthRelation1() As Double = {1, 1.609344, 1609.344, 1609344, 1760, 5280, 63360}
Dim LengthRelation2() As Double = {1 / 1.6093, 1, 1000, 1000000, 1093.6133, 3280.8399, 39370.0788}
Dim LengthRelation3() As Double = {1 / 1609.3, 1 / 1000, 1, 1000, 1.0936133, 3.2808399, 39.3700788}
Dim LengthRelation4() As Double = {1 / 1609344, 1 / 1000000, 1 / 1000, 1, 1 / 914.4, 1 / 304.8, 1 / 25.4}
Dim LengthRelations5() As Double = {1 / 1760, 1 / 1093.6133, 1 / 1.0936, 914.4, 1, 3, 36}
Dim LengthRelation6() As Double = {1 / 5280, 1 / 3280.8399, 1 / 3.28084, 304.8, 3, 1, 12}
Dim LengthRelation7() As Double = {1 / 63360, 1 / 39370.0788, 1 / 39.37007884, 25.8, 1 / 36, 1 / 12, 1}
```

##### '===== Area Relation=====

```
Dim AreaRelation8() As Double = {1, 2.59, 18683428.11, 2589988110336, 3097600, 27878400, 4014505658.0066}
Dim AreaRelation9() As Double = {1 / 2.59, 1, 1000000, 1000000000000, 1195990.0463, 10763910.4167, 1550003100.0062}
Dim AreaRelation10() As Double = {1 / 18683428.11, 1000000, 1, 1000000, 1.19599, 10.7639104167, 1550.0031}
Dim AreaRelation11() As Double = {1 / 2589988110336, 1 / 1000000000000, 1 / 1000000, 1, 1 / 836127.36, 1 / 92903.04, 1 / 645.16}
Dim AreaRelation12() As Double = {1 / 3097600, 1 / 1195990.0863, 1 / 1.19599, 836127.36, 1, 9, 1296}
Dim AreaRelation13() As Double = {1 / 27878400, 1 / 10763910.4167, 1 / 10.7639104167, 92903.08, 1 / 9, 1, 144}
Dim AreaRelation14() As Double = {1 / 4014505658.0066, 1 / 1550003100.0062, 1 / 1550.0031, 645.16, 1 / 1296, 1 / 144, 1}
```

##### '===== Weight Relation=====

```
Dim WeightRelation15() As Double = {1, 1 / 0.933, 1000, (1000 / 11.66)}
Dim WeightRelation16() As Double = {0.9331, 1, 933.1, 80.017152659}
Dim WeightRelation17() As Double = {1 / 1000, 1 / 933.1, 1, 1 / 11.66}
Dim WeightRelation18() As Double = {1 / (1000 / 11.6), 1 / 80.017152659, 11.66, 1}
```

##### '===== Survey Relation=====

```
Dim SurveyRelation19() As Double = {1, 100, 43560.1782}
Dim SurveyRelation20() As Double = {1 / 100, 1, 435.601782}
Dim SurveyRelation21() As Double = {1 / 43560.1782, 1 / 435.601782, 1}
```

'These functions returns Lengh Catagory to all combination calculated value. 2 parameters comes from calling sub

```
Public Function CalculatedValueMileTo(EnteredNumber As Double, ComboBox3SelItemIndex As Integer) As Double
```

```
Dim ForCounter As Integer
```

```
For ForCounter = 0 To 6
```

```
If ForCounter = ComboBox3SelItemIndex Then
```

```
    Return LengthRelation1(ForCounter) * EnteredNumber
```

```
End If
```



## ১৪তম পরিচ্ছেদ: Complete Application Tutorials

### পূর্ণাঙ্গ এ্যাপ্লিকেশন প্রশিক্ষণ : Complete Application Tutorials

```

        End If
    Next
    Return 0
End Function
Public Function CalculatedValueKiloMetreTo(EnteredNumber As Double, ComBox3SelItemIndex As Integer) As Double
    Dim ForCounter As Integer
    For ForCounter = 0 To 6
        If ForCounter = ComBox3SelItemIndex Then
            Return LengthRelation2(ForCounter) * EnteredNumber
        End If
    Next
    Return 0
End Function
Public Function CalculatedValueMetreTo(EnteredNumber As Double, ComBox3SelItemIndex As Integer) As Double
    Dim ForCounter As Integer
    For ForCounter = 0 To 6
        If ForCounter = ComBox3SelItemIndex Then
            Return LengthRelation3(ForCounter) * EnteredNumber
        End If
    Next
    Return 0
End Function
Public Function CalculatedValueMilliMetreTo(EnteredNumber As Double, ComBox3SelItemIndex As Integer) As Double
    Dim ForCounter As Integer
    For ForCounter = 0 To 6
        If ForCounter = ComBox3SelItemIndex Then
            Return LengthRelation4(ForCounter) * EnteredNumber
        End If
    Next
    Return 0
End Function
Public Function CalculatedValueYardTo(EnteredNumber As Double, ComBox3SelItemIndex As Integer) As Double
    Dim ForCounter As Integer
    For ForCounter = 0 To 6
        If ForCounter = ComBox3SelItemIndex Then
            Return LengthRelation5(ForCounter) * EnteredNumber
        End If
    Next
    Return 0
End Function
Public Function CalculatedValueFtTo(EnteredNumber As Double, ComBox3SelItemIndex As Integer) As Double
    Dim ForCounter As Integer
    For ForCounter = 0 To 6
        If ForCounter = ComBox3SelItemIndex Then
            Return LengthRelation6(ForCounter) * EnteredNumber
        End If
    Next
    Return 0
End Function
Public Function CalculatedValueInchTo(EnteredNumber As Double, ComBox3SelItemIndex As Integer) As Double
    Dim ForCounter As Integer
    For ForCounter = 0 To 6
        If ForCounter = ComBox3SelItemIndex Then
            Return LengthRelation7(ForCounter) * EnteredNumber
        End If
    Next
    Return 0
End Function

```

'These functions returns Area Catagory to all combination calculated value. 3 parameters comes from calling sub

## ১৪তম পরিচ্ছেদ: Complete Application Tutorials

### পূর্ণ এ্যাপ্লিকেশন প্রশিক্ষণ : Complete Application Tutorials

```

Public Function CalculatedValueSqMileTo(EnteredNumber As Double, ComBox3SelItemIndex As Integer) As Double
    Dim ForCounter As Integer
    For ForCounter = 0 To 6
        If ForCounter = ComBox3SelItemIndex Then
            Return AreaRelation8(ForCounter) * EnteredNumber
        End If
    Next
    Return 0
End Function

Public Function CalculatedValueSqKilometreTo(EnteredNumber As Double, ComBox3SelItemIndex As Integer) As Double
    Dim ForCounter As Integer
    For ForCounter = 0 To 6
        If ForCounter = ComBox3SelItemIndex Then
            Return AreaRelation9(ForCounter) * EnteredNumber
        End If
    Next
    Return 0
End Function

Public Function CalculatedValueSqMetreTo(EnteredNumber As Double, ComBox3SelItemIndex As Integer) As Double
    Dim ForCounter As Integer
    For ForCounter = 0 To 6
        If ForCounter = ComBox3SelItemIndex Then
            Return AreaRelation10(ForCounter) * EnteredNumber
        End If
    Next
    Return 0
End Function

'This function returns Area, SqMillimetre to all combination calculated value. 3 parameters comes from calling sub
Public Function CalculatedValueSqMillimetreTo(EnteredNumber As Double, ComBox3SelItemIndex As Integer) As Double
    Dim ForCounter As Integer
    For ForCounter = 0 To 6
        If ForCounter = ComBox3SelItemIndex Then
            Return AreaRelation11(ForCounter) * EnteredNumber
        End If
    Next
    Return 0
End Function

Public Function CalculatedValueSqYardTo(EnteredNumber As Double, ComBox3SelItemIndex As Integer) As Double
    Dim ForCounter As Integer
    For ForCounter = 0 To 6
        If ForCounter = ComBox3SelItemIndex Then
            Return AreaRelation12(ForCounter) * EnteredNumber
        End If
    Next
    Return 0
End Function

'This function returns Area, SqFt to all combination calculated value. 3 parameters comes from calling sub
Public Function CalculatedValueSqFtTo(EnteredNumber As Double, ComBox3SelItemIndex As Integer) As Double
    Dim ForCounter As Integer
    For ForCounter = 0 To 6
        If ForCounter = ComBox3SelItemIndex Then
            Return AreaRelation13(ForCounter) * EnteredNumber
        End If
    Next
    Return 0
End Function

'This function returns Area, SqInch to all combination calculated value. 3 parameters comes from calling sub
Public Function CalculatedValueSqinchTo(EnteredNumber As Double, ComBox3SelItemIndex As Integer) As Double
    Dim ForCounter As Integer

```

## ১৪তম পরিচ্ছেদ: Complete Application Tutorials

### পূর্ণাঙ্গ এ্যাপ্লিকেশন প্রশিক্ষণ : Complete Application Tutorials

```
For ForCounter = 0 To 6
    If ForCounter = ComboBox3SelItemIndex Then
        Return AreaRelation14(ForCounter) * EnteredNumber
    End If
Next
Return 0
End Function
```

'This function returns Temperature, celcius to all combination calculated value. 2 parameters comes from calling sub

```
Public Function CalculatedValueCelciusTo(EnteredNumber As Double, ComboBox3SelItemIndex As Integer) As Double
    If ComboBox3SelItemIndex = 0 Then Return EnteredNumber * 1
    If ComboBox3SelItemIndex = 1 Then Return (EnteredNumber * 1.8) + 32
    If ComboBox3SelItemIndex = 2 Then Return EnteredNumber + 273.15
    Return 0
End Function
```

'This function returns Temperature, Fahrenheit to all combination calculated value. 3 parameters comes from calling sub

```
Public Function CalculatedValueFahrenheitTo(EnteredNumber As Double, ComboBox3SelItemIndex As Integer) As Double
    If ComboBox3SelItemIndex = 0 Then Return (EnteredNumber - 32) * (10 / 18)
    If ComboBox3SelItemIndex = 1 Then Return EnteredNumber * 1
    If ComboBox3SelItemIndex = 2 Then Return ((EnteredNumber - 32) * (5 / 9)) + 273.15
    Return 0
End Function
```

'This function returns Temperature, kelvin to all combination calculated value. 3 parameters comes from calling sub

```
Public Function CalculatedValueKelvinTo(EnteredNumber As Double, ComboBox3SelItemIndex As Integer) As Double
    If ComboBox3SelItemIndex = 0 Then Return (EnteredNumber - 273.15)
    If ComboBox3SelItemIndex = 1 Then Return (EnteredNumber * 9 / 5) - 459.67
    If ComboBox3SelItemIndex = 2 Then Return EnteredNumber * 1
    Return 0
End Function
```

'This function returns Weight, kg to all combination calculated value. 3 parameters comes from calling sub

```
Public Function CalculatedValueKgTo(EnteredNumber As Double, ComboBox3SelItemIndex As Integer) As Double
    Dim ForCounter As Integer
    For ForCounter = 0 To 3
        If ForCounter = ComboBox3SelItemIndex Then
            Return WeightRelation15(ForCounter) * EnteredNumber
        End If
    Next
    Return 0
End Function
```

'This function returns Weight, sher to all combination calculated value. 3 parameters comes from calling sub

```
Public Function CalculatedValueSherTo(EnteredNumber As Double, ComboBox3SelItemIndex As Integer) As Double
    Dim ForCounter As Integer
    For ForCounter = 0 To 3
        If ForCounter = ComboBox3SelItemIndex Then
            Return WeightRelation16(ForCounter) * EnteredNumber
        End If
    Next
    Return 0
End Function
```

'This function returns Weight, gram to all combination calculated value. 3 parameters comes from calling sub

```
Public Function CalculatedValueGramTo(EnteredNumber As Double, ComboBox3SelItemIndex As Integer) As Double
    Dim ForCounter As Integer
    For ForCounter = 0 To 3
        If ForCounter = ComboBox3SelItemIndex Then
            Return WeightRelation17(ForCounter) * EnteredNumber
        End If
    Next
    Return 0
End Function
```

## ১৪তম পরিচ্ছেদ: Complete Application Tutorials

### পূর্ণ এ্যাপ্লিকেশন প্রশিক্ষণ : Complete Application Tutorials

'This function returns Weight, vori to all combination calculated value. 3 parameters comes from calling sub

```
Public Function CalculatedValueVoriTo(EnteredNumber As Double, ComBox3SelItemIndex As Integer) As Double
    Dim ForCounter As Integer
    For ForCounter = 0 To 3
        If ForCounter = ComBox3SelItemIndex Then
            Return WeightRelation18(ForCounter) * EnteredNumber
        End If
    Next
    Return 0
End Function
```

'This function returns Survey, acre to all combination calculated value. 3 parameters comes from calling sub

```
Public Function CalculatedValueAcreTo(EnteredNumber As Double, ComBox3SelItemIndex As Integer) As Double
    Dim ForCounter As Integer
    For ForCounter = 0 To 2
        If ForCounter = ComBox3SelItemIndex Then
            Return SurveyRelation19(ForCounter) * EnteredNumber
        End If
    Next
    Return 0
End Function
```

'This function returns Survey, decimal to all combination calculated value. 3 parameters comes from calling sub

```
Public Function CalculatedValueDecimalTo(EnteredNumber As Double, ComBox3SelItemIndex As Integer) As Double
    Dim ForCounter As Integer
    For ForCounter = 0 To 2
        If ForCounter = ComBox3SelItemIndex Then
            Return SurveyRelation20(ForCounter) * EnteredNumber
        End If
    Next
    Return 0
End Function
```

'This function returns Survey, Sqft to all combination calculated value. 3 parameters comes from calling sub

```
Public Function CalculatedValueSurveySqFtTo(EnteredNumber As Double, ComBox3SelItemIndex As Integer) As Double
    Dim ForCounter As Integer
    For ForCounter = 0 To 2
        If ForCounter = ComBox3SelItemIndex Then
            Return SurveyRelation21(ForCounter) * EnteredNumber
        End If
    Next
    Return 0
End Function
```

End Module

এখানেই শেষ হলো Public Module CalculationModule -এর কোডগুলো। আমরা এবার কোডের ওপর বিস্তারিত ব্যাখ্যা তুলে ধরার প্রয়াস পাচ্ছি। এ ব্যাখ্যা শেষ হওয়ার সাথে একক পরিবর্তন প্রোগ্রাম সম্পর্কে তথ্য প্রদানের কাজটিরও ইতি ঘটবে। শিক্ষার্থীদের প্রতি পুনরায় আবদার জানাচ্ছি, পুরো প্রোগ্রাম সম্পর্কে যা কিছু আলোচনা হয়েছে এবং যেসব কোড তুলে ধরেছি তা ভালো করে বুঝার চেষ্টা করবেন। প্রোগ্রামের লজিক ও কোড সম্পর্কে যতো বেশি বুঝ আসবে, ততো বেশি লাভ হবে। এবার ব্যাখ্যার পালা।

প্রথমেই বলে রাখি, মডিউলের ভেতর মোট ২৪টি ছোট ফাংশন ডিফাইন করা হয়েছে। এর কারণ হলো, আমাদের প্রোগ্রাম মোট ২৪টি একক পরিবর্তনে সক্ষম। এগুলো হলো: ১. দূরত্ব ক্যাটাগরির ৭টি [ক. মাইল, খ. কিলোমিটার, গ. মিটার, ঘ. মিলিমিটার, ঙ. গজ, চ. ফুট ও ছ. ইঞ্চি]। ২. বর্গ ক্যাটাগরির ৭টি [ক. বর্গমাইল, খ. বর্গকিলোমিটার, গ. বর্গমিটার, ঘ. বর্গমিলিমিটার, ঙ. বর্গগজ, চ. বর্গফুট ও ছ. বর্গইঞ্চি]। ৩. তাপ ক্যাটাগরির ৩টি [ক. সেন্টিগ্রেড, খ. ফারেনহাইট ও গ. কেলভিন]। ৪. ওজন ক্যাটাগরির ৪টি [ক. কিলোগ্রাম, খ. সের, গ. গ্রাম ও ঘ. ভরি]। ৫. জমিরা মাপ ক্যাটাগরির ৩টি [ক. একর, খ. শতাংশ ও গ. বর্গফুট]।

## ১৪তম পরিচ্ছেদ: Complete Application Tutorials

### পূর্ণাঙ্গ এ্যাপলিকেশন প্রশিক্ষণ: Complete Application Tutorials

মডিউল ডিক্লারেশনের পর ও কোনো ফাংশন শুরুর আগেই আমরা বেশ কিছু গ্লোবাল ভেরিয়েবল ডিক্লায়ার করেছি। আমাদের ইচ্ছে এগুলো যে কোনো ফাংশনে ব্যবহার করা। লক্ষ করুন, সব ভেরিয়েবল হলো এ্যারে। এগুলোর টাইপও দশমিক সংখ্যা [Double]। চারটি ব্লকে এগুলো ডিক্লায়ার করেছি সহজে সনাক্তকরণের জন্য। যেমন: ব্লক ১. দূরত্ব সম্পর্কিত এ্যারে। ব্লক ২. বর্গ সম্পর্কিত এ্যারে। ব্লক ৩. ওজন সম্পর্কিত এ্যারে। ব্লক ৪. জমির মাপ সম্পর্কিত এ্যারে। লক্ষণীয়, তাপ সম্পর্কে কোনো এ্যারে ভেরিয়েবলের প্রয়োজন নেই। এর কারণ হলো, তাপমাত্রার পরিবর্তন হয় বিশেষ ফর্মুলা দ্বারা। কিন্তু বাকি সবই দু'টি সংখ্যার গুণফল।

গ্লোবাল এ্যারে ডিক্লারেশনের পর আমরা একে একে ২৪টি ফাংশন ডিফাইন করেছি। এ প্রসঙ্গে প্রথম ফাংশনটি কিভাবে কাজ করে তা বুঝিয়ে বলবো। এরপর তাপমাত্রা ক্যালকুলেশনের ফাংশন সম্পর্কে বলবো। কারণ এগুলো একটু ভিন্ন। আশাকরি শিক্ষার্থীদের জন্য এটুকু ব্যাখ্যাই যথেষ্ট হবে। প্রথমে একটি ফাংশন কোড আবার দেখে নিই:

'These functions returns Length Category to all combination calculated value. 2 parameters comes from calling sub  
Public Function CalculatedValueMileTo(EnteredNumber As Double, ComboBox3SelItemIndex As Integer) As Double

```
Dim ForCounter As Integer
For ForCounter = 0 To 6
    If ForCounter = ComboBox3SelItemIndex Then
        Return LengthRelation1(ForCounter) * EnteredNumber
    End If
Next
Return 0
End Function
```

ব্যাখ্যা: প্রথমে জেনে রাখা দরকার যে, উক্ত ফাংশনটি কল করা হয়েছে ফর্মের ক্লাসের ভেতর ডিফাইন করা আরেকটি সাবরুটিন থেকে। সেখানে এই কোডটি দ্বারা ডাকা হয়েছে: CalculatedValueMileTo(EnteredNumber, ComboBox3SelItemIndex)। লক্ষ করুন, কলিং কোডে ফাংশনের নাম ও প্যারামিটার একই। সুতরাং প্রোগ্রাম এই কোড ব্লক থেকে লাফ মেরে মডিউলের কোডে ডিফাইন করা একই নামের উক্ত ফাংশনে আসবে। অর্থাৎ উপরের ফাংশনটি এক্সেকিউট হবে। কিভাবে হবে? এক্সুণি জেনে নিবেন।

প্রথম লাইনে আমরা একটি ইন্টেজার ভেরিয়েবল ডিক্লায়ার করেছি For-Next লুপটি চলানোর জন্য। এরপর সে লুপের ভেতর যেয়ে প্রয়োজনে মোট ৭বার পর্যন্ত [০-৬] ঘূরে দ্বিতীয় প্যারামিটের তথা ComboBox3SelItemIndex-এ দেওয়া ইনডেক্স সংখ্যাটি খুঁজে বের করেছি। If ForCounter = ComboBox3SelItemIndex কোডটি দ্বারা এ সন্ধান চালিয়েছি। কারণ প্রতিবার লুপ চলাকালে ForCounter-এর মান [০ থেকে ৬ পর্যন্ত] এক এক করে বাঢ়বে। আর দ্বিতীয় প্যারামিটারের মান অবশ্যই ০ থেকে ৬ পর্যন্ত যে কোনো একটি সংখ্যা হবেই। উভয় সংখ্যা সমান হলেই আমরা বুঝতে পারলাম কোন হিসাবটি দরকার। সুতরাং Return LengthRelation1(ForCounter) \* EnteredNumber-দ্বারা সঠিক ফলাফল পাঠিয়ে দিচ্ছি কলিং সাবরুটিনে। এখানে লক্ষণীয়, হিসাব করতে দু'টি সংখ্যার প্রয়োজন। এর প্রথমটি আসবে গ্লোবাল ভেরিয়েবল দূরত্ব সম্পর্ক LengthRelation1-থেকে। ভেরিয়েবলের এ্যারেতে মোট ৭টি সংখ্যা আছে। সঠিকটি সনাক্ত করে আনার জন্য ইনডেক্স প্রয়োজন। এই ইনডেক্সই হলো দ্বিতীয় প্যারামিটারের সমান [লুপ থেকে প্রাপ্ত] ForCounter এর মানটি। দ্বিতীয় সংখ্যাটি আসবে প্রথম প্যারামিটার থেকে- যা কলিং সাবই নির্ধারণ করে দিয়েছে। অর্থাৎ যে সংখ্যাটি ব্যবহারকারী টেক্সট ফিল্ডে চুকিয়েছেন সেটাই হলো EnteredNumber-এর মান। যদি কোনো কারণে সব ফেল করে তাহলে ফাংশন ০ রিটার্ন করবে। বাস্তবে সঠিকভাবে সংখ্যা চুকালে ফাংশন থেকে সর্বদাই সঠিক হিসাব রিটার্ন হবে। আগেই বলেছি বাকি প্রায় সবগুলো ফাংশনই একইভাবে কাজ করে। সুতরাং ওগুলো সম্পর্কে আর ব্যাখ্যার প্রয়োজন নেই। শিক্ষার্থীরা কিন্তু সব কোড দেখে নিবেন ও কিভাবে কাজ করে বুঝার চেষ্টা করবেন। শেষের দিকে ডিফাইন করা তাপমাত্রার ফাংশন সম্পর্কে কিছু ব্যাখ্যার প্রয়োজন আছে। সুতরাং পরের পৃষ্ঠায় আমরা এ সম্পর্কে তথ্যাদি তুলে ধরার প্রয়াস পাচ্ছি।

## ১৪তম পরিচ্ছেদ: Complete Application Tutorials

### পূর্ণাঙ্গ এ্যাপ্লিকেশন প্রশিক্ষণ: Complete Application Tutorials

'This function returns Temperature, celcius to all combination calculated value. 2 parameters comes from calling sub Public Function CalculatedValueCelciusTo(EnteredNumber As Double, ComBox3SelItemIndex As Integer) As Double


```
If ComBox3SelItemIndex = 0 Then Return EnteredNumber * 1
If ComBox3SelItemIndex = 1 Then Return (EnteredNumber * 1.8) + 32
If ComBox3SelItemIndex = 2 Then Return EnteredNumber + 273.15
Return 0
End Function
```

উপরে তাপ ক্যাটাগরির প্রথম ফাংশন কোড আবার তুলে ধরেছি। ফাংশনের ভেতর ৪টি মাত্র লাইন আছে। প্রথম তিনটি দ্বারাই আমরা সঠিক হিসাব করে কলিং সাবে ফলাফল ফেরৎ পাঠিয়েছি। যেমন: লাইন ১: এতে টেস্ট করেছি দ্বিতীয় প্যারামিটার এর মান ০ কি না? যদি হয়ে থাকে তাহলে ১ এর সঙ্গে প্রথম প্যারামিটার পূরণ হবে। অনুরূপ লাইন ২: দ্বিতীয় প্যারামিটারের মান ১ থাকলে সংখ্যা নির্ণিত হবে দেখানো ফর্মুলা মুতাবিক। লাইন ৩: দ্বিতীয় প্যারামিটারের মান ২ হলে প্রথম প্যারামিটারের সাথে ২৭৩.১৫ যোগ হবে। লক্ষ্য করুন, তিনটির মধ্যে শুধুমাত্র একটি মান সত্য। সুতরাং ফাংশন থেকে সত্য মানের সংখ্যা রিটার্ন হবে প্রতিবারই। আর কোনো কারণে সমস্যা হলো শেষের লাইনটি এক্সেকিউট হবে।

এ হচ্ছে 'Bangla / English Unit Conversion Software - বাংলা / ইংরেজি একক পরিবর্তন সফ্টওয়্যার' - নামক আমাদের সৃষ্টি নতুন পিসি এ্যাপ্লিকেশনের কোডসহ পূর্ণাঙ্গ ব্যাখ্যা। কোডগুলো পেতে আমার নিকট ই-মেইল করুন এই ঠিকানায়: [engineerazizulbari@gmail.com](mailto:engineerazizulbari@gmail.com)। আপনার ই-মেইলে কোড পাঠিয়ে দেবো। ফলে সময় ও কষ্টের বিনিময়ে এতো কোড নিজে টাইপ করা থেকে বিরত থাকতে পারেন। এছাড়া থাকতে পারেন ভুল-ক্রটি থেকে নিরাপদ।

### টেস্ট ও বিস্তারণ

বহু কষ্ট, সময় ক্ষেপণ ও ধৈর্যের বিনিময়ে আমরা তৈরি করেছি 'Bangla / English Unit Conversion Software - বাংলা / ইংরেজি একক পরিবর্তন সফ্টওয়্যার' নামক এ প্রোগ্রামটি। কোডিংয়ের সময় আপনাকে বার বার রান করে দেখতে হবে সবকিছু সঠিকভাবে কাজ করছে কি না। তবে যেহেতু এখন পুরো প্রোগ্রামের কাজ শেষ হয়ে গেছে তাই ফাইন্যাল টেস্ট করা জরুরী। আমরা চাই সকলেই এই প্রোগ্রাম থেকে উপকৃত হবে। সুতরাং ইন্টারনেট বা অন্য কোনো উপায়ে প্রোগ্রামটি প্রাবলিশ বা প্রকাশ করতে হবে। এ কাজের নামই বিস্তারণ। প্রথমে নিচের ছবিটি দেখুন।



উপরের চিত্রে আমরা মাইল থেকে কিলোমিটার একক পরিবর্তন করেছি। ৮৮ মাইলে হয় ৭৭.৬০৯৩ কি.মি। আমরা সব ফাংশন পরীক্ষা করে দেখেছি। প্রোগ্রাম সঠিক ফলাফল দিয়েছে। কোনো সমস্যা পরিলক্ষিত হয় নি। সুতরাং আমরা সফল! এবার এটি কিভাবে বিস্তারণ করবো তা জেনে নিই। কেমন?




# ভিজুয়্যাল বেসিক.নেট প্রোগ্রামিং

নতুন শিক্ষার্থীদের জন্য গুরুত্বপূর্ণ প্রশিক্ষণ রিসোর্স

দ্বিতীয় খণ্ড

Part Two



## Copyright NOTICE:

All rights reserved. This electronic book or any portion thereof may not be reproduced or used in any manner whatsoever without the express written permission of the author except for the use of brief quotations in a book review. This electronic book may only be used for private reading, it is forbidden to print and distribute all or any part of it and distribute for commercial purposes.

বিশেষ ইন্টারনেট সংস্করণ  
Special Internet Edition

ইঞ্জিনিয়ার আজিজুল বারী  
engineerazizulbari@gmail.com

খানকায়ে আমীনিয়া-আসগরিয়া গবেষণা বিভাগ  
Ali Centre, Subidbazar, Sylhet, BD

## ১৪তম পরিচ্ছেদ: Complete Application Tutorials

### পূর্ণাঙ্গ এ্যাপ্লিকেশন প্রশিক্ষণ: Complete Application Tutorials


বিস্তারণ বা প্রকাশ করতে নিচের পদক্ষেপগুলো ধারাবাহিকভাবে অনুসরণ করুন:

১. বিস্তারণ [Build] মেনুতে যেয়ে চয়েজ করুন ‘পাবলিশ ইউনিট্স কনভার্শন বাংলা’। নিচের উইজার্ড জানালাটি আসবে।


২. ব্রাউজ বোতামে ক্লিক করে কোথায় এটি পাবলিশ করবেন জানিয়ে দিন। নিচে কিছু উদাহরণ দেওয়া আছে। সুতরাং আমার উইজার্ড দেখাবে এই প্রয়োজন:

C:\Users\htci\Desktop\Bangla Units Conversion



৩. এবার নেক্স্ট বোতামে ক্লিক করুন। উইজার্ড এবার নিচের জানালাটি প্রতর্ণ করবে। সর্বশেষ রেডিও বোতাম চয়েজ করা থাকবে। সম্ভবত আপনি এ চয়েজই করবেন।



আপডেইট করবে না। এবার পুনরায় নেক্স্ট বোতামে ক্লিক করুন। নিচের ডায়লগটি আসবে। আপনার এ্যাপ্লিকেশন



এরপর নেক্স্ট বোতামে টিপ দিন। নিচের জানালা আসবে। এ্যাপ্লিকেশন আপডেইট কোথায় করবে? এ প্রশ্নের জবাবে আপনি চয়েজ করবেন নিচের রেডিও বোতাম। অর্থাৎ



পাবলিশের জন্য প্রস্তুত হয়ে গেছে! জানালায় কিছু তথ্য থাকবে: The application will be published to:  
file:///C:/Users/htci/Desktop/Bangla%20Units%20Conversion/

When this application is installed on the client machine, a shortcut will be added to the Start

Menu, and the application can be uninstalled via Add/Remove Programs। দেখতেই পাচ্ছেন- এতে আছে ফাইল প্যাথ। আরো আছে ইনস্টল করার পর স্টার্ট মেনুতে যে শর্টকাট আইকন থাকবে সে তথ্য।


৪. এবার ফিনিশ [Finish] বোতামে টিপ দিন। আপনার এ্যাপ্লিকেশন পাবলিশ হয়ে যাবে। ব্যস। বন্ধুদেরকে এটি দেখিয়ে বাহাদুরী দেখাবার পালা এখন!

১৪তম পরিচ্ছেদ: *Complete Application Tutorials*পূর্ণাঙ্গ এ্যাপ্লিকেশন প্রশিক্ষণ: *Complete Application Tutorials*

## Application 4 : Bangla / English Word Processor - বাংলা / ইংরেজি ওয়ার্ড প্রসেসর।

হ্যাঁ, ডিজুয়্যাল বেসিক.কম দ্বারা ওয়ার্ড প্রসেসর তৈরি করা যায়- আর তা আসলে খুব কঠিন কিছু নয়! অসংখ্য ওয়ার্ড প্রসেসর থাকাসত্ত্বেও আরেকটি কেনো? জবাবে বলা যায়, কেনো নয়? আমরা তো শিখবো- ঠিক না? তাছাড়া বাংলার ওপর গুরুত্ব দিয়ে এটি আমরা তৈরি করতে চাই। সুতরাং আসুন, গড়ে তুলি আমাদের চতুর্থ এ প্রোগ্রামটি- বাংলা-ইংরেজি ওয়ার্ড প্রসেসর।

১. ইউআই জিডাইন: প্রথমেই আমরা ডিজাইন করবো একটি আকর্ষণীয় ইউজার ইন্টারফেস। নিচের চিত্রে একটি স্যাম্পুল দেখিয়েছি। শিক্ষার্থীরা চাইলে অন্যভাবেও ডিজাইন করতে পারেন। বরং চেষ্টা করবেন, নিজের মনের মতো ডিজাইন করতে। তবে মনে রাখবেন, নিম্নে তালিকাভুক্ত বস্তুগুলো ফর্মে থাকতে হবে।



## (ক) একটি উইডোজ ফর্ম:

(১) টেক্সট : “বাংলা টেক্সট এডিটর” [আমি নিজের নামটিও লিখেছি। আপনি আপনার নাম লিখতে পারেন]। (২) অটোস্কেলমোড [AutoSizeMode] = “Font”। (৩) পেছনের রং = Maroon। (৪) ফন্ট = “Times New Roman, 14pt”। (৫) সম্ব হলো একটি ‘প্রোগ্রাম’ আইকোন। [আমি একটি ও বাকী সব আইকোন নিজে ডিজাইন করে দিয়েছি। সব আইকোন ছবি প্রজেক্টে এ্যামবেড [যুক্ত] করেছি। কিভাবে করা যায়- তা একটু পরই লিখে দেবো। (৬) ফর্মের সাইজ = ৮৭৬, ৬০৮। ব্যস! বাকি সব প্রোপ্রোটি যেভাবে আছে সেভাবেই থাকবে।

## ১৪তম পরিচ্ছেদ: Complete Application Tutorials

### পূর্ণাঙ্গ এ্যাপ্লিকেশন প্রশিক্ষণ: Complete Application Tutorials

(খ) ২০টি ছেট সাইজের বোতাম [বাম থেকে]: (১) OpenFileBt, (২) SaveFileBt, (৩) UndoBt, (৪) RedoBt, (৫) BoldBt, (৬) ItalicBt, (৭) FontBT, (৮) SizeUpBt, (৯) SizeDnBt, (১০) FontColBt, (১১) HighLiteColBt (১২) BckColBt, (১৩) AlinLBt, (১৪) AlinCBt, (১৫) AlinRBt, (১৬) CopyBt, (১৭) PstBt, (১৮) CutBt, (১৯) OpenTxtBt, (২০) SaveTxtBt। এগুলো সবই বোতামের নাম (name) প্রোপার্টি হবে। কোডে আমরা এসব নাম দ্বারাই বোতামগুলোকে সম্মুখে করবো। আপনি চাইলে আইকোন যুক্ত করতে পারেন। তবে সংক্ষেপে বাংলা বা ইংরেজি Text প্রেপার্টি লিখতে পারেন। আইকোন দিলে বোতামের BackColour হবে ট্রাইস্প্যারেন্ট। এর পরের প্রেপার্টি তথা BackgroundImage প্রোপার্টিতে আইকোনের ছবি দেবেন। আর প্রতিটি বোতামের ফন্ট হবে Times New Roman, 14pt।

(গ) একটি RichTextBox1 কন্ট্রোল। টুলবাক্স চয়েজ করে অলউইভেজ ফর্মস ট্যাবে ক্লিক করলেই নিচে দেখতে পাবেন এই কন্ট্রোলটি। এই কন্ট্রোলের বৈশিষ্ট্য হলো: একই সময় বিভিন্ন ফন্ট, সাইজ, রঙ ইত্যাদি ফরমাটে লেখা যায়। সুতরাং আমরা এতে বাংলা ও ইংরেজি লিখতে পারবো অন্যান্যে।

(ঙ) একটি লুকানো টেক্স বাক্স: (১) এর ফন্ট প্রোপার্টি হবে TonnyBanglaMJ, 14pt [বা বিজয়ের অন্য কোনো ফন্ট হলেও চলবে]। (২) এর অ্যালিটলাইন প্রোপার্টি হবে True। (৩) স্ক্রলবারস প্রোপার্টি হবে Vertical।

ব্যস! আর কিছু নেই। একবার প্রোগ্রাম রান করে দেখে নিন। আপনি চাইলে টেক্সট বাক্সে বাংলা বা ইংরেজিতে লিখতেও পারবেন। তবে আমরা তো চাই আরো কিছু ফাংশন্যালিটি! তাই আসুন প্রতিটি বোতামের কোড কি হবে দেখে নিই। প্রথমে পুরো কোডই একসাথে তুলে ধরছি। এরপর বিভিন্ন সাবরুটিনের ব্যাখ্যা একে একে তুলে ধরবো।

#### প্রোগ্রামের কোড:

##### Public Class Form1

'কেডিঃ ইঞ্জিনিয়ার আজিজুল বারী: engineerazizulbari@gmail.com

Dim RichTextBoxSize As Integer = 838 'এই ইন্টেজার গ্রেডেল দ্বারা টেক্সট বাক্সের সাইজ নিয়ন্ত্রণ করা হবে।

'ফর্ম লোড ইভেন্ট সাবের কোড।

Private Sub Form1\_Load(sender As Object, e As EventArgs) Handles MyBase.Load

'টেক্সট বাক্সের সাইজ সেট করা।

RichTextBox1.Size = New Point(RichTextBoxSize, RichTextBox1.Height)

'ফর্মের মাঝখানে টেক্সট বাক্স নিয়ে আসা।

RichTextBox1.Location = New Point((Me.Size.Width - RichTextBoxSize) / 2, RichTextBox1.Location.Y)

'কন্টেন্ট মেনু দেখানোর জন্য নিচে ডিফাইন করা সাবটি কল করা। টেক্সট বাক্সের ভেতর রাইট-ক্লিক করলে এই মেনু আসবে।

InitializeMyContextMenu() 'নিচের সাবরুটিন কল।

End Sub

'এই সাবই কনটেন্ট মেনু প্রদর্শন করবে যখনই ব্যবহারকারী রাইট-ক্লিক করবেন টেক্সট বাক্সের ভেতর।

Private Sub InitializeMyContextMenu()

'কনটেন্ট মেনু ও মেনু আইটেম সৃষ্টি করা।

Dim contextMenu1 As New ContextMenu() 'প্রথমে একটি নতুন কনটেন্ট মেনু ডিফাইন করতে হবে।

Dim menuItem1 As New MenuItem("&কাটন") 'এবার আরেকটি নতুন মেনু আইটেম ডিফাইন করে তাতে লেখা দিতে হবে।

AddHandler menuItem1.Click, AddressOf CutBt\_Click 'কোন বোমাত তা হ্যান্ডল করবে, জানাতে হবে।

Dim menuItem2 As New MenuItem("&কপি")

AddHandler menuItem2.Click, AddressOf CopyBt\_Click

Dim menuItem3 As New MenuItem("&পেস্ট")

AddHandler menuItem3.Click, AddressOf PstBt\_Click

'মেনু আইটেমস প্রোপার্টি ব্যবহার করে এড মেথড ডাকতে হবে।

'ফলে মেনু আইটেমগুলো মূল মেনু আইটেম কালেকশনে সংযুক্ত হবে।

contextMenu1.MenuItems.Add(menuItem1)

contextMenu1.MenuItems.Add(menuItem2)

contextMenu1.MenuItems.Add(menuItem3)

'mainMenu1-কে রিচটেক্স্টবাক্সের সঙ্গে এসাইন করতে হবে।

## ১৪তম পরিচ্ছেদ: Complete Application Tutorials

### পূর্ণাঙ্গ এ্যাপ্লিকেশন প্রশিক্ষণ : Complete Application Tutorials

```

RichTextBox1.ContextMenu = contextMenu1
End Sub
'ফর্মের রিসাইজ হিতে সাবের কোড। ফর্মের সাইজ পরিবর্তন হলে রিচ টেক্সট বারের সাইজ ও পরিবর্তন হতে হবে।
Private Sub Create_Resize(ByVal sender As System.Object, ByVal e As System.EventArgs) Handles MyBase.Resize
If Me.Size.Width > RichTextBoxSize + 50 Then 'যদি ফর্মের প্রস্থ সাইজ হয় বারের সাইজ + ৫০ পয়েন্ট থেকে বেশি-
    RichTextBox1.Width = Me.Size.Width - 100 'তাহলে বারের প্রস্থ সাইজ হবে একশ পয়েন্ট কম।
    RichTextBox1.Anchor = AnchorStyles.None 'কন্টেইনারের ভেতর কোনো বিশেষ স্টাইলে টেক্সট বার থাকবে না।
    RichTextBox1.Anchor = AnchorStyles.Top Or AnchorStyles.Bottom 'গুরু উপর ও নিচের পার্শ্বের নিকটে থাকবে।
    'নিচের লাইনটির কাজ হলো ফর্মের সেন্টারে টেক্সট বার থাকার নিশ্চয়তা দেওয়া- সর্বদা।
    RichTextBox1.Location = New Point((Me.Size.Width - (Me.Size.Width - 100)) / 2, RichTextBox1.Location.Y)
End If
'নিচের কোড দ্বারা ফর্মের ভেতর টেক্সট বারের অবস্থান, প্রস্থ ও আনকর নিয়ন্ত্রণ করা হয়েছে।
If Me.Size.Width <= RichTextBoxSize + 50 Then
    If RichTextBox1.Location.X < 10 Then
        RichTextBox1.Location = New Point(5, RichTextBox1.Location.Y)
    End If
    If RichTextBox1.Width + 25 > Me.Size.Width Then
        RichTextBox1.Size = New Point(Me.Size.Width - 10 - RichTextBox1.Location.X, RichTextBox1.Size.Height)
    End If
    RichTextBox1.Anchor = AnchorStyles.None
    RichTextBox1.Anchor = AnchorStyles.Top Or AnchorStyles.Bottom Or AnchorStyles.Left Or AnchorStyles.Right
End If
End Sub
'এটা আনডু বোতামের কোড।
Private Sub UndoBt_Click(sender As Object, e As EventArgs) Handles UndoBt.Click
    RichTextBox1.Undo() 'যা এই মাত্র করা হয়েছে তা আনডু করবে।
    RichTextBox1.Focus()
End Sub
'এটা রিডু বোতামের কোড।
Private Sub RedoBt_Click(sender As Object, e As EventArgs) Handles RedoBt.Click
    RichTextBox1.Redo() 'যা এই মাত্র আনডু হয়েছে তা রিডু করবে।
    RichTextBox1.Focus()
End Sub
'এটা বল্ড তৈরির কোড।
Private Sub BoldBt_Click(sender As Object, e As EventArgs) Handles BoldBt.Click
    If RichTextBox1.SelectionFont.Bold = True Then 'যদি বল্ড থেকে তাকে তাহলে নরম্যাল বানাতে হবে।
        If RichTextBox1.SelectionFont.Italic = True Then 'ইটালিক থাকলে সেটা সহ বল্ড করতে হবে- যা নিচের কোড লাইনের কাজ।
            RichTextBox1.SelectionFont = New Font(Me.RichTextBox1.SelectionFont, FontStyle.Regular +
FontStyle.Italic)
        Else 'অন্যথায় ইটালিক ছাড়াই একই কাজ করতে হবে।
            RichTextBox1.SelectionFont = New Font(Me.RichTextBox1.SelectionFont, FontStyle.Regular)
        End If
    ElseIf RichTextBox1.SelectionFont.Bold = False Then 'যদি বল্ড না থাকে তাহলে বল্ড করতে হবে।
        If RichTextBox1.SelectionFont.Italic = True Then 'ইটালিক থাকলে সেটা সহ বল্ড করতে হবে- যা নিচের কোড লাইনের কাজ।
            RichTextBox1.SelectionFont = New Font(Me.RichTextBox1.SelectionFont, FontStyle.Bold + FontStyle.Italic)
        Else 'অন্যথায় ইটালিক ছাড়াই একই কাজ করতে হবে।
            RichTextBox1.SelectionFont = New Font(Me.RichTextBox1.SelectionFont, FontStyle.Bold)
        End If
    End If
    RichTextBox1.Focus() 'ফেকাস হবে টেক্সট বারে।
End Sub
'এটা হলো ইটালিক বোতামের কোড।
Private Sub ItalicBt_Click(sender As Object, e As EventArgs) Handles ItalicBt.Click
    If RichTextBox1.SelectionFont.Italic = True Then 'ইটালিক থাকলে নরম্যাল হবে।
        If RichTextBox1.SelectionFont.Bold = True Then 'বল্ড আছে কি? থাকলে নিচের লাইন নিশ্চিত করবে বল্ডসহ নরম্যাল করা।

```

## ১৪তম পরিচ্ছেদ: Complete Application Tutorials

### পূর্ণাঙ্গ এ্যাপ্লিকেশন প্রশিক্ষণ : Complete Application Tutorials

```

RichTextBox1.SelectionFont = New Font(Me.RichTextBox1.SelectionFont, FontStyle.Regular + 
FontStyle.Bold)
Else 'অন্যথায় এমনিতেই নরম্যাল হবে। নিচের লাইন এর নিচয়তা দেবে।
    RichTextBox1.SelectionFont = New Font(Me.RichTextBox1.SelectionFont, FontStyle.Regular)
End If
ElseIf RichTextBox1.SelectionFont.Italic = False Then 'ইটালিক না থাকলে ইলাইক হবে।
    If RichTextBox1.SelectionFont.Bold = True Then 'ক্ল আছে কি? থাকলে নিচের লাইন নিশ্চিত করার বক্সহ ইটালিক করা।
        RichTextBox1.SelectionFont = New Font(Me.RichTextBox1.SelectionFont, FontStyle.Italic + FontStyle.Bold)
    Else 'অন্যথায় এমনিতেই ইটালিক হবে। নিচের লাইন এর নিচয়তা দেবে।
        RichTextBox1.SelectionFont = New Font(Me.RichTextBox1.SelectionFont, FontStyle.Italic)
    End If
End If
RichTextBox1.Focus() 'ফোকাস হবে টেক্স্ট বাস্তে।
End Sub
'ফট পরিবর্তন বোতামের কোড।
Private Sub FontBt_Click(sender As Object, e As EventArgs) Handles FontBt.Click
    Dim fontDialog As New FontDialog 'প্রথম একটি নতুন ফন্ট ডায়লগ ডিফাইন করা চাই।
    fontDialog.Font = RichTextBox1.SelectionFont 'এখন সিলেক্ট করা ফন্ট কি জানতে হবে।
    fontDialog.ShowDialog() 'ফন্ট ডায়লগ প্রদর্শন।
    RichTextBox1.SelectionFont = fontDialog.Font 'সিলেক্ট করা ফন্ট পরিবর্তন।
    RichTextBox1.Focus() 'ফোকাস টেক্স্ট বাস্তে নিয়ে আসা।
End Sub
'ফট সাইজ বড়ো করার বোতামের কোড। এটা ঠিক নিচের সাবের কোডই- পার্থক্য হলে ৫ পয়েন্ট করে সাইজ বাড়বে।
Private Sub SizeUpBt_Click(sender As Object, e As EventArgs) Handles SizeUpBt.Click
    Try
        RichTextBox1.SelectionFont = New Font(RichTextBox1.SelectionFont.FontFamily, Int
(RichTextBox1.SelectionFont.SizeInPoints + 5))
    Catch ex As Exception
    End Try
    RichTextBox1.Focus()
End Sub
'ফট সাইজ ছোট করার বোতামের কোড।
Private Sub SizeDnBut_Click(sender As Object, e As EventArgs) Handles SizeDnBut.Click
    Try 'নিচের দীর্ঘ লাইনটি সিলেক্ট করা ফটের সাইজ কমাবে। লক করুন ৫ পয়েন্ট করে ফন্টের সাইজ কমবে প্রত্যেকবার ক্লিক করলেই।
        RichTextBox1.SelectionFont = New Font(RichTextBox1.SelectionFont.FontFamily, Int
(RichTextBox1.SelectionFont.SizeInPoints - 5))
    Catch ex As Exception
    End Try
    RichTextBox1.Focus()
End Sub
'ফন্ট রং পরিবর্তন বোতামের কোড। এ কোড নিচের সাবের কোডের অনুরূপ।
Private Sub FontColBt_Click(sender As Object, e As EventArgs) Handles FontColBt.Click
    Dim colorDialog As New ColorDialog
    colorDialog.Color = RichTextBox1.SelectionColor
    colorDialog.ShowDialog()
    RichTextBox1.SelectionColor = colorDialog.Color
    RichTextBox1.Focus()
End Sub
'হাইলাইট রং পরিবর্তন বোতামের কোড।
Private Sub HighLiteColBt_Click(sender As Object, e As EventArgs) Handles HighLiteColBt.Click
    Dim colorDialog As New ColorDialog 'ডিফাইন নতুন একটি কালার ডায়লগ।
    'কোন রং আছে তা ডায়লগে দেওয়া।
    colorDialog.Color = RichTextBox1.SelectionBackColor
    colorDialog.ShowDialog() 'ডায়লগ প্রদর্শন।

```

১৪তম পরিচ্ছেদ: *Complete Application Tutorials*পূর্ণাঙ্গ এ্যাপলিকেশন প্রশিক্ষণ : *Complete Application Tutorials*

'চয়েজকরা রং হবে টেক্স্ট বাক্সের হাইলাইট রং। নিচের কোডের কাজ এটি।

RichTextBox1.SelectionBackColor = colorDialog.Color

RichTextBox1.Focus() 'টেক্স্ট বাক্সকে ফোকাসে দাও।

End Sub

'পেছনের রং পরিবর্তন বোতামের কোড।

```
Private Sub BckColBt_Click(sender As Object, e As EventArgs) Handles BckColBt.Click
    Dim colorDialog As New ColorDialog 'ডিফাইন নতুন একটি কালার ডায়লগ।
    colorDialog.Color = RichTextBox1.BackColor 'কোন্ঠ রং আছে তা ডায়লগে দেওয়া।
    colorDialog.ShowDialog() 'ডায়লগ প্রদর্শন
    RichTextBox1.BackColor = colorDialog.Color 'চয়েজকরা রং হবে টেক্স্ট বাক্সের পেছনের রং।
    RichTextBox1.Focus() 'টেক্স্ট বাক্সকে ফোকাসে দাও।
```

End Sub

'বামদিকে এলাইনের বোতামের কোড।

```
Private Sub AlinLBt_Click(sender As Object, e As EventArgs) Handles AlinLBt.Click
    RichTextBox1.SelectionAlignment = HorizontalAlignment.Left
End Sub
```

'মাঝখানে এলাইনের বোতামের কোড।

```
Private Sub AlinCBt_Click(sender As Object, e As EventArgs) Handles AlinCBt.Click
    RichTextBox1.SelectionAlignment = HorizontalAlignment.Center
End Sub
```

'ডানদিকে এলাইনের বোতামের কোড।

```
Private Sub AlinRBt_Click(sender As Object, e As EventArgs) Handles AlinRBt.Click
    RichTextBox1.SelectionAlignment = HorizontalAlignment.Right
End Sub
```

'কপি বোতামের কোড। লক্ষ করুন, নিচের কাট বোতামের কোড ও এই বোতামের কোড একই-  
'তবে একটি লাইন এখানে নেই- মুছে দেওয়ার লাইনটি এখানে প্রযোজ্য নয়।

```
Private Sub CopyBt_Click(sender As Object, e As EventArgs) Handles CopyBt.Click
    My.Computer.Clipboard.Clear()
    Try
        Clipboard.SetText(RichTextBox1.SelectedText)
    Catch ex As Exception
    End Try
End Sub
```

'কাট বোতামের কোড।

```
Private Sub CutBt_Click(sender As Object, e As EventArgs) Handles CutBt.Click
    My.Computer.Clipboard.Clear() 'আগে ক্লিপবোর্ড পরিষ্কার করতে হবে।
    Try 'যাতে সমস্যা হলে প্রোগ্রাম ক্রাশ করে না- তাই এই ছেট্ট কথাটি।
        'প্রথমে ক্লিপবোর্ডে সিলেক্ট করা লেখা নিয়ে যেতে হবে- নিচের লাইন এ কাজই করে।
        Clipboard.SetText(RichTextBox1.SelectedText)
        RichTextBox1.SelectedText = "" 'এবার টেক্স্ট বাক্স থেকে মুছে দিতে হবে লেখাটুকু।
    Catch ex As Exception 'যদি ভুল হয়! ধরো!
    End Try
End Sub
```

'পেস্ট বোতামের কোড।

```
Private Sub PstBt_Click(sender As Object, e As EventArgs) Handles PstBt.Click
    If My.Computer.Clipboard.ContainsText Then 'প্রথমে দেখতে হবে ক্লিপবোর্ডে লেখা আছে।
        RichTextBox1.Paste() 'থাকলে ইনসারশন পয়েন্টে পেস্ট করার কোড।
    End If
End Sub
```

'ফাইল খোলার কোড।

```
Private Sub OpenFileDialogBt_Click(sender As Object, e As EventArgs) Handles OpenFileDialogBt.Click
    'প্রথমে খোলার ডায়লগ খুলতে হবে।
    Dim openFileDialog1 As New OpenFileDialog()
    'ফাইল আর.এফটি, টাইপ কোথায় আছে দেখতে হবে।
    openFileDialog1.DefaultExt = "*.rtf"
```

১৪তম পরিচ্ছেদ: *Complete Application Tutorials*পূর্ণাঙ্গ এ্যাপলিকেশন প্রশিক্ষণ : *Complete Application Tutorials*

```

openFile1.Filter = "RTF Files|*.rtf"
'ফাইল খোলার ডায়লগ দ্বারা কি কোনো ফাইল খোলার নির্দেশ এসেছে?
If (openFile1.ShowDialog() = System.Windows.Forms.DialogResult.OK) _
    And (openFile1.FileName.Length > 0) Then 'ফাইল নামটি এখন জানা।
        'এখন ফাইলের সবকিছু আমাদের টেক্সট বাক্সে নিয়ে আসতে হবে। এজন্য নিচের কোড লাইনটি।
        RichTextBox1.LoadFile(openFile1.FileName, RichTextBoxStreamType.RichText)
        Me.Text = openFile1.FileName 'এই কোডটুকু দ্বারা প্রদর্শিত ফাইলের প্যাথনেইম ফর্মের উপরে আইকনের পাশে আসবে।
End If
End Sub
'ফাইল সেইভ করার কোড।
Private Sub SaveFileBt_Click(sender As Object, e As EventArgs) Handles SaveFileBt.Click
    'প্রথমে সেইভ ডায়লগ খুলতে হবে।
    Dim saveFile1 As New SaveFileDialog()
    'ফাইল আর.এফটি, টাইপ হওয়ার জন্য নির্দেশ থাকতে হবে।
    saveFile1.DefaultExt = ".rtf"
    saveFile1.Filter = "RTF Files|*.rtf"
    'নিচের কোড নিশ্চিত করছে আপনি ফাইল সেইভ ডায়লগে সেইভ করার ইচ্ছা করেছেন। না করলে কিছুই হবে না।
    If (saveFile1.ShowDialog() = System.Windows.Forms.DialogResult.OK) _
        And (saveFile1.FileName.Length > 0) Then 'আপনি ফাইলেন নামও দিয়েছেন বলে নিশ্চিত হওয়া।
            'এবার ফাইল সংরক্ষণ হবে নিচের কোড লাইনটির মাধ্যমে।
            RichTextBox1.SaveFile(saveFile1.FileName, RichTextBoxStreamType.RichText)
        End If
    End Sub
'প্রোগ্রাম বন্ধ হওয়ার সময় কিছু লেখা থাকলে এই সার সক্রিয় হয়ে প্রশ্ন করবে সেইভ করবেন কি না?
Private Sub Form1_Closing(sender As Object, e As System.ComponentModel.CancelEventArgs) Handles MyBase.Closing
    If RichTextBox1.Text <> "" Then 'বাক্সে লিখা আছে- তা নিশ্চিত করা চাই।
        'নিচের লাইন দ্বারা আপনাকে প্রশ্ন করা ও ফলাফল ভেরিয়েবলে সংরক্ষণ করা হবে।
        Dim Response As String = MsgBox("লেখা সংরক্ষণ করবেন?", vbYesNo)
        If Response = vbYes Then 'যদি ফাইল রক্ষা করতে চান।
            SaveFileBt.PerformClick() 'তাহলে এ সেইভ বোতামে ক্লিক করা হবে স্বয়ংক্রিয়ভাবে।
        End If
    End If
End Sub
'এই ১৮টি সাবরুটিন হলো আঠারোটি বোতামের মাউস-প্রবেশ সিস্টেম ইভেন্ট সাব।
'আপনি যখন মাউস বোতামের ভেতর নিরেন তখনই বাংলায় কিছু নির্দেশনা দেখবেন।
Private Sub AlinCBt_MouseEnter(sender As Object, e As EventArgs) Handles AlinCBt.MouseEnter
    Dim s As String = "সেন্টার এলাইন" 'প্রথমে একটি স্ট্রিং ভেরিয়েবলে যা লেখা হবে তা সংরক্ষণ করেছি।
    'নিচের লাইনটি হলো টুলটিপ নামক সিস্টেম ফাংশন ব্যবহারের লাইন। এর পরেরটি দ্বারা প্রদর্শন হবে।
    Dim tooltip1 As System.Windows.Forms.ToolTip = New System.Windows.Forms.ToolTip()
    tooltip1.SetToolTip(AlinCBt, s)
End Sub
Private Sub AlinLBt_MouseEnter(sender As Object, e As EventArgs) Handles AlinLBt.MouseEnter
    Dim s As String = "লেফট এলাইন"
    Dim tooltip1 As System.Windows.Forms.ToolTip = New System.Windows.Forms.ToolTip()
    tooltip1.SetToolTip(AlinLBt, s)
End Sub
Private Sub AInRBt_MouseEnter(sender As Object, e As EventArgs) Handles AInRBt.MouseEnter
    Dim s As String = "রাইট এলাইন"
    Dim tooltip1 As System.Windows.Forms.ToolTip = New System.Windows.Forms.ToolTip()
    tooltip1.SetToolTip(AInRBt, s)
End Sub
Private Sub BckColBt_MouseEnter(sender As Object, e As EventArgs) Handles BckColBt.MouseEnter
    Dim s As String = "পেছনের রং"
    Dim tooltip1 As System.Windows.Forms.ToolTip = New System.Windows.Forms.ToolTip()
    tooltip1.SetToolTip(BckColBt, s)
End Sub

```

১৪তম পরিচ্ছেদ: *Complete Application Tutorials*পূর্ণাঙ্গ এ্যাপলিকেশন প্রশিক্ষণ : *Complete Application Tutorials*

```

tooltip1.SetToolTip(BckColBt, s)
End Sub
Private Sub BoldBt_MouseEnter(sender As Object, e As EventArgs) Handles BoldBt.MouseEnter
    Dim s As String = "বল্ড লেখা"
    Dim tooltip1 As System.Windows.Forms.ToolTip = New System.Windows.Forms.ToolTip()
    tooltip1.SetToolTip(BoldBt, s)
End Sub
Private Sub Button1_MouseEnter(sender As Object, e As EventArgs) Handles OpenFileBt.MouseEnter
    Dim s As String = "ফাইল খুলুন"
    Dim tooltip1 As System.Windows.Forms.ToolTip = New System.Windows.Forms.ToolTip()
    tooltip1.SetToolTip(OpenFileBt, s)
End Sub
Private Sub Button2_MouseEnter(sender As Object, e As EventArgs) Handles SaveFileBt.MouseEnter
    Dim s As String = "সংরক্ষণ করুন"
    Dim tooltip1 As System.Windows.Forms.ToolTip = New System.Windows.Forms.ToolTip()
    tooltip1.SetToolTip(SaveFileBt, s)
End Sub
Private Sub CopyBt_MouseEnter(sender As Object, e As EventArgs) Handles CopyBt.MouseEnter
    Dim s As String = "কপি করুন"
    Dim tooltip1 As System.Windows.Forms.ToolTip = New System.Windows.Forms.ToolTip()
    tooltip1.SetToolTip(CopyBt, s)
End Sub
Private Sub CutBt_MouseEnter(sender As Object, e As EventArgs) Handles CutBt.MouseEnter
    Dim s As String = "কেটে দিন"
    Dim tooltip1 As System.Windows.Forms.ToolTip = New System.Windows.Forms.ToolTip()
    tooltip1.SetToolTip(CutBt, s)
End Sub
Private Sub FontBt_MouseEnter(sender As Object, e As EventArgs) Handles FontBt.MouseEnter
    Dim s As String = "ফন্ট পরিবর্তন"
    Dim tooltip1 As System.Windows.Forms.ToolTip = New System.Windows.Forms.ToolTip()
    tooltip1.SetToolTip(FontBt, s)
End Sub
Private Sub FontColBt_MouseEnter(sender As Object, e As EventArgs) Handles FontColBt.MouseEnter
    Dim s As String = "ফন্ট রং"
    Dim tooltip1 As System.Windows.Forms.ToolTip = New System.Windows.Forms.ToolTip()
    tooltip1.SetToolTip(FontColBt, s)
End Sub
Private Sub HighLiteColBt_MouseEnter(sender As Object, e As EventArgs) Handles HighLiteColBt.MouseEnter
    Dim s As String = "হাইলাইট রং"
    Dim tooltip1 As System.Windows.Forms.ToolTip = New System.Windows.Forms.ToolTip()
    tooltip1.SetToolTip(HighLiteColBt, s)
End Sub
Private Sub ItalicBt_MouseEnter(sender As Object, e As EventArgs) Handles ItalicBt.MouseEnter
    Dim s As String = "ইটালিক লেখা"
    Dim tooltip1 As System.Windows.Forms.ToolTip = New System.Windows.Forms.ToolTip()
    tooltip1.SetToolTip(ItalicBt, s)
End Sub
Private Sub PstBt_MouseEnter(sender As Object, e As EventArgs) Handles PstBt.MouseEnter
    Dim s As String = "পেস্ট করুন"
    Dim tooltip1 As System.Windows.Forms.ToolTip = New System.Windows.Forms.ToolTip()
    tooltip1.SetToolTip(PstBt, s)
End Sub
Private Sub RedoBt_MouseEnter(sender As Object, e As EventArgs) Handles RedoBt.MouseEnter
    Dim s As String = "আবার করুন"
    Dim tooltip1 As System.Windows.Forms.ToolTip = New System.Windows.Forms.ToolTip()
    tooltip1.SetToolTip(RedoBt, s)
End Sub

```

## ১৪তম পরিচ্ছেদ: Complete Application Tutorials

### পূর্ণ এ্যাপলিকেশন প্রশিক্ষণ : Complete Application Tutorials

```

tooltip1.SetToolTip(RedoBt, s)
End Sub
Private Sub SizeDnBut_MouseEnter(sender As Object, e As EventArgs) Handles SizeDnBut.MouseEnter
    Dim s As String = "ছোট ফন্ট"
    Dim tooltip1 As System.Windows.Forms.ToolTip = New System.Windows.Forms.ToolTip()
    tooltip1.SetToolTip(SizeDnBut, s)
End Sub
Private Sub SizeUpBt_MouseEnter(sender As Object, e As EventArgs) Handles SizeUpBt.MouseEnter
    Dim s As String = "বড়ো ফন্ট"
    Dim tooltip1 As System.Windows.Forms.ToolTip = New System.Windows.Forms.ToolTip()
    tooltip1.SetToolTip(SizeUpBt, s)
End Sub
Private Sub UndoBt_MouseEnter(sender As Object, e As EventArgs) Handles UndoBt.MouseEnter
    Dim s As String = "আনড়ু করুন"
    Dim tooltip1 As System.Windows.Forms.ToolTip = New System.Windows.Forms.ToolTip()
    tooltip1.SetToolTip(UndoBt, s)
End Sub
Private Sub OpenTxtBt_MouseEnter(sender As Object, e As EventArgs) Handles OpenTxtBt.MouseEnter
    Dim s As String = "টেক্স্ট ফাইল খুলুন"
    Dim tooltip1 As System.Windows.Forms.ToolTip = New System.Windows.Forms.ToolTip()
    tooltip1.SetToolTip(OpenTxtBt, s)
End Sub
Private Sub SaveTxtBt_MouseEnter(sender As Object, e As EventArgs) Handles SaveTxtBt.MouseEnter
    Dim s As String = "টেক্স্ট ফরমাটে সংরক্ষণ করুন"
    Dim tooltip1 As System.Windows.Forms.ToolTip = New System.Windows.Forms.ToolTip()
    tooltip1.SetToolTip(SaveTxtBt, s)
End Sub
'টেক্স্ট ফাইল খোলার কোড।
Private Sub OpenTxtBt_Click(sender As Object, e As EventArgs) Handles OpenTxtBt.Click
    Dim Open As New OpenFileDialog() 'ফাইল খোলার ডায়লগ ফ্লাসের নতুন ইনস্ট্যান্ট।
    Dim myStreamReader As System.IO.StreamReader 'একটি সিস্টেম স্ট্রিমরিডার অবজেক্ট ডাইমেনশন করা।
    Open.Filter = "Text (*.txt)|*.txt|All Files [*.*]|*.*" 'টেক্স্ট টাইপ ফিল্টার।
    Open.CheckFileExists = True 'খেলার পূর্বে নিশ্চিত করতে হবে ফাইলটি আছে কি না।
    Open.Title = "টেক্স্ট ফাইল খুলুন" 'ডায়লগের টাইটেল।
    Open.ShowDialog(Me) 'ডায়লগ প্রদর্শন।
    Try 'এটা একটি ডিবাগ কিওয়ার্ড। সমস্যা হলে পরের চার লাইন ছেড়ে ক্যাচ ইএভ লাইনে জাপ্স দেবে।
        Open.OpenFile() 'চয়েজ করা ফাইল খোলার নির্দেশ।
        myStreamReader = System.IO.File.OpenText(Open.FileName)
        Dim NewRFTText As String = myStreamReader.ReadToEnd() 'ফাইল প্রোটো রিড করার নির্দেশ।
        RichTextBox1.Text = NewRFTText 'ভেরিবলে সংরক্ষিত রিড-করা পুরো ফাইল রিচটেক্স্ট বারে প্রদর্শন।
        Catch ex As Exception 'কোনো সমস্যা হলো ডায়লগ এসে প্রদর্শন করবে।
    End Try
End Sub
Private Sub SaveTxtBt_Click(sender As Object, e As EventArgs) Handles SaveTxtBt.Click
    If RichTextBox1.Text <> "" Then 'লেখা আছে কি না দেখেই নিচের সাবরফটির কল করতে হবে।
        SaveTheFile() 'নিচের সাবরফটিন কল।
    End If
End Sub
Sub SaveTheFile() 'এই সাবের কাজ হলো সংরক্ষণ ডায়লগ খুলে ফাইন সেভ করা।
    'সঠিকভাবে টেক্স্ট ফরমাটে সংরক্ষণের জন্য রিচ টেক্স্ট বারের লেখা একটি লুকানো টেক্স্ট বারে নিয়ে যেতে হবে।
    TextBox2.Text = RichTextBox1.Text
    Dim Save As New SaveFileDialog() 'ফাইল সংরক্ষণের ডায়লগ ফ্লাসের নতুন ইনস্ট্যান্ট।
    Dim myStreamWriter As System.IO.StreamWriter 'একটি সিস্টেম স্ট্রিমরিডার অবজেক্ট ডাইমেনশন করা।
    Save.Filter = "Text (*.txt)|*.txt|All files(*.*)|*.*" 'টেক্স্ট টাইপ ফিল্টার।
    Save.CheckPathExists = True 'চয়েজ করা ফাইল সংরক্ষণের প্যাথ সঠিক আছে কি না দেখতে হবে।

```

## ১৪তম পরিচ্ছেদ: Complete Application Tutorials

### পূর্ণাঙ্গ এ্যাপলিকেশন প্রশিক্ষণ: Complete Application Tutorials

Save.Title = "টেক্স্ট ফরমাটে ফাইল সংরক্ষণ করুন" 'সংরক্ষণ ডায়লগের শিরোনাম।

Save.ShowDialog(Me) 'এখানে মি অর্থ স্বয়ং ডায়লগটি।

Try

'নিচের লাইনটি নিশ্চিত করে একই নামের ফাইল থেকে থাকলে তা প্রতিস্থাপন করা যাবে কি না? না গেলে ফাইল সংরক্ষণ হবে না।

myStreamWriter = System.IO.File.AppendText(Save.FileName)

myStreamWriter.WriteLine(TextBox2.Text) 'এবার টেক্স্ট বাক্সে সংরক্ষিত পুরো টেক্স্ট ফাইলে লেখা হবে।

myStreamWriter.Flush() 'মেমোরি থেকে ক্লাসটি মুছে দিতে হবে।

Catch ex As Exception

End Try

End Sub

End Class

**কোডের ব্যাখ্যা:** প্রথমেই লক্ষ করুন, বাংলা ইউনিকোডে প্রচুর কমেন্ট দিয়েছি। মাইক্রসফ্টকে ধন্যবাদ! তারা অপারেটিং সিস্টেমে বাংলায় উইনিকোড ক্যারাক্টার যুক্ত করে আমাদের বিরাট উপকার করেছেন। সুতরাং ভিজুয়েল বেসিক.নেট এর আইডিইইতে আমরা অনায়াসেই বাংলা ইউনিকোডে লেখার সুযোগ পেয়েছি। প্রোগ্রামেও বাংলায় নির্দেশনা পর্যন্ত প্রদর্শন হওয়ার ব্যবস্থা হয়েছে। যদিও এখন পর্যন্ত রিচটেক্স্টবক্স কন্ট্রোলের মধ্যে ইউনিকোড টাইপ করার সুযোগ তৈরি করে দেওয়া হয় নি। তবে আমরা আশাবাদী তা অচিরেই হয়ে যাবে।

যাক ফিরে আসি কোডের ব্যাখ্যায়। নিচে একে একে প্রতিটি সাবরুটিনের ব্যাখ্যা লাইন বাই লাইন তুলে ধরছি। প্রয়োজনে আলোচিত সাবরুটিন পুনরায় টাইপ করে দিয়েছি। লক্ষ করুন, সকল কোডই ফর্মের ক্লাস সাবরুটিনের ভেতর। আমরা কোনো আলাদা মডিউল বা ক্লাস তৈরি করি নি।

১. প্রথমেই একটি গ্লোবাল ইন্টেজার ভেরিয়েবল ডিফাইন করা হয়েছে। এটি দ্বারাই আমরা প্রোগ্রাম চলাকালে রিচ টেক্স্ট বাক্সের সাইজ সঠিক রাখবো। কারণ ব্যবহারকারী প্রয়োজনে ফর্মের সাইজ রদবদল করতে পারেন।

২. Form1\_Load সাবের কোড: এটির দুটি কাজ আছে: (ক) রিচ টেক্স্ট বাক্সের সাইজ সেট করা ও (খ) চিচ টেক্স্ট বাক্সে সাউস রাইট-ক্লিককালে একটি কনটেক্ট মেনু প্রদর্শন করা। কনটেক্ট মেনুর মধ্যে কমি-পেস্ট-কাট- এ তিনটি সুবিধা থাকবে। ব্যবহারকারী লেখা বা লেখাখাঁশ সিলেক্ট করে রাইট-ক্লিকের মাধ্যমে কনটেক্ট মেনু চয়েজ করে সহজেই এ তিনটি কাজের যে কোনো একটি করতে সক্ষম হবেন। সুতরাং সাবের প্রথম লাইন দ্বারা রিচ টেক্স্ট বাক্সের উচ্চতা ও প্রস্থ নির্ধারিত করে দেওয়া হয়েছে। দ্বিতীয় লাইনের কাজ হলো একে ফর্মের কেন্দ্রে নিয়ে আসা। আর তৃতীয় লাইন দ্বারা পরের সাবরুটিনটি কল করা হয়েছে যার কাজ হলো কনটেস্ট মেনু তৈরি করা।

৩. InitializeMyContextMenu() সাবের কোড: আগেই বলেছি, এটা আমাদের সৃষ্টি কনটেক্ট মেনু তৈরির সাবরুটিন। প্রথমে ডিফাইন করতে হবে একটি নতুন কনটেক্ট মেনু আইটেম অবজেক্ট। এরপর ডিফাইন করতে হবে তিনটি মেনু আইটেম নাম ও প্রতিটির সঙ্গে সম্পৃক্ত বোতামের একশন। তিন জোড়া কোড লাইনে এ কাজগুলো করা হয়েছে। সবশেষে প্রতিটি মেনু আইটেম দেখাতে হবে যখনই মাউসে রাইট-ক্লিক করা হবে এবং পুরো মেনুর সঙ্গে সম্পৃক্ত করতে হবে রিচ টেক্স্ট বাক্সটি।

৪. Create\_Resize নামক ফর্মের ইভেন্ট সাবের কোড: প্রথমত এই সাবরুটিন স্বয়ংক্রিয়ভাবে তৈরি করতে হলে কোড লিখার ফিল্ডের উপরস্থ বাক্সের কম্বো বাক্সে যেয়ে চয়েজ করুন ফর্ম [Form1 Events]। এবার ডানের কম্বো বাক্সে যেয়ে চয়েজ করুন রিসাইজ [Resize]। সাথে সাথেই এই সাবরুটিনটি আসবে। এর ভেতরেই কোড লিখতে হবে। প্রথম ইফ-এন্ড ইফ [If - End If] ব্লকের কাজ হলো ফর্মের সাইজ পরিবর্তন হলে রিচ টেক্স্ট বাক্সের সাইজও পরিবর্তন করা। চারটি লাইনের প্রথমটি দ্বারা ফর্মের প্রস্থের সাথে সামঞ্জস্য রেখে রিচ টেক্স্ট বাক্সের প্রস্থও পরিবর্তন করা হয়েছে। উভয় দিকে ১০০ পন্টে বর্ডারও রাখা হয়েছে। শেষের লাইন দ্বারা নিশ্চিত করা হয়েছে ফর্মের মাঝাখানে যেনো রিচ টেক্স্ট বাক্স থাকে। সাবের দ্বিতীয় ইফ-এন্ড ইফ [If - End If] অনুরূপ কাজ করে। তবে এখানে প্রস্থ বাড়ছে না বরং কমেছে- এটাই পার্থক্য। লক্ষ করুন, তার ক্লাসের ফেতর ফর্মকে ইঙ্গিত করতে হলে Me কিওয়ার্ড ব্যবহার করা দরকার।

৪. Create\_SizeChanged নামক ফর্মের ইভেন্ট সাবের কোড: এই কোডের কোড ও ক্রিয়া উপরে আলোচিত সাবের

## ১৪তম পরিচ্ছেদ: Complete Application Tutorials

### পূর্ণাঙ্গ এ্যাপ্লিকেশন প্রশিক্ষণ: Complete Application Tutorials

মতোই। সুতরাং, শিক্ষার্থী একে ভালো করে দেখে নেবেন ও বাংলায় লেখা কমেন্ট পাঠ করবেন। আশাকরি বুঝতে অসুবিধা হবে না।

৫. UndoBt\_Click ও RedoBt\_Click নামক বোতামের ক্লিক একশন ইভেন্ট সাব: এই উভয় সাব একইভাবে কাজ করে। সাব দু'টি যথাক্রমে Undo() এবং Redo() নামক সিস্টেম ফাংশনের মাধ্যমে ক্রিয়া করে।

৬. BoldBt\_Click ও ItalicBt\_Click নামক বোতাম দু'টোর ক্লিক একশন ইভেন্ট সাব: এ দু'টোর কাজও অনুরূপ। সুতরাং কিছুটা ব্যাখ্যা দ্বারা উভয়টির ক্রিয়া বুঝা যাবে। উভয় কোডে ব্যবহৃত হয়েছে একটি If - ElseIf - End If ব্লক। উভয়টির মাঝে আবার আরেকটি Else - End If ব্লক আছে। দেখতেই পাচ্ছেন প্রথম ইফের কাজ হলো বন্ড থেকে থাকলে নরম্যাল করা- তবে দেখতে হবে সিলেকশন ইটালিকও আছে কি না- থাকলে ইটালিকসহ নরম্যাল করা চাই। অনুরূপ যদি বন্ড না থাকে তাহলে ইটালিক থাকলে সেটাসহ বন্ড বানাতে হবে। ElseIf অংশের কাজ এটি। আশারাথি শিক্ষার্থীরা লজিকটি বুঝে নিয়েছেন।

৭. FontBt\_Click বোতামের ক্লিক একশন ইভেন্ট সাব: এটার কাজ ফন্ট পরিবর্তন করা। ডিজিয়েল বেসিক.নেট ফন্টলিস্টসহ একটি জানালা তৈরি করে দিয়েছে। সেখান থেকে সিস্টেমে ইস্টেল করা সকল ফন্টের মধ্যে যে কোনো একটি চয়েজ করা যায়। সিলেক্ট করা টেক্স্ট কিংবা ইনসারশন পয়েন্ট থেকে নতুন ফন্ট কাজ করবে। কোডের কাজ হলো ডায়লগটি খোলা ও সিলেক্টকরা ফন্ট পরিবর্তন করা।

৮. SizeUpBt\_Click ও FontColBt\_Click নামক বোতাম দু'টোর ক্লিক একশন ইভেন্ট সাব: এ দু'টো বোতামের সাব একইভাবে কাজ করে। প্রথমটি ৫ পয়েন্ট করে সিলেক্ট করা ফন্টের সাইজ বাড়াবে ও দ্বিতীয়টি ৫ পয়েন্ট করে কমাবে। এই যা। লক্ষ করুন সাইজ বাড়ানো ও কমানোর জন্য ব্যবহৃত হয়েছে দীর্ঘ এই একটিমাত্র কোড লাইন:

```
RichTextBox1.SelectionFont = New Font(RichTextBox1.SelectionFont.FontFamily, Int(RichTextBox1.SelectionFont.SizeInPoints - 5))
লাইনটির = সাইনের ডানের অংশ হলো একটি সিস্টেম ফাংশন। এর ভেতর প্যারামিটার হিসাবে আছে ব্যবহৃত ফন্ট ফ্যামিলি ও ইন্টেজার টাইপের সাইজ।
```

৯. FontColBt\_Click নামক বোতামের ক্লিক একশন ইভেন্ট সাব: এ সাবটি উপরের (৭নং) ফন্ট পরিবর্তন সাবের মতোই কাজ করে। এ ক্ষেত্রে ডায়লগটি হলো কালার ডায়লগ। এই যা। পরের দু'টি বোতামের একশন ইভেন্ট কোডও কালার ডায়লগ খুলে যথাক্রমে সিলেক্ট করা লেখার হাইলাইট রং ও রিচ টেক্স্ট বাক্সের বেকগ্রাউন্ড রং ব্যবহারকারীর ইচ্ছেমাফিক পরিবর্ত করবে। সুতরাং এগুলো সম্পর্কে আর বেশি কিছু বলার নেই।

১০. AlinLBt, AlinCbt এবং AlinRbt নামক বোতাম তিনটির ক্লিক একশন ইভেন্ট সাব: এগুলোর কাজ কি তা-তো সকলেই বুঝতে পারছেন। তিনটি ক্ষেত্রেই কাঞ্জিত ফলাফল পেতে ব্যবহার করেছি HorizontalAlignment নামক সিস্টেম ফাংশন।

১১. CopyBt, CutBt এবং PstBt বোতাম তিনটির ক্লিক একশন ইভেন্ট সাব: এ তিনটি বোতামের কারণও আমাদের জানা। তরে লক্ষ করুন, প্রথম দু'টিতে Try - End Try ব্লকের ভেতর কোড লিখা হয়েছে। এর কারণ হলো ক্লিপ বোর্ডে সবকিছু যেতে না-ও পারে। কপি এবং কাট- উভয় বোতামের কাজ হলো ক্লিপবোর্ডে সিলেকটেড টেক্স্ট যথাক্রমে কপি বা মুছে কেটে নেওয়া। সিলেকশন যদি না থাকে- কিংবা টেক্স্ট ছাড়া অন্য কিছু থাকে তাহলে যে কোডং সমস্যা হবে সেটা এড়াতে উক্ত Try - End Try ব্লক ব্যবহৃত হয়েছে। কপি করতে যেয়ে আমরা সিস্টেমের Clipboard নামক ফাংশনটি ব্যবহার করেছি। এর প্যারামিটার হলো সিলেকটেড টেক্স্ট। লক্ষ করুন দ্বিতীয় বোতামের কোডে অতিরিক্ত একটি লাইন দ্বারা সিলেকটেড টেক্স্ট মুছে দেওয়ার নির্দেশনা দিয়েছি। তৃতীয় বোতামের কোড কিছুটা ভিন্ন। সেখানে একটি If - End If ব্লকের ভেতর সিস্টেমের Paste কিওয়াডটি ব্যবহার করেছি। ক্লিপবোর্ডে কিছু আছে কি না তা দেখেই পেস্ট করতে হবে।

১২. OpenFileDialog ও SaveFileDialog বোতামদ্বয়ের ক্লিক একশন ইভেন্ট সাব: এ দু'টোর একশন প্রায় একই। প্রথমটি যে ডায়লগ খুলে তাহলো OpenFileDialog() ডায়লগ। আর দ্বিতীয়টি খুলে SaveFileDialog() ডায়লগটি। উভয়টিই সিস্টেমের ফাংশন। লক্ষ করুন, ডায়লগ খোলার জন্য নতুন ডায়লগ ডিক্লারেশন পরে আমরা টাইপ এক্সটেনশন ও ফিল্টার নির্দিষ্ট করেছি। আমাদের উদ্দেশ্য শুধুমাত্র .rtf ফাইল নিয়ে কাজ করা। এটাই হচ্ছে রিচ টেক্স্ট বাক্সের ফাইল টাইপ। প্রথম সাবে আমরা ইফ - এন্ড ইফ টেস্টের মাধ্যমে নিশ্চিত করেছি যে ব্যবহারকারী ফাইল খুলেছেন ও ফাইলটি শূন্য নয়। এরপর একটি মাত্র লাইনে নির্দেশ দেওয়া হয়েছে ফাইল খুলে সব লেখা রিচ টেক্স্ট বাক্সে প্রদর্শন করতে। এর

১৪তম পরিচ্ছেদ: *Complete Application Tutorials*

পূর্ণাঙ্গ এ্যাপ্লিকেশন প্রশিক্ষণ : *Complete Application Tutorials*

পরের লাইন ফাইলের প্যাথ নাম জানালার আইকনের পাশে প্রদর্শন করবে।

দ্বিতীয় সাবের কাজও অনুরূপ। তবে লক্ষ করুন, সেইভ করা ফাইল কোথায় সংরক্ষিত হয়েছে সে প্যাথ নাম জানালার আইকনের পাশে লিখার নির্দেশ দেই নি। তবে চাইলে দেওয়া যেতো।


১৩. Form1\_Closing ইভেন্ট সাবের কোড: কম্পিউটারের প্রতিটি কাজ সম্পাদনে একটি ঘটনা বা ইভেন্ট সিস্টেম সফ্টওয়্যার থেকে আসে। সফ্টওয়্যার ডেভেলপার হিসেবে আমাদের কাজ হলো এসব ইভেন্টকে ধরে ইচ্ছেমতো কাজে লাগানো। ইভেন্ট জেনারেট হয় কিবোর্ড, মাউস ইত্যাদি থেকে। ফর্ম বন্ধ করার সময় আমরা মাউস দ্বারা একটি আইকনে [জানালার ডান পাশের X-ক্রসে] ক্লিক করি। এতে একটি সিস্টেম ইভেন্ট সক্রিয় হয়। এটির নামই Form1\_Closing ইভেন্ট। আমরা একটি সাবে একে ধরে কিছু নির্দেশনা দিয়েছি। একটি ডবল নেস্টেড ইফ - এন্ড ইফ ব্লকে এই কোড লিখেছি। আমাদের উদ্দেশ্য হলো, রিচ টেক্স্ট বাস্তে কিছু লেখা থাকলে তা সংরক্ষণ করা হবে কি না সেটা ব্যবহারকারীকে প্রশ্ন করা। জবাব ‘হ্যাঁ’ হলে সংরক্ষণ করে প্রোগ্রাম ক্লোজ করা- অন্যথায় এমনিতেই ক্লোজ করা। লক্ষ করুন, সেইভ করার জন্য আমরা পুনরায় সেইভ ডায়লগ খোলার কোড এখানে লিখি নি- বরং সেইভ বোতামে স্বয়ংক্রিয়ভাবে ক্লিক ইভেন্ট জেনারেট করার নির্দেশ দিয়েছি। সাবের কোড রান করা শেষ হয়ে গেলেই কিন্তু প্রোগ্রাম বন্ধ হয়ে যাবে।

১৫. OpenTxtBt, SaveTxtBt ও SaveTheFile() নামক ফাংশন সাবের ব্যাখ্যা: প্রথম দুটি হলো বোতামের ক্লিক ইভেন্ট সাব ও শেষেরটি আমাদের সৃষ্টি একটি ফাংশন। আমরা তাই ব্যবহারকারী প্রয়োজনে লেখাটুকু টেক্স্ট ফরমাটে সেইভ করা ও একই ফরমাটের লেখা রিচ টেক্স্ট বাক্সে নিয়ে আসার সুযোগ পাবেন। এই তিনটি সাবের কাজ তা-ই। প্রথমটি ও শেষেরটি মূলত আগে ব্যাখ্যাত OpenFileBt ও SaveFileBt বোতামদ্বয়ের সাবের অনুরূপ। এখানে পার্থক্য হলো টাইপ ও ফিল্টার .rtf এর বদলে .txt লিখেছি। তবে লক্ষ করুন, সংরক্ষণ নির্দেশের পূর্বে পুরো লেখাটুকু একটি টেক্স্ট ফরমাটের টেক্স্ট বাক্সে নিয়ে আসা হয়েছে। এই বাক্সটি কিন্তু লুকানো। এতে নিয়ে আসার ফলে টেক্স্ট ফরমেটিং সঠিক হবে। যাক, কোডের ব্যাখ্যা এটুকুই- যেহেতু কোডের মধ্যেই বাংলায় ব্যাখ্যামূলক কমেন্ট করেছি তাই আর অতিরিক্ত বলার প্রয়োজন নেই। আমি আশারাখি শিক্ষার্থীরা কোড বুবাতে খুব একটা সমস্যায় পড়বেন না। এবার দেখে নিই প্রোগ্রামটি একবার রান করে- কেমন? পরের পৃষ্ঠার চিত্রটি দেখুন। ভেতরে কি লেখা আছে তা-ও দয়া করে পাঠ করবেন!

## ১৬তম পরিচ্ছেদ: Complete Application Tutorials

### পূর্ণাঙ্গ এ্যাপ্লিকেশন প্রশিক্ষণ: Complete Application Tutorials

আমরা মোট ৪টি ব্যবহারযোগ্য মোটামুটি জটিল এ্যাপ্লিকেশন তৈরি করতে সক্ষম হয়েছি। আরো দু'টি প্রোগ্রাম ডেভেলাপ করবো শিক্ষার্থীদের সুবিধার জন্য। তবে এক্ষুণি নয়। পরের পৃষ্ঠাসমূহে ডিজিয়েল বেসিক.নেট -এর একটি শক্তিশালী ডেভেলাপমেন্ট টুল সম্পর্কে কিছুটা আলোকপাত করার প্রয়াস পাচ্ছি। চাক্ষুশ্বান শিক্ষার্থীদের মনে হয়তো প্রশ্ন জেগেছে, অনেক গুরুত্বপূর্ণ কম্পিউটার সফ্টওয়্যার সিস্টেম ‘ডাটাবেইজ’ সম্পর্কে এই নীরবতা কেনো? এ



প্রশ্নের জবাবেই পরের পুরো অনুচ্ছেদটির অবতারণা। ডাটাবেইজ করার জন্য পর্যাপ্ত টুলস ও ফাংশন অবশ্যই .নেট- এ আছে। আমরা অবশ্যই এডভাল্স ডাটাবেইজ প্রোগ্রামিং সম্পর্কে কিছু বলবো না। এটা এই গ্রন্থের স্কোপের বাইরে। তবে বেসিক বিষয়গুলো অবশ্যই জেনে নেবেন। আমরা শেষের দিকে একটি বাংলা ঠিকানাবই ডাটাবেইস তৈরিও করবো। শিক্ষার্থীরা মৌলিক বিষয়গুলো রঞ্জ করে নিতে পারলে, ধীরে ধীরে এডভাল্স ডাটাবেইজও ডেভেলাপ করতে পারবেন নিশ্চয়ই। কারণ এটকু পরই দেখতে পাবেন, মাইক্রসফটের ‘Access’ ডাটাবেইজের টেবিল কিভাবে অতি

## ১৫তম পরিচ্ছেদ: Database Programming Made Simple


### সহজ ডাটাবেইজ প্রোগ্রামিং: Database Programming Made Simple

অনেকেই ভাবেন, ডাটাবেইজ প্রোগ্রামিং বুবি খব জটিল-কঠিন। বাস্তবে তা মোটেই নয়। অস্তত, ডিজিয়েল বেসিক.নেট রিলিজ হওয়ার পর থেকে এই ধারণা যে পাল্টে গেছে তা নিশ্চিত করে বলা যায়। এ পরিচ্ছেদ থেকে বিষয়টি অবশ্যই শিক্ষার্থীদের নিকট স্পষ্ট হবে। বাস্তবে সফ্টওয়্যার ডেভেলাপমেন্ট মূলত একটি চিন্তাকর্ষক ক্রিয়ার নাম। তবে যা প্রয়োজন তাহলো, শিক্ষাগ্রাহ ও কিছুটা সময়। যাক, এবার আমরা একে একে ডাটাবেইজ প্রোগ্রামিংয়ের ওপর উদাহরণসহ বিস্তারিত আলোচনা করতে চাচ্ছি।

#### ১. এক্সিবিএ ডাটা অবজেক্ট.নেট [সংক্ষেপে: ADO.Net]

এ্যাপ্লিকেশন দু'টি উপায়ে সংরক্ষিত ডাটা বা তথ্য নিয়ে কাজ করতে পারে: ১. ব্যবহার-বান্ধব উপায়ে প্রদর্শনের জন্য সংরক্ষিত ডাটা নিয়ে আসা। ২. সংরক্ষিত ডাটাকে প্রয়োজনে পরিবর্তন, পরিবর্ধন, সংযোজন ও মুছে দেওয়া এবং পুনরায় সংরক্ষণ নিশ্চিত করা। মাইক্রসফট .নেট সৃষ্টিতে এডো.নেট [ADO.Net] নামক একটি মডেল তৈরি করেছে। এটা মূলত .নেট এর ফ্রেমওয়ার্কের একটি অংশ। ফলে .নেট কোনো ডাটাসূত্র যেমন মাইক্রসফটের Access থেকে ডাটা সহজেই নিয়ে এসে কাজ করতে পারে।

(ক) ADO.Net Object Model - এডো.নেট অবজেক্ট মডেল: এটা মূলত কাঠামোগত একটি প্রসেসের নাম। ডাটাবেইজের সঙ্গে সম্পৃক্ত বিভিন্ন উপাদানে কিভাবে তথ্য চলাফেরা করে তারই একটি উপায়-অবলম্বন। আমরা একে চিত্রের মাধ্যমে তুলে ধরতে পারি। যেমন:



লক্ষ করুন, ডাটা কোনো ডাটাবেইজ বা স্টোরে সংরক্ষিত থাকে। এটা DataProvider দ্বারা বের করে নিয়ে আসা হয়। এই প্রভাইডারের ভেতর বেশ ক'টি অংশ আছে যেগুলোর কাজ হলো ডাটা এ্যাপ্লিকেশনে নিয়ে আসা যাতেকরে আপডেট করা যায়।

এ্যাপ্লিকেশনে ডাটা গ্রহণ করে হয় DataSet না হয় DataReader এর মাধ্যমে।

\* DataSet তথ্য সংরক্ষণ করে রাখে একটি আলাদা ক্যাশিতে। সেটা এ্যাপ্লিকেশন নিয়ে আসে।

\* DataReader এ্যাপ্লিকেশনে ডাটা সংযোজন করে শুধুমাত্র পাঠ [read-only] ও অগ্রগামী [forward-only] তথ্য হিসাবে।

(খ) DataProvider - তথ্য সরবরাহকারী : এটা ব্যবহৃত হয় ডাটাবেইজের সঙ্গে সংযুক্তি, কমান্ড এক্সেকিউট, তথ্য আদান-প্রদান, ডাটাসেটে সংরক্ষণ, পড়া ও পরিবর্তন ইত্যাদি কাজের জন্য। ADO.Net -এ ডাটা প্রভাইডারে আছে চারটি অবজেক্ট। যথা:-

- (১) Connection - সংযুক্তি: বুবাই যাচ্ছে এ অংশের কাজ হলো কোনো ডাটা সূত্রের সঙ্গে সংযুক্তি সৃষ্টি করা।
- (২) Command - নির্দেশ: কমান্ড হলো কোনো SQL [Structured Query Language] স্টেটমেন্ট কিংবা স্টোরকরা প্রসিডের। এরই মাধ্যমে ডাটা সূত্রের তথ্যাদি পরিবর্তন, মুছা, সংরক্ষণ ও সংযোজন ইত্যাদি কাজ করা হয়।
- (৩) DataReader - তথ্য পাঠক: বুবাই যাচ্ছে এ অংশের কাজ হলো কোনো ডাটা সূত্র থেকে শুধুমাত্র পাঠ ও

## ১৫তম পরিচ্ছেদ: Database Programming Made Simple

## সহজ ডাটাবেইজ প্রোগ্রামিং: Database Programming Made Simple

অগ্রগামী মোডে কাজ করা। তথ্যাদি পরিবর্তন করা যাবে না।


(8) DataAdapter - তথ্য অভিযোজক: এটা ADO.Net এর একটি গুরুত্বপূর্ণ বস্ত। এই তথ্য অভিযোজকের মাধ্যমেই যাতবীয় ডাটা ডাটাবেইজ থেকে আদান-প্রদান হয়। এটা ডাটা ডাটাবেইজ থেকে ডাটাসেটে নিয়ে আসে এবং এটাই আবার ডাটা আপডেট করে। ডাটাসেটে রদবদল হলে এই ডাটাএডাপ্টারই ডাটাবেইজে পরিবর্তন আনয়ন ও সংরক্ষণ করে।

ADO.Net -এ বেশ ক'টি ডাটা সরবরাহকারী আছে। যেমন:

- \* SQL সার্ভারের জন্য .Net Framework ডাটা সরবরাহকারী।
- \* OLE [Object Linking and Embedding] ডাটাবেইজের জন্য .Net Framework ডাটা সরবরাহকারী।
- \* ODBC [Open Database Connectivity] ডাটাবেইজের জন্য .Net Framework ডাটা সরবরাহকারী।
- \* Oracle [Oak Ridge Automatic Computer and Logical Engine] ডাটাবেইজের জন্য .Net Framework ডাটা সরবরাহকারী।
- \* EntityClient সরবরাহকারী- এর মাধ্যমে EDM [Entity Data Model] এ্যাপ্লিকেশন ব্যাবহার করে ডাটা সংগ্রহের ব্যবস্থা।

## DataSet

এটা হলো মেমোরি -মধ্যে তথ্য উপস্থাপনের একটি উপায়। এটা অসংযুক্ত, ক্যাশিতে সংরক্ষিত রেকর্ড সেট যা কোনো ডাটাবেইজ থেকে প্রাপ্ত হওয়া যায়। যখনই কোনো ডাটাবেইজের সঙ্গে সংযুক্তি সৃষ্টি হয় তখন, ডাটা এডাপ্টারে একটি ডাটাসেট তৈরি করে এতে সংরক্ষণ করে। অপরদিকে ডাটাবেইজের সঙ্গে সংযুক্তি বন্ধ হয়ে যায়। এটাকে বলে ‘disconnected architecture’। ডাটাসেট একটি Virtual ডাটাবেইজ হিসেবে কাজ করে। এতে থাকে টেবিল, রো এবং কলাম। নিচের চিত্র থেকে হয়তো এই ডাটাসেট অবজেক্ট মডেলটি সম্পর্কে আরো বেশি অবগতি সম্ভব হবে।



## ১৫তম পরিচ্ছদ: Database Programming Made Simple

### সহজ ডাটাবেইজ প্রোগ্রামিং: Database Programming Made Simple



যাক, খুব বেশি টেকনিক্যাল কথা নিয়ে মাথা ঘামাবার প্রয়োজন নেই- উদাহরণের মাধ্যমে যে কোনো বিষয় সম্পর্কে জ্ঞানার্জন একটি উভয় উপায়। এছাড়া ডাটাবেইজের মতো একটি উচ্চ পর্যায়ের কম্পিউটার প্রোগ্রামিং সম্পর্কে এ গ্রন্থে খুব একটা বেশি বলাও সম্ভব নয়। এ বিষয়ের উপর আলাদাভাবে অনেক গ্রন্থাদি রচিত হয়েছে। আমাদের উদ্দেশ্য হলো, ডিজুয়্যাল বেসিক.নেট ও ডাটাবেইজ এ দু'য়ের মধ্যে তথ্য আদান-প্রদান সম্পর্কে মৌলিক কিছু জ্ঞানজন- এই যা। সুতরাং আসুন, প্রথমে একটি উদাহরণ প্রজেক্ট তৈরি করি।

#### ১. ডিজুয়্যাল বেসিক.নেট ও ডাটাবেইজ: একটি ঠিকানা বই ডাটাবেইজ প্রোগ্রাম

ঠিকানা বই ডাটাবেইজ প্রোগ্রামের জন্য মাইক্রসফটের Access 2007 কিংবা এর পরের কোনো ভার্সন আপনার কম্পিউটারে থাকতে হবে। নিম্নের পদক্ষেপগুলো অনুসরণ করে ডাটাবেইজ প্রোগ্রামটি তৈরি করুন।

১. প্রোগ্রাম ফাইলে যেরে Access খুলুন। একটি নতুন ডাটাবেইজ তৈরি করুন। এর নামকরণ করুন ‘TikanaBoi’। যেখানে ইচ্ছা এটা সেইভ করুন। তবে মনে রাখবেন, পরবর্তিতে এই ফাইলের প্যাথনেইম আমাদের দরকার।

২. প্রথমেই আপনি নিচের চিত্র মুতাবিক জানালাটা দেখতে পাবেন।



৩. বায়ের উপরের কোণে ডানে চিত্রিত আইকনে ক্লিক করুন। যে জানালা আসবে তাতে টেবিলের নাম দিন: ‘Tikana’।

৪. এবার যে জানালাটি আসবে তার একটি চিত্র নিচে দেখানো হয়েছে।

৫. কোন কোন সেলে আমরা লিখবো তা চিত্রে দেখানো হয়েছে এ্যারো দ্বারা। Field Name কলামের দ্বিতীয় আইটেম হবে: ‘নাম’, পরেরটি হবে ‘ঠিকানা-১’, এরপর হবে ‘ঠিকানা-২’ এবং সবশেষের সেলে হবে ‘মোবাইল’। Data Type কলামের চারটি সেলেই ‘Text’ শব্দটি থাকবে। দেখুন নিচের চিত্রটি। ব্যবস্থাপনা জানালার কাজ


	Field Name	Data Type
ID	AutoNumber	
নাম	Text	
ঠিকানা-১	Text	
ঠিকানা-২	Text	
মোবাইল	Text	

শেষ হলো। এবার ক্লিক করুন উপরের কোণায় স্থাপিত নিচে চিত্রিত আইকনে। একটি ডায়লগ আসবে সেইভ করার জন্য। এরপর আসবে টেবিল ভিট, যেখানে আমরা তথ্য লিখতে পারি।

## ১৫তম পরিচ্ছদ: Database Programming Made Simple

### সহজ ডাটাবেইজ প্রোগ্রামিং: Database Programming Made Simple


৬. প্রতিটি কলামের প্রতিটি সেলে বাংলা ইউনিকোডে লিখুন। কি লিখবেন ও কোথায় লিখবেন তা নিচের চিত্রে দেওয়া হয়েছে। অবশ্য আপনি চাইলে নাম, ঠিকানা ইত্যাদি ভিন্ন ও লিখতে পারেন। সেইভ করে বন্ধ করুন।



৭. আমাদের ডাটাবেইজ হয়ে গেছে। এবার আমরা ভিজুয়েল এক্সপ্রেস স্টুডিও থেকে একটি নতুন উইন্ডোজ সলুশন তৈরি করবো। এর নামকরণ করুন: 'TikanaDB'। সেইভ করুন।


৮. ফর্মের বায়ের দিকে থাকবে 'Data Sources' নামক একটি ট্যাব। [না থাকলে ক্লিক করুন: View > Other Windows > Data Sources]। ক্লিক করুন ডানের চিত্রে দেখানো লিংকে। এবার বায়ের চিত্রে দেখানো জানালাটি আসবে।

৯. ডাটাবেইজ সিলেক্ট করা থাকবে। Next বোতামে ক্লিক করুন। এর পরে যেসব জানালা আছে সেগুলো একে একে কিভাবে চয়েজ করবেন তা নিচের ক'টি চিত্রে দেখানো হয়েছে। হাইলাইট করা আইটেমগুলো চয়েজ করে করে সর্বশেষ জানালায় যেয়ে 'Finish' বোতামে ক্লিক করুন। ব্যস 'TikanaBoi' -এর সঙ্গে কানেকশন হয়ে যাবে।




ক্লিক করুন: Next

ক্লিক করুন: New Connection... ক্লিক করুন: Browse... ক্লিক করুন: Next



ক্লিক করুন: Next





ক্লিক করুন: Finish

লক্ষ করুন, বায়ের চিত্রে টেবিল ও এর সবগুলো কলাম সিলেক্ট করা আছে। সুতরাং 'Finish' বোতামে ক্লিকের পূর্বে এগুলো সিলেক্ট করতে ভুলবেন না। আমরা ইনসেটে সিলেকশনকে বড়ো করে দেখিয়েছি। উইজার্ড বন্ধ হওয়ার পর বায়ের ট্যাবের 'Data Sources'-এ ডাটাবেইজের তথ্য আসবে। নোট: নিউ কানেকশন [৩নং] ডায়লগ বাদে একটি ডায়লগ আসলে 'No' ক্লিক করবেন।

## ১৫তম পরিচ্ছেদ: Database Programming Made Simple

## সহজ ডাটাবেইজ প্রোগ্রামিং: Database Programming Made Simple

১০. সফলভাবে কানেকশন হওয়ার পর আমরা ফর্মের মধ্যে টেবিলের বিভিন্ন বস্তু টেনে টেনে নিয়ে এসে যেখানে ইচ্ছে বসাতে পারি। নিচের চিত্র দেখুন। আপনি প্রতিটি আইটেম সিলেক্ট করে লেফ্ট-ক্লিক করে টেনে ফর্মের উপর এনে ছেড়ে দেবেন।



লক্ষ করুন, এ পর্যন্ত যাকিছু করলাম, তাতে এক লাইনের কোডিং করতে হয় নি। বাস্তবে ডিজুয়্যাল স্টুডিও আমাদের জন্য কোডিং করে দিয়েছে। কোডিং নিজে না করলেও যাকিছু উইজার্ডের মাধ্যমে হয়েছে- তা-ই আমাদের ডাটাবেইজ দেখার জন্য যথেষ্ট। এ কথার সত্যতা যাচাই করতে হলে এ পর্যায়ে প্রোগ্রামটি একবার রান করুন। বায়ের চিত্রটি দেখুন। আপনি চাইলে + আইকনে ক্লিক করে নতুন রেকর্ড তৈরি করুন। চারটি ফিল্ড পূরণ করে ডানের সেইভ আইকনে ক্লিক দিন। এরপর প্রোগ্রাম বন্ধ করে আবার খুলুন। দেখবেন, তিনটি রেকর্ড দেখাচ্ছে। শেষের [৩নং] রেকর্ডটি দেখুন।

যাক, কোডিং ছাড়াই একটি শক্তিশালী ডাটাবেইজ তৈরি করতে আমরা সক্ষম হয়েছি। তবে আমাদের ইচ্ছে তো, কোডিং শেখা। সুতরাং আসুন, কিভাবে কোডিংয়ের মাধ্যমে অনুরূপ ডাটাবেইজ তৈরি করা যায় তা একবার তলিয়ে দেখি।

## ১৫তম পরিচ্ছেদ: Database Programming Made Simple

### সহজ ডাটাবেইজ প্রোগ্রামিং: Database Programming Made Simple

#### ডাটাবেইজ প্রোগ্রাম কোডিং

আগের ক'টি পৃষ্ঠাসমূহে ভিজুয়াল স্টুডিও কর্তৃক সৃষ্টি উইজার্ড দ্বারা কিভাবে একটি শক্তিশালী ডাটাবেইজ এ্যাপ্লিকেশন তৈরি করা যায় তা আমরা দেখেছি। এবার দেখবো ঠিক কিভাবে এ কাজগুলো কোডের মাধ্যমে করা যায়। এ প্রজেক্টের জন্যও আমার Access -এ তৈরি আমাদের 'TikanaBoiDB' ডাটাবেইজ ও এর টেবিলই ব্যবহার করবো। এর একটি কপি আমরা ডেক্সটপে রেখে দেবো। ইউনিভার্সিটি ফর্ম প্রজেক্ট তৈরিতে নিচের পদক্ষেপগুলো অনুসরণ করুন।

(ক) কোনো প্রজেক্ট খোলা থাকলে বন্ধ করুন। নতুন প্রজেক্ট সৃষ্টি করুন। এর নামকরণ করুন 'TikanaBoiDB2'।

(খ) কানেকশন অবজেক্ট [Connection Object]: যে কোনো ডাটাবেইজের সঙ্গে সংযুক্তির জন্য প্রয়োজন এ বস্তু। সুতরাং এ সম্পর্কে আরো জানা জরুরী। এ পরিচ্ছেদের শুরুতেই বলেছি কানেকশন অবজেক্ট কয়েক ধরনের আছে। কোন্ ধরনের কানেকশন অবজেক্ট ব্যবহৃত হবে তা অবশ্যই নির্ভর করে কোন্ ধরনের ডাটাবেইজ নিয়ে আমরা কাজ করবো। আর যেহেতু আমরা Access ডাটাবেইজ নিয়ে কাজ করতে চাই তাই আমাদেরকে ব্যবহার করতে হবে OLE connection object। আগেই বলেছি OLE শব্দের অর্থ হলো, Object Linking and Embedding। মূলত এটি হচ্ছে অনেকগুলো COM [Componant Object Model] বস্তুর সমষ্টি। সাধারণত অ্যালই-এর মাধ্যমে ডাটাবেইজের সঙ্গে সংযুক্তি স্থাপিত হয়। তবে এটার মাধ্যমে আরো অনেক সংযুক্তি হয়ে থাকে- যেমন, টেক্সট ফাইল, এসকিউএল সার্ভার, ই-মেইল ইত্যাদি। বেশ ক'টি ভিন্ন OLE অবজেক্ট আছে- এগুলোকে বলে প্রভাইডার [Provider]। আমরা যেটি ব্যবহার করবো তার নাম 'ACE'।

(গ) যাক, এবার আপনার ফর্মে একটি বোতাম টুলবাক্স থেকে যুক্ত করুন। এর নামকরণ করুন [ইউনিকোডে] ‘ ঢাক ঢাক’।

(ঘ) বোতামে ডবল ক্লিক করে এর ক্লিক ইভেন্ট সাবটি খুলুন। এতে যুক্ত করুন নিচের কোড লাইনটি:

`Dim con As New OleDb.OleDbConnection 'ভেরিয়েবল con একটি যুক্তকরণ অবজেক্ট হোল্ড করবে।`

(ঙ) কানেকশন অবজেক্টের সঙ্গে সম্পূর্ণ আছে বিভিন্ন প্রোপার্টি। এর মধ্যে একটি হচ্ছে ConnectionString প্রেপার্টি। এটা অনেক প্যারামিটার নিতে পারে। আমাদের ক্ষেত্রে অবশ্য কয়েকটি মাত্র দরকার। যেমন: প্রথমত একে বলতে হবে ডাটাবেইজ কানেকশন হবে ও দ্বিতীয়ত কোথায় সে ডাটাবেইজ আছে তা অবগত করা। ভিজুয়াল বেসিক.নেট প্রথমাটির জন্য যা দিয়েছে তার নাম Provider এবং দ্বিতীয়টির জন্য দিয়েছে Data Source। সুতরাং, এবার আমরা উপরের লাইনের পরে নিচের ৪টি লাইন লিখবো বোতামের ক্লিক ইভেন্টে। এর প্রথম তিনটি স্ট্রিং ভেরিয়েবল ডিক্লারেশন। বাকি একটি ভেরিয়েবল এসাইনমেন্ট।

`Dim dbProvider As String 'ভেরিয়েবল dbProvider একটি বিশেষ স্ট্রিং হোল্ড করবে [দেখুন ৬ষ্ঠ লাইনটি]।`

`Dim dbSource As String 'ভেরিয়েবল dbSource একটি স্ট্রিং হোল্ড করবে।`

`Dim FullDatabasePath As String 'ডাটাবেইজের পূর্ণাঙ্গ প্যাথনাম।`

`dbProvider = "Provider=Microsoft.ACE.OLEDB.12.0;" সিস্টেমের বিশেষ একটি স্ট্রিং।`

লক্ষ করুন, উপরের শেষের লাইনের কোড হতে পারে: `dbProvider = "PROVIDER=Microsoft.ACE.OLEDB.15.0;"`-কোন্টি হবে তা নির্ভর করবে আমাদের ভার্সনের ওপর। আমাদের ব্যবহৃত ভার্সনে যদি কাজ হয় না- আপনি দ্বিতীয়টি টেস্ট করে দেখতে পারেন। এবার নিচের লাইনটি লিখুন:

`FullDatabasePath = "C:\Users\htci\Desktop\TikanaBoi.accdb" 'ডাটাবেইজের পুরো প্যাথ নাম।`

এবার নিচের লাইনটি লিখুন:

`dbSource = "Data Source=" & FullDatabasePath 'dbSource মধ্যে এখন পূর্ণাঙ্গ স্ট্রিং থাকবে।`

এ পর্যন্ত কোডিংয়ে কি লিখা হলো তা নিচে তুলে ধরছি। লক্ষ করুন ডিবাগের জন্য ব্যবহৃত মেসেজবক্স ফাংশনটি। এটা অবশ্য পরে কমেন্ট দ্বারা বা মুছে অকেজো করা হবে।

`Dim con As New OleDb.OleDbConnection 'ভেরিয়েবল con একটি যুক্তকরণ অবজেক্ট হোল্ড করবে।`

`Dim dbProvider As String 'ভেরিয়েবল dbProvider একটি বিশেষ স্ট্রিং হোল্ড করবে [দেখুন ৬ষ্ঠ লাইনটি]।`

`Dim dbSource As String 'ভেরিয়েবল dbSource একটি স্ট্রিং হোল্ড করবে।`

`Dim FullDatabasePath As String 'ডাটাবেইজের পূর্ণাঙ্গ প্যাথনাম।`

`dbProvider = "Provider=Microsoft.ACE.OLEDB.12.0;" সিস্টেমের বিশেষ একটি স্ট্রিং।`

## ১৫তম পরিচ্ছেদ: Database Programming Made Simple

## সহজ ডাটাবেইজ প্রোগ্রামিং: Database Programming Made Simple

```
FullDatabasePath = "C:\Users\htci\Desktop\TikanaBoi.accdb" 'ডেক্সটপে থাকা ডাটাবেইজের পুরো প্যাথ নাম।
dbSource = "Data Source=" & FullDatabasePath 'dbSource মধ্যে এখন পূর্ণাঙ্গ স্ট্রিং থাকবে।
' MsgBox(dbSource) 'ডিবাগ কারর জন্য এই লাইন। এটি থাকবে না।
```

এ পর্যন্ত কোড দ্বারা আমরা dbSource স্ট্রিং ভেরিয়েবলে কি হবে তা নিশ্চিত করেছি। অর্থাৎ ডাটা সূত্রের প্যাথ নাম সংরক্ষণ করেছি। কোডের প্রথম লাইনে আমরা যে অবজেক্ট ভেরিয়েবল ডিক্লায়ার করেছিলাম এখন তাকে কাজে লাগাতে হবে। এজন্য একে দুটি তথ্য দেওয়া প্রয়োজন: ১. ডাটাবেইজ প্রভাইডার ও ২. ডাটাসূত্র। আমরা উভয়টিই নির্দিষ্ট করে নিয়েছি। অর্থাৎ ডাটাবেইজ প্রভাইডার হলো: "PROVIDER=Microsoft.ACE.OLEDB.12.0;" [dbProvider] এবং ডাটাসূত্র হলো "Data Source = " & FullDatabasePath [dbSource]। আর এ উভয় স্ট্রিং মিলেই তৈরি হয় কানেকশন স্ট্রিংটি। সুতরাং আমরা এবার এ লাইনটি কোডে লিখতে পারি:

```
con.ConnectionString = dbProvider & dbSource
```

অবশ্যে আমাদের কানেকশন স্ট্রিং প্রস্তুত। এখন অতি সহজেই আমাদের ডাটাবেইজ খুলতে পারি। এজন্য একটি মাত্র ছোট কোড লাইনের প্রয়োজন:

```
con.Open() -এ কোডটুকু হলো OleDb.OleDbConnection অবজেক্টের একটি ফাংশন।
```

ডাটাবেইজ খোলার পর যাকিছু ইচ্ছে তা সেরে একে আবার ক্লোজ করতে হবে। এটা খুব গুরুত্বপূর্ণ ব্যাপার। ক্লোজ করার জন্যও আমরা আরেকটি সহজ ফাংশন ব্যবহার করে থাকি:

```
con.Close() -ব্যস! ডাটাবেইজ খোলা ও বন্ধ করার কোড শেষ হলো।
```

এ পর্যন্ত কোডে যা হয়েছে তাহলো:

```
Dim con As New OleDb.OleDbConnection 'ভেরিয়েবল con একটি যুক্তকরণ অবজেক্ট হোল্ড করবে।
Dim dbProvider As String 'ভেরিয়েবল dbProvider একটি বিশেষ স্ট্রিং হোল্ড করবে [দেখুন ৬ষ্ঠ লাইনটি]।
Dim dbSource As String 'ভেরিয়েবল dbSource একটি স্ট্রিং হোল্ড করবে।
Dim FullDatabasePath As String 'ডাটাবেইজের পূর্ণাঙ্গ প্যাথনাম।
dbProvider = "Provider=Microsoft.ACE.OLEDB.12.0;" 'সিস্টেমের বিশেষ একটি স্ট্রিং।
FullDatabasePath = "C:\Users\htci\Desktop\TikanaBoi.accdb" 'ডেক্সটপে থাকা ডাটাবেইজের পুরো প্যাথ নাম।
dbSource = "Data Source=" & FullDatabasePath 'dbSource মধ্যে এখন পূর্ণাঙ্গ স্ট্রিং থাকবে।
' MsgBox(dbSource) 'ডিবাগ কারর জন্য এই লাইন। এটি থাকবে না।
con.Open() 'ডাটাবেইজ খোলা।
con.Close() 'ডাটাবেইজ বন্ধ করা।
```

আমরা কাঞ্জিত গন্তব্যের অর্ধেক পথে এসে গেছি। এবার আরো অগ্রসর হতে হবে- অর্থাৎ, ডাটাবেইজ প্রদর্শনের দরকার এবং বিভিন্ন তথ্য দেখা ও প্রয়োজনে আপডেট করা। পরের পৃষ্ঠাসমূহে আমরা এ সম্পর্কিত কোডগুলো লিখবো। শিক্ষার্থীরা ধৈর্যসহ আমার সাথেই থাকুন এবং স্টাডি করুন।

## ডাটাসেট [DataSet] ও ডাটা এডাপ্টার [Data Adapter]

ডাটা বা তথ্য ডাটাবেজ থেকে কম্পিউটারের মেমোরিতে সংরক্ষণ করার পদ্ধতি হিসাবে আমরা যে সিস্টেম ফাংশন ব্যবহার করি তাকে ADO.Net নামকরণ করেছে DataSet। এটা টেবিলের তথ্যাদির একটি কপি মেমোরিতে হোল্ড করে রাখে। এটা এমন কিছু নয় যা আমাদের ফর্মে লিখে দেখানো যাবে। তবে মেমোরির মধ্যেও এটি কান্সলিক টেবিল হিসাবে থাকে- অর্থাৎ কলাম ও রো-তে সব তথ্য সংরক্ষিত হয়। একে ডাটাবেইজের ভাষায় ফিল্ড সিস্টেম বলে। তবে প্রশ্ন হচ্ছে DataSet ও Connection Object কি একে অন্যকে দেখতে পারে- বা এমনকি যোগাযোগ করতে সক্ষম?

## ১৫তম পরিচ্ছেদ: Database Programming Made Simple

### সহজ ডাটাবেইজ প্রোগ্রামিং: Database Programming Made Simple

এর জবাব হলো, না। এরা আলাদা। সুতরাং এদের মধ্যকার কমিউনিকেশন ফাঁকটি কোনো উপায়ে পূরণ করতে হবে। আর এ কাজের জন্যই তৈরি হয়েছে Data Adapter।

Data Adapter হলো DataSet ও Connection Object-এর মধ্যকার যোগাযোগ সৃষ্টিকারী মাধ্যম। ডাটা এডাপ্টার আপনার কানেকশন অবজেক্টের সঙ্গে যোগাযোগ করে এবং যে অনুসন্ধান আপনি সেট করেন তা কার্যকর করে দেয়। ফলাফল ডাটা সেটে সংরক্ষিত হয়। ডাটা সেট ও ডাটা এডাপ্টার উভয়টিই অবজেক্ট টাইপ। সুতরাং এদেরকে সেট করতে আমরা ব্যবহার করি নিচের ডিক্লারেশনগুলোর মতো:

```
Dim ds As New DataSet
Dim da As OleDb.OleDbDataAdapter
এরপর:
da = New OleDb.OleDbDataAdapter(sql, con)
```

এ কোডগুলোর ব্যাখ্যা একপ: DataSet একটি অবজেক্ট। তাই একে New কিওয়ার্ড দ্বারা ডিক্লারেশন করেছি। এই অবজেক্ট বা বস্টটি সিস্টেম অবজেক্ট। আর সিস্টেম অবজেক্ট ব্যবহার করতে হলে প্রথমে অবজেক্টের একটি ইনস্ট্যান্ট [বা কপি] New কিওয়ার্ড দ্বারা ডিক্লায়ার করতে হয়। অপরদিকে DataAdapter হচ্ছে OLEDB অবজেক্টের একটি প্রোপার্টি বা বৈশিষ্ট্য। সুতরাং আমাদেরকে .[ডট] ব্যবহার করতে হয়েছে ইন্সিট [বা পঞ্চন্ট] করার উদ্দেশ্যে। অন্যকথায় da নামক ভেরিয়েবলে এই অবজেক্টটি পাস [pass] করছি। এই ভেরিয়েবল এখন DataAdapter -এর একটি রেফারেন্স হোল্ড করবে।

যাক, দ্বিতীয় লাইন DataAdapter এর রেফারেন্স হোল্ড করবে আর তৃতীয়টি সৃষ্টি করবে একটি নতুন DataAdapter অবজেক্ট। আমরা এর ব্র্যাকেট দু'টোর মধ্যে দু'টি কোড লিখেছি: sql, con। প্রথমটি হলো Structured Query Language- এর একটি কমান্ডের জন্য সৃষ্টি ভেরিয়েবল এবং দ্বিতীয়টি হলো আমাদের কানেকশন অবজেক্ট। এই অবজেক্টটি আমরা ইতোমধ্যে ডিক্লায়ার করেছি। এবার আমাদের সৃষ্টি ভেরিয়েবল sql-কে সেট করতে হবে। একটু পরই সেখানে আসছি। প্রথমে আবারো উল্লেখ করা জরুরী যে: DataAdapter এর কাজ হলো-কানেকশন অবজেক্ট ও ডাটাসেটের মধ্যে কমিউনিকেশন এজেন্ট হিসাবে কাজ করা।

### ডাটাবেইজ প্রোগ্রামিংয়ের ভাষা: Structured Query Language [SQL]

ইতোমধ্যে আমরা বেশ কয়েকবার sql [উচ্চারণ, সিকুয়েল] শব্দটি নিয়ে কথা বলেছি। তবে এর ব্যাখ্যা দিই নি। বাস্তবে এটা একটি ডাটাবেইজ প্রোগ্রামিং ভাষার নাম। এ ভাষা সম্পর্কে অন্তত কিছুটা জ্ঞান না থাকলে সত্যিকার অর্থে কোডের মাধ্যমে যে কোন ডাটাবেইজ নিয়ে কাজ করা আদৌ সম্ভব নয়। আমরা এখানে Access ডাটাবেইজ নিয়ে কাজ করছি। সিকুয়েল দ্বারা এরপ ডাটাবেইজকে নিয়ন্ত্রণ করা যায়। তবে আরো কিছু ডাটাবেইজ আছে যেগুলোর সঙ্গে যোগাযোগ সৃষ্টিতে এই একই ভাষা ব্যবহার করা সম্ভব। এ গ্রন্থে আমরা সেদিকে যাচ্ছি না। শুধু Access ডাটাবেইজের ওপরই আমাদের আলোচনা সীমিত রাখবো। ভাষার মৌলিক নির্দেশনা বেশ সহজ। যেমন:

**SELECT \* FROM TableName** -এই লাইনের অর্থ ডাটাবেইজের টেবিলের পুরো রেকর্ড। লক্ষ করুন TableName সিকুয়েলের নির্দেশনা নয়- এটা হচ্ছে যে টেবিল নিয়ে কাজ করবেন তার নাম। যেমন, আমাদের ক্ষেত্রে এটি হবে: Tikana। \* অর্থ ‘All Records’। সিকুয়েলের সকল কিওয়ার্ড বড়ো অক্ষরে লেখা উভয়। ফলে আমরা বুঝতে পারবো কোনটি কিওয়ার্ড ও ক্লোনটি নয়। সুতরাং এ লাইনটির অর্থ হলো: TableName নামক টেবিল থেকে সকল রেকর্ড সিলেক্ট করো। তবে \* এটা দিয়ে টেবিলের সকল রেকর্ড সিলেক্ট করা ছাড়াও আমরা চাইলে শুধুমাত্র একটি কলাম বা রো সিলেক্ট করতে পারি। যেমন:

```
SELECT Tikana.নাম, Tikana.মোবাইল FROM Tikana
```

আমাদের উদ্দেশ্য কিন্তু পুরো টেবিলটিই সিলেক্ট করা। সুতরাং সিকুয়েলের অন্যান্য কমান্ড সম্পর্কে আর অতিরিক্ত কিছু বলছি না। শিক্ষার্থীরা চাইলে সিকুয়েল বিষয়ের ওপর গ্রন্থাদি পাঠ করতে পারেন। ইন্টারনেটেও এ ভাষা শেখার জন্য

১৫তম পরিচ্ছদ: *Database Programming Made Simple***সহজ ডাটাবেইজ প্রোগ্রামিং: *Database Programming Made Simple***

অনেক ওয়েবপেইজ আছে। যাক, আমরা এখন তিনটি ডিক্লারেশন ও দু'টি লাইন বোতামের কোডে যুক্ত করতে চাই:

'=====নতুন ডিক্লারেশন ======

```
Dim ds As New DataSet 'একটি ডাটাসেট অবজেক্ট হোল্ড করে।
Dim da As OleDb.OleDbDataAdapter 'একটি এডাপ্টার অবজেক্ট হোল্ড করে।
Dim Sql As String 'একটি সিকুয়েল স্ট্রিং হোল্ড করে।
```

'=====

'===== নতুন কোড =====

```
Sql = "SELECT * FROM Tikana" 'সিকুয়েল স্ট্রিং স্টোর করা।
' ডাটা এডাপ্টারের নিকট সিকুয়েল স্ট্রিং ও কানেকশন অবজেক্ট পাস করে দেওয়া।
da = New OleDb.OleDbDataAdapter(Sql, con)
```

'=====

এখন পর্যন্ত বোতামের কোড হলো:

```
Private Sub Button1_Click(sender As Object, e As EventArgs) Handles Button1.Click
```

```
Dim con As New OleDb.OleDbConnection 'ভেরিয়েবল con একটি যুক্তকরণ অবজেক্ট হোল্ড করবে।
Dim dbProvider As String 'ভেরিয়েবল dbProvider একটি বিশেষ স্ট্রিং হোল্ড করবে [দেখুন ১০ম লাইনটি]।
Dim dbSource As String 'ভেরিয়েবল dbSource একটি স্ট্রিং হোল্ড করবে।
Dim FullDatabasePath As String 'ডাটাবেইজের পূর্ণাঙ্গ প্যাথনাম।
```

'=====নতুন ডিক্লারেশন ======

```
Dim ds As New DataSet 'একটি ডাটাসেট অবজেক্ট হোল্ড করে।
Dim da As OleDb.OleDbDataAdapter 'একটি এডাপ্টার অবজেক্ট হোল্ড করে।
Dim Sql As String 'একটি সিকুয়েল স্ট্রিং হোল্ড করে।
```

'=====

dbProvider = "Provider=Microsoft.ACE.OLEDB.12.0;" 'সিস্টেমের বিশেষ একটি স্ট্রিং।

' MsgBox(CurDir)

FullDatabasePath = "C:\Users\htci\Desktop\TikanaBoi.accdb" 'ডাটাবেইজের পুরো প্যাথ নাম।
dbSource = "Data Source=" & FullDatabasePath 'dbSource মধ্যে এখন পূর্ণাঙ্গ স্ট্রিং থাকবে।

'MsgBox(dbSource) 'ডিবাগ কারার জন্য এই লাইন। এটি থাকবে না।

con.ConnectionString = dbProvider & dbSource

con.Open()

'===== নতুন কোড ======

Sql = "SELECT \* FROM Tikana" 'সিকুয়েল স্ট্রিং স্টোর করা।

' ডাটা এডাপ্টারের নিকট সিকুয়েল স্ট্রিং ও কানেকশন অবজেক্ট পাস করে দেওয়া।

da = New OleDb.OleDbDataAdapter(Sql, con)

'=====

con.Close()

End Sub

## ১৫তম পরিচ্ছেদ: Database Programming Made Simple


## সহজ ডাটাবেইজ প্রোগ্রামিং: Database Programming Made Simple

এবার ডাটাসেট পূরণ করার পালা। এজন্য প্রয়োজন আমাদের ডিক্লায়ার করা ডাটা এডাপ্টার- তথা da। সুতরাং কোড ব্লকের লাইন: da = New OleDb.OleDbDataAdapter(Sql, con) -এর পরই আমাদেরকে নিচের লাইনটি লিখতে হবে।

```
da.Fill(ds, "TikanaDB") 'ডাটা সেট পূরণ করার পালা।
```

আমাদের ডাটা এডাপ্টার সৃষ্টি হয়ে গেছে। এখন DataSet(ds) -টি আমাদের বানানো TikanaBoi.accdb ডাটাবেইজের Tikana নামক টেবিলটি পুরোপুরি হোল্ড করবে। তবে এক সমস্যা তো রয়েই গেলো! কেউ তো তথ্যাদি দেখতে পারবেন না। এ ব্যাপারে আরো কিছু কাজ করতে হবে। আর তা আমরা এক্ষুণি করবো।

টেবিলের তথ্যাদি প্রদর্শনের জন্য প্রয়োজন কয়েকটি টেক্স্ট বাক্স। সুতরাং নিচের চিত্র অনুযায়ী সবক'টি টেক্স্ট বাক্স ও লেবেল ফর্মে নিয়ে যুক্ত করুন।



লক্ষ করুন: চারটি খালি টেক্স্ট বাক্সে থাকবে টেবিলের তথ্যাদি। উপরের ছোট টেক্স্ট বাক্সে থাকবে আইডি নাম্বার। নিচের ছোট টেক্স্ট বাক্সে থাকবে রেকর্ড নাম্বার। যেহেতু রেকর্ড শুরু হয় ০ থেকে তাই এটাই থাকবে ডিফল্ট হিসাবে। আমাদের কোড এই সংখ্যাটি নিয়ে তথ্য প্রদর্শন করবে। ব্যবহারকারী যখন ১ কিংবা ২ লিখবেন এবং বোতামে টিপ দিবেন তখন এই সংখ্যা মুতাবিক রেকর্ড প্রদর্শন হবে। যাক যে অতিরিক্ত লাইনগুলো বোতামের ক্লিক ইভেন্টে লিখা হবে সেগুলো নিচে তুলে ধরছি। এরপর পুরো কোডটি আমরা তুলে ধরবো।

যেহেতু আমাদের টেবিলে প্রতোক রেকর্ডে ৪টি করে রেকর্ড আছে তাই এগুলো প্রদর্শনের জন্য চারটি ফিল্ডের কথাই লিখতে হবে। তবে সর্বপ্রথম আমাদেরকে জানতে হবে, ব্যবহারকারী যে

সংখ্যাটি রেকর্ড নং ফিল্ডে লিখেছেন তা সঠিক কি না।

'validate record number'

```
If Val(TextBox1.Text) < 0 Or Val(TextBox1.Text) > 2 Then 'ভেলিড সংখ্যা না হলে
    MsgBox("Please enter 0, 1 or 2 only") 'এই মেসেজ প্রদর্শন করে সাব থেকে বেরিয়ে যাওয়া।
    Exit Sub
End If
```

'=====

```
Dim RecNum As Integer = 0 'এটা হোল্ড করবে টেক্স্ট বাক্সের সংখ্যাটি যার দ্বারা সঠিক রো এর তথ্য আনা হবে।
RecNum = Val(TextBox1.Text) 'ভেরিয়েবলে টেক্স্টবাক্সের সংখ্যা [০,১ বা ২]
```

উক্ত কোড ব্লক কিভাবে কাজ করে তা আশারাখি বুঝিয়ে বলার প্রয়োজন নেই। If -- End if ব্লকের কাজ হলো টেক্স্ট বাক্স-১ এর ভেতর ব্যবহারকারী সঠিক সংখ্যা [০,১ বা ২] লিখেছেন কি না। টেস্ট ফেইল হলে একটি মেসেজ বাক্স দেখিয়ে বোতামের ইভেন্ট সাব থেকে বেরিয়ে আসার ব্যবস্থা করা হয়েছে। এরপর আবার সঠিক সংখ্যা লিখলে কিন্তু টেবিল থেকে চারটি ভ্যালু উপরের চারটি টেক্স্ট বাক্সে প্রদর্শিত হবে। লক্ষ করুন, ডিফল্ট সংখ্যা হিসাবে ০ রেখেছি। টেক্স্টবাক্স-১ এর Text প্রোপার্টি ডিজাইন-টাইমে ০ লিখে দিয়েছি। অপর আরেক ব্যাপার হলো উপরের চারটি টেক্স্টবাক্সকে রীড-অনলি বাক্সে পরিণত করেছি যাতেকরে কেউ কিছু এতে লিখতে পারেন না। প্রোপার্টি যেয়ে টেক্স্টবাক্সের ReadOnly প্রোপার্টি True করলেই কাজ হয়ে যাবে। যাক এবার আমরা পরের পৃষ্ঠায় পূর্ণ কোডটি তুলে ধরছি। শিক্ষার্থীরা কোডগুলো দেখে দেখে ভালো করে বুঝার চেষ্টা করবেন। অবশ্য কোড লেখার পর আমরা প্রোগ্রামটি রানকালীন একটি জানালার চিত্রও দেখিয়েছি। আমাদের ডাটাবেইজের আইটেমগুলো সঠিকভাবে আসছে কি না তা তো টেস্ট করে দেখা চাই। ঠিক না?

## ১৫তম পরিচ্ছদ: Database Programming Made Simple

## সহজ ডাটাবেইজ প্রোগ্রামিং: Database Programming Made Simple

Public Class Form1


```

Private Sub Button1_Click(sender As Object, e As EventArgs) Handles Button1.Click
    'validate record number
    If Val(TextBox1.Text) < 0 Or Val(TextBox1.Text) > 2 Then 'ভেলিড সংখ্যা না হলে
        MsgBox("Please enter 0, 1 or 2 only") 'এই মেসেজ প্রদর্শন করে সাব থেকে বেরিয়ে যাওয়া।
    Exit Sub
    End If
    =====
    Dim RecNum As Integer = 0 'এটা হেল্প করবে টেক্সট বাক্সের সংখ্যাটি যার দ্বারা সঠিক রো এর তথ্য আনা হবে।
    RecNum = Val(TextBox1.Text) 'ভেরিয়েবলে টেক্সট বাক্সের সংখ্যা [0,1 বা 2]
    Dim con As New OleDb.OleDbConnection 'ভেরিয়েবল con একটি যুক্তকরণ অবজেক্ট হোল্ড করবে।
    Dim dbProvider As String 'ভেরিয়েবল dbProvider একটি বিশেষ স্ট্রিং হোল্ড করবে।
    Dim dbSource As String 'ভেরিয়েবল dbSource একটি স্ট্রিং হোল্ড করবে।
    Dim FullDatabasePath As String 'ডাটাবেইজের পূর্ণ প্যাথনাম।
    Dim ds As New DataSet 'একটি ডাটাসেট অবজেক্ট হোল্ড করে।
    Dim da As OleDb.OleDbDataAdapter 'একটি এডাপ্টার অবজেক্ট হোল্ড করে।
    Dim Sql As String 'একটি সিকুয়েল স্ট্রিং হোল্ড করে।
    =====
    dbProvider = "Provider=Microsoft.ACE.OLEDB.12.0;" 'সিস্টেমের বিশেষ একটি স্ট্রিং।
    FullDatabasePath = "C:\Users\htci\Desktop\TikanaBoi.accdb" 'ডাটাবেইজের পূর্ণ প্যাথ নাম।
    dbSource = "Data Source=" & FullDatabasePath 'dbSource এর মধ্যে এখন পূর্ণসং স্ট্রিং থাকবে।
    'MsgBox(dbSource) 'ডিবাগ কারণ জন্য এই লাইন। এটি থাকবে না।
    con.ConnectionString = dbProvider & dbSource
    con.Open() 'ডাটাবেইজটি খোলার নির্দেশ।
    Sql = "SELECT * FROM Tikana" 'সিকুয়েল স্ট্রিং স্টোর করা।
    'ডাটা এডাপ্টারের নিকট সিকুয়েল স্ট্রিং ও কানেকশন অবজেক্ট পাস করে দেওয়া।
    da = New OleDb.OleDbDataAdapter(Sql, con)
    da.Fill(ds, "TikanaDB") 'দ্বিতীয় প্যারামিটার যে কোনো কিছু হতে পারে।
    IDtext.Text = ds.Tables("TikanaDB").Rows(RecNum).Item(0) 'আইডি
    NameText.Text = ds.Tables("TikanaDB").Rows(RecNum).Item(1) 'নাম
    AddressText1.Text = ds.Tables("TikanaDB").Rows(RecNum).Item(2) 'ঠিকানা-১
    AddressText2.Text = ds.Tables("TikanaDB").Rows(RecNum).Item(3) 'ঠিকানা-২
    MobileText.Text = ds.Tables("TikanaDB").Rows(RecNum).Item(4) 'মোবাইল
    =====
    con.Close() 'ডাটাবেইজটি বন্ধের নির্দেশ।
End Sub
End Class

```

ডানের চিত্রে ঠিকানা ডাটাবেইজ প্রোগ্রামটি রানকালীন জানলার একটি দৃশ্য দেখাচ্ছে। লক্ষ করুন, রেকর্ড দেখার জন্য আমাদেরকে একটি ইন্টেজার [0,1,2] প্রবেশ করতে হবে। কিন্তু আমরা যখন উইজার্ড দিয়ে একই ডাটাবেইজ তৈরি করেছিলাম, তখন ন্যাভিগেট করার জন্য দু'টি বোতাম ছিলো। ওগুলোতে ক্লিক করে করে আমরা এক রেকর্ড থেকে অন্যটিতে যাই। আর এটাই স্বাভাবিক। সুতরাং কোড দ্বারা সৃষ্টি আমাদের ঠিকানা ডাটাবেইজও কি অনুরূপ প্রাকটিক্যাল বানাতে পরি? হ্যাঁ, পারি। সুতরাং আসুন, এবার ন্যাভিগেশন কোডগুলো কিভাবে লিখতে হবে তা জেনে নিই। প্রথমে ফর্মের ডিজাইনে কিছু পরিবর্তন আনতে হবে। নিচের চিত্রে সেটা তুলে ধরেছি।


এখানে আমরা যা করেছি তাহলো, চারটি ন্যাভিগেশন বোতাম যুক্ত করেছি। সর্বাধিক ডানের ও বামের বোতাম দু'টো হলো যথাক্রমে



## ১৫তম পরিচ্ছেদ: Database Programming Made Simple

### সহজ ডাটাবেইজ প্রোগ্রামিং: Database Programming Made Simple

শেষের রেকর্ড ও প্রথম রেকর্ড দেখার বোতাম। মাঝের দু'টো প্রদর্শিত রেকর্ড থেকে পরেরটা ও আগেরটায় যাওয়ার বোতাম। কোডের সুবিধার্তে প্রতিটি বোতামের নামকরণ করেছি এভাবে:



সর্বাধিক ডানের বোতাম: btnLast  
সর্বাধিক বামের বোতাম: btnFirst  
পরের রেকর্ডের বোতাম: btnNext  
আগের রেকর্ডের বোতাম: btnPrev

আমাদের ইচ্ছে ঠিকানা ডাটাবেইজটি ব্যবহারবান্ধব হবে। সুতরাং আমরা চাই রেকর্ড দেখার জন্য রেকর্ড সংখ্যা দ্বারা যেরূপ রেকর্ডের তথ্য নিয়ে আসা যায় সেরূপ যাতে ন্যাভিগেশন বোতাম দ্বারাও রেকর্ড দেখার সুযোগ থাকে। এছাড়া প্রথম ও শেষ রেকর্ড দেখারও সহজ উপায় থাকতে হবে। এ কারণেই 'ডাটা আনুন' বোতাম এবং সংখ্যা প্রবেশের ফিল্ডটি রেখে দিয়েছি।

ন্যাভিগেশনের জন্য নতুন কোড লিখতে হবে। তবে আমরা ইতোমধ্যে যাকিছু কোড করেছি তার বেশিরভাগই ফাইনাল

কোডে থাকবে। নিচে এবার পুরো কোডটি তুলে ধরেছি। এরপর অতিরিক্ত কোড কিভাবে কাজ করে তা একে একে বুঝিয়ে দেবো। এই ব্যাখ্যা শেষে Database Programming এর মতো বিরাট বিষয়ের ওপর আমাদের প্রাথমিক অনুসন্ধানমূলক এ পরিচ্ছেদের ইতি ঘটবে। শিক্ষার্থীরা এ থেকেই যা শিখেছেন, সাধারণ কাজের জন্য তা-ই যথেষ্ট হবে। ইটারনেটে অনেক স্যাম্পল ডাটাবেইজ এ্যাপ্লিকেশন পাওয়া যায়। যারা এ বিষয়ে আরো গভীরে যেতে ইচ্ছুক তাদের প্রতি আমার উপদেশ হলো ইন্টারনেটের এসব স্যাম্পল ডাউনলোড করে কোড দেখুন ও শিখুন।

### ঠিকানা ডাটাবেইজের এ পর্যন্ত পূর্ণাঙ্গ কোড

#### Public Class Form1

'গ্লোবাল ডিক্লারেশন

Dim RecNum As Integer = 0 'এটা হেল্প করবে টেক্সট বাল্বের সংখ্যাটি যার দ্বারা সঠিক রো এর তথ্য আনা হবে।

Dim NumRec As Integer 'এটা হেল্প করবে টেবিলের মোট রেকর্ড নাম্বার।

'এটা হলো ডাটা আনুন বোতামের সাবরক্টন। এটা কল করে GetAndFillRecord সাব।

Private Sub Button1\_Click(sender As Object, e As EventArgs) Handles Button1.Click  
GetAndFillRecord() 'সাব কল।  
End Sub

'এই সাব ন্যাভিগেশন বোতামগুলো সক্রিয় করে। প্রাথমিকভাবে ওগুলো অক্রিয়।

Private Sub EnableNavigationBn()

    btnFirst.Enabled = True : btnLast.Enabled = True  
    btnNext.Enabled = True : btnPrev.Enabled = True

End Sub

'এ ফাংশনের কাজ হলো টেক্সট বাল্বে সঠিক সংখ্যা আছে কি না, তা দেখা। রিটার্ন করবে বুলিয়ান ভ্যালু [সত্য বা মিথ্যা]।

Private Function ValidateEntryNum()

    If Val(TextBox1.Text) < 0 Or Val(TextBox1.Text) > NumRec - 1 Then 'ভেলিড সংখ্যা না হলে

        'এই ফাংশন কলের পূর্বে অন্তত একবার ডাটাবেইজ খোলা হবে। ফলে NumRec এর মান কি তা-ও জানা থাকবে

        MsgBox("There are 0 to " & NumRec - 1 & " records only!") 'এই মেসেজ প্রদর্শন করে ফলস ভ্যালু রিটার্ন করা।

        Return False

    End If

    Return True 'গ্রহণযোগ্য সংখ্যা- তাই রিটার্ন দ্রু।

End Function

'রেকর্ড থেকে তথ্য এনে ফিল্ডে দেখানো হলো এ সাবের কাজ।

Private Sub GetAndFillRecord()

## ১৫তম পরিচ্ছেদ: Database Programming Made Simple

## সহজ ডাটাবেইজ প্রোগ্রামিং: Database Programming Made Simple

```

RecNum = Val(TextBox1.Text) 'ভেরিয়েবলে টেক্সবারের সংখ্যা। প্রথমবার এর মান ০।
Dim con As New OleDb.OleDbConnection 'ভেরিয়েবল con একটি যুক্তকরণ অবজেক্ট হোল্ড করবে।
Dim dbProvider As String 'ভেরিয়েবল dbProvider একটি বিশেষ স্ট্রিং হোল্ড করবে।
Dim dbSource As String 'ভেরিয়েবল dbSource একটি স্ট্রিং হোল্ড করবে।
Dim FullDatabasePath As String 'ডাটাবেইজের পূর্ণাঙ্গ প্যাথনাম।
Dim ds As New DataSet 'একটি ডাটাসেট অবজেক্ট হোল্ড করে।
Dim da As OleDb.OleDbDataAdapter 'একটি ডাপটার অবজেক্ট হোল্ড করে।
Dim Sql As String 'একটি সিকুয়েল স্ট্রিং হোল্ড করে।
dbProvider = "Provider=Microsoft.ACE.OLEDB.12.0;" 'সিস্টেমের বিশেষ একটি স্ট্রিং।
FullDatabasePath = "C:\Users\htci\Desktop\LearningDotNet\MyDatabase\TikanaBoi.accdb" 'ডাটাবেইজের পুরো প্যাথ নাম।
dbSource = "Data Source=" & FullDatabasePath 'dbSource এর মধ্যে এখন পূর্ণাঙ্গ স্ট্রিং থাকবে।
con.ConnectionString = dbProvider & dbSource 'কানেকশন স্ট্রিং পূর্ণ হলো।
con.Open() 'ডাটাবেইজ খোলার নির্দেশ।
'ক টি রেকর্ড আছে তা জানা। ভেরিয়েবল cmd একটি সিকুয়েল কমান্ড হোল্ড করবে।
Dim cmd As New OleDb.OleDbCommand("Select COUNT(*) FROM Tikana", con)
NumRec = cmd.ExecuteScalar() 'সিস্টেম ফাংশন দ্বারা রেকর্ড সংখ্যা আন।
'ফাংশন কল করে রেকর্ড সংখ্যা সঠিক আছে কি না দেখা।
If ValidateEntryNum() = False Then
    con.Close() 'ভুল হলে ডাটাবেইজ বন্ধ করে এক্সিট করা।
    Exit Sub
End If
Sql = "SELECT * FROM Tikana" 'সিকুয়েল স্ট্রিং স্টোর করা।
'ডাটা এডাপ্টারের নিকট সিকুয়েল স্ট্রিং ও কানেকশন অবজেক্ট পাস করে দেওয়া।
da = New OleDb.OleDbDataAdapter(Sql, con)
da.Fill(ds, "TikanaDB") 'দ্বিতীয় প্যারামিটার যে কোনো কিছু হতে পারে।
IDText.Text = ds.Tables("TikanaDB").Rows(RecNum).Item(0) 'আইডি
NameText.Text = ds.Tables("TikanaDB").Rows(RecNum).Item(1) 'নাম
AddressText1.Text = ds.Tables("TikanaDB").Rows(RecNum).Item(2) 'ঠিকান-১
AddressText2.Text = ds.Tables("TikanaDB").Rows(RecNum).Item(3) 'ঠিকান-২
MobileText.Text = ds.Tables("TikanaDB").Rows(RecNum).Item(4) 'মোবাইল
EnableNavigationBtn() 'ডাটাবেইজ লোড হয়েছে তাই চারটি ন্যাভিগেশন বোতাম সক্রিয় করতে হবে।
=====
con.Close() 'ডাটাবেইজ ক্লোজ করা- এটা জরুরী।
End Sub
'এটা প্রথম রেকর্ড দেখার বোতামের সাবরুটিন।
Private Sub btnFirst_Click(sender As Object, e As EventArgs) Handles btnFirst.Click
    TextBox1.Text = "0" 'ট্যাক্সট বারে প্রথম রেকর্ড ইনডেক্স সংখ্যা লিখে দেওয়া।
    GetAndFillRecord() 'উপরের রেকর্ড প্রদর্শনের সাবরুটিন কল করা।
End Sub
'এটা সর্বশেষ রেকর্ড দেখার বোতামের সাবরুটিন।
Private Sub btnLast_Click(sender As Object, e As EventArgs) Handles btnLast.Click
    TextBox1.Text = NumRec - 1 'ইনডেক্স শুরু হয় ০ থেকে তাই মোট রেকর্ড থেকে ১ কমাতে হবে।
    GetAndFillRecord() 'রেকর্ড প্রদর্শনের সাবরুটিন কল করা।
End Sub
'এটা পরের রেকর্ড দেখার বোতামের সাবরুটিন।
Private Sub btnNext_Click(sender As Object, e As EventArgs) Handles btnNext.Click
    If ValidateEntryNum() <> False Then 'প্রথমে ভেলিড সংখ্যা আছে কি না দেখতে হবে।
        If TextBox1.Text >= NumRec Then 'ভেলিড সংখ্যা সত্য হলেও, সর্বশেষ রেকর্ডে আসা হয়েছে কিনা দেখতে হবে।
            Beep() 'সর্বশেষ রেকর্ড এটি- সিস্টেম সাউন্ড প্লে করে সাব থেকে বেরিয়ে যাওয়া।
            Exit Sub
        End If
    End If

```

## ১৫তম পরিচ্ছেদ: Database Programming Made Simple

## সহজ ডাটাবেইজ প্রোগ্রামিং: Database Programming Made Simple

```

Dim entryNum As Integer = Val(TextBox1.Text) + 1 'টেক্স বাক্সের সংখ্যা ১ বাড়ানো।
If entryNum >= NumRec Then 'আবার চেক করা দরকার, এ নতুন সংখ্যা রেকর্ড সংখ্যা থেকে বেশি কি না।
    Beep() 'বেশি হলে বিপ বাজিয়ে আউট!
    Exit Sub
End If
TextBox1.Text = entryNum 'নতুন নাম্বার টেক্স বাক্সে নেওয়া ও...
GetAndFillRecord() 'প্রদর্শন সাব কল করা।
End If
End Sub
'এটা আগের রেকর্ড দেখার বোতামের সাবরুটিন।
Private Sub btnPrev_Click(sender As Object, e As EventArgs) Handles btnPrev.Click
    If ValidateEntryNum() <> False Then 'প্রথমে ভেলিড সংখ্যা আছে কি না দেখতে হবে।
        If TextBox1.Text <= 0 Then 'ভেলিড সংখ্যা সত্য হলেও, প্রথম রেকর্ডে আসা হয়েছে কিনা দেখতে হবে।
            Beep() 'প্রথম রেকর্ড এটি- সিস্টেম সাউন্ড প্লে করে সাব থেকে বেরিয়ে যাওয়া।
            Exit Sub
        End If
        Dim entryNum As Integer = Val(TextBox1.Text) - 1 'টেক্স বাক্সের সংখ্যা ১ কামনো।
        If entryNum < 0 Then 'আবার চেক করা দরকার, এ নতুন সংখ্যা শূন্য বা প্রথম রেকর্ড সংখ্যা থেকে কম কি না।
            Beep() 'কম হলে বিপ বাজিয়ে আউট!
            Exit Sub
        End If
        TextBox1.Text = entryNum 'নতুন নাম্বার টেক্স বাক্সে নেওয়া ও...
        GetAndFillRecord() 'প্রদর্শন সাব কল করা।
        End If
    End Sub
End Class

```

ঠিকানা ডাটাবেইজের পৃষ্ঠাঙ্গ কোড তুলে ধরলাম। আমরা একে একে প্রতিটি সাব নিয়ে এবার বিস্তারিত ব্যাখ্যা তুলে ধরবো। তবে ইতোমধ্যে যেসব ব্যাপারে আলোচনা হয়ে গেছে তার পুনরাবৃত্তি করবো না অবশ্যই।

আমাদের কোডে সর্বমোট ৭টি সাবরুটিন ও ১টি ফাংশন আছে। প্রথমে এগুলোর নামের একটি তালিকা তুলে ধরছি।

১. Private Sub Button1\_Click() ২. Private Sub EnableNavigationBtn() ৩. Private Sub GetAndFillRecord() ৪. Private Sub btnFirst\_Click() ৫. Private Sub btnLast\_Click() ৬. Private Sub btnNext\_Click() ৭. Private Sub btnPrev\_Click()

একটি মাত্র ফাংশন: Private Function ValidateEntryNum()

আমি শিক্ষার্থীদের সুবিধার জন্য মূল কোডে খুব বেশি করে কমেন্ট করেছি। এতে অনেক ব্যাখ্যা এসেছে। বাস্তবে যে কোনো কোডেই এক্সেপ ব্যাখ্যা রাখা জরুরী। পরবর্তীতে ডিবাগ [স্টিককরণ] ক্রিয়া অনেকটা সহজ হয়। আর মনে রাখা দরকার, কোনো কোনো কোড শত শত বা এমনকি হাজার হাজার লাইন পর্যন্ত হতে পারে। সুতরাং শিক্ষার্থীরা কমেন্ট করার অভ্যস করে নেবেন। মনে রাখবেন যে কোনো লাইনের পূর্বে এই সিঙ্গুল কোট মার্ক [] থাকলে সেটা কমেন্ট হয়ে যায়। কম্পাইল বা রান করার সময় এ লাইন উপেক্ষা করা হবে। যাক এবার ৭টি সাবরুটিন ও ১টি ফাংশনের ব্যাখ্যা একে একে তুলে ধরার প্রয়াস পাচ্ছি।

আমরা দু’টি গ্লোবাল ভেরিয়েবল ফর্মের ক্লাসের একেবারে উপরেই ডিক্লায়ার করেছি। আমাদের উদ্দেশ্য এগুলো যে কোনো সাবে প্রাপ্ত হওয়া। এ গ্লোবালের প্রথমটির নাম: RecNum। আর দ্বিতীয়টির নাম: NumRec। প্রথমটিতে থাকবে ব্যবহারকারীর প্রবেশকৃত সংখ্যা- অর্থাৎ TextBox1 -এর সংখ্যাটি। আর দ্বিতীয়টিতে থাকবে আমাদের ঠিকানা ডাটাবেইজের টেবিলের রেকর্ড সংখ্যা। আমরা চাই রেকর্ড বৃদ্ধি কিংবা কমলেও যাতে এ্যাপলিকেশন কাজ করে। কোড ব্যাখ্যার পরই আমরা কিছু রেকর্ড বাড়াবো এবং প্রোগ্রাম রান করে দেখবো সবকিছু ঠিকমতো কাজ করছে কি না।

১. Private Sub Button1\_Click(): এই সাবরুটিন দ্বারা আমরা রেকর্ড প্রদর্শন করবো। এটা মূল সাবরুটিন

## ১৫তম পরিচ্ছদ: Database Programming Made Simple

### সহজ ডাটাবেইজ প্রোগ্রামিং: Database Programming Made Simple

GetAndFillRecord কল করে মাত্র।

২. **Private Sub** EnableNavigationBtn: এটার কাজ চারটি ন্যাভিগেশন বোতাম সক্রিয় করা। প্রথমে প্রোগ্রাম চলাকালে এই বোতামগুলো অক্ষিয় রাখা থাকবে। এর কারণ হলে, তখনো ডাটাবেইজ খুলবে না। সুতরাং এগুলো সক্রিয় থাকার প্রয়োজন নেই। এই সাব ডাটাবেইজ খোলার পরই ডাকা হবে।

৩. **Private Sub** GetAndFillRecord: এটাই আমাদের মূল সাবরুটিন যার মাধ্যমে ডাটাবেইজ খোলা ও প্রদর্শিত হয়। এ সাব সম্পর্কে আগেই আমরা বেশ আলোচনা করেছি। তবে কিছু কোড নতুনভাবে যুক্ত হয়েছে। সুতরাং এগুলো সম্পর্কে কিছু ব্যাখ্যার প্রয়োজন।

প্রথম লাইনটি দ্বারা আমরা ভেরিয়েবল RecNum -এ মান যুক্ত করেছি। লক্ষ করুন, এ মানটি হলো টেক্সবাক্স-১ এর মধ্যে যা আছে তাই। আর প্রথমে এ সংখ্যা হবে ০। অবশ্য পরবর্তিতে এটা ভিন্ন হতে পারে। এরপর যে কোডটি এখানে যুক্ত হয়েছে তাহলো `con.Open()` -এর পরের দু'টো লাইন এবং সবশেষে একটি লাইন। যথা:

ক টি রেকর্ড আছে তা জানা। ভেরিয়েবল cmd একটি সিকুয়েল কমান্ড হোল্ড করবে।

`Dim cmd As New OleDb.OleDbCommand("Select COUNT(*) FROM Tikana", con)`

`NumRec = cmd.ExecuteScalar()` "সিস্টেম ফাংশন দ্বারা রেকর্ড সংখ্যা আনা।

`TextBox2.Text = NumRec` 'রেকর্ড সংখ্যা টেক্স ফিল্ডে দেখানো।

লক্ষ করুন, উপরের কমেন্ট লাইনটি রেখে দিয়েছি যাতে শিক্ষার্থীরা ব্যাপারটি সহজে বুঝতে পারেন। প্রথম লাইনটি হলো **OleDb** এর একটি সিস্টেম অবজেক্ট ডিক্লারেশন। অবজেক্টটির একটি ইনস্ট্যান্ট (বা কপি) **cmd** নামকরণে নতুনভাবে নিয়ে এসেছি। এর দুটি প্যারামিটার আছে: ১. সিকুয়েল কমান্ড "**Select COUNT(\*) FROM Tikana**" এবং ২. **con** নামক কানেকশন অবজেক্ট। লক্ষ করুন প্রথম প্যারামিটারের কমান্ডে **COUNT** শব্দটি আছে। এর অর্থ হলো ঠিকানা টেবিলের মধ্যে ক'টি রেকর্ড আছে তা গণনা করা। দ্বিতীয় লাইন দ্বারা নির্দেশ দেওয়া হচ্ছে কমান্ড অবজেক্ট থেকে সংখ্যা নিয়ে এসে ভেরিয়েবল **NumRec** -তে রাখো। আর এ কাজের জন্য একটি সিকুয়েল নির্দেশনা তথা **ExecuteScalar** ব্যবহৃত হয়েছে। শিক্ষার্থীদের এ পর্যায়ে ঠিক কিভাবে এই কমান্ডগুলো কাজ করে তা জানার দরকার নেই। শুধুমাত্র এটাই শিখে নিতে হবে যে উপরোক্ত দু'টি লাইন দ্বারা যে কোনো ডাটাবেইজের উল্লেখিত টেবিলে ক'টি রো বা রেকর্ড আছে তা জানা যায়। আর মনে রাখার বিষয় যে, ডাটাবেইজ খোলা থাকাবস্থায় এই লাইনগুলো কার্যকরী হবে। এ দু'টি লাইনের একমাত্র উদ্দেশ্য হলো টেবিলে ক'টি রেকর্ড আছে তা জানা। শেষের লাইনটি দ্বারা রেকর্ড সংখ্যাটি টেক্সট বাক্স-২ এ প্রদর্শনের নির্দেশ দেওয়া হয়েছে। অবশ্য ফর্মে একটি লেবেল ও টেক্স বাক্স যুক্ত করতে হবে। এই সাবে আরো যা নতুনভাবে যুক্ত হয়েছে তাহলো:

`IDText.Text = ds.Tables("TikanaDB").Rows(RecNum).Item(0)` 'আইডি

এবং

`EnableNavigationBtn()` 'ডাটাবেইজ লোড হয়েছে তাই চারটি ন্যাভিগেশন বোতাম সক্রিয় করতে হবে।

যেহেতু আমাদের ডাটাবেইজে **ID** নামক একটি কলাম আছে তাই এটাও আইডি ফিল্ডে প্রদর্শনের প্রয়োজন। প্রথম লাইনে এ নির্দেশনাই দেওয়া হয়েছে। আর দ্বিতীয় লাইনের মাধ্যমে আমরা ন্যাভিগেশন বোতাম চারটে সক্রিয় করার জন্য সাবরুটিন কল করেছি।

৪. **Private Sub** btnFirst\_Click: এ বোতামের মাধ্যমে আমরা প্রথম রেকর্ড দেখার ব্যবস্থা করেছি। লক্ষ করুন, অতি সহজে এ কাজটি আঞ্চাম দিতে আমরা প্রথমে টেক্সটবাক্স-১ এ ০ প্রবেশ করেছি এরপর কল করেছি আমাদের মূল সাবটি।

৫. **Private Sub** btnLast\_Click: এ বোতামের মাধ্যমে আমরা সর্বশেষ রেকর্ডটি দেখাতে চাই। সুতরাং কোড প্রায় একই। এ ক্ষেত্রে অবশ্য ক'টি রেকর্ড আছে তা আমাদের জানা নেই। তবে, আমরা NumRec ভেরিয়েবলের মধ্যে এ সংখ্যাটি সংরক্ষণ করেছি। রেকর্ডের [বা রো এর] ইনডেক্স সিস্টেম কিন্তু ০- বেইজড। সুতরাং সর্বশেষ রেকর্ডের ইনডেক্স হবে মোট রেকর্ড মাইনাস ১। এটা মনে রাখতে হবে।

৬. **Private Sub** btnNext\_Click: এটা পরবর্তী রেকর্ডে ন্যাভিগেশনের কোড। তবে কোডটি কিছুটা জটিল। প্রথমে

## ১৫তম পরিচ্ছেদ: Database Programming Made Simple

## সহজ ডাটাবেইজ প্রোগ্রামিং: Database Programming Made Simple

জানতে হবে টেক্স্টবাক্সে বর্তমানে যে সংখ্যাটি আছে তা ভেলিড কি না। কারণ, ব্যবহারকারী ইনডেলিড একটি সংখ্যা চুকিয়ে এ বোতামে ক্লিক করতে পারেন। ভেলিডিটি পরীক্ষার জন্য আমার ValidateEntryNum() টি কল করেছি। এটা কিভাবে কাজ করে একটু পরই বলবো। তবে এর ফলাফল সত্য বা মিথ্যা। প্রথম লাইনে আমরা বলছি রেজাল্ট যদি মিথ্যা না নয় [অর্থাৎ তা সত্য] তাহলে টেস্ট করে দেখতে হবে এ সংখ্যাটি রেকর্ডের সর্বশেষ ইনডেক্স সংখ্যা কি না। এটাও যদি না হয় তাহলেই আমরা পরবর্তী রেকর্ড দেখতে পারি। এ টেস্টের জন্য আমরা  $>= \text{NumRec}$  -এই কোডাংশ ব্যবহার করেছি। বলা হচ্ছে মোট রেকর্ড সংখ্যার সমান বা বেশি আছে কি? উভয়টির অর্থ হলো শেষ রেকর্ড প্রদর্শিত হচ্ছে। সুতরাং বিপ বাজিয়ে বের হও! অন্যথায়, পরবর্তী রেকর্ডে যাওয়া যায়।

এবার এই কোড লাইন: “`Dim entryNum As Integer = Val(TextBox1.Text) + 1`” টেক্স্টবাক্সের সংখ্যা ১ বাড়ানো।” দ্বারা এন্ট্রি নাম্বার বাড়িয়েছি পরের রেকর্ডে যাওয়ার জন্য- কিন্তু! এখানেও আরেকটি টেস্টের দরকার। যদি নতুন নাম্বার রেকর্ডের সর্বশেষ ইনডেক্স সংখ্যা থেকেও বড়ো হয়ে যায়? সুতরাং দ্বিতীয় টেস্টও পাস করতে হবে। এবার পরের রেকর্ডে যাওয়ার নির্দেশ দেওয়া যায়। এ কাজে প্রথমে টেক্স্টবাক্সে নতুন সংখ্যা দিয়েছি এরপর কল করেছি আমাদের মূল সাবটি।

৭. **Private Sub** btnPrev\_Click(): এটাও এইমাত্র ব্যাখ্যাত সাবের মতো কাজ করে। এ ক্ষেত্রে অবশ্য দেখতে হবে রেকর্ড সংখ্যাটি ০ থেকে নিচে হয়ে যায় কি না- এই যা।

৮. **Private Function** ValidateEntryNum(): সবশেষে এই ফাংশনটি কিভাবে কাজ করে তা একটু জেনে নিলে ভালো হয়। ফাংশনের নামেই বুঝা যায় এর কাজ হলো টেবিলের রো বা রেকর্ডের ইনডেক্স সংখ্যা সঠিক কি না যাচাই করে ‘সত্য’ বা ‘মিথ্যা’ তথা বুলিয়ান রেজাল্ট ফেরৎ পাঠানো। মনে রাখা প্রয়োজন, আমরা সর্বদাই টেক্স্টবাক্স-১ এর সংখ্যা নিয়ে এখানে কাজ করছি। এমনকি ন্যাভিগেশন বোতামগুলোর ক্রিয়ার সময়ও এই টেক্স্টবাক্সে ইনডেক্স সংখ্যা নিয়ে কোড রান করেছি। সুতরাং দেখতে হবে সংখ্যাটি ০ থেকে ইনডেক্স সংখ্যা পর্যন্ত যে কোনো একটি আছে কি না। না থাকলে ফাংশন একটি মেসেজ প্রদর্শন করে False রিটুর্ন করবে। অন্যথায় রিটুর্ন করবে True। লক্ষ করুন মেসেজ বাক্সে মোট ক'টি ইনডেক্স রেকর্ড আছে তা প্রদর্শিত হবে।


## ১৫তম পরিচ্ছেদ: Database Programming Made Simple

## সহজ ডাটাবেইজ প্রোগ্রামিং: Database Programming Made Simple


আলহাম্দুলিল্লাহ! ডাটাবেইজ প্রোগ্রামিংয়ের বেসিক কিছু কোডিং সম্পর্কে আমরা অবগত হলাম। যে দু'টি ডাটাবেইজ এ্যাপ্লিকেশন আমরা তৈরি করেছি তা একেবারে সাধারণ নয়! এগুলো কাজে লাগানো যাবে। সবচেয়ে বড়ো কথা হলো আমাদের ডাটাবেইজ সম্পূর্ণ বাংলা!

এখানে একটি ব্যাপার উল্লেখ করতে হয়, প্রথমটির মতো দ্বিতীয়টিতে আমরা ন্যাভিগেশন কোডও দিয়েছি। তবে দু'টি বিষয় ছাড়া- মুছে ফেলা ও নতুন রেকর্ড তৈরি করা, এ দু'টো সুবিধা নেই। এগুলোর কোডিং বেশ জটিল তাই সেদিকে আপাতত যাচ্ছি না। এ দু'টো সুবিধাসহ ডাটাবেইজ চাইলে আমরা সহজেই ডিজিয়েল স্টুটিও ব্যবহার করে উইজার্ড দিয়ে ডাটাবেইজ বানাতে পারি- যেমনটি আমরা প্রথমে করেছি। তবে কোড দ্বারা কিভাবে স্থিত তা-ও একটু পরে আমারা শিখে নেবো। এ পর্যন্ত যা হয়েছে তা পরীক্ষা করার পালা। আমরা ডাটাবেইজে প্রথম প্রোগ্রাম রান করে আরো কয়েকটি রো বা রেকর্ড যুক্ত করবো। এরপর এটি দ্বিতীয়টি দ্বারা প্রদর্শন করে দেখবো সব ঠিকমতো দেখা যায় কি না- কেমন?

## টেস্ট



ঠিকানা ডাটাবেইজের রেকর্ড আগের মতো [৪টি] থাকাবস্থায় এ্যাপ্লিকেশন রান করে সবগুলো বোতাম পরীক্ষা করেছি।  
উপরে এর একটি চিত্র দেখুন।




ঠিকানা ডাটাবেইজের রেকর্ডে আরো কিছু [৫টি] নতুন ডাটা যুক্ত করার পর এ্যাপ্লিকেশন রান করে সবগুলো বোতাম পরীক্ষা করেছি। ডানের চিত্রে আমার সর্বশেষ [৯নং] রেকর্ডটি দেখতে পাওয়া।

## ১৫তম পরিচ্ছেদ: Database Programming Made Simple

## সহজ ডাটাবেইজ প্রোগ্রামিং: Database Programming Made Simple

## ঠিকানা ডাটাবেইজ নতুন রেকর্ড সৃষ্টির কোড

আমরা এ পর্যন্ত যা করেছি তার দ্বারা রেডিমেইড কোনো এক্সেস ডাটাবেইজের তথ্যাদি প্রদর্শন সম্ভব। তবে সময় সময় তো নতুন রেকর্ড প্রবেশ করার প্রয়োজন দাঁড়াতে পারে। সুতরাং আসুন, দেখে নিই কিভাবে কোডের মাধ্যমে তা সম্ভব। প্রথমত, একটি নতুন বোতাম ফর্মে যুক্ত করতে হবে। এর নামকরণ করুন **নতুন ডাটা**! প্রয়োজনে আমরা ফর্মের সাইজ কিছুটা বড়ো করবো। বোমাতের নামকরণ করুন: **btnNewRecord**।



মনে রাখবেন, বাংলা লিখবেন বিজয়ের ইউনিকোডে। ইউনিকোড আনার শর্টকাট: **Ctrl + Alt + V**। একই শর্টকাট দ্বারা পুনরায় ইংরেজি লিখার কিবোর্ড আনা যায়। যাক, আমরা এবার নতুন বোতামের কোড লিখবো। তবে এর আগে আরো দু'টো বোতাম ফর্মে যুক্ত করা জরুরী।

প্রথমটি হলো একটি 'ক্যানসেল' বোতাম। নতুন ডাটা লেখার বোতামে ক্লিক করার পরও ব্যবহারকারী যাতে ইচ্ছা পরিবর্তন করতে পারেন সে সুযোগ তো থাকতে হবে। দ্বিতীয়টি হলো 'রেকর্ড নতুন ডাটা' নামকরণে একটি বোতাম। নতুন রেকর্ড ফিল্ডে প্রবেশ করার পর এ বোতামে ক্লিক করে ব্যবহারকারী আমাদের ডাটাবেইজ 'ঠিকানাডিবি' -তে তথ্য যুক্ত করবেন- মূলত নতুন একটি তথ্য সারি যোগ হবে। আমরা

বোতামগুলো যুক্ত করে একটি ইউই [User Interface] তৈরি করেছি। উপরের চিত্রটি দেখুন। লক্ষ করুন, 'ক্যানসেল' বোতামের (Name) Property হবে: **btnCancel**। এর Visible Property হবে: **False**। 'রেকর্ড নতুন ডাটা' বোতামের (Name) Property হবে: **btnRecord**। এটার Enabled Property হবে: **False**। এবার আমরা কোডগুলোর প্রতি দৃষ্টি দিতে পারি।

নতুন রেকর্ড যুক্ত করার কোডটি কিছুটা জটিল। সুতরাং খুব সতর্কসহ ব্যাখ্যাটুকু পাঠ করে নেবেন। অবশ্য ইতোমধ্যে যেসব সাবরুটিন সম্পর্কে বলেছি এবং সেগুলো এখনও পরিবর্তিত আছে ওগুলোর ওপর ব্যাখ্যর পুনরাবৃত্তি করবো না। আমরা পুরো প্রোগ্রাম শেষে সমস্ত কোড আবার একসাথে উল্লেখ করবো- অবশ্যই। প্রথমেই যে কাজটি করা জরুরী তাহলো কিছু ডাইমেনশন [Dim] ডিক্লারেশন সর্বত্র প্রাণিযোগ্য করতে হবে। এজন্য অবশ্য ফর্মের ক্লাস ডিক্লারেশনের পরই এসব কোড লিখতে হবে। অর্থাৎ গ্লোবাল ডিক্লারেশন হবে নিম্নরূপ:

## 'গ্লোবাল ডিক্লারেশন

```
Dim RecNum As Integer = 0 'এটা হোল্ড করবে টেক্সট বারের সংখ্যাটি যার দ্বারা সঠিক রো এর তথ্য আনা হবে।
Dim NumRec As Integer 'এটা হোল্ড করবে টেবিলের মোট রেকর্ড নাম্বার।
Dim KeepingIndex As Integer 'নতুন রেকর্ড তৈরিতে প্রদর্শিত রেকর্ডের ইনডেক্স নাম্বার সংরক্ষণ
Dim ds As New DataSet 'একটি ডাটাসেট অবজেক্ট হোল্ড করে।
Dim da As OleDb.OleDbDataAdapter 'একটি এডাপ্টার অবজেক্ট হোল্ড করে।
Dim con As New OleDb.OleDbConnection 'ভেরিয়েবল con একটি যুক্তকরণ অবজেক্ট হোল্ড করবে।
Dim dbProvider As String 'ভেরিয়েবল dbProvider একটি বিশেষ স্ট্রিং হোল্ড করবে।
Dim dbSource As String 'ভেরিয়েবল dbSource একটি স্ট্রিং হোল্ড করবে।
Dim FullDatabasePath As String 'ডাটাবেইজের পূর্ণাঙ্গ প্যাথনাম হোল্ড করবে।
Dim Sql As String 'একটি সিকুয়েল স্ট্রিং হোল্ড করবে।
```

সবগুলো ভেরিয়েবলের ডিক্লারেন শেষে কমেন্ট লাইনে বুবিয়ে দিয়েছি। সুতরাং এখানে আর কিছু যোগ করার নেই- শুধু একটি ছাড়া। এ ব্যাপারটি হলো ভেরিয়েবলগুলোর ডাটা টাইপ। মোট তিনটি ইন্টেজার [অস্ত সংখ্যা], চারটি স্ট্রিং [লেখা] এবং তিনটি অবজেক্ট টাইপ ডিক্লারেশন আছে। এগুলো কিভাবে কাজ করে তা পরিবর্তিতে বুবিয়ে বলছি।

## ১৫তম পরিচ্ছেদ: Database Programming Made Simple

## সহজ ডাটাবেইজ প্রোগ্রামিং: Database Programming Made Simple

এবার প্রথম সাবকুটিনটি এখানে তুলে ধরছি:

' ডাটা আনুন বোমাতের ক্লিক ইভেন্ট। ব্যবহারকারী প্রথমেই এ বোতামে ক্লিক করবেন।

```
Private Sub Button1_Click(sender As Object, e As EventArgs) Handles Button1.Click
```

    GetAndFillRecord() 'তথ্য আনার সাব কল।

    btnNewRecord.Enabled = True 'এই লাইটটি দ্বারা রেকর্ড নতুন ডাটা বোতামটি সক্রিয় করা হয়েছে।

```
End Sub
```

আমাদের ঠিকানা ডাটাবেইজ রান করলেই ঠিকানা টেবিল দেখতে চাইলে উপরোক্ত বোতামে ক্লিক করা ছাড়া বিকল্প কিছু নেই। সুতরাং এটাই প্রথমে একশনে যাবে। আমরা সুবিধার জন্য তথ্য এনে প্রদর্শনের কোড রাখতি আলাদা একটি সাবকুটিনে করেছি। প্রথম লাইন সেই সাবকুটিন কল করে ও সাথে সাথে নতুন রেকর্ড তুকানোর জন্য এর প্রোপার্টি সক্রিয় করে দেয়। ব্যস! এ বোতামের কাজ এটুকুই।

'রেকর্ড থেকে তথ্য এনে ফিল্ডে দেখানো হলো এ সাবের কাজ।

```
Private Sub GetAndFillRecord()
```

    RecNum = Val(Txtnum.Text) 'ভেরিয়েবলে টেক্সবক্সের সংখ্যা। প্রথমবার এর মান ০।

    dbProvider = "Provider=Microsoft.ACE.OLEDB.12.0;" 'সিস্টেমের বিশেষ একটি স্ট্রিং।

    FullDatabasePath = "C:\Users\htci\Desktop\LearningDotNet\MyDatabase\TikanaBoi.accdb"

    dbSource = "Data Source=" & FullDatabasePath 'dbSource এর মধ্যে এখন পূর্ণাঙ্গ স্ট্রিং থাকবে।

    If con.State <> ConnectionState.Open Then 'কানেকশন স্ট্রিং আছে কি না দেখতে হবে।

        con.ConnectionString = dbProvider & dbSource 'কানেকশন স্ট্রিং পূর্ণ হলো।

        con.Open()

    End If

    Dim cmd As New OleDb.OleDbCommand("Select COUNT(\*) FROM Tikana", con)

    NumRec = cmd.ExecuteScalar() 'সিস্টেম ফাংশন দ্বারা রেকর্ড সংখ্যা আন।

'ফাংশন কল করে রেকর্ড সংখ্যা সঠিক আছে কি না দেখা।

    If ValidateEntryNum() = False Then

        con.Close() 'ভুল হলে ডাটাবেইজ বন্ধ করে এন্ডিট করা।

        Exit Sub

    End If

    Sql = "SELECT \* FROM Tikana" 'সিকুয়েল স্ট্রিং স্টোর করা।

'ডাটা এডাপ্টারের নিকট সিকুয়েল স্ট্রিং ও কানেকশন অবজেক্ট পাস করে দেওয়া।

    da = New OleDb.OleDbDataAdapter(Sql, con)

    da.Fill(ds, "TikanaDB") 'দ্বিতীয় প্যারামিটার যে কোনো কিছু হতে পারে।

    IDText.Text = ds.Tables("TikanaDB").Rows(RecNum).Item(0) 'আইডি

    NameText.Text = ds.Tables("TikanaDB").Rows(RecNum).Item(1) 'নাম

    AddressText1.Text = ds.Tables("TikanaDB").Rows(RecNum).Item(2) 'ঠিকান-১

    AddressText2.Text = ds.Tables("TikanaDB").Rows(RecNum).Item(3) 'ঠিকান-২

    MobileText.Text = ds.Tables("TikanaDB").Rows(RecNum).Item(4) 'মোবাইল

    EnableNavigationBtn() 'ডাটাবেইজ লোড হয়েছে তাই চারটি ন্যাভিগেশন বোতাম সক্রিয় করতে হবে।

    TextBox2.Text = NumRec 'রেকর্ড সংখ্যা টেক্সট ফিল্ডে দেখানো।

```
End Sub
```

লক্ষ করুন, উপরোক্ত মূল সাবে বেশ রদবদল হয়েছে। প্রথমত, একটি মাত্র Dim স্টেটমেন্ট আছে। বাকিগুলো গ্লোবেল হিসাবে পূর্বেই ডিক্লায়ার করা হয়েছে। দ্বিতীয়ত একটি অতিরিক্ত IF--End If ব্লক যুক্ত হয়েছে। এছাড়া শেষের দিকের একটি লাইন এখানে নেই। সেটা হলো: con.Close()। এর কারণ হলো, এ পর্যায়ে আমরা ডাটাবেইজের সঙ্গে সংযুক্ত ক্লোজ করতে চাই না। পরিবর্তিত কোডগুলোর ব্যাখ্যা পরের পৃষ্ঠায় এসেছে।

## ১৫তম পরিচ্ছেদ: Database Programming Made Simple

## সহজ ডাটাবেইজ প্রোগ্রামিং: Database Programming Made Simple

## পরিবর্তিত কোড

মূল GetAndFillRecord() নামক সাবরুটিনের কোডে নিম্নলিখিত পরিবর্তন এসেছে:

- If con.State <> ConnectionState.Open Then 'কানেকশন স্ট্রিং আছে কি না দেখকে হবে।  
con.ConnectionString = dbProvider & dbSource 'কানেকশন স্ট্রিং পূর্ণ হলো।  
con.Open()  
End If

এ ব্লকটির মাধ্যমে টেস্ট করা হয়, ডাটাবেইজের সঙ্গে কানেকশন খোলা আছে কি না। থাকলে কিন্তু পুনরায় খোলার নির্দেশ আসলে কম্পাইলারে অভিযোগ করবে। আমরা একাধিকবার এই সাবটি কোড রানিংয়ের সময় ডাকবো- তাই এ টেস্ট। বুঝতেই পারছেন, খোলা না থাকলে দ্বিতীয় লাইন কানেকশন স্ট্রিং প্রভাইড করবে ও তৃতীয় লাইন ডাটাবেইজের সঙ্গে কানেকশন সৃষ্টি করবে। এই সাবে এটুকুই পরিবর্তিত হয়েছে। শেষের লাইনটি যে কেটে দেওয়া হয়েছে তা-তো ইতোমধ্যে কারণসহ উল্লেখ করেছি।

- 'new record button click event sub  
Private Sub btnNewRecord\_Click(sender As Object, e As EventArgs) Handles btnNewRecord.Click  
If isAllRecEntered() = False Then 'not a new record  
    Beep()  
    Exit Sub  
End If  
Dim RetVal As Integer = MsgBox("নতুন রেকর্ড লিখবেন?", MsgBoxStyle.YesNo)  
If RetVal = 7 Then Exit Sub  
KeepingIndex = Val(TextBox1.Text) 'keep the old index number incase cancelled  
IDText.Text = NumRec 'num of Record always 1 more than o index record number. No editing  
TextBox2.Text = NumRec + 1 'show number of record will gone up by one. No editing  
DeleteTextFromFields() 'call sub to delete fields texts  
DisableNavigationBtn() 'call sub to disable navigation buttons.  
btnRecord.Enabled = True  
End Sub

এই সাবটি সম্পূর্ণ নতুন। এটা 'নতুন রেকর্ডের প্রস্তুতি নিন' বোতামের সাবরুটিন। এতে ক্লিক করলেই প্রথমে একটি টেস্ট করতে হবে। প্রথমেই দেখতে হবে কোনো ফিল্ডে টেক্স্ট আছে কি না। আমরা এখানে একটি ফাংশন কল করেছি। এটির কাজ হলো সকল টেক্স্ট ফিল্ডে লেখা থাকলে 'সত্য' এবং না থাকলে 'মিথ্যা' রিটার্ন করা। যদি 'মিথ্যা' রিটার্ন করে তাহলে বুঝা যাবে, ইতোমধ্যে আমরা নতুন রেকর্ডের জন্য নির্দেশ করে নিয়েছি। অন্যকথায় বোতামে ক্লিক করে শূন্য ফিল্ডগুলো নিয়ে এসেছি। পরের লাইনটি সতর্কবার্তা। নতুন রেকর্ড সত্যিই লিখা হবে কি না- তা পুনরায় জেনে নেওয়া। অবশ্য এখানেও ব্যবহারকারী ভুল করলে, পরবর্তিতে আরেকটি ক্যানসেল বোতাম আছে। সেটিতে ক্লিক করে মূল রেকর্ডে ফিরে যেতেও পারবেন। লক্ষ করুন, মেসেজ বাক্সে 'No' ক্লিক করলে রিটার্ন ভ্যালু হয় ৭। এজন্যই আমরা পরের লাইনে বলেছি RetVal ৭ হলে এক্সিট করার জন্য। জেনে রাখুন, ব্যবহারকারী ডায়লগে 'Yes' ক্লিক করলে রেজাল্ট হবে ৬।

এখন, মনে করুন ব্যবহারকারী ইয়েস চয়েজ করলেন। কিন্তু পরে আবার ক্যানসেলে ক্লিক করলেন, তখন তো আগে প্রদর্শিত তথ্যগুলো পুনরায় প্রদর্শন করতে হবে। তথ্যাদি প্রদর্শিত হয় টেবিলের [0-Based] ইনডেক্সের মাধ্যমে। আমাদের TextBox1 -এ এই ইনডেক্স নাম্বারটি আছে। সূতরাং NumRec নামক আমাদের গ্লোবাল ভেরিয়েবলে বাক্সের সংখ্যাটি সংরক্ষণের ব্যবস্থা করা হয়েছে। নতুন রেকর্ড প্রবেশের সকল ফিল্ড খালি হবে, তাই এ সংখ্যাটি থাকলে ক্যানসেল বোতামে ক্লিক করলেই পুনরায় আগের রেকর্ডটি ডাটাবেইজ থেকে প্রদর্শন নিশ্চিত করা যাবে। পরের লাইন দ্বারা রেকর্ড সংখ্যাটি [আইডি] ফিল্ডে প্রদর্শিত হয়েছে। টেক্স্ট বাক্স-২ এ প্রদর্শিত হয়েছে [নতুন রেকর্ডসহ] রেকর্ড সংখ্যা।

এবার আমরা কল করেছি DeleteTextFromFields() সাবরুটিন। এর কাজ হলো চারটি এন্ট্রি ফিল্ড মুছে দেওয়া। পরের লাইনও DisableNavigationBtn() নামক সাবরুটিন কল। এটার কাজ সকল ন্যাভিগেশন বোতাম অক্রিয় করা। সব শেষে নির্দেশ দিচ্ছি, 'রেকর্ড নতুন ডাটা' বোতামটি সক্রিয় করে দিতে- এরই মাধ্যমে আমরা নতুন রেকর্ড চুকাবো।

## ১৫তম পরিচ্ছেদ: Database Programming Made Simple

## সহজ ডাটাবেইজ প্রোগ্রামিং: Database Programming Made Simple

## ৩. 'disables all four navigation btns

```
Public Sub DisableNavigationBtn()
    btnLast.Enabled = False : btnFirst.Enabled = False
    btnNext.Enabled = False : btnPrev.Enabled = False
    btnCancel.Visible = True
End Sub
```

এই সাবরুটিনের কাজ হলো চারটি ন্যাভিগেশন বোতাম অক্ষিয় ও শুধুমাত্র ক্যানসেল বোতামটি প্রদর্শন করা। লক্ষ করুন, কলোন (:) এর ব্যবহার। একই লাইনে একাধিক নির্দেশ দিতে চাইলে এভাবে কলোন ব্যবহার করতে হয়। এই সাবরুটিনটি নতুন রেকর্ডের প্রস্তুতির অংশ।

## ৪. 'deletes five text fields and makes 4 of them editable

```
Public Sub DeleteTextFromFields()
    NameText.Text = "" : AddressText1.Text = ""
    AddressText2.Text = "" : MobileText.Text = ""
    NameText.ReadOnly = False : AddressText1.ReadOnly = False
    AddressText2.ReadOnly = False : MobileText.ReadOnly = False
    TextBox1.Text = "" 'we don't want user to edit that field
    Button1.Enabled = False 'disable get record btn
End Sub
```

এটাও নতুন রেকর্ড প্রবেশ করার জন্য প্রস্তুতির অংশ। লক্ষ করুন, ডিজাইন টাইমে আমরা চারটি তথ্যফিল্ড অক্ষিয় করে রেখেছিলাম। কারণ, আমরা চাইলি ব্যবহারকারী অসতর্কতাহেতু কোনো রেকর্ডে পরিবর্তন আনেন। তবে এবার তো নতুন রেকর্ড লিখা হবে তাই প্রথমে সবগুলো মুছে ফেলার পর এগুলো সক্রিয় করেছি। কিন্তু TextBox1 -এ কিছু লেখা আমরা চাই না। তাই একে মুছার পরও অক্ষিয় রেখেছি। সব শেষের লাইন দ্বারা 'ডাটা আনন্দ' বোতামটি অক্ষিয় করা হয়েছে।

## ৫. 'this sub locks all 4 flds

```
Public Sub MakeFourFldReadOnly()
    NameText.ReadOnly = True : AddressText1.ReadOnly = True
    AddressText2.ReadOnly = True : MobileText.ReadOnly = True
End Sub
```

রেকর্ড তুকানো কিংবা ক্যানসেল হওয়ার পর চারটি তথ্যফিল্ডকে পুনরায় অক্ষিয় করতে হবে- যাতেকরে ব্যবহারকারী আর কিছু লিখতে না পারেন। এ কাজটিই আঙ্গাম দেয় উপরোক্ত সাবটি।

## ৬. 'returns true if all 4 flds contains text, ready for record validation

```
Function isAllRecEntered()
    If NameText.Text <> "" And AddressText1.Text <> ""
        And AddressText2.Text <> "" And MobileText.Text <> "" Then
        Return True
    End If
    Return False
End Function
```

ইতোমধ্যে এ ফাংশনটির কথা উল্লেখ করেছি। এর কাজ হলো টেক্স চারটিতে লেখা আছে কি না সে বুলিয়ান তথ্য রিটার্ন করা।

## ৭. 'btnCancel event code, simply show the last record, disable itself, enable get rec btn

```
Private Sub btnCancel_Click(sender As Object, e As EventArgs) Handles btnCancel.Click
    TextBox1.Text = KeepingIndex 'এটার মধ্যে আগে প্রদর্শিত রেকর্ড ইনডেক্স আছে।
    GetAndFillRecord() 'রেকর্ড প্রদর্শনের সাবরুটিন কল করা।
    MakeFourFldReadOnly() 'ফিল্ড চারটে রীড-অনলি বানানো।
    btnCancel.Visible = False : Button1.Enabled = True 'enable get record btn
    btnRecord.Enabled = False : btnNewRecord.Enabled = True
End Sub
```

## ১৫তম পরিচ্ছেদ: Database Programming Made Simple

## সহজ ডাটাবেইজ প্রোগ্রামিং: Database Programming Made Simple

আগের পৃষ্ঠার ৭ নাম্বারে প্রদর্শিত ‘ক্যানসেল’ বোতামের সাবরুটিন দ্বারা ইতোমধ্যে যে রেকর্ডটি টেক্স ফিল্ডগুলোতে ছিলো তা পুনরায় দৃশ্যমান করা হয়েছে। এটা প্রথমে ইনডেক্স সংখ্যা টেক্সবাক্স-১ এ লিখে দেয়। এরপর কল করে একে একে ইতোমধ্যে আলোচিত [GetAndFillRecord() এবং MakeFourFldReadOnly() নামক] দুটি সাবরুটিন। প্রথমটি তো আমাদের মূল সাব- ঘার কাজ রেকর্ড প্রদর্শন করা আর দ্বিতীয়টির কাজ হলো চারটি ফিল্ডকে লেখার জন্য অক্ষিয় করে দেওয়া।

৮. 'record Button  
 Private Sub btnRecord\_Click(sender As Object, e As EventArgs) Handles btnRecord.Click  
 Dim MsgStr As Integer = MsgBox("সতর্কবার্তা! সবকিছু সঠিক মতো লিখেছেন তো?", MsgBoxStyle.YesNo)  
 'MsgBox(MsgStr)  
 If MsgStr = 7 Then  
 Exit Sub  
 End If  
 AddRows()  
 End Sub

এই btnRecord [‘রেকর্ড নতুন ডাটা’] বোতামের ক্লিক ইভেন্ট কল করে সাবরুটিন ‘AddRows()’। এটা ডাকার পূর্বেও একটি সতর্কবার্তা ডায়লগ দেখানোর ব্যবস্থা করেছে। কারণ ব্যবহারকারী ভুল করতে পারেন তথ্য প্রবেশ- কিংবা তিনি নতুন রেকর্ড এ মুমূর্তে ঢুকানোর ক্রিয়া ক্যানসেলও করার ইচ্ছা রাখতে পারেন। তাকে এই সুযোগটুকু তো দিতে হবে না? প্রথম চার লাইন এ সুযোগ দিয়েছে।

৯. Private Sub AddRows()  
 If isAllRecEntered() = False Then  
 MsgBox("সব রেকর্ড সঠিকভাবে ঢুকিয়েছেন কি না দেখুন! তথ্য রেকর্ড হয় নি।")  
 Exit Sub  
 End If  
 EntryToRaw() 'রেকর্ড ঢুকানোর সাবরুটিন কল করা।  
 GetAndFillRecord() 'রেকর্ড প্রদর্শনের সাবরুটিন কল করা।  
 MakeFourFldReadOnly() ফিল্ড চারটে রিড-অনলি বানানো।  
 btnCancel.Visible = False  
 Button1.Enabled = True 'enable get record btn  
 btnRecord.Enabled = False  
 btnNewRecord.Enabled = True  
 End Sub

এই সাবরুটিনটিই হলো রেকর্ড টেবিলে যোগ করার পূর্ব প্রস্তুতির সর্বশেষ ধাপ। EntryToRaw() নামক সর্বশেষ সাবরুটিন কলের পূর্বে একটি টেস্ট করা হয়। সকল ফিল্ডে টেক্সট প্রবেশ করা হয়েছে কিনা তা জানতে হবে। যদি সকল বাক্সে টেক্সট না থাকে, তাহলে মেসেজ বাক্সের মাধ্যমে সতর্কবাণী প্রদর্শন করে বেরিয়ে যেতে হবে সাবরুটিন থেকে। এরপর [সবটি ঠিকঠাক থাকলে] প্রথমে EntryToRaw() সাবরুটিন কল করে নতুন রেকর্ড তৈরি করা হয়। এরপর রেকর্ড প্রদর্শনের মূল সাবরুটিন কল করে আগের প্রদর্শিত তথ্যাদি টেক্সট বাক্সগুলোতে পুনরায় দেখানো হচ্ছে। এর পরের সাবরুটিন কল করে সকল টেক্স বাক্স রিড-অনলি করতে হবে। সর্বশেষে তিনটি বোতামের ক্রিয়া পরিবর্তন করা জরুরী: ক্যানসেল বোতাম গোপন করা; রেকর্ড আনার বোতাম সক্রিয় করা; রেকর্ড করার বোতাম নিষ্ক্রিয় করা; এবং নতুন রেকর্ডের প্রস্তুতি-বোতাম আবার সক্রিয় করা।

এ হচ্ছে সর্বশেষ ডাটা এন্ট্রি সাবের পূর্ব পর্যন্ত সাবগুলোর ক্রিয়ার বর্ণনা। আমরা এবার পরের পৃষ্ঠায় এক্সেস টেবিলে তথ্যাদি রেকর্ড করার ক্রিয়াটির পূর্ণাঙ্গ ব্যাখ্যা তুলে ধরবো।

## ১৫তম পরিচ্ছেদ: Database Programming Made Simple

## সহজ ডাটাবেইজ প্রোগ্রামিং: Database Programming Made Simple

```
'Code for data entry into access table.
Private Sub EntryToRaw()
    Dim cb As New OleDb.OleDbCommandBuilder(da) 'commandBuilder Object creation
    Dim dsNewRow As DataRow 'new data row creation variable
    'notice here, ID column as number will be added automatically [AutoNumber]
    dsNewRow = ds.Tables("TikanaDB").NewRow() 'adding a row into TikanaDB
    dsNewRow.Item(1) = NameText.Text 'name text into 2nd column cell
    dsNewRow.Item(2) = AddressText1.Text 'Address text into 3rd column cell
    dsNewRow.Item(3) = AddressText2.Text 'address text2 into 4th column cell
    dsNewRow.Item(4) = MobileText.Text 'mobile number [as text] into 5th column text
    ds.Tables("TikanaDB").Rows.Add(dsNewRow) 'actual row of data in dataset
    da.Update(ds, "TikanaDB") 'the row of data in ds goes to the created row
    con.Close() 'now close the connection
    MsgBox("ডাটাবেইজে নতুন রেকর্ড সফলভাবে প্রবেশ করা হয়েছে।") 'show success message
End Sub
```

**সাবের প্রথম লাইন:** কমান্ড বিন্দার সিস্টেম অবজেক্টের নতুন ইনস্ট্যাট ডিক্লারেশন (আমাদের নামকরণ: cb)। এতে একটি প্যারামিটার আছে- তাহলো ডাটা এডাপটার [আগেই ডিক্লায়ার করা এই এডাপটারের আমাদের কর্তৃক নামকরণ: da])।

**দ্বিতীয় লাইন:** একটি ডাটারো টাইপ ডিক্লারেশন [টেবিলে নতুন তথ্যলাইন সৃষ্টির জন্য এটি, আমাদের নামকরণ: dsNewRow]

**তৃতীয় লাইন:** উক্ত ডাটাটাইপ ভেরিয়েবলে ঠিকানা ডাটাবেইজের টেবিলে একটি নতুন রো [বা তথ্যলাইন] সৃষ্টি করে dsNewRow -তে সংরক্ষণের নির্দেশ। লক্ষ করুন, ds.Tables নির্দেশনার একটি প্যারামিটার হলো আমাদের TikanaDB। এখানে ds হলো পূর্বেই সৃষ্টি আমাদের DataSet। সবশেষে .NewRow() দ্বারা পয়েন্ট করা হচ্ছে নতুন রো সৃষ্টির ফাংশনের দিকে। শিক্ষার্থীদের প্রতি অনুরোধ, এসব সিস্টেম নির্দেশনা কিভাবে কাজ করে, সে সম্পর্কে কোনো ভাবনার প্রয়োজন নেই। এতো গভীরে যাওয়া আমাদের কাজ নয়- বরং ওসব কাজ সফ্টওয়্যার বিজ্ঞানীদের। অর্থাৎ মাইক্রোসফটের ইঞ্জিনিয়ারদের। আমরা তাদের আবিক্ষার ও উভাবনগুলো কাজে লাগাবো কিভাবে- সেটাই জানতে হবে।

**চতুর্থ থেকে সপ্তম লাইন:** এই লাইনগুলো দ্বারা ব্যবহারকারী কর্তৃক চারটি ফিল্ডে প্রবেশকৃত টেক্সট ইনডেক্স নির্দেশনার মাধ্যমে ডাটাসেটে সংরক্ষণ করেছি। লক্ষ করুন, আইডি সংখ্যা সংরক্ষণের প্রয়োজন নেই। এটা এক্সেস নিজেই বানাবে। কারণ আমরা এই সেলকে AutoNumber ডাটাটাইপ হিসাবে তৈরি করেছি। এ পর্যন্ত সকল নির্দেশনা ডাটাসেট এর মধ্যে ds নামকরণে মেমোরিতে সংরক্ষণ করেছি। সবকিছু প্রস্তুত হয়ে গেছে। এবার সত্যিকার অর্থে টেবিলের মধ্যে একটি তথ্যলাইন যোগ করার নির্দেশ দিতে হবে।

**অষ্টম লাইন:** এই লাইনটি কিভাবে কাজ করে তা একটু বুঝার দরকার। মনে রাখবেন, প্রতিটি ডট [. ] হলো পয়েন্টার ইঙ্গিত। প্রথমে ডাটাসেট [ds] পয়েন্ট করছে আমাদের ঠিকানা টেবিলের দিকে (.TikanaDB)। এরপর পয়েন্ট করছে রো বা তথ্যলাইনের দিকে [.Raw]। সবশেষে পয়েন্ট করছে নতুন রো সৃষ্টির দিকে [.Add(dsNewRow)]। এ লাইনের কোড রান হওয়ার পর আমাদের এক্সেস টেবিলে একটি নতুন তথ্যলাইন বাস্তবে যোগ হবে। এতে শুধুমাত্র আইডি ফিল্ডে একটি ইউনিক [আলাদা] আইডি সংখ্যা থাকবে। বাকী চারটি সেল এখনও শূন্য। পরের লাইনের নির্দেশ দ্বারা এগুলো পূরণ করা হবে।

**নবম লাইন:** ds.Update একটি ফাংশন। এতে আছে দু'টি প্যারামিটার (ds, "TikanaDB")। প্রথমটি আমাদের সৃষ্ট ডেটাসেট যেখানে সংরক্ষিত আছে চারটি টেক্সট বাক্সের তথ্যাদি। দ্বিতীয় প্যারামিটার হলো আমাদের এক্সেস ডাটাবেইজের নাম। ব্যস! তথ্যাদি সেলের মধ্যে চলে যাবে।

**দশম লাইন:** কাজ শেষ। এবার কানেকশন বন্ধ করার পালা। এই লাইনে তা-ই নির্দেশ করা হয়েছে।

**শেষ লাইন:** ব্যবহারকারীকে তথ্য দেওয়া হচ্ছে- নতুন তথ্যলাইন তৈরি হয়েছে সফলভাবে। এখন প্রোগ্রাম বন্ধ করে পুনরায় চালালে নতুন রেকর্ডও দেখাবে।

## ১৫তম পরিচ্ছেদ: Database Programming Made Simple

## সহজ ডাটাবেইজ প্রোগ্রামিং: Database Programming Made Simple

আমাদের ঠিকানা ডাটাবেইজের কাজ এখনো পুরোদমে শেষ হয় নি। যে কোনো তথ্য আপডেট করা ও মুছে দেওয়ার সুযোগ তো থাকতেই হবে। আমরা এখনই এ কাজগুলোর জন্য কোড লিখে নেবো। প্রথমে ফর্মের মধ্যে আরো তিনটি বোতাম যুক্ত করতে হবে। এর প্রথমটির টেক্স্ট প্রোপার্টি হবে ‘এই রেকর্ড ডিলিট করুন’; নামকরণ: btnDelete। দ্বিতীয়টির টেক্স্ট প্রোপার্টি হবে ‘এই রেকর্ড এডিট করুন’; নামকরণ: btnEdit। তৃতীয়টির টেক্স্ট প্রোপার্টি হবে ‘সেইভ করুন’; নামকরণ: btnUpdate। সবগুলো বোতাম সুন্দরভাবে সাজিয়ে রাখুন। দেখুন বায়ের চিত্রটি। এবার কোডিং করতে হবে।



- ‘এই রেকর্ড ডিলিট করুন’ বোতামের কোড: নতুন রেকর্ড করার কোড থেকে এ বোতামের কোড অনেকটা সহজ। দৃশ্যমান রেকর্ডটি ডিলিট হবে। বোতামের কোড প্রথমে দেখে নেই- এরপর ব্যাখ্যা আসবে।

```
'delete button's code
Private Sub btnDelete_Click(sender As Object, e As EventArgs) Handles btnDelete.Click
    ' first confirmation
    Dim ResP As Integer = MsgBox("আপনি কি সত্যিই এই রেকর্ডটি মুছে ফেলবেন?", MsgBoxStyle.YesNo)
    If ResP = 7 Then
        Exit Sub
    End If
    Dim RpT As String = InputBox("Enter Delete Record Password.")
    If RpT <> DeleteIdFld.Text Then
        MsgBox("Sorry, wrong Password! Record can not be deleted!", MsgBoxStyle.Critical)
        Exit Sub
    End If
    DeleteRow() 'call deleting sub
    If RecNum >= 0 Then
        GetAndFillRecord() 'রেকর্ড প্রদর্শনের সাবরুটিন কল করা।
    End If
End Sub
```

প্রথমত, ব্যবহারকারীর জন্য একটি সেফটি নেটের প্রয়োজন। তিনি ভুলবশত, এ বোতামে ক্লিক করতে পারেন। সুতরাং একটি মেসেজ বাক্সে আবারো জিজ্ঞেস করা হচ্ছে, সত্যিই তিনি এই রেকর্ডটি মুছে দিতে চান কি না? অবশ্য আরো সতর্কতার জন্য একটি গোপন টেক্স্টফিল্ডে নাম্বার বা পাসওয়ার্ড রাখা যায়। আমরা সেটাও করবো। ফর্মের মধ্যে একটি টেক্স্ট বাক্স নিয়ে আসুন, এর নামকরণ করুন: ‘DeleteIdFld’। এর Visible Property হবে False। আইডি যা ইচ্ছা লিখতে পারেন। সহজ করতে যেয়ে আমরা বাক্সের Text Property -তে লিখবো: ১২৩৪৫। অবশ্য আমরা চাইলে সংখ্যাটি সরাসরি কোডে ঢুকিয়ে টেস্ট করতে পারতাম। তবে সুবিধার জন্য ফিল্ডে রাখাই ভালো। যাক উভয় কভিশন পাস হওয়ার পরই আমরা DeleteRow() নামক সাবরুটিনটি কল করেছি। এটির কাজ হলো, যে রেকর্ড এ মুহূর্তে দৃশ্যমান আছে তা টেবিল থেকে মুছে ফেলা।

ডিলিট হওয়ার পর দেখতে হবে আর কোনো রেকর্ড আছে কিনা। এটা নিশ্চিত করতেই পরের If RecNum >= 0 ব্লকটি। যদি রেকর্ড থেকে থাকে, তখনই কল করেছি রেকর্ড পুনরায় ফিল্ডে নিয়ে আসার জন্য- আর তা হবে, এই মাত্র মুছে যাওয়া রেকর্ডের আগেরটি। এবার দেখে নিই রেকর্ড মুছে ফেলার সাবরুটিনটি। পরের পৃষ্ঠায় দেখুন।

## ১৫তম পরিচ্ছেদ: Database Programming Made Simple

## সহজ ডাটাবেইজ প্রোগ্রামিং: Database Programming Made Simple

'row delete codes

```

Sub DeleteRow()
    If NumRec = 0 Then 'in case there aren't any row of data
        MsgBox("টেবিলে তো আর কোনো রেকর্ড নেই!")
        Exit Sub
    End If
    Dim cb As New OleDb.OleDbCommandBuilder(da) 'commandBuilder Object creation
    ds.Tables("TikanaDB").Rows(RecNum).Delete() 'actual delete row command
    da.Update(ds, "TikanaDB") 'update database
    TextBox1.Text = RecNum - 1
    MsgBox("এই রেকর্ড মুছে গেছে।") 'show success message
    con.Close() 'close connection
End Sub

```

প্রথমে টেস্ট। যা কাটা হবে তা আছে কি? না থাকলে মেসেজ প্রদর্শন করে সাব থেকে বের হতে হবে। মনে রাখবেন, NumRec একটি গ্লোবাল ভেরিয়েবল, যার মধ্যে সংরক্ষিত আছে মোট রেকর্ড সংখ্যা- এটা ইনডেক্স সংখ্যা থেকে ১ বেশি। রেকর্ড থাকলে আমরা পরের লাইনে যেয়ে প্রথমে cb নামক একটি কমান্ড বিল্ডার অবজেক্ট ডিক্লায়ার করেছি। এর প্যারামিটার হলো ডাটাএডাপটার (da)। পরের লাইনে আমাদের ডাটাসেট [ds] এর মাধ্যমে পয়েন্ট করছি ঠিকানা ডাটাবেইজের টেবিল থেকে একটি তথ্যলাইন মুছে ফেলতে। Rows(RecNum) নির্দেশ করছে কোনটি মুছা হবে। মনে রাখা দরকার, বর্তমানে প্রদর্শিত রেকর্ডের ইনডেক্স সংখ্যা হলো RecNum। সুতরাং আমরা এটিই ডিলিট করার কথা বলেছি। ঠিকানা ডাটাবেইজ এরপর আপডেট করতে হবে। বাস্তবে এই আপডেট নির্দেশই এক্সেসের ফিজিক্যাল ফাইলে রবদল নিশ্চিত করে। পরের লাইনের কাজ হলো ইনডেক্স সংখ্যা ১ কমানো- কারণ এখন একটি ইনডেক্স কর্মে গেছে। এরপর একটি মেসেজ বাক্সে রেকর্ড ডিলিটের বার্তাটি ব্যবহারকারীকে দেওয়া হয়েছে। আর সবশেষে কানেকশন বন্ধ করার নির্দেশ এসেছে।

এবার ‘এই রেকর্ড এডিট করুন’ ও ‘সেইভ করুন’ বোতামদৱের কোড নিয়ে আলোচনার প্রয়াস পাচ্ছি। আর এরই মাধ্যমে ডাটাবেইজ প্রোগ্রামিংয়ের ওপর আলোচিত এ পরিচ্ছেদের ইতি টানবো। শিক্ষার্থীরা এ থেকে যা শিখেছেন, সাধারণ ডাটাবেইজ প্রোগ্রামিংয়ে জন্য যথেষ্ট হবে বলে মনে করছি। তবে এর ওপর আরো গভীর জ্ঞানার্জনের জন্য ডিজুয়্যাল বেসিক.নেট দিয়ে ডাটাবেইজ সৃষ্টির উন্নতমানের বই-পুস্তক পাঠ ও ইন্টারনেটে প্রাপ্ত তথ্যাদি অধ্যয়ন করতে পারেন।

'editing btn code

```

Private Sub btnEdit_Click(sender As Object, e As EventArgs) Handles btnEdit.Click
    ' confirmation test
    Dim ResP As Integer = MsgBox("এই রেকর্ডে রবদল করবেন?", MsgBoxStyle.YesNo)
    If ResP = 7 Then
        Exit Sub
    End If
    EnableFourFlds() 'enable fields for editing
    btnUpdate.Visible = True 'show the update button
    Button1.Enabled = False
    btnDelete.Enabled = False
    btnNewRecord.Enabled = False
End Sub

```

আমাদেরকে আরোও একটি টেস্ট করতে হবে। কারণ, ব্যবহারকারী এই বোতামে ভুলেও ক্লিক করতে পারেন। টেস্ট পাশ হওয়ার পর প্রথমে ফিল্ডগুলো সক্রিয় করতে একটি সাবরুটিন ডাক দিয়েছি। এরপর সেইভ করুন বোতামটি দৃশ্যমান করেছি। এছাড়া ‘নতুন রেকর্ডের প্রস্তুতি নিন’, ‘ডাটা আনন্দ’ এবং ‘এই রেকর্ড ডিলিট করুন’ -এ তিনটি বোতামকে নিষ্ক্রিয় করতে হয়েছে। এগুলোর কোনো ফাংশন নেই এডিটের পূর্ব পর্যন্ত।

## ১৭তম পরিচ্ছেদ: Database Programming Made Simple

## সহজ ডাটাবেইজ প্রোগ্রামিং: Database Programming Made Simple

```

Private Sub btnUpdate_Click(sender As Object, e As EventArgs) Handles btnUpdate.Click
    Dim ResP As Integer = MsgBox("আপনি কি সব রেকর্ড সঠিকভাবে প্রবেশ করেছেন?", MsgBoxStyle.YesNo)
    If ResP = 7 Then
        Exit Sub
    End If
    UpdateRecord() 'call update sub
    MakeFourFldReadOnly() 'call sub to lock fields
    GetAndFillRccord() 'call sub to fill record
    btnUpdate.Visible = False
    Button1.Enabled = True
    btnDelete.Enabled = True
    btnNewRecord.Enabled = True
End Sub

```

এখানেও একটি টেস্ট আছে! ব্যবহারকারী সঠিকভাবে সবকিছু এডিট করেছেন কি না জেনে নিতে হবে। টেস্টের ফলাফল ইতিবাচক হলে আমরা কল করতে পারি UpdateRecord() নামক সর্বশেষ সাবরুটিনটি। আপডেট হওয়ার পর চারটি ফিল্ড রিড-অনলি বানানো ও একটি বোতাম নিষ্ক্রিয় ও তিনটি সক্রিয় করা দরকার। শেষের একটি সাবরুটিন ও চারটি লাইন এ কাজগুলো সারবে।

এবার দেখে নেই সর্বশেষ কোড ব্লকটি। এটা একটি সাবরুটিন যার কাজ হলো এডিট করা লেখাগুলো স্ব স্ব স্থানে নিয়ে যাওয়া- তথা তথ্যাদি আপডেট করা।

```

Private Sub UpdateRecord()
    Dim cb As New OleDb.OleDbCommandBuilder(da) 'commandBuilder object creation
    ds.Tables("TikanaDB").Rows(RecNum).Item(1) = NameText.Text
    ds.Tables("TikanaDB").Rows(RecNum).Item(2) = AddressText1.Text
    ds.Tables("TikanaDB").Rows(RecNum).Item(3) = AddressText2.Text
    ds.Tables("TikanaDB").Rows(RecNum).Item(4) = MobileText.Text
    da.Update(ds, "TikanaDB") 'update database
    MsgBox("রেকর্ড রদ্দবদল হয়েছে।") 'show success
    con.Close() 'close connection
End Sub

```

সেইভ করুন [আপডেট করার] বোতামটির কোড বাস্তবে খুব এটা কঠিন কিছু না। প্রথমে -এর নতুন একটি ইস্ট্যান্ট OleDb.OleDbCommandBuilder সৃষ্টি করতে হবে। এর প্যারামিটার হবে আমাদের সৃষ্টি ডাটাএডাপ্টার [da]। এরপর চারটি লাইনে ডাটাসেটে নিয়ে যেতে হবে নির্দিষ্ট ইনডেক্সের [ds] চারটি আইটেম [১,২,৩ ও ৪]। সব প্রস্তুত। এবার da.Update(ds, "TikanaDB") লাইনটির মাধ্যমে এক্সেস ডাটাবেইজের টেবিলটি আপডেট করা হয়েছে। এরপর মেসেজ বাক্সের মাধ্যমে সফলতা জানানো ও কানেকশন ক্লোজ করা হয়েছে। আলহামদুলিল্লাহ! ঠিকানা ডাটাবেইজের কাজ পূর্ণস্বরূপ শেষ হলো। শিক্ষার্থীদের প্রতি আবারো অনুরোধ, শুরু থেকে শেষ পর্যন্ত কোডের ব্যাখ্যা প্রয়োজনে একাধিকবার পাঠ করে বুঝার চেষ্টা করবেন। আর অবশ্যই, নিজে এই ডাটাবেইজ প্রোগ্রামটি সৃষ্টির প্রাকটিস করবেন।

শেষ হলো ডাটাবেইজ প্রোগ্রামিংয়ের ওপর রচিত এ পরিচ্ছেদটি। এবার আরো এক দু'টো স্টেপ বাই স্টেপ মডেল প্রোগ্রাম বানানোর প্রশিক্ষণ উপস্থাপনের চেষ্টা করবো। আসুন, আপনাদের সহযোগিতায় গড়ে তুলি ওসব ব্যবহারেপযোগী এ্যাপ্লিকেশন।

## ১৬তম পরিচ্ছেদ: Few More Sample Applications

### আরো কয়েকটি নমুনা এ্যাপ্লিকেশন: Few More Sample Applications


এ পরিচ্ছেদে আরো কয়েকটি নমুনা এ্যাপ্লিকেশন পদে পদে আমরা গড়ে তুলবো। শিক্ষার্থীরা প্রতিটি পদক্ষেপ সঠিকভাবে অনুসরণ করবেন, যেভাবে ইতোমধ্যে এ গ্রহে আলোচিত সকল প্রোগ্রাম তৈরির সময় করেছেন। পরিচ্ছেদ ১৭ শেষ হওয়ার পর ভেবেছিলাম ডিজিয়েল বেসিক.নেট এর উপর রচিত এই বইটির ইতি টানবো। কিন্তু শেষ পর্যন্ত সিন্ধান্ত পরিবর্তন করলাম এ কারণে যে, কমিউনিটার সফ্টওয়্যার সৃষ্টির মূলে প্রাকটিস একটি গুরুত্বপূর্ণ ব্যাপার। শিক্ষার্থীরা যতো বেশি প্রাকটিস করবেন ততো বেশি প্রোগ্রামিংয়ের বিভিন্ন কনসেপ্ট সম্পর্কে অভিজ্ঞতা অর্জন করবেন। হতে পারে, এ গ্রন্থের পাঠকদের মধ্যে ভবিষ্যতে দেশের একজন উজ্জ্বল তারকায়ও কেউ রূপান্তরিত হবেন। আমি অবশ্যই এ আশা করবো। যাক, আমরা একে একে এই নমুনা এ্যাপ্লিকেশনগুলোর ওপর বিস্তারিত আলোচনা শুরু করছি, এখনই।

#### ১. একটি ব্যক্তিগত ওয়েব ব্রাউজার: A Personal Web Browser

হ্যাঁ, ডিজিয়েল বেসিক.নেট ও ডিজিয়েল স্টুডিও আপনাকে ওয়েব ব্রাউজার এ্যাপ্লিকেশনের মতো জটিল প্রোগ্রাম সৃষ্টির সুযোগ তৈরি করে দিয়েছে। আর তা এতোই সহজ! একটু পরই শিক্ষার্থীরা বুঝতে পারবেন। কয়েকটি স্থিতিশৰ্ক্ষণ পদক্ষেপ ও অতি অল্প কিছু কোডিং দ্বারাই তৈরি হবে আপনার নিজস্ব স্বাপ্নিক ওয়েব ব্রাউজার এ্যাপ্লিকেশন।

ক. ডিজাইন: নিচে একটি চিত্র দিয়েছি। আপনার ওয়েব ব্রাউজার এরূপই হবে। এতে আছে ' টি বোতাম, ২টি টেক্সট বাক্স, ১টি লিস্ট বাক্স, ১টি প্রগ্রেস বার ও ১টি ওয়েব ব্রাউজার কন্ট্রোল। এগুলোর অবস্থান এ্যারো দ্বারা ছবিতে দেখিয়েছি। এদের প্রত্যেকটির বিভিন্ন প্রোপার্টি নিচের টেবিলে তুলে ধরেছি। টুল বাক্স থেকে একে একে এগুলো ফর্মে নিয়ে আসুন। এরপর নির্দেশ মুতাবিক এদের প্রোপার্টি সেট করুন।

নাম	টেক্সট প্রোপার্টি	নাম	টেক্সট প্রোপার্টি	নাম	টেক্সট প্রোপার্টি
BtnBack	<<	BtnAddToFav	বুকমার্ক এই পেইজ	ListBox1	Font: Tahoma, 12pt
BtnForward	>>	BtnClear	ক্লিয়ার	ProgressBar1	--
BtnGo	যান!	TxtURL	--	MyWebBrowser	--
BtnRefresh	ফ্রেশ	TextBox1	ReadOnly: True	Form1	আমার ব্রাউজার
BtnHome	বাড়ি				



## ১৬তম পরিচ্ছেদ: Few More Sample Applications

### আরো কয়েকটি নমুনা এ্যাপলিকেশন: Few More Sample Applications

২. কোডিং: আমরা ডিজাইন করে নিয়েছি। আপনি চাইলে ডিজাইনটি অন্যরকমও করতে পারেন। তবে বোতাম, টেক্স্টবাক্স, লিস্টবাক্স ইত্যাদি তো অবশ্যই থাকতে হবে। নিচে সম্পূর্ণ কোড তুলে ধরেছি। পরে ব্যাখ্যা আসবে।

#### Public Class Form1

'যান! বোতামের কোড। TxtURL -এতে পূর্ণাঙ্গ ওয়েবসাইট ঠিকানা লিখা থাকবে, তার ওপর অনুসন্ধান চালাবে এই বোতামটি।

```
Private Sub BtnGO_Click(sender As Object, e As EventArgs) Handles BtnGo.Click
```

```
    MyWebBrowser.Navigate(TxtURL.Text) 'ন্যাভিগেট হলো সিস্টেমের ফাংশন। এর একটি প্যারামিটার হচ্ছে টেক্স্ট  
    MyWebBrowser.Focus() 'ব্রাউজার বাস্তে ক্লিক করার অনুরূপ
```

```
End Sub
```

'এটা বাড়ি বোতামের কোড। আমরা গুগলস্ সার্চকে হোম পেইজ বানিয়েছি।

```
Private Sub BtnHome_Click(sender As Object, e As EventArgs) Handles BtnHome.Click
```

```
    MyWebBrowser.Url = New System.Uri("https://www.google.com/webhp?hl=en&tab=wi")  
    MyWebBrowser.Focus()
```

```
End Sub
```

'এটা আগের ওয়েভ পেইজে ফিরে যাওয়ার বোতাম।

```
Private Sub BtnBack_Click(sender As Object, e As EventArgs) Handles BtnBack.Click
```

```
    MyWebBrowser.GoBack()  
    MyWebBrowser.Focus()
```

```
End Sub
```

'এটা পরের ওয়েভ পেইজে যাওয়ার বোতাম।

```
Private Sub BtnForward_Click(sender As Object, e As EventArgs) Handles BtnForward.Click
```

```
    MyWebBrowser.GoForward()  
    MyWebBrowser.Focus()  
    TextBox1.Text = MyWebBrowser.Url.ToString
```

```
End Sub
```

'এটা বর্তমান ওয়েভ পেইজ রেফ্রেশ করার বোতাম।

```
Private Sub BtnRefresh_Click(sender As Object, e As EventArgs) Handles BtnRefresh.Click
```

```
    MyWebBrowser.Refresh()  
    MyWebBrowser.Focus()
```

```
End Sub
```

'পেছনের ওয়েভ পেইজে যাওয়া শেষ হলে এই ইভেন্ট বোতামকে নিক্রিয় করবে।

```
Private Sub MyWebBrowser_CanGoBackChanged(sender As Object, e As EventArgs) Handles MyWebBrowser.CanGoBackChanged
```

```
    BtnBack.Enabled = MyWebBrowser.CanGoBack
```

```
End Sub
```

'সামনের ওয়েভ পেইজে যাওয়া শেষ হলে এই ইভেন্ট বোতামকে নিক্রিয় করবে।

```
Private Sub MyWebBrowser_CanGoForwardChanged(sender As Object, e As EventArgs) Handles MyWebBrowser.CanGoForwardChanged
```

```
    BtnForward.Enabled = MyWebBrowser.CanGoForward
```

```
End Sub
```

'ন্যাভিগেট হওয়ার পর এই ইভেন্ট সৃষ্টি হয়। এটে ধরে আমরা ইউআরএলকে উপরের ট্যাক্স্ট বাস্তে নিয়ে গেছি।

```
Private Sub MyWebBrowser_Navigated(sender As Object, e As WebBrowserNavigatedEventArgs) Handles MyWebBrowser.Navigated
```

```
    TxtURL.Text = MyWebBrowser.Url.ToString
```

```
End Sub
```

'ওয়েভ পেইজ লোড হওয়ার সময় প্রগ্রেস বারের ক্রিয়ার বোতাম।

```
Private Sub MyWebBrowser_Navigating(sender As Object, e As WebBrowserNavigatingEventArgs) Handles MyWebBrowser.Navigating
```

```
    With ProgressBar1 'উইথ--এন্ড উইথ ব্লক দ্বারা এটা বাড়ানোর রেইট নির্ধারণ করা হয়েছে।
```

```
.Minimum = 0
```

```
.Maximum = 52
```

## ১৬তম পরিচ্ছেদ: Few More Sample Applications

### আরো কয়েকটি নমুনা এ্যাপ্লিকেশন: Few More Sample Applications

.Step = 4

End With

For index As Integer = 0 To 52 Step 4

ProgressBar1.Value = index

System.Threading.Thread.Sleep(35) 'নির্দিষ্ট সংখ্যক [৩৫] মিলিসেকেন্ডের জন্য বন্ধ থাকা

□ □ □ Next

End Sub

'ফর্ম লোডের সময় ডিফোল্ট ওয়েব পেইজ খোলার নির্দেশ। আমরা গুগলসের সার্চ পেইজ নির্দিষ্ট করেছি।

Private Sub Form1\_Load(sender As Object, e As EventArgs) Handles MyBase.Load

MyWebBrowser.Navigate("https://www.google.com/webhp?hl=en&tab=wi")

For Each item As String In My.Settings.Bookmarks

ListBox1.Items.Add(item) 'বুকমার্কের সেটিংয়ে সংরক্ষিত ওয়েভপেইজ ঠিকানা লিস্ট বাস্তে নিয়ে আসা।

Next

End Sub

'এটা বুকমার্ক ক্লিয়ার বোতামের কোড।

Private Sub BtnClear\_Click(sender As Object, e As EventArgs) Handles BtnClear.Click

Dim ResP As Integer = MsgBox("সব বুকমার্ক মুছে দেবেন?", MsgBoxStyle.YesNo)

If ResP = 7 Then 'no

Exit Sub 'না মুছেই

||||||| End If

My.Settings.Bookmarks.Clear()

ListBox1.Items.Clear()

End Sub

'এটা বর্তমান পেইজ বুকমার্ক বোতামের কোড।

Private Sub BtnAddToFav\_Click(sender As Object, e As EventArgs) Handles BtnAddToFav.Click

My.Settings.Bookmarks.Add(MyWebBrowser.Url.ToString()) 'সেটিংয়ে পেজ ঠিকানা যাবে।

ListBox1.Items.Clear() 'লিস্ট ক্লিয়ার হবে।

For Each item As String In My.Settings.Bookmarks

ListBox1.Items.Add(item) 'সেটিংয়ের সকল পেজ ঠিকানা একে একে লিস্ট বাস্তে আসবে।

Next

End Sub

'লিস্ট বাস্তে ডবল ক্লিক করে ওয়েভ পেইজে যাওয়ার কোড।

Private Sub ListBox1\_DoubleClick(sender As Object, e As EventArgs) Handles ListBox1.DoubleClick

MyWebBrowser.Navigate(ListBox1.SelectedItem) 'লিস্ট বাস্তের আইটেম প্র্যারামিটার।

End Sub

'প্রাপ্ত ওয়েভ পেইজের ঠিকানা প্রাপ্তি ও এর ইউআরএল প্রদর্শন।

Private Sub MyWebBrowser\_StatusTextChanged(sender As Object, e As EventArgs) Handles MyWebBrowser.StatusTextChanged

TextBox1.Text = MyWebBrowser.StatusText 'প্রাপ্ত ওয়েভ পেইজের ঠিকানা নিচের টেক্স্বাস্তে যাবে।

End Sub

End Class

ব্রাউজারের মতো জটিল একটি এ্যাপ্লিকেশনের কোড এটুকুই মাত্র! আমরা মাইক্রসফ্টকে ধন্যবাদ না দিয়ে পারবো না। তারা .নেট ফ্রেমওয়ার্ক টেকনোলজি ডেভেলপ করে প্রোগ্রামারদের জন্য বিরাট সম্ভাবনার দরোজা খুলে দিয়েছেন। ডিজিয়েল বেসিক.নেট ফ্রেমওয়ার্কের কিছু গুরুত্বপূর্ণ ক্লাস লাইব্রেরির যেগুলো টুলবাস্তের সঙ্গে সম্পৃক্ত, তাদের একটি লিস্ট গ্রন্থের পরিশিষ্টে উদাহরণ ব্যবহারসহ যুক্ত করার আশা করছি। যাক, এবার আমাদের ব্যক্তিগত ওয়েভ ব্রাউজারের কোডগুলোর ওপর প্রয়োজনীয় কিছু ব্যাখ্যা তুলে ধরছি।

প্রথমত জরুরী সবগুলো কোডের ব্যাখ্যা কমেন্ট দ্বারা করা হয়েছে। দ্বিতীয়ত কোড লাইনের অধিকাংশই স্ব-ব্যাখ্যাত-অর্থাৎ কোডই বুঝাচ্ছে তার ক্রিয়া কি হবে। তবে শিক্ষার্থীদের সুবিধার্থে ফর্মের ক্লাসের ভেতরস্থ ১৪টি সাবরুটিন সম্পর্কেই আরো কিছু আলোচনা করছি।

১. Private Sub BtnGO\_Click -এটা হলো 'যান!' বোতামের ক্লিক সাবরুটিন। আপনি উপরের টেক্স্বাস্তে যে ওয়েভ

## ১৬তম পরিচ্ছেদ: Few More Sample Applications

### আরো কয়েকটি নমুনা এ্যাপলিকেশন: Few More Sample Applications

ঠিকানা লিখবেন তা সঠিক হলে সেই ওয়েভ সাইট খুলবে।

২. **Private Sub** BtnHome\_Click -এটা হলো ‘বাড়ি’ বোতামের ক্লিক সাবরুটিন। আমরা গুগলস সার্চ পেইজকে বাড়ি বা হোম পেইজ বানিয়েছি।

৩. **Private Sub** BtnBack\_Click -এটা হলো ‘<<’ বোতামের ক্লিক সাবরুটিন। আগের পৃষ্ঠা [যদি থেকে থাকে], এই বোতাম আবার খুলবে।

৪. **Private Sub** BtnForward\_Click -এটা হলো ‘>>’ বোতামের ক্লিক সাবরুটিন। পরের পৃষ্ঠা [যদি থেকে থাকে], এই বোতাম আবার খুলবে।

৫. **Private Sub** BtnRefresh\_Click -এটা হলো ‘ফ্রেশ’ বোতামের ক্লিক সাবরুটিন। বর্তমান পেইজটি পুনরায় লোড করবে এই ক্লিক ইভেন্টটি।

৬. **Sub** MyWebBrowser\_CanGoBackChanged -এটা হলো ‘GoBack’ ফাংশনের একটি ইভেন্ট। এটা আত্মপ্রকাশ করে পেছনের পৃষ্ঠায় যেতে পারলে। আমরা এই ইভেন্টকে কাজে লাগিয়ে বলেছি আগের পৃষ্ঠায় যাওয়ার বোতাম সক্রিয় হতে পারে।

৭. **Sub** MyWebBrowser\_CanGoForwardChanged -এটা হলো ‘GoForward’ ফাংশনের একটি ইভেন্ট। আমরা এ ইভেন্টকে কাজে লাগিয়ে বলেছি পরে যাওয়ার বোতামটি সক্রিয় হতে পারে।

৮. **Sub** MyWebBrowser\_Navigated -এটা হলো ‘Navigation’ ফাংশনের একটি ইভেন্ট। এই ইভেন্ট সৃষ্টি হয় ওয়েভ পেইজ লোড হয়ে শেষ হওয়ার পরমুহূর্তে। আমরা একে ধরে সত্যিকার ইউআরএলকে স্ট্রিং টাইপে পরিবর্তন করে উপরের টেক্সট বাক্সে দেখিয়েছি।

৯. **Sub** MyWebBrowser\_Navigating -এটাও ওয়েভ ব্রাউজারের একটি ইভেন্ট। পেইজ লোড হওয়ার সময় এটি সক্রিয় হয়। আমরা একে ধরে লোড হওয়ার দৃশ্যত কাজ প্রদর্শনের ব্যবস্থা করেছি প্রগ্রেসবার কন্ট্রোল ব্যবহার করে। লক্ষ করুন, ০ থেকে ১০০ পর্যন্ত ৪ করে অগ্রসর হওয়ার রেট নির্ধারিত করেছি প্রথমেই ইউথ-এন্ড উইথ ব্লকে। অর্থাৎ তার পুরোটাই ২৫টি পদক্ষেপে বাম দিক থেকে ডান দিকে যাবে। রেট নির্ধারিত হওয়ার পর একটি ফর -- নেক্স্ট লুপ দ্বারা সত্যিকার প্রগ্রেস হওয়ার গ্রাফিক্যাল এ্যানিমেশন দেখানো হয়েছে। আমরা .নেট এর এপিআই - System.Threading.Thread.Sleep(35) কাজে লাগিয়েছি। কতটুকু সময় প্রতিটি স্টেপে থামবে তা নির্ধারিত হয়েছে এই এপিআই থেকে। এখানে ত৫ মিলিসেকেন্ড বুঝাচ্ছে [১০০০ মি.সে. = ১ সেকেন্ড]।

১০. **Sub** Form1\_Load -এটা হলো ফর্ম লোড হওয়ার সময়কার ইভেন্ট। আমরা চাই প্রথমেই গুগলস এর সার্চ ওয়েভ পেইজটি আসবে। সুতরাং ফর্ম খোলার পরই এই পেইজটিতে ন্যাভিগেট করার জন্য নির্দেশ দিয়েছি প্রথম লাইনে। এরপর আমরা এটাও চাই যে লিস্ট বাক্সে সেটিংয়ে সংরক্ষিত বুকমার্কসগূলো লাইনে লাইনে প্রদর্শন করতে। ফর ইচ -- নেক্স্ট লুপের কাজ এটি। শিক্ষার্থীদের একটি বিষয় জানা থাকা দরকার- কিভাবে সেটিংয়ে যেয়ে বুকমার্কস তৈরি করা যায়। এ ব্যাপারে পরের পৃষ্ঠার চিত্রগুলো দেখুন ও নিচের ব্যাখ্যাগুলো পাঠ করুন।



প্রথমে সলুশন এক্সপ্লোরারে যেয়ে মাই প্রজেক্টে রাইট-ক্লিক করুন। ফলে মাঝের জানালা আসবে। সেখানে সেটিং ক্লিক করুন। প্রথম কলামে উপরেই লিখুন Bookmark। এবার ডানের [...] বোতাকে ক্লিক করলেই একটি জানালা আসবে। সেখানে এই স্ট্রিংটি লিখুন: <https://www.google.com/imghp?hl=en&tab=wi>। এরপর OK ক্লিক করুন। ব্যস! সেটিংয়ে একটি স্ট্রিং সংরক্ষিত হবে। ভবিষ্যতে আপনি ব্রাউজারে প্রদর্শিত যে কোনো পেইজ সংরক্ষণের জন্য শুধুমাত্র ‘বুকমার্ক এই পেইজ’ বোতামে ক্লিক করলেই সেটিংয়ের লিস্টে ঐ পেইজের ইউআরএল তালিকাভুক্ত হবে। আপনি যতোটা ইচ্ছা পেইজের ইউআরএল বুকমার্ক করতে পারেন। আর লিস্টের যে কোনো লাইনে ডবল ক্লিক করলেই সেই ইউআরএল-এ ন্যাভিগেট করবে ওয়েভ ব্রাউজার।

১১. **Sub** BtnClear\_Click -এটা হলো ‘ক্লিয়ার’ বোতামের ক্লিক সাবরুটিন। বুকমার্ককৃত সকল পেইজের ইউআরএল এই বোতামে ক্লিক করে মুছে দিতে পারেন। অবশ্য একটি ওয়ার্নিং থাকবে- যা আমরা মেসেজ বাক্স ফাংশন দ্বারা প্রদর্শনের ব্যবস্থা করেছি।

১২. **Sub** BtnAddToFav\_Click -এটা হলো ‘বুকমার্ক এই পেইজ’ বোতামের ক্লিক সাবরুটিন। প্রদর্শিত ইউআরএল সেটিংয়ের বুকমার্কস লিস্টে যাবে। তবে লিস্ট বাক্সেও নতুন বুকমার্ক আনতে হবে। এজন্য প্রথমে আমরা লিস্ট বাক্সের সকল আইটেম মুছে দিয়েছি দ্বিতীয় লাইনের নির্দেশ দ্বারা। এরপর একটি ফর ইচ-নেক্স্ট লুপ কাজে লাগিয়ে সেটিং থেকে পুনরায় সকল আইটেম নিয়ে

## ১৬তম পরিচ্ছেদ: Few More Sample Applications


### আরো কয়েকটি নমুনা এ্যাপলিকেশন: Few More Sample Applications



এসেছি শূন্য লিস্টবাক্সে।

১৩. **Sub.ListBox1\_DoubleClick** -এটা হলো লিস্ট বাক্সের ডবলক্লিক ইভেন্ট। একে ধরে আমরা সিলেক্ট করা লাইন মুভাবিক ইউআরএল-এ ন্যাভিগেশন করার জন্য নির্দেশ করেছি ওয়েব্রাউজারকে।

১৪. **MyWebBrowser\_StatusTextChanged** -এটা হলো ওয়েব্রাউজারের স্টেটাসটেক্সটচেঞ্জড নামক ইভেন্ট সাবরুটিন। আমরা একে ধরে প্রদর্শিত ওয়েব পেইজের ইউআরএল লোড হওয়ার স্টেটাস টেক্সটটুকু নিচের টেক্সট বাক্সে প্রদর্শের জন্য নিয়ে এসেছি। লোড সম্পন্ন হয়ে গেলে, ‘Done’ শব্দটি বাক্সে দেখাবে। এবার দেখে নিন আপনার ব্রাউজারের একশন।



বিংশ শতাব্দীর অন্যতম জনপ্রিয় বাঙালি কবি, সঙ্গীতজ্ঞ, সংগীতশিল্পী, দার্শনিক, যিনি বাংলা কাব্যে অগ্রগামী ভূমিকার সঙ্গে সঙ্গে প্রগতিশীল প্রগোদ্ধনার জন্য সর্বাধিক পরিচিত। তিনি বাংলা ভাষার অন্যতম সাহিত্যিক, দেশপ্রেমী এবং বাংলাদেশের জাতীয় কবি। পশ্চিমবঙ্গ ও বাংলাদেশ – দুই বাংলাতেই তাঁর কবিতা ও গান সমানভাবে সমাদৃত। তাঁর কবিতায় বিদ্রোহী সৃষ্টিভঙ্গির কারণে তাঁকে বিদ্রোহী কবি নামে আখ্যায়িত করা হয়েছে।

বিশ পক্ষ বাদল বাসি নদী জনপথিতি বাজনীলি উপদেশ অনুপ্রবাহ্য ব্রহ্ম সমাজ বেদনা বর্ষা পর্ব প্রেমিকা সংগীত পক্ষ  
অঙ্গ প্রেম মসজিদ বাজান দর্শন কাম নাবী পরিচয় ব্রেবণা আর্মীবাদ অনুভূতি বাঙালি মানুব প্রেমপর বিদ্যায় পরিণয়

বাণী চিরন্তনী

র্যান্ডম উক্তি

## ১৬তম পরিচ্ছেদ: Few More Sample Applications


### আরো কয়েকটি নমুনা এ্যাপলিকেশন: Few More Sample Applications

#### ২. সাধারণ এ্যানিমেশন: Simple Animation

এই গ্রন্থে আমরা বেশ কয়েকটি উদাহরণ প্রোগ্রাম নিয়ে বিস্তারিত আলেচনা করেছি। ডিজুয়্যাল বেসিক.নেট যে একটি শক্তিশালী সফটওয়্যার ডেভেলপমেন্ট ভাষা তা- তো নিচয়ই পাঠকরা এখন অনুধাবন করে নিয়েছেন। এখন আমরা আরেকটি ছোট্ট উদাহরণ তুলে ধরেছি। এটা হলো এ্যানিমেশন কোডিং উদাহরণ।

**উদ্দেশ্য:** ১. একটি বলকে উপর থেকে নিচে ধীরে ধীরে নামিয়ে আনবো। ২. একই সময় স্বয়ংক্রিয়ভাবে কিছু বাংলা লেখা আসবে একটি টেক্সট বাস্তো।

ক. ইন্টারফেইস ডিজাইন: একটি নতুন ইউজেনেজ ফর্ম এ্যাপলিকেশন তৈরি করুন। এর নামকরণ যা ইচ্ছে করতে পারেন। আমি নামকরণ করেছি: Animation1। ফর্মের সাইজ হবে: ৩০০,৪৫৭। ফর্মের FormBorderStyle হবে - FixedSingle। ফর্মের মধ্যে থাকবে একটি টেক্সট বাক্স, দু'টি বোতাম ও একটি পিকচারবক্স। পিকচারবাক্সের BackgroundImage হবে যে কোনো একটি .png ছবি। ইন্টারনেটে প্রচুর ছবি মিলে। প্রয়োজনে ফটোশপে এনে পিএনজি হিসাবে বানাতেও পারেন। আমি একটি বল ব্যবহার করেছি। যেখানে ছবির ফাইল থাকবে সেখানে ব্রাউজ করে রিসোর্স নিয়ে আসবেন। ছবির নাম যা থাকবে তা অবশ্য কোডে ব্যবহৃত হবে। ৩টি টাইমার কন্ট্রোল। এদের নামকরণ করুন: aTimer, wTimer, tTimer। টাইমারগুলো অবশ্যই ফর্মের উপরে থাকবে না। টাইমার কন্ট্রোলে ডবল ক্লিক করলেই এগুলো এসে যাবে। এরপর প্রতিটির প্রোপার্টি দেখে নামকরণ বদলাবেন। নিচের চিত্রে আমাদের ইন্টারফেইস ডিজাইনটি তুলে ধরেছি- একটু দেখে নিন।



খ. কোডিং: এ্যানিমেশন কোডিং কিছুটা জটিল- কিন্তু তেমন কঠিন নয়! প্রথমেই ফর্মে ডবল ক্লিক করে কোড জানালা খুলুন। সাবরুটিনগুলো শুরুর আগে দেখানো স্থানে ৫টি গ্লোবাল ডিক্লারেশন দরকার:

Public Class Form1

```
Dim waitTime As Integer = 500 'millisecond to control speed of movement
Dim speed As Integer = 60 'ms actual speed of movement
Dim OXpos As Integer : Dim OYPos As Integer 'to keep record of the PictureBox position in the
form
Dim speedText As Integer = 500 'ms to control typing speed
'text to be typed. Unicode is typed with Bijoy Bayanno Unicode option.
Dim printText As String = "ডিজুয়্যাল বেসিক.নেট -নতুন শিক্ষার্থীদের জন্য গুরুত্বপূর্ণ প্রশিক্ষণ রিসোর্স -
গ্রন্থকার ইঞ্জিনিয়ার আজিজুল বারী, ডিপ্লোমা ইন সাইল এন্ড টেকনোলজি, ইংল্যান্ড।"
```

এগুলো আমরা পরে ব্যবহার করবো। এরপর নিচের সাবরুটিনটি যাবে। এটা হলো aTimer-এর Tick নামক ইভেন্ট সাবরুটিন।

```
'this sub animates picture and types text
Private Sub aTimer_Tick(sender As Object, e As EventArgs) Handles aTimer.Tick
    TextBox1.Text += printText.Substring(TextBox1.Text.Length, 1) 'one by one printText writing will be printed in the text box
    If TextBox1.Text = printText Then aTimer.Enabled = False 'Once writing is finished, the timer action will stop
    'same time picture box's location will change by y+1 (1 point down). Notice x value doesn't change.
    MyPictureBox.Location = New Point(MyPictureBox.Location.X, MyPictureBox.Location.Y + 1)
    If MyPictureBox.Location.Y = 205 Then '250 point (y) is the minimum.
        aTimer.Enabled = False 'at that point timer stops
    End If
End Sub
```

উপরের সাবটিই মূল এ্যানিমেশনের কাজটি করে। পরের সাবরুটিন দু'টি টাইমার কন্ট্রোল সক্রিয় ও একটি অক্রিয় করে।

## ১৬তম পরিচ্ছেদ: Few More Sample Applications

### আরো কয়েকটি নমুনা এ্যাপ্লিকেশন: Few More Sample Applications

'this sub enables aTimer and tTimer and disables wTimer

```
Private Sub wTimer_Tick(sender As Object, e As EventArgs) Handles wTimer.Tick
    wTimer.Enabled = False
    aTimer.Enabled = True
    tTimer.Enabled = True
End Sub
```

এর পরেরটি হলো ফর্ম লোড ইভেন্ট সাবর্কচিন। আমরা একে ধরে প্রথমে ডিক্রায়ার করা ভেরিয়েবলগুলোতে ভ্যালু প্রবেশ করেছি।

'form load-time initialization of 3 variables associated with three timers

```
Private Sub Form1_Load(sender As Object, e As EventArgs) Handles MyBase.Load
    aTimer.Interval = speed
    wTimer.Interval = waitTime
    tTimer.Interval = speedText
    ' keep a record of PictureBox Position
    OXpos = MyPictureBox.Location.X : OYPos = MyPictureBox.Location.Y
End Sub
```

নিচের ছোট সাবটি হলো Exit বোতামের ক্লিক ইভেন্ট কোড। বুবাতেই পারছেন, এটি দ্বারা প্রোগ্রাম বন্ধ করা হয়।

'exit- here Me means the Form itself.

```
Private Sub Button1_Click(sender As Object, e As EventArgs) Handles Button1.Click
    Me.Close()
End Sub
```

ব্যস! কোড মাত্র এটুকুই। এবার টেস্ট রানের পালা। নিচের তিনটি চিত্রে এ্যনিমেশনকালীন স্ক্রিনশট তুলে ধরেছি।



### ৩. বাংলা-ইংরেজি-বাংলা তারিখ রূপান্তর: Bangla-English-Bangla Date Conversion

ইন্টারনেটে একাধিক ওয়েবসাইট আছে যেখানে বাংলা থেকে ইংরেজি এবং ইংরেজি থেকে বাংলা তারিখ রূপান্তরের সুযোগ আছে। কিন্তু কিভাবে এরূপ এ্যাপ্লিকেশন ডেভেলাপ করা যায়? এ প্রশ্নের জবাব খুঁজতে যেয়েই শেষ পর্যন্ত নিজেই নতুন এই প্রোগ্রাম সৃষ্টি করতে সক্ষম হয়েছি। আর এটি শেয়ার করতে চাই সকল শিক্ষার্থীদের সাথে। এই প্রোগ্রাম ডেভেলাপমেন্ট টেকনিক থেকে ডিজিয়াল বেসিক.নেট প্রোগ্রামিং ভাষা সম্পর্কেও অনেক ব্যাপার জানা ও সেসাথে অভিজ্ঞতা অর্জিত হবে। তাহলে আসুন, দেখে নিই কিভাবে এ ব্যবহারযোগ্য কার্যকরী এ্যাপ্লিকেশনটি বানাতে হয়।

## ১৬তম পরিচ্ছেদ: Few More Sample Applications

### আরো কয়েকটি নমুনা এ্যাপ্লিকেশন: Few More Sample Applications

তথ্যাদি সংগ্রহ: প্রথমেই জানতে হবে বাংলা ও ইংরেজি তারিখের মধ্যে সম্পর্ক কি। কিছু অনুসন্ধানের পর জানা গেলো, বাংলা সন বের করতে ৫৯৩ বিয়োগ দিতে হবে ইংরেজি সন থেকে। তবে তারিখ যদি ১লা জানুয়ারি থেকে ১৩ এপ্রিলের মধ্যে হয় তাহলে কিন্তু বিয়োগ দিতে হবে ৫৯৪। এর কারণ হলো তখনো বাংলা সন বদলাবে না। এর পরের সকল তারিখের ক্ষেত্রে অবশ্য বিয়োগ দিতে হবে ৫৯৩। তাহলে সন পরিবর্তনের ফর্মুলা হলো:

১লা জানুয়ারি থেকে ১৩ এপ্রিল পর্যন্ত তারিখের ভেতর: ইংরেজি সন - ৫৯৪ = বাংলা সন। [বাংলা সন = +৫৯৪]

১৪ এপ্রিল থেকে ৩১ ডিসেম্বর পর্যন্ত তারিখের ভেতর: ইংরেজি সন - ৫৯৩ = বাংলা সন। [বাংলা সন = +৫৯৩]

তারিখ পরিবর্তের ক্ষেত্রে একটি ফর্মুলা জানা গেছে। তাহলো: ১৪ ১৫১৫ ১৬১৬১৬ ১৫১৫ ১৪ ১৩ ১৫। মনে রাখার জন্য আমরা লিখতে ৪ ৫ ৬ ৬৬৬ ৫ ৪ ৩৫। এখানে ১লা বৈশাখ শুরু হয় ইংরেজি এপ্রিল মাসের ১৪ তারিখ। ১লা জৈষ্ঠ হলো ইংরেজি মে মাসের ১৫, ১লা আষাঢ় শুরু হয় ইংরেজি জুন মাসের ১৫ ইত্যাদি বুঝাচ্ছে। এই ফর্মুলা থেকে আমরা একটি তথ্যের টেবিল তৈরি করতে পারি। যেমন:

Month (1-12)	Day Range	Bangla M	Formula	month	Day Range	E.M	
4	14-30	1	-13	1	1-17	4	+13
5	1-14	1	+17	1	18-31	5	-17
5	15-31	2	-14	2	1-17	5	+14
6	1-14	2	+17	2	18-31	6	-17
6	15-30	3	-14	3	1-16	6	+14
7	1-15	3	+16	3	17-31	7	-16
7	16-31	4	-15	4	1-16	7	+15
8	1-15	4	+16	4	17-31	8	-16
8	16-31	5	-15	5	1-16	8	+15
9	1-15	5	+16	5	17-31	9	-16
9	16-30	6	-15	6	1-15	9	+15
10	1-15	6	+15	6	16-30	10	-15
10	16-31	7	-15	7	1-16	10	+15
11	1-14	7	+16	7	17-30	11	-16
11	15-30	8	-14	8	1-16	11	+14
12	1-14	8	+16	8	17-30	12	-16
12	15-31	9	-14	9	1-17	12	+14
1	1-13	9	+17	9	18-30	1	-17
1	14-31	10	-13	10	1-18	1	+13
2	1-12	10	+18	10	19-30	2	-18
2	13-28(29)	11	-12	11	1-16(17)	2	+12
3	1-14	11	+16	11	17(18)-30(31)	3	-16
3	15-31	12	-14	12	1-17	3	+14
4	1-13	12	+17	12	18-30	4	-17

লক্ষ করুন: ইংরেজি মাস কোনটি সেটা জানতে পারলে আমরা কোন দু'টি তারিখের ভেতর কতো যোগ বা বিয়োগ করলে বাংল তারিখটি পাবো তা দেখানো হয়ছে। একই সময় বাংলা মাসটি কি হবে তা ও উল্লেখিত আছে। অনুরূপ বাংলার ক্ষেত্রেও আমরা জানতে পারি কোন তারিখে কতোদিন যোগ বা বিয়োগ করতে হবে। একটি উদাহরণ থেকে

## ১৬তম পরিচ্ছেদ: Few More Sample Applications

### আরো কয়েকটি নমুনা এ্যাপ্লিকেশন: Few More Sample Applications


বিষয়টি স্পষ্ট হবে। মনে করুন এই তারিখ: ২৫/৫/১৮৯৯ [জাতীয় কবি কাজী নজরুল ইসলামের জন্ম তারিখ] বাংলা তারিখে রূপান্তর করবো। আমরা প্রথমেই দেখবো কোন সংখ্যাটি বিয়োগ করে বাংলা সন বের করতে হবে। যেহেতু ইংরেজি মাসটি হলো মে [৫] যা ১৫ এপ্রিল থেকে ৩১ ডিসেম্বরের ভেতর পড়ে তাই আমাদেরকে বিয়োগ করতে হবে ৫৯৩ সংখ্যাটি। সুতরাং যে বাংলা সনে কবির জন্ম হয়েছিল তা হলো: ১৮৯৯ - ৫৯৩ = ১৩০৬ বাংলা।

এবার টেবিলের দিকে তাকিয়ে দেখতে পাচ্ছি যে, তারিখের দিনটি ইংরেজি মে (৫) মাসের ১৫-৩১ দিনের ভেতর হলে বাংলা তারিখের দিনটি হবে: ইংরেজি তারিখ - ১৪ = ২৫-১৪ = ১১। আর মাস হবে: দ্বিতীয়টি তথা জৈষ্ঠ। সুতরাং আমাদের জাতীয় কবির জন্ম হয়েছিল: ১১ জৈষ্ঠ, ১৩০৬ বাংলা। সুতরাং যে কোনো ইংরেজি তারিখ বাংলায় রূপান্তরের একটি সূত্র পেয়ে গেলাম। অনুরূপ বাংলা থেকেও ইংরেজিতে রূপান্তর করতে টেবিলের তথ্যাদি যথেষ্ট হবে। যেমন: আজকের [এই লেখা রচনার] তারিখ হলো ২৯ পৌষ, ১৪২৩ বাংলা। আমরা এটাও জানি, আজকের ইংরেজি তারিখ হলো ১২ জানুয়ারী, ২০১৭ ইং। আমরা টেবিল ব্যবহার করে ইংরেজি তারিখ বের করতে পারি এভাবে:

পৌষ মানে বছরের ৯তম মাস। আর তারিখটি হলো ২৯। সুতরাং টেবিলে যেয়ে দেখতে পাচ্ছি যে, ৯ম মাসের ১৮-৩০ দিনের ভেতর হলে বছর পড়ে জানুয়ারী। যেতেহু ১লা জানুয়ারী থেকে ১৩ এপ্রিল পর্যন্ত রেঞ্জের ভেতর তারিখ হলে যোগ দিতে হয় ৫৯৪ তাই ১৪২৩ বাংলা = ১৪২৩ + ৫৯৪ = ২০১৭ ইং। তারিখ বের করতেও আমরা টেবিল ব্যবহার করতে পারি। বাংলা মাস ৯ (পৌষ) ও দিন ১৮-৩০ এর ভেতর হওয়ায় বিয়োগ হবে ১৭। সুতরাং ইংরেজি দিন হবে: ২৯ - ১৭ = ১২। তাই এখন বলতে পারি: ২৯ পৌষ, ১৪২৩ বাংলা = ১২ জানুয়ারী, ২০১৭ ইং।

সুতরাং আমরা যেভাবে উপরের তারিখগুলো পরিবর্তন করেছি তা-ই করতে হবে কম্পিউটারের সফ্টওয়্যারের মাধ্যমে।

**ডিজাইন:** ইউজার ইন্টারফেইস ডিজাইন একটি গুরুত্বপূর্ণ কাজ। আপনি চাইবেন ব্যবহারকারী যাতে সহজে এ্যাপ্লিকেশনটি কাজে লাগাতে পারেন। মোটকথা প্রয়োজনীয় সুযোগ-সুবিধাসহ একটি ব্যবহারকারী-বান্ধব ইউজার ইন্টারফেইস হলো সফল এ্যাপ্লিকেশন সৃষ্টির চাবিকাটি। প্রথমে নিচের ডিজাইনটি দেখুন। এরপর কি কি বন্ধ টুলবাক্স থেকে আনবেন ও এদের প্রোপার্টি কি হবে তা একটি টেবিলে তুলে ধরবো।



বন্ধ	নাম	টেক্স্ট	ফন্ট-সাইজ
ফর্ম	.....	যে কোনো	.....
৪টি বোতাম	.....	যেভাবে আছে	যেভাবে আছে
১৬টি লেবেল	.....	যেভাবে আছে	শেষের ৬টির ভিজিবল= False
৪টি কম্বোবাক্স	.....	.....	বাংলা- ১৪
দু'টি টেক্স্ট বাক্স	.....	.....	বাংলা - ১৪

লক্ষ করুন: উপরের বায়ের কম্বোর নাম: cmbEnglishDay।

ডানেরটির নাম: cmbEnglishMonth। নিচের বায়েরটির নাম:

cmbBanglaDay। ডানেরটি: cmbBanglaMonth। উপরের টেক্স্ট বাক্সের নাম: txtEnglishYear। নিচেরটির নাম:

txtBanglaYear। এই নামগুলো আমরা কোডে ব্যবহার করেছি। পরিবর্তন বোতামের এ্যারোগুলো আনতে সিম্বল কাজে

## ১৬তম পরিচ্ছেদ: Few More Sample Applications

### আরো কয়েকটি নমুনা এ্যাপলিকেশন: Few More Sample Applications

লাগান। এবার দেখে নিই কোডগুলো।

**কোড:** আমরা কোডের বিভিন্ন সাবরুটিন ও ফাংশন ব্যাখ্যাসহ আলাদাভাবে তুলে ধরবো। এভাবে হলে কেডগুলো বুজা অনেকটা সহজ হবে। কারণ, তারিখ পরিবর্তন কোড বাস্তবে তেমন সহজ নয়- বরং বেশ জটিল।

ফর্মের মধ্যে ডবল ক্লিক করে কোড এডিটর খুলুন। ফর্মের ক্লাস ডিক্লারেশন লাইন: **Public Class Form1** -এর নিচে লিখুন এই ঘোবাল ভেরিয়েবল ডিক্লারেশনগুলো:

```
Dim ToBanglaAdderVal As Integer 'স্টোর করে ইংরেজি দিনের সাথে কোন সংখ্যা যোগ হবে
Dim ToBanglaMonth As Integer 'স্টোর করে বাংলা মাস কি হবে
Dim ToBanglaYear As Integer 'স্টোর করে বাংলা বছর মান কি হবে
Dim IsItLeapYear As Boolean 'বুলিয়ান স্টোরস লিপ ইয়ার কি না - সত্য-মিথ্যা
Dim ToEnglishAdderVal As Integer 'স্টোর করে ইংরেজি দিনের সাথে কোন সংখ্যা যোগ হবে
Dim ToEnglishMonth As Integer 'স্টোর করে ইংরেজি মাস কি হবে
Dim ToEnglishYear As Integer 'স্টোর করে ইংরেজি বছর কি হবে
```

উপরোক্ত ভেরিয়েবলের কোনটির কাজ কি তা কমেন্ট লাইনে লিখেছি। এবার প্রথম সাবরুটিনটি টাইপ করুন।

'প্রোগ্রাম খুললেই যে তারিখ বাংলা ও ইংরেজিতে হবে

```
Private Sub Form1_Load(sender As Object, e As EventArgs) Handles MyBase.Load
```

    PutInEnglishDate() 'সাব কল, এটা ইংরেজি আজকের তারিখ বসাবে।

    convertToBanglaDate() 'এ সাব ইংরেজি আজকের তারিখকে বাংলা করে বসাবে।

End Sub

আমরা এখানে দু'টি সাবরুটিন কল করেছি যেগুলো পরে ডিফাইন করা হয়েছে। এদের কাজ হলো বাংলা রূপান্তরসহ 'আজকের তারিখ' প্রদর্শন করা। সুতরাং ব্যবহারকারী প্রোগ্রাম রান করার পরই বর্তমান তারিখ ইংরেজি ও বাংলায় দেখতে পাবেন। সাবরুটিন **PutInEnglishDate()** -এর মাধ্যমে উপরের প্রথম কষ্টে ইংরেজি দিন, পরের কষ্টে মাস ও টেক্স্ট বাক্সে বছরের সংখ্যাটি দেখাবে। অনুরূপ নিচের প্রথম কষ্টে বাংলা দিন, পরের কষ্টে মাস ও টেক্স্ট বাক্সে বছরের সংখ্যা প্রদর্শন হবে দ্বিতীয় সাবরুটিন **convertToBanglaDate()** -এর মাধ্যমে। এগুলো কিভাবে কাজ করে তার ওপর আলোচনা সময়মতো হবে। পরের সাবটি হলো ইংরেজি থেকে বাংলায় পরিবর্তন বোতামের ক্লিক ইভেন্ট কোড।

'এটা ইংরেজি থেকে বাংলায় পরিবর্তনের বোতাম।

```
Private Sub Button1_Click(sender As Object, e As EventArgs) Handles Button1.Click
```

    If Val(txtEnglishYear.Text) < 100 Or Val(txtEnglishYear.Text) > 9999 Then

        MessageBox("বছর রেঞ্জ হবে ১০০ থেকে ৯৯৯৯।")

        txtEnglishYear.Text = ""

        txtEnglishYear.Focus()

    Exit Sub

End If

Label15.Text = ""

'লিপ ইয়ার না হলে ফেরুয়ারি ২৯ এর নিচে থাকতে হবে।

If IsItLeap(Val(txtEnglishYear.Text)) = False Then

    If (cmbEnglishDay.SelectedItem) >= 29 And (cmbEnglishMonth.SelectedItem) = 2 Then

        MessageBox("Not a leap year! February month has 28 days only.", MsgBoxStyle.Exclamation)

    Exit Sub

End If

Else

    'যদি লিপ ইয়ার হয়ে থাকে তাহলে ফেরুয়ারি অবশ্যই ২৯ কিংবা কম থাকতে হবে।

    If (cmbEnglishDay.SelectedItem) >= 30 And (cmbEnglishMonth.SelectedItem) = 2 Then

        MessageBox("Its a leap year! February month has 28 days only.", MsgBoxStyle.Exclamation)

    Exit Sub

## ১৬তম পরিচ্ছেদ: Few More Sample Applications

### আরো কয়েকটি নমুনা এ্যাপলিকেশন: Few More Sample Applications

```

End If
End If
'লিপ ইয়ার নয় বা লিপ ইয়ার হয়, এর পরও দিনের তারিখ সঠিক থাকলে
UpdateLabel() 'গোপন লেবেলে দিন, মাস ও বছরের মান নিয়ে যেতে হবে, এই সাবের কাজ এ টি।
'এরপর দেখতে হবে দিনের মাস অন্যান্য মাসের বেলায়ও সঠিক আছে কি না।
If IsDayEntryCorrect((Val(Label10.Text)), Val(Label9.Text)) = False Then
    MsgBox("উপস্থিৎ মাসে য দিন আছে তারচেয়ে বেশি হয়ে গেছে, বোধ হয়।", MsgBoxStyle.Exclamation)
    Exit Sub
End If
'এবার সব সঠিক হয়েছে
convertToBanglaDate() 'কল কনভার্ট টু বাংলা সাবরুটিন।
End Sub

```

**কোডের ব্যাখ্যা:** প্রথম ইফ-এন্ড ইফ ব্লকের কাজ হলো বছরের সংখ্যাটি রেঞ্জের ভেতর আছে কি না তা নিশ্চিত করা। আমরা ইংরেজি ১০০ থেকে ১৯৯৯ সাল পর্যন্ত রেঞ্জ দিয়েছি। এর বাইরে হলো প্রোগ্রাম মেসেজ দিয়ে কোড থেকে বের হবে। এরপর আমরা লেবেল ১৫ এর টেক্স্ট মুছে দিয়েছি। পরের ইফ-এন্ড ইফ ব্লকে আরেকটি টেস্ট করা হয়েছে। আমরা জানতে চাই, বছর সংখ্যাটি লিপ ইয়ার কি না। এ চেকটি করেছি একটি ফাংশন দ্বারা, যার নাম IsItLeap। এর একটিমাত্র প্যারামিটার আছে যা হলো বছর সংখ্যাটি। ফাংশন বুলিয়ান [হ্যাঁ, না] রিটার্ন করে। সুতরাং দেখতে হবে রিটার্ন করার পরও ব্যবহারকারী ফেক্সুয়ারি মাসের জন্য ২৮ দিন বা তার নিচে প্রবেশ করেছেন কি না। পরের ইফ-এন্ড ইফ ব্লকের কাজ এটি। কিন্তু লিপ ইয়ার হয়ে থাকলে দিন সংখ্যা যাতে ২৯ এর বেশি না হয় তা-ও দেখতে হবে। সুতরাং একই ইফ-এন্ড ইফ ব্লকেই Else কিওয়ার্ড দ্বারা আরো একটি চেক করতে হয়েছে। উভয় চেক সফল হওয়ার পরই পরবর্তী কোড এক্সেকিউট হতে পারে। প্রথমে আমরা একটি সাবরুটিন [UpdateLabel()] কল করে তারিখের সংখ্যাগুলো লুকানো তিনটি লেবেলে নিয়ে গেছি। এরপর আরো একটি সংখ্যা পরীক্ষা করা দরকার। মাসের মধ্যে যদিন আছে তারচে বেশি প্রবেশ হয়েছে কি না তা-ও জানতে হবে। এই টেস্ট সফল হওয়ার পর আমরা অবশ্যে প্রস্তুত হলাম পরিবর্তন সাবরুটিন কল করতে। এই সাবরুটিনের নাম convertToBanglaDate()। সঠিক সময়ে এটার ব্যাখ্যা আসবে।

ইতোমধ্যে বলেছি, আগের সাবরুটিনে UpdateLabel() নামক একটি সাবরুটিন কল করেছি। সুতরাং এটাই আমাদের পরবর্তী সাবরুটিন। এর কাজ হলো কম্বো বাক্স থেকে ইংরেজি দিনের সংখ্যা, ইংরেজি মাসের সংখ্যা ও [টেক্স্ট বাক্স থেকে] ইংরেজি বছরের সংখ্যা যথাক্রমে লেবেল ১৯, ১০ ও ১১ -তে কপি করে রাখা।

এর পরের ফাংশনটির কথাও ইতোমধ্যে বলেছি। এটা হলো IsItLeap নামক বুলিয়ান ফাংশন। এর কাজ হচ্ছে বছরটি লিপ ইয়ার কি না পরীক্ষা করে সত্য-মিথ্যা ফলাফল রিটার্ন করা। লক্ষ করুন, কোনো সংখ্যার ভাগফলে অবশিষ্ট আছে কি না জানতে হলো সিস্টেমের মড [Mod] ফাংশন ব্যবহার করতে হয়। সুতরাং এবার টাইপ করুন এ দু'টো প্রসিডোর।

```

Private Sub UpdateLabel() 'লেবেল আপডেট কোড।
    Label9.Text = cmbEnglishDay.SelectedItem 'কম্বো থেকে লেবেলে
    Label10.Text = cmbEnglishMonth.SelectedItem 'কম্বো থেকে লেবেলে
    Label11.Text = txtEnglishYear.Text 'টেক্স্ট বাক্স থেকে লেবেলে
End Sub
'check if it is a Leap year
Private Function IsItLeap(TheYear As Integer) As Boolean
    If TheYear Mod 4 = 0 Then 'মড রিটার্ন করে ভাগের অবশিষ্ট। না থাকলে 0
        Return True 'এটা লিপ ইয়ার নয়
    Else
        Return False 'এটা লিপ ইয়ার নয়
    End If

```

## ১৬তম পরিচ্ছেদ: Few More Sample Applications

### আরো কয়েকটি নমুনা এ্যাপ্লিকেশন: Few More Sample Applications

End Function

উপরের সাব দু'টোর ব্যাখ্যা ইতোমধ্যে হয়ে গেছে। এবার পরের এই সাবটি লিখুন।

'এই সাব ইংরেজি আজকের তারিখ দিন, মাস ও বছর ফিল্ডে বসাবে।

**Private Sub PutInEnglishDate()**

```
Dim now As DateTime = DateTime.Now
Label9.Text = now.Day 'গুরু দিনের সংখ্যা
Dim now1 As DateTime = DateTime.Now
Label10.Text = now1.Month 'গুরু মাসের সংখ্যা
Dim now2 As DateTime = DateTime.Now
Label11.Text = now2.Year 'গুরু বছরের সংখ্যা
cmbEnglishDay.SelectedItem = Label9.Text 'লেবেল থেকে কষ্টে বাস্তু
cmbEnglishMonth.SelectedItem = Label10.Text 'লেবেল থেকে কষ্টে বাস্তু
txtEnglishYear.Text = Label11.Text 'টেক্স্ট বাস্তু থেকে লেবেলে
```

End Sub

উপরের সাবরুটিনটি আমরা ফর্মের লোড সাব থেকে কল করেছি। এটার কাজ হলো ইংরেজি 'আজকের' তারিখটিকে প্রথমে লুকানো লেবেল৯, লেবেল১০ ও লেবেল১১-তে যথাক্রমে দিন, মাস ও বছর সংখ্যা সংরক্ষণ করা ও কষ্টেইংলিশডে, কষ্টেইংলিশমাস্ট ও ট্রিক্সটাইংলিশইয়ার বাস্তু প্রদর্শন করা। পরের সাবরুটিনের কাজ হলো ইংরেজি তারিখকে বাংলায় রূপান্তর করা।

'এই সাবই কনভার্ট করে। কলসৃ ফাংশন: ১. ফাইলডেরেঞ্জ, ২. ফাইন্ডবাংলা ইয়ার।

**Private Sub convertToBanglaDate()**

```
Dim EnglishDay As Integer = Val(Label9.Text) 'গোপন লেবেল থেকে সংখ্যা নিয়ে আসা
Dim EnglishMonth As Integer = Val(Label10.Text) 'গোপন লেবেল থেকে সংখ্যা নিয়ে আসা
Dim EnglishYear As Integer = Val(Label11.Text) 'গোপন লেবেল থেকে সংখ্যা নিয়ে আসা
Dim DayAdderMonth As String = FindDayRange(EnglishMonth, EnglishDay) 'ফাংশন কল
Dim Words As String() = DayAdderMonth.Split(New Char() {" "})
ToBanglaAdderVal = Words(0)
ToBanglaMonth = Words(1)
ToBanglaYear = FindBanglaYear(EnglishYear, EnglishMonth, EnglishDay) 'ফাংশন কল
Label12.Text = (ToBanglaAdderVal) + EnglishDay 'এড সঠিক মান বাংলা বছর পেতে।
Label13.Text = ToBanglaMonth 'গোপন লেবেলে মাস মান সংরক্ষণ
cmbBanglaDay.SelectedItem = Label12.Text 'গোপন লেবেলে থেকে কষ্টেতে নেওয়া
cmbBanglaMonth.SelectedItem = Label13.Text 'গোপন লেবেলে কষ্টেতে নেওয়া
txtBanglaYear.Text = ToBanglaYear 'বাংলা বছরের টিক্সেট মান নেওয়া
Label16.Text = (cmbEnglishMonth.SelectedItem & "/" & cmbEnglishDay.SelectedItem & "/" &
txtEnglishYear.Text)
Label16.Text = FormatDateTime(Label16.Text, DateFormat.LongDate) 'দিনের নামসহ তারিখ
Label15.Text = getBanglaDayMothName(Label16.Text, Val(Label12.Text), Val(Label13.Text), Val
(txtBanglaYear.Text)) 'দিনের নামসহ তারিখ।
End Sub
```

লক্ষ করুন, এই সাব থেকে আমরা আরো দু'টি ফাংশন কল করেছি। যথা: ১. FindDayRange এবং ২. FindBanglaYear। আশাকরি এগুলোর নাম থেকেই বুবাতে পারছেন তাদের কাজ কি। প্রথমটি রিটার্ন করে দিন একটি স্ট্রিং যার মধ্যে আছে পরিবর্তনে কোন সংখ্যাটি হবে এবং বাংলা মাস সংখ্যাটি। দ্বিতীয়টি রিটার্ন করে বাংলা বছর কি হবে। এই ফাংশন দু'টোর ব্যাখ্যা সঠিক স্থানে আসবে। লক্ষ করুন, আমরা Split নামক একটি সিস্টেম ফাংশন দ্বারা দু'টি সংখ্যাকে আলাদা করেছি। প্রাপ্ত দিনের মান ও মাসের মান যথাক্রমে গোপন লেবেল১২ এবং লেবেল১৩-তে নিয়ে তারপর কষ্টে বাস্তু দু'টোতে প্রদর্শন করেছি। অপরদিকে বছরের মানটি সরাসারি টেক্স্টবাস্তু নিয়ে এসেছি।

## ১৬তম পরিচ্ছেদ: Few More Sample Applications

### আরো কয়েকটি নমুনা এ্যাপলিকেশন: Few More Sample Applications

আমাদের ইচ্ছে ব্যবহারকারী সংখ্যা হিসাবেই শুধু তারিখগুলো দেখবেন না- বরং বার ও মাসের নামসহ দেখবেন। পরের ফাংশনের কাজ হলো এটা নিশ্চিত করা। ফাংশন মোট তিনটি প্যারামিটার নেয়।

```
Public Function getBanglaDayMothName(SupplyLongDateString As String, BanglaDay As Integer, BanglaMonthVal As Integer, BanglaYearVal As Integer) As String
```

```

    Dim AllEngDayName() As String = {"Sunday", "Monday", "Tuesday", "Wednesday", "Thursday", "Friday", "Saturday"}
    Dim AllBanglaDayName() As String = {"iweevi", "t̄mvgevi", "g½jevi", "eyaevi", "e,n̄ úwZevi", "iuevi", "kwbevi"}
    Dim AllBanglaMonthName() As String = {"^ekvL", "^Rô", "Avlvp", "kÓveY", "fv'a", "Avwk|b", "KvwZ©K",
    "AMÖnvqY", "‡cŠl", "gvN", "dvêyb", "^Pj"}
    Dim AllBangMonthsNum() As Integer = {"1", "2", "3", "4", "5", "6", "7", "8", "9", "10", "11", "12"}
    Dim RetString As String = ""
    Dim CountChar As Integer : Dim RetDay As String = "" : Dim BanglaDayname As String = ""
    Dim BanglaMonthName As String = ""
    For CountChar = 1 To Len(SupplyLongDateString)
        If Mid(SupplyLongDateString, CountChar, 1) = "," Then
            Exit For
        End If
        RetDay += Mid(SupplyLongDateString, CountChar, 1)
    Next
    For CountChar = 0 To 6
        If AllEngDayName(CountChar) = RetDay Then
            BanglaDayname = AllBanglaDayName(CountChar)
            Exit For
        End If
    Next
    For CountChar = 0 To 12
        If AllBangMonthsNum(CountChar) = BanglaMonthVal Then
            BanglaMonthName = AllBanglaMonthName(CountChar)
            Exit For
        End If
    Next
    RetString = BanglaDayname & ", " & BanglaDay & " " & BanglaMonthName & ", " & BanglaYearVal & " evsjv"
    Return RetString
End Function
```

উপরের ফাংশন যে তিনটি প্যারামিটার নেয় এগুলো সম্পর্কে আগেই জানা দরকার। প্রথমটি হলো ইংরেজি দীর্ঘ তারিখ স্ট্রিং। এটা যে কোনো ইংরেজি তারিখ লিখে সিস্টেম দ্বারা আনা যায়। দ্বিতীয় ও তৃতীয় প্যারামিটার যথাক্রমে বাংলা দিনের সংখ্যা ও মাসের সংখ্যা। এই তিনটি ভ্যালু থেকেই বাংলা দিন ও মাসের নাম ফাংশন রিটার্ন করবে। কিভাবে? এক্ষণি জেনে নেবেন।

প্রথমত আমরা ৪টি এ্যারে ভেরিয়েবল ডিক্লায়ার করেছি। এগুলো হয়ে: ১. AllEngDayName() যাতে আছে ইংরেজি সাত বারের নাম, ২. AllBanglaDayName() -এতে সংরক্ষিত হয়েছে বাংলা সাত বারের নাম [বিজয় কিবোর্ড লিখেছি] ৩. AllBanglaMonthName() -এতে সংরক্ষিত আছে বাংলা বারো মাসের নাম [বিজয়ে] এবং ৪. AllBangMonthsNum() -এ ভেরিয়েবলে আছে বারো মাসের নাম্বার (১-১২)। মনে আছে এ্যারোর যাবতীয় ইলেমেন্ট সংরক্ষিত হয় ০ ইনডেক্স দ্বারা। অন্য কথায়, আমাদের প্রথম ভেরিয়েবলে আছে ০ থেকে ৬ পর্যন্ত, ইনডেক্স, দ্বিতীয়টিতেও তা-ই। তৃতীয় ও চতুর্থটিতে আছে ০ থেকে ১১ পর্যন্ত ইনডেক্স। আর আমরা এই ইনডেক্স দ্বারাই সঠিক ফলাফল বের করবো।

উপরে ব্যাখ্যাত ৪টি এ্যারে ভেরিয়েবল ছাড়াও আমরা আরো ৫টি সাধারণ ভেরিয়েবল ডিক্লায়ার করেছি ফাংশনের ভেতর কাজে লাগাতে। এদের মধ্যে ৪টির টাইপ হলো স্ট্রিং ও একটি ইন্টেজার। এগুলোর কাজ নিম্নরূপ:

1. RetString -এর কাজ বাংলা দিনের নাম, দিন সংখ্যা, মাসের নাম ও বছরের সংখ্যা একত্রে সঠিক পরম্পরায় সংরক্ষণ

## ১৬তম পরিচ্ছেদ: Few More Sample Applications

### আরো কয়েকটি নমুনা এ্যাপলিকেশন: Few More Sample Applications

করা। আর এটাই ফাংশন রিটোর্ন করে। বাকি তিনটি স্ট্রিং ভেরিয়েবল এই প্রথমটির সহায়ক মাত্র। এগুলো দিনের নাম, মাসের নাম ও দিনের সংখ্যা সংরক্ষণ করে। ইন্টেজার ভেরিয়েবলের কাজ হলো ফর-নেক্স্ট লুপটি নিয়ন্ত্রণ করা। আমরা প্রথমে একটি ফর-নেক্স্ট লুপ দ্বারা ইংরেজি মাসের নামটি বের করে সংরক্ষণ করেছি। এরপর এটির ফলাফলের ওপর ভিত্তি করে পরের ফর-নেক্স্ট লুপের মাধ্যমে সনাক্ত করেছি বাংলা দিনের নামটি। শেষের ফর-নেক্স্ট লুপ দ্বারা বের করেছি বাংলা মাসের নামটি। ব্যস! এবার সবগুলো একত্র করে রিটোর্ন করতে হবে। এ কাজের জন্য ব্যবহার করেছি RetString ভেরিয়েবলকে। লক্ষ করুন কিভাবে ফরমেটিং করা হয়েছে। আমরা চাই প্রথমে হবে বাংলা দিনের নাম এরপর কমা ও স্পেস। তারপর বাংলা দিনের সংখ্যা এরপর আরেকটি স্পেস পরে আসবে বাংলা মাসের নাম- তারপর কমা ও স্পেস শেষে বছরের সংখ্যা ও স্পেস এবং সবশেষে ‘বাংলা’ শব্দটি। এই ফরমেটিং কিভাবে হয়েছে ভালো করে দেখে নেবেন। এরপর এসেছে দু'টি বড়ো ফাংশনের প্রথমটি।

'function returns bangla day and Month to be added or subtracted'

```
Private Function FindDayRange(MonthInt As Integer, DayInt As Integer) As String
    If MonthInt = 1 And DayInt >= 1 And DayInt <= 13 Then
        Return "17" & " 9"
    End If
    If MonthInt = 1 And DayInt >= 14 And DayInt <= 31 Then
        Return "-13" & " 10"
    End If
    If MonthInt = 2 And DayInt >= 1 And DayInt <= 12 Then
        Return "18" & " 10"
    End If
    If MonthInt = 2 And DayInt >= 13 And DayInt <= 29 Then
        Return "-12" & " 11"
    End If
    If MonthInt = 3 And DayInt >= 1 And DayInt <= 14 Then
        Return "16" & " 11"
    End If
    If MonthInt = 3 And DayInt >= 15 And DayInt <= 31 Then
        Return "-14" & " 12"
    End If
    If MonthInt = 4 And DayInt >= 1 And DayInt <= 13 Then
        Return "17" & " 12"
    End If
    If MonthInt = 4 And DayInt >= 14 And DayInt <= 30 Then
        Return "-13" & " 1"
    End If
    If MonthInt = 5 And DayInt >= 1 And DayInt <= 14 Then
        Return "17" & " 1"
    End If
    If MonthInt = 5 And DayInt >= 15 And DayInt <= 31 Then
        Return "-14" & " 2"
    End If
    If MonthInt = 6 And DayInt >= 1 And DayInt <= 14 Then
        Return "17" & " 2"
    End If
    If MonthInt = 6 And DayInt >= 15 And DayInt <= 30 Then
        Return "-14" & " 3"
    End If
    If MonthInt = 7 And DayInt >= 1 And DayInt <= 15 Then
        Return "16" & " 3"
    End If
    If MonthInt = 7 And DayInt >= 16 And DayInt <= 31 Then
```

**ব্যাখ্যা:** এই ফাংশনটি বেশ বড়ো সত্যি, কিন্তু এটি একটি মাত্র স্ট্রিং ভ্যালু রিটোর্ন করে, যার মধ্যে আছে আমাদের কাঙ্ক্ষিত দু'টি সংখ্যা। ফাংশন দু'টি প্যারামিটার গ্রহণ করে। এগুলো হলো: ইংরেজি মাসের সংখ্যা [১-১২] এবং দিনের সংখ্যা [১-৩১]। এ দু'টো সংখ্যা কি কি তার ওপর নির্ভর করে বাংলা দিনের সংখ্যা বের করতে কোন সংখ্যাটি যোগ বা বিয়োগ দিতে হবে এবং বাংলা মাসের সংখ্যাটি কি হবে। যেমন মাস জানুয়ারী [১] হলে এবং দিন ১ থেকে ১৩ হলে বাংলা দিন সংখ্যা বানাতে ১৭ যোগ দিতে হবে। অনুরূপ মাস সংখ্যা যদি ৮ হয় আর দিনের সংখ্যা ১৪ থেকে ৩০ থাকে, তাহলে বাংলা দিন বানাতে বিয়োগ দিতে হবে ১৩ ইত্যাদি। ফাংশন একে একে সবগুলো কম্বিনেশন চেক করে সঠিক যোগ বা বিয়োগের সংখ্যাটি ও মাসের মানটি কলিং সাবে রিটোর্ন করে। পূর্বে আমরা যে সম্পর্কের টেবিলটি দেখেছিলাম সে'টি কাজে লাগিয়েই এই ফাংশনটি তৈরি করেছি। লক্ষ করুন, বিয়োগ বুঝাতে সংখ্যার পূর্বে একটি বিয়োগ চিহ্ন দেওয়াই যথেষ্ট।

## ১৬তম পরিচ্ছেদ: Few More Sample Applications

### আরো কয়েকটি নমুনা এ্যাপ্লিকেশন: Few More Sample Applications

```

Return "-15" & "4"
End If
If MonthInt = 8 And DayInt >= 1 And DayInt <= 15 Then
    Return "16" & "4"
End If
If MonthInt = 8 And DayInt >= 16 And DayInt <= 31 Then
    Return "-15" & "5"
End If
If MonthInt = 9 And DayInt >= 1 And DayInt <= 15 Then
    Return "16" & "5"
End If
If MonthInt = 9 And DayInt >= 16 And DayInt <= 30 Then
    Return "-15" & "6"
End If
If MonthInt = 10 And DayInt >= 1 And DayInt <= 15 Then
    Return "15" & "6"
End If
If MonthInt = 10 And DayInt >= 16 And DayInt <= 31 Then
    Return "-15" & "7"
End If
If MonthInt = 11 And DayInt >= 1 And DayInt <= 14 Then
    Return "16" & "7"
End If
If MonthInt = 11 And DayInt >= 15 And DayInt <= 30 Then
    Return "-14" & "8"
End If
If MonthInt = 12 And DayInt >= 1 And DayInt <= 14 Then
    Return "16" & "8"
End If
If MonthInt = 12 And DayInt >= 15 And DayInt <= 31 Then
    Return "-14" & "9"
End If
Return 0
End Function

```

ইতোমধ্যে যে ফাংশনটির ওপর বিস্তারিত বলা হয়েছে তা থেকে আমরা বাংলা দিন ও মাস পাবো মাত্র। তবে আমাদেরকে তো বাংলা বছর কি হবে তা-ও জানতে হবে। এটা জানার জন্য পরের এই ফাংশনটি।

```

Private Function FindBanglaYear(EngYear As Integer,
EngMonth As Integer, DateDay As Integer) As Integer
    If EngMonth >= 1 And EngMonth <= 3 Then
        ToBanglaYear = EngYear - 594 'because
        banglaYear 1 less, no Boishak yet
        Return ToBanglaYear
    End If
    If EngMonth = 4 And DateDay >= 1 And
DateDay <= 13 Then
        ToBanglaYear = EngYear - 594 'because
        banglaYear 1 less, no Boishak yet
        Return ToBanglaYear
    End If
    ToBanglaYear = EngYear - 593 'Here it change
    Return ToBanglaYear
End Function

```

লক্ষ করুন, উপরের ফাংশনে তিনটি প্যারামিটার আছে। এগুলো হলো যথাক্রমে ইংরেজি বছর, মাস ও দিন। প্রতিটি ভ্যালু হবে ইন্টেজার। ফাংশন রিটোর্ন করবে বাংলা বছর [ইন্টেজার হিসাবে]। আমরা জানি ১লা বৈশাখ না আসা পর্যন্ত বাংলা বছর সংখ্যা বাড়বে না। এ কারণেই প্রথমে ইংরেজি মাস ১ থেকে ৩ এর ভেতর হলে বাংলা মাস বিয়োগ করেছি ৫৯৪ সংখ্যা দ্বারা। বাকি মাসগুলোর ক্ষেত্রে বিয়োগ হবে ৫৯৩।

আমাদের ফর্মে উপরের বায়ের বোতামটি হলো বর্তমান তারিখ বাংলা ও ইংরেজি তারিখ প্রদর্শনের বোতাম। সুতরাং এটার ক্লিক ইভেন্ট হবে নিম্নরূপ।

```

'English to Bangla Date conversion button sub
Private Sub Button2_Click(sender As Object, e As
EventArgs) Handles Button2.Click
    Label15.Text = ""
    PutInEnglishDate() 'পরিবর্তন [ইংরেজি থেকে বাংলা]
    বোতাম। কল সাব।
    convertToBanglaDate() 'কল সাব পরিবর্তন করতে।
End Sub

```

## ১৬তম পরিচ্ছেদ: Few More Sample Applications

### আরো কয়েকটি নমুনা এ্যাপ্লিকেশন: Few More Sample Applications

এই সাবে তিনটি মাত্র লাইন আছে। প্রথমে মুছে দিয়েছি লেবেল১৫। এ লেবেলে নতুন লেখা আসবে। এর পরের দু'টি লাইন হলো দু'টি সাবরুটিন। এ উভয়টির ব্যাখ্যা ইতোমধ্যে হয়েছে। পরের ফাংশনের কাজ হলো ইংরেজি দিন সংখ্যাটি মাসের সাথে সামঞ্জস্যশীল আছে কি না তা পরীক্ষা করা। মনে করুন ব্যবহারকারী মাস ৯ [সেপ্টেম্বর] প্রবেশ করলেন। এখন দিনের ফিল্ডে যদি ৩১ প্রবেশ করেন তাহলে তো সমস্যা দাঁড়াবে। কারণ, সেপ্টেম্বর মাস ৩০ দিনের বেশি হয় না। এই সমস্যা নিরসনে নিচের ফাংশনটি কাজ করে। মাসের মান অনুযায়ী দিনের মান না থাকলে ফাংশন মিথ্যা ফেরৎ পাঠাবে। অন্যথায় সত্য।

'Day entry correct: Returns True, Else False'

Private Function IsDayEntryCorrect(Month As Integer, Day As Integer) As Boolean

```
If Month = 9 And Day > 30 Then
    Return False
End If
If Month = 4 And Day > 30 Then
    Return False
End If
If Month = 6 And Day > 30 Then
    Return False
End If
If Month = 11 And Day > 30 Then
    Return False
End If
Return True
End Function
```

এখন আমরা বাংলা থেকে ইংরেজি তারিখ পরিবর্তন বোতামের ক্লিক ইভেন্ট কোড দেখবো।

'Bangla to English Date conversion button sub'

```
Private Sub Button3_Click(sender As Object, e As EventArgs) Handles Button3.Click
    If Val(txtBanglaYear.Text) < -493 Or Val(txtBanglaYear.Text) > 9999 Then
        MsgBox("বছর রেঞ্জ হবে -493 থেকে ৯৯৯৯।", MsgBoxStyle.Exclamation) 'রেঞ্জের বাইরে।
        txtBanglaYear.Text = ""
        txtBanglaYear.Focus()
        Exit Sub
    End If
    Label15.Text = ""
    UpdateBLabel() 'take day, month and year values to hidden labels
    If IsBanglaDateCorrect(Val(Label12.Text), Val(Label13.Text), Val(Label14.Text)) = False Then
        MsgBox("উপস্থিৎ তারিখ সঠিক হয় নি! যে মাসে যতোদিন আছে তারচেয়ে বেশি হয়েছে, সন্তুষ্ট।",
        MsgBoxStyle.Exclamation)
    End If
    convertToEnglishlDate()
End Sub
```

প্রথমে বছরের রেঞ্জ সঠিক আছে কি না পরীক্ষা করে [সঠিক থাকলে] আমরা UpdateBLabel() সাব কল করে দিন, মাস ও বছরের মানগুলো গোপন লেবেলে নিয়ে সংরক্ষণ করেছি। এরপর আবারো তারিখ সঠিক কি না পরীক্ষা করে [সঠিক হলে] ডাক দিয়েছি পরিবর্তন করার মূল সাবরুটিন convertToEnglishlDate()। পরের সাবটি হলো UpdateBLabel() -এর সাবরুটিন। এটার কাজ কি তা ইতোমধ্যে বলেছি।

## ১৬তম পরিচ্ছেদ: Few More Sample Applications

### আরো কয়েকটি নমুনা এ্যাপ্লিকেশন: Few More Sample Applications

'update Bagla label

Private Sub UpdateBLabel() 'লেবেল আপডেট কোড।

Label12.Text = cmbBanglaDay.SelectedItem 'কম্বো থেকে লেবেলে

Label13.Text = cmbBanglaMonth.SelectedItem 'কম্বো থেকে লেবেলে

Label14.Text = txtBanglaYear.Text 'টেক্স্ট বাক্স থেকে লেবেলে

End Sub

আমরা ইতোমধ্যে বলেছি, বাংলা তারিখ ঠিক আছে কি না পরীক্ষার জন্য একটি ফাংশন আছে। নিচের কোডগুলোই হচ্ছে এ ফাংশন। এটি লিপ ইয়ার ও সঠিক তারিখ, মাসের সঙ্গে তারিখের সামঞ্জস্য ইত্যাদি পারীক্ষা করে সত্য বা মিথ্যা ফলাফল হিসাবে রিটার্ন করে।

'check to see if the dateEntry correct

Private Function IsBanglaDateCorrect(BDay As Integer, BMonth As Integer, BYear As Integer) As Boolean

Dim CheckLeap As Boolean = IsItLeap(BYear)

If CheckLeap = True Then

If BMonth = 11 And BDay <= 31 Then

Return True

End If

If BMonth >= 1 And BMonth <= 5 Then

If BDay <= 31 Then

Return True

End If

End If

If BMonth >= 6 And BMonth <= 10 Then

If BDay <= 30 Then

Return True

End If

End If

If BMonth = 12 And BDay <= 30 Then

Return True

End If

End If

'leap year false

If BMonth >= 1 And BMonth <= 5 Then

If BDay <= 31 Then

Return True

End If

End If

If BMonth >= 6 And BMonth <= 11 Then

If BDay <= 30 Then

Return True

End If

End If

If BMonth = 12 And BDay <= 30 Then

Return True

End If

Return False

End Function

পরের সাবরুটিনের কাজ হলো বাংলা তারিখকে ইংরেজি তারিখে রূপান্তর করা।

## ১৬তম পরিচ্ছেদ: Few More Sample Applications

### আরো কয়েকটি নমুনা এ্যাপলিকেশন: Few More Sample Applications

'bangla to english date conversion

Private Sub convertToEnglishlDate()

```

Dim BanglaDay As Integer = Val(Label12.Text) 'গোপন লেবেল থেকে সংখ্যা নিয়ে আসা
Dim BanglaMonth As Integer = Val(Label13.Text) 'গোপন লেবেল থেকে সংখ্যা নিয়ে আসা
Dim BanglaYear As Integer = Val(Label14.Text) 'গোপন লেবেল থেকে সংখ্যা নিয়ে আসা
Dim DayAdderMonth As String = FindEnglishRange(BanglaMonth, BanglaDay) 'ফাংশন কল
Dim Words As String() = DayAdderMonth.Split(New Char() {" "})
ToEnglishAdderVal = Words(0)
ToEnglishMonth = Words(1)
ToEnglishYear = FindEnglishYear(BanglaYear, BanglaMonth, BanglaDay) 'ফাংশন কল
Label9.Text = BanglaDay + (ToEnglishAdderVal) 'এড সঠিক মান বাংলা দিন পেতে।
Label10.Text = ToEnglishMonth 'গোপন লেবেলে মাস মান সংরক্ষণ
cmbEnglishDay.SelectedItem = Label9.Text 'গোপন লেবেল থেকে কম্হোতে নেওয়া
cmbEnglishMonth.SelectedItem = Label10.Text 'গোপন লেবেল থেকে কম্হোতে নেওয়া
txtEnglishYear.Text = ToEnglishYear বাংলা বছরের ফিল্ডে মান নেওয়া
Label16.Text = cmbEnglishMonth.SelectedItem & "/" & Label9.Text & "/" & txtEnglishYear.Text
Label16.Text = FormatDateTime(Label16.Text, DateFormat.LongDate)
Label15.Text = getBanglaDayMothName(Label16.Text, Val(Label12.Text), Val(Label13.Text), Val
(Label14.Text)) 'দিনের নামসহ তারিখ
End Sub

```

এই সাবরুটিন দু'টি গুরুত্বপূর্ণ ফাংশন কল করে। এগুলো সম্পর্কে ব্যাখ্যা একটু পরই আসছে। এখানে যা বলার তাহলো, প্রথম ফাংশন রিটোর্ন করে একটি স্ট্রিংয়ের মধ্যে দু'টি মান। প্রথমটি হলো ইংলিশ দিনের সাথে কতো যোগ বা বিয়োগ করতে হবে। আর দ্বিতীয়টি হলো বাংলা মাসটি কি হবে। আমরা স্ট্রিংকে সিস্টেমের Split নামক ফাংশন দ্বারা আলাদা দু'টি শব্দে বিভক্ত করে মানগুলো বের করে যথাক্রমে ToEnglishAdderVal এবং ToEnglishMonth ভেরিয়েবলে সংরক্ষণ করেছি। দ্বিতীয় ফাংশন থেকে প্রাপ্ত ইংলিশ বছরের মান সরাসরি টেক্সবারে নিয়ে গেছি প্রদর্শনের জন্য। লক্ষ করুন টেক্সট বাক্স ১৫ ও ১৬-তে দিনের ও মাসের নামসহ যথাক্রমে ইংরেজি ও বাংলা তারিখটি বসিয়েছি। ঠিক যেমনটি করেছিলাম ইংরেজি থেকে বাংলায় তারিখ পরিবর্তনের সময়। এবার আরো একটি ফাংশনের কোড দেখবো।

'returns bangla year

Private Function FindEnglishYear(BangYear As Integer, BangMonth As Integer, DateDay As Integer) As Integer

If BangMonth >= 1 And BangMonth <= 8 Then

ToEnglishYear = BangYear + 593 'because banglaYear 1 less, no Boishak yet

Return ToEnglishYear

End If

If BangMonth = 9 And DateDay >= 1 And DateDay <= 17 Then

ToEnglishYear = BangYear + 593 'because banglaYear 1 less, no Boishak yet

Return ToEnglishYear

End If

ToEnglishYear = BangYear + 594 'Here it change

Return ToEnglishYear

End Function

আমাদেরকে ইংরেজি বছরের মান বের করতে হবে। উপরের ফাংশনের কাজ এটি। লক্ষ করুন, বাংলা মাস যদি ১ থেকে ৪ এর ভেতর হয় তাহলে যোগ করতে হবে ৫৯৩। একইভাবে বাংলা মাস ৯ [ফাল্গুন] হলে ও দিনের মান ১ থেকে ১৭ পর্যন্ত হলে যোগ হবে ৫৯৩। অন্যথায় যোগ হবে ৫৯৪।

## ১৬তম পরিচ্ছেদ: Few More Sample Applications

### আরো কয়েকটি নমুনা এ্যাপলিকেশন: Few More Sample Applications


এবার যে ফাংশনটি দেখবো তা-ই প্রোগ্রামের সর্বশেষ কোড ব্লক। অবশ্য ডানের উপরের বোতামের কোডও আরেকটি আছে। এটা প্রোগ্রামার সম্পর্কে জ্ঞাতব্য ব্যাপার মাত্র।

'returns what number to be added [or subtracted] to get correct english day value  
**Private Function** FindEnglishRange(**MonthInt As Integer**, **DayInt As Integer**) **As String**

```
If MonthInt = 1 And DayInt >= 1 And DayInt <= 17 Then
    Return "13" & " 4"
End If
If MonthInt = 1 And DayInt >= 18 And DayInt <= 31 Then
    Return "-17" & " 5"
End If
If MonthInt = 2 And DayInt >= 1 And DayInt <= 17 Then
    Return "14" & " 5"
End If
If MonthInt = 2 And DayInt >= 18 And DayInt <= 31 Then
    Return "-17" & " 6"
End If
If MonthInt = 3 And DayInt >= 1 And DayInt <= 16 Then
    Return "14" & " 6"
End If
If MonthInt = 3 And DayInt >= 17 And DayInt <= 31 Then
    Return "-16" & " 7"
End If
If MonthInt = 4 And DayInt >= 1 And DayInt <= 16 Then
    Return "15" & " 7"
End If
If MonthInt = 4 And DayInt >= 17 And DayInt <= 31 Then
    Return "-16" & " 8"
End If
If MonthInt = 5 And DayInt >= 16 And DayInt <= 15 Then
    Return "15" & " 8"
End If
If MonthInt = 5 And DayInt >= 17 And DayInt <= 31 Then
    Return "-16" & " 9"
End If
If MonthInt = 6 And DayInt >= 1 And DayInt <= 15 Then
    Return "15" & " 9"
End If
If MonthInt = 6 And DayInt >= 16 And DayInt <= 30 Then
    Return "-15" & " 10"
End If
If MonthInt = 7 And DayInt >= 1 And DayInt <= 16 Then
    Return "15" & " 10"
End If
If MonthInt = 7 And DayInt >= 17 And DayInt <= 30 Then
    Return "-16" & " 11"
End If
If MonthInt = 8 And DayInt >= 1 And DayInt <= 16 Then
    Return "14" & " 11"
End If
If MonthInt = 8 And DayInt >= 17 And DayInt <= 30 Then
    Return "-16" & " 12"
End If
If MonthInt = 9 And DayInt >= 1 And DayInt <= 17 Then
    Return "14" & " 12"
End If
If MonthInt = 9 And DayInt >= 18 And DayInt <= 30 Then
    Return "-17" & " 1"
End If
If MonthInt = 10 And DayInt >= 1 And DayInt <= 18 Then
    Return "13" & " 1"
End If
```

```
If MonthInt = 10 And DayInt >= 19 And DayInt <= 30 Then
    Return "-18" & " 2"
End If
If MonthInt = 11 And DayInt >= 1 And DayInt <= 17 Then
    Return "12" & " 2"
End If
If MonthInt = 11 And DayInt >= 18 And DayInt <= 31 Then
    Return "-16" & " 3"
End If
If MonthInt = 12 And DayInt >= 1 And DayInt <= 17 Then
    Return "14" & " 3"
End If
If MonthInt = 12 And DayInt >= 18 And DayInt <= 30 Then
    Return "-17" & " 4"
End If
Return 0
End Function
```

এখানেই ফাংশনের শেষ। এটি কাজ করে আগে বর্ণিত FindDayRange নামক ফাংশনের মতো। ফাংশনের দুটি প্যারামিটার আছে। তাহলো, ইংরেজি মাসের মান ও দিনের মান। কোন মাস ও কোন দিন তা-ই নির্দিষ্ট করে বাংলা কোন মাস ও দিন হবে। আগেরটির মতো এই ফাংশনও একটি স্ট্রিং রিটার্ন করে যেখানে দুটি সংখ্যা থাকবে। আমরা কলিং সাবরুটিনে Split নামক সিস্টেম ফাংশন দ্বারা আলাদা করেছি। এরপর উভয় সংখ্যা কাজে লাগিয়েছি। যাক, কোডের ব্যাখ্য এখানেই শেষ। এবার রান করে দেখুন [নিচের চিত্র]।



## ১৭তম পরিচ্ছেদ: Windows Form Controls

### উইন্ডোজ ফর্ম কন্ট্রোলস: Windows Form Controls

আপনি নিচয়ই এ গ্রন্থ অধ্যয়নকালে Visual Studio Express For Desktop [2008, 2010, 2012, 2013 or 2015] এর যে কোনো একটি ব্যবহার করছেন। ভার্শন যেটাই ব্যবহার করুন না কেনো, গ্রন্থে উল্লেখিত সকল কোডই যে কোনোটির জন্য প্রজোয়্য। তবে আমি কোডগুলো লিখেছি ভার্শন ২০১২ দ্বারা। প্রোগ্রামারদের সুবিধার জন্য মাইক্রসফ্ট উক্ত প্রতিটি ভার্শনের মধ্যেই [সামান্য রদবদলসহ] একটি উন্নতমানের টুলস বাক্স সম্পৃক্ত করেছেন। আপনারা দেখেছেন এ টুলসবাক্স থেকে কিভাবে আমার বোতাম, টেক্সটবাক্স, কম্বোবাক্স ইত্যাদি বস্তু ডবলক্লিক বা টেনে টেনে ফর্মে নিয়ে এসেছি। এরপর এদের প্রোপার্টি নিজের চাহিদামাফিক পরিবর্তন করেছি। এই টুলস বাক্সের মধ্যে যা কিছু আছে তার সবগুলো আমার ব্যবহার কখনো করিনি। তবে এগুলোর মৌলিক কার্যকারিতা নিয়ে এ পর্যন্ত বিস্তারিত আলোচনা হয় নি। এ পরিচ্ছেদ রচনার উদ্দেশ্য হলো টুলস বাক্সের বস্তু বা অবজেক্টের উপর তথ্যাদি তুলে ধরা। প্রয়োজনে ছোট ছোট কোড উদাহরণও থাকবে। আমি উপরে দেবো, আপনি প্রথমে একটি উইন্ডোজ ফর্ম প্রজেক্ট তৈরি করুন। ফর্মের আয়তন বড়ো করুন। যেসব কোড নিয়ে আলোচনা হবে ওগুলো বাস্তবে লিখে প্রোগ্রাম চালিয়ে দেখুন- এতে কোড ও বস্তুটি সম্পর্কে অভিজ্ঞতা জানা হয়ে যাবে।

যাক, প্রথমে আমরা টুলস বাক্সের পুরো অবজেক্ট লিস্ট তুলে ধরছি। এরপর একে একে ব্যাখ্যা হবে।

- |                       |                                    |
|-----------------------|------------------------------------|
| 1. Pointer            | 34. NumericUpDown                  |
| 2. BackgroundWorker   | 35. OpenFileDialog                 |
| 3. BindingNavigator   | 36. PageSetupDialog                |
| 4. BindingSource      | 37. Panel                          |
| 5. Button             | 38. PerformanceCounter             |
| 6. CheckBox           | 39. PictureBox                     |
| 7. CheckedListBox     | 40. PrintDialog                    |
| 8. ColorDialog        | 41. PrintDocument                  |
| 9. ComboBox           | 42. PrintPreviewControl            |
| 10. ContextMenuStrip  | 43. PrintPreviewDialog             |
| 11. DataGridView      | 44. Process                        |
| 12. DataSet           | 45. ProgressBar                    |
| 13. DateTimePicker    | 46. PropertyGrid                   |
| 14. DirectoryEntry    | 47. RadioDutton                    |
| 15. DirectorySearcher | 48. RichTextBox                    |
| 16. DomainUpDown      | 49. SaveFileDialog                 |
| 17. ErrorProvider     | 50. SerialPort                     |
| 18. EventLog          | 51. ServiceController              |
| 19. FileSystemWatcher | 52. SplitContainer                 |
| 20. FontDialog        | 53. Splitter                       |
| 21. GroupBox          | 54. StatusStrip                    |
| 22. HelpProvider      | 55. TabControl                     |
| 23. HScrollBar        | 56. TableLayoutPanel               |
| 24. ImageList         | 57. TextBox                        |
| 25. Label             | 58. Timer                          |
| 26. LinkLabel         | 59. ToolStrip                      |
| 27. ListBox           | 60. ToolStripContainer             |
| 28. ListView          | 61. ToolTip                        |
| 29. MaskedTextBox     | 62. TrackBar                       |
| 30. MenuStrip         | 63. TreeView                       |
| 31. MessageQueue      | 64. VScrollBar                     |
| 32. MonthCalendar     | 65. WebBrowser                     |
| 33. NotifyIcon        | 66. Chart [Inside Data Sub Folder] |

## ১৭তম পরিচ্ছেদ: Windows Form Controls


### উইন্ডোজ ফর্ম কন্ট্রোলস: Windows Form Controls

- Pointer:** টুলস বাস্তুর প্রথম সদস্য হলেও এটা বাস্তবে কোনো কন্ট্রোল নয়! তবে ফর্মে কন্ট্রোল নেওয়ার জন্য এটি কাজ করে। এছাড়া সিলেক্ট করা কোনো কন্ট্রোলকে ডিসিলেক্ট করতেও এটি ব্যবহৃত হয়।
- BackgroundWorker:** এটা বেকগ্রাউন্ড বা নেপথ্যে কাজ করে- কিন্তু ফর্মের ওপর এর কোনো এফেক্ট নেই। অথচ ফর্মের কোড থেকেই একে নির্দেশনা দেওয়া যায়। দীর্ঘ কোনো অপারেশনে বেকগ্রাউন্ডওয়ার্কার খুব ব্যবহারোপযোগী।

- BindingNavigator:** এটা ডাটা রেকর্ডের মধ্যে ন্যাভিগেট করার জন্য ব্যবহৃত হয়। আমরা যখন ডিজিয়েল স্টুডিও এর উইজার্ড দ্বারা ডাটাবেইজ প্রোগ্রাম সৃষ্টি করেছিলাম, তখন এমনিতেই উপরে কয়েকটি ন্যাভিগেশন বোতাম এসেছিল। এগুলো এই বাইন্ডিংন্যাভিগেটরের কাজ। এটি ফর্মের নিচে ধূসর এলাকায় পড়ে থাকে। চিত্রটি দেখুন।





- BindingSource:** এটার কাজ হলো ফর্মের মধ্যে সম্পর্কিত ডাটা নিয়ন্ত্রণ করা। ডিজিয়েল বেসিক.নেট ডাটাবেইজের ডাটা প্রদর্শন ও নিয়ন্ত্রণে সাধারণত চারটি অবজেক্ট বা কন্ট্রোল ব্যবহার করে: 1. DataSet, 2. TableAdapter, 3. BindingSource & 4. BindingNavigator। দেখুন নিচের ডায়াগ্রামটি।



- Button:** এটা সম্পর্কে বেশি বলার প্রয়োজন নেই- শুধু এটুকু ছাড়া: প্রায় সকল এ্যাপ্লিকেশনেই এই অবজেক্টটি ব্যবহৃত হয়। এ গ্রন্থের প্রতিটি উদাহরণে এক বা ততোধিক বোতাম ব্যবহৃত হয়েছে।


- CheckBox:** এ বস্তুটি আমরা খুব বেশি ব্যবহার করি নি। এটা মূলত একটি বাত্র যেখানে ব্যবহারকারী ক্লিক করলে একটি চেকমার্ক আসে। পুনরায় ক্লিক করলে তা চলে যায়। বাস্তুর ডানে [আপনার নিজস্ব] যা লেখা থাকবে তা অতঙ্গ গুরুত্বপূর্ণ। যেমন আপনি লিখতে পারেন: Volume এবং আরেকটিতে লিখতে পারেন: Area। এখন ব্যবহারকারী উভয়টি কিংবা যে কোনো একটি কিংবা কোনোটি নয়- এভাবে চেকমার্ক করতে পারেন। এ থেকে আপনি জানলেন কোনটি চয়েজ করা হয়েছে ও প্রয়োজনীয় একশন নিলেন কোডের মাধ্যমে। একটি ছোট উদাহরণ দেখুন। বায়ের চিত্রে



## ১৭তম পরিচ্ছেদ: *Windows Form Controls*

## উইন্ডোজ ফর্ম কন্ট্রোলস: *Windows Form Controls*

ডিজাইন তুলে ধরেছি ডানেরটিতে উভয় বোতাম চয়েজ করার পর কী মেসেজ লেবেলে আসবে তা দেখা যাচ্ছে। বোতামের কোডে আরো দু'টি চয়েজের জন্য দু'টি ভিন্ন মেসেজও আছে। নিচের চিত্রব্য দেখুন।



ফর্মের ‘কি চয়েজ করলেন?’ বোতামের ক্লিক ইভেন্ট সাবে লিখুন:

```
Private Sub Button1_Click(sender As Object, e As EventArgs) Handles Button1.Click
    If CheckBox1.Checked = True Then
        Label1.Text = "মাশআল্লাহ! লেখাপড়া করে যে ..."
    End If
    If CheckBox2.Checked = True Then
        Label1.Text = "অতি ঘুমে স্বাস্থ্য নষ্ট হয়!"
    End If
    If CheckBox1.Checked = True And CheckBox2.Checked = True Then
        Label1.Text = "ভালো কথা! তবে ঘুমের মাত্রা কমা!"
    End If
    If CheckBox1.Checked = False And CheckBox2.Checked = False Then
        Label1.Text = "আরে! ঘুমাবেনও না, পড়বেনও না! মনে হয় আপনি লেজি!!!"
    End If
End Sub
```

**7. CheckedListBox:** এটা উপরে CheckBox ব্যাখ্যাকৃত কন্ট্রোলের মতোই কাজ করে। তবে অবশ্যই কয়েকটি মৌলিক পার্থক্য আছে। একটি উদাহরণ দেখি।

ফর্মের মধ্যে একটি CheckedListBox control যোগ করুন। কন্ট্রোলের উপর রাইট ক্লিক করে চয়েজ করুন: Edit Items ...। একটি জানালা আসবে এতে লিস্ট লিখুন:

&( ৩ ) ৩০ ৩০০০

\*৩০ ৩০০০

&( ৩০০০

৩০- ৩০০০ ৩০০০


০, ০\$ ০- ০' ( ৩০ ৩০০০

Ok বোতামে কিক করুন। দেখবেন লিস্টটি এসে গেছে।

এবার নিচের কোড ব্লকটি চেকড্লিস্টবাট্টের মধ্যে ক্লিক করার পর যে সাবরুটিন আসবে তার ভেতর লিখুন। রান করুন- টেস্ট করুন।

```
Private Sub CheckedListBox1_SelectedIndexChanged(sender As Object, e As EventArgs) Handles CheckedListBox1.SelectedIndexChanged
```

```
With CheckedListBox1  
    If .SelectedIndex = 0 Then  
        Label1.Text = "... গাড়ি ঘোঢ়া চড়বে! জ্বানী হবে।"  
    End If  
    If .SelectedIndex = 1 Then
```



## ১৭তম পরিচ্ছেদ: Windows Form Controls


### উইন্ডোজ ফর্ম কন্ট্রোলস: Windows Form Controls

```

Label1.Text = "ঠিক আছে! সাবইকেই ঘুমোতে হয়- তবে অতিরিক্ত নয়!"
End If
If .SelectedIndex = 2 Then
    Label1.Text = "খেলাধূলো শরীরের জন্য ভালো বটে। কিন্তু বেশি না!"
End If
If .SelectedIndex = 3 Then
    Label1.Text = "অকে! হাঁটলে ব্যায়াম হয়। ব্যায় হলে স্বাস্থ্য ভালো থাকে!"
End If
If .SelectedIndex = 4 Then
    Label1.Text = "খুব তাড়াতাড়ি ফিরে এসো! বধুয়া অপেক্ষা করিতেছে, রাঁধিবে!"
End If
If .SelectedIndex = 5 Then
    Label1.Text = "বদ্ধু! বদ্ধু! বদ্ধু! আজকালকার ছেলেমেয়েরা তো বদ্ধুদের নিয়েই সদাব্যস্ত!"
End If
End With
End Sub

```

**8. ColorDialog:** এটা হচ্ছে রং করার ডাইলগ প্রদর্শনের কন্ট্রোল। নিচের উদাহরণটি দেখুন। উপরের ফর্মে এরকটি বোতাম ও একটি কালার ডায়লগ কন্ট্রোল টুলবাক্স থেকে যোগ করুন। বোতামের ক্লিক ইভেন্ট সাবরুটিনে লিখুন:



```

Private Sub Button2_Click(sender As Object, e As EventArgs) Handles Button2.Click
    If ColorDialog1.ShowDialog = Windows.Forms.DialogResult.OK Then
        Button2.BackColor = ColorDialog1.Color
    End If
End Sub


```

উপরের চিত্রে রানকালীন অবস্থা তুলে ধরেছি। ডানের ডায়লগটিই হলো **ColorDialog**। আপনি যে কোনো রঙে ক্লিক করে OK দিন।


## ১৭তম পরিচেদ: Windows Form Controls

### উইন্ডোজ ফর্ম কন্ট্রোলস: Windows Form Controls

**৯. ComboBox:** এটার ব্যবহার আমরা দেখেছি। তিনি ধরনের কয়েকটা আছে: Simple, DropDown and DropDownList।



বায়ের চিত্রে তিনি ধরনের কয়েকটা দেখা যাচ্ছে। লক্ষণীয় যে, টুলবাক্সে কয়েকটা একটাই। কিন্তু প্রোপার্টি এর ধরন নির্ধারণ করা যায়। এই প্রোপার্টির নাম DropDownListStyle। এখানেই তিনটির মধ্যে কোনো একটি চয়েজ করতে পারেন।



**10. ContextMenuStrip:** এটা মাউসে রাইট-ক্লিক [Right-Click] করে মেনু তৈরির অবজেক্ট। ফর্মে নিলেই এটা মেনু তৈরির

[ডিজাইনের] জন্য প্রস্তুতি নেবে। পাশের চিত্রটি দেখুন। এরপর টাইপ করে আপনার মেনু আইটেম যোগ করতে পারেন। লক্ষ করুন, আমাদের উদাহরণে

বাংলায় মেনু আইটেম লিখেছি। ইউনিকোডে লিখলে কোনো সমস্যা নেই। এ উভয় মেনু আইটেমের ক্লিক ইভেন্ট হ্যান্ডলারে কোড লিখে আমরা নির্দেশ দিতে পারি। আমাদের উদ্দেশ্য ব্যবহারকারী প্রথম মেনু আইটেম চয়েজ করলে একটি ফর্ম খুলবে। দ্বিতীয়টি দ্বারা তা বন্ধ হয়ে যাবে। প্রথমে আমাদেরকে অবশ্য সেই ফর্মটি প্রজেক্টে যুক্ত করতে হবে। সুতরাং প্রজেক্টে মেনু থেকে একটি নতুন ফর্ম যুক্ত করুন। এবার এই কোডগুলো প্রথম ফর্মের ক্লাসের ডেতের লিখুন। মনে রাখবেন ফর্মের সাথে এই মেনুকে জড়িত করতে হবে। এটা করতে ফর্ম ক্লিক করুন। প্রোপার্টি যেয়ে ContextMenuStrip এর ডানে (none) শব্দের উপর ক্লিক করলেই দেখতে পাবেন ContextMenuStrip1। এটি চয়েজ করুন।

```
Private Sub ফর্মখুলুন_Click(sender As Object, e As EventArgs) Handles ফর্মখুলুন.Click
```

```
□ If Form2.Visible = False Then
```

```
    Form2.Show()
```

```
End If
```

```
End Sub
```

```
Private Sub ফর্মবন্ধকরুন_Click(sender As Object, e As EventArgs) Handles ফর্মবন্ধকরুন.Click
```

```
□ If Form2.Visible = True Then
```

```
    Form2.Close()
```


```
End If
```

```
End Sub
```

প্রোগ্রাম রান করুন: পরের পৃষ্ঠার প্রথম [বামের] চিত্রে রানকালীন অবস্থায় প্রথম ফর্ম রাইট-ক্লিক করার পর কনটেক্ট মেনু আসতে দেখাচ্ছে। ডানের চিত্রে কনটেক্ট মেনু আইটেম থেকে ফর্ম খুলার লাইনটি চয়েজ করায় ফর্মটি খুলেছে।

## ১৭তম পরিচেদ: Windows Form Controls


### উইন্ডোজ ফর্ম কন্ট্রোলস: Windows Form Controls



11.


**DataGridView:** এটা ডাটাবেইজ প্রদর্শনের গ্রিড যা দেখতে অনেকটাই এক্সেস ডাটাবেইজের টেবিলের মতো। একটি উদাহরণ দেখে নিই।

মনে আছে কি- আমাদের ঠিকানা ডাটাবেইজের কথা? প্রশ্নের ১৪০ পৃষ্ঠায় চিত্রসহ নির্দেশনা দেওয়া আছে কিভাবে ডাটাবেইজের সঙ্গে যোগাযোগ সৃষ্টি করা যায়। এখানে অতিরিক্ত যা তাহলো, ডাটাগ্রিডভিউ ফর্মে নিয়ে আসার সাথে সাথেই একটি জানালা আসবে (নিচের বায়ের চিত্র)। যে কথোতে লিখা Add Project Data Source... আছে সেখানে যেয়ে নতুন ডাটাবেইজ আনার জন্য ক্লিক করুন। এরপর ১৪০ পৃষ্ঠায় যেভাবে নির্দেশিত হয়েছে সেভাবে ডাটাবেইজের সঙ্গে সংযোগ সৃষ্টি করে প্রোগ্রাম রান করুন [নিচের ডানের বায়ের চিত্র দ্রঃ]।



**12. DataSet:** এটা হলো ডাটাবেইজ ‘মেমোরির মধ্যে উপস্থাপন’। এতে থাকতে পারে ডাটাটেবিল, ডাটারো ও ডাটাকলাম ইত্যাদি। ডাটাসেট ফর্মে নিয়ে আসলে তা নিচের ধূসর এলাকায় দেখা যাবে। এর প্রোপার্টি জানালায় যেয়ে বিভিন্ন ধরনের সম্পর্ক সৃষ্টি করতে পারেন। যেমন আপনি যদি চান ডাটাসেট মেমোরিতে একটি এক্সেস টেবিল রাখবেন, তাহলে আপনি এর প্রোপার্টিতে যেয়ে Tables -এ ক্লিক করলে ডানে কালেকশন শব্দ ও একটি বোতাম দেখতে পাবেন। এতে ক্লিক করলেই টেবিলের সঙ্গে যোগাযোগ তৈরি করতে পারেন।

**13. DateTimePicker:** এই কন্ট্রোল দিয়ে তারিখ ও সময় প্রদর্শন করা যায়। কন্ট্রোলের প্রোপার্টিতে যেয়ে যেবাবে চান সেভাবে প্রদর্শনও সেট করতে পারেন। পরের পৃষ্ঠায় একটি চিত্রে আমরা এর ব্যবহার দেখিয়েছি। একটি ফর্মে এই কন্ট্রোল যুক্ত করে তার বিভিন্ন প্রোপার্টি কিভাবে কাজ করে তা দেখে নিতে পারেন।



## ১৭তম পরিচ্ছেদ: Windows Form Controls


### উইন্ডোজ ফর্ম কন্ট্রোলস: Windows Form Controls

ডানের চিত্রে ডেইটাইমপিকার দ্বারা ‘আজকের তারিখ’ একটি ক্যালেন্ডারে কিভাবে দেখানো হয় তা তুলে ধরেছি।

**14. DirectoryEntry:** এটার কাজ হলো ডাইরেক্টরির ভেতর কি হচ্ছে তা জানা। কোডের মাধ্যমে একে ব্যবহার করে যায়।

**15. DirectorySearcher:** এটার কাজ হলো ডমেইন সার্ভিস হাইআর্কিটে অনুসন্ধান চালানো।

**16. DomainUpDown:** এটা অনেকটা **CheckedListBox** এর মতো কাজ করে। এই কন্ট্রোলের ভেতর একটি লিস্ট থাকতে পারে। ডানে [আপ-ডাউন এ্যারোতে ক্লিক করে করে লিস্ট দেখা যায়। নিচের চিত্রটি দেখুন।




অতিরিচ্ছি

অবশ্য কোডের মাধ্যমে জানা ও সেট করা যায় লিস্টের কোন আইটেম চয়েজ করা হয়েছে বা হবে। যেমন:

DomainUpDown1.SelectedIndex = 0

**17. ErrorProvider:** এটা একটি সুবিধা। অর্থাৎ কোনো আইটেম ব্যবহারকারী প্রবেশ করলেন, আর তা আপনি যেভাবে চান তা হয় নি। এটা জানানোর জন্য আইকন ও মেসেজ ব্যবহারকারীকে দেখাতে পারেন। একটি উদাহরণ দ্বারা ব্যাপারটি স্পষ্ট হবে।

মনে করুন আপনি একটি লগিন ফর্ম বানাবেন। ব্যবহারকারী দুটি ফিল্ডে ইউজারনেইম ও পাসওয়ার্ড প্রবেশ করবেন। আপনি একটি **ErrorProvider** দ্বারা লগিনের ভেলিডিটি চেক করতে পারেন। দেখুন নিচের চির্ত দুটো ও পরের কোডগুলো।



```
Private Sub btLogin_Click(sender As Object, e As EventArgs) Handles btLogin.Click
    If TextBox1.Text <> "Azizul" Then
        ErrorProvider1.SetError(TextBox1, "Invalid username.")
        Exit Sub
    Else
        ErrorProvider1.SetError(TextBox1, "")
    End If
    If TextBox2.Text <> "syllhetcity" Then
        ErrorProvider1.SetError(TextBox2, "Invalid password.")
        Exit Sub
    Else
        ErrorProvider1.SetError(TextBox2, "")
    End If
    MsgBox("Successful Login")
End Sub
```


## ১৭তম পরিচ্ছেদ: Windows Form Controls

### উইন্ডোজ ফর্ম কন্ট্রোলস: Windows Form Controls

**18. EventLog:** এটার মাধ্যমে কোনো এ্যাপ্লিকেশনের ইভেন্ট লগ [ঘটনাপ্রবাহ রেকর্ড] তৈরি করা যায়। এটা আমরা খুব অল্প ক্ষেত্রেই ব্যবহার করে থাকি। সুতরাং এ সম্পর্কে বেশি বলার নেই।

**19. FileSystemWatcher:** এটার কাজ হলো ফাইল সিস্টেমে কী রদবদল হচ্ছে তা জানা ও প্রয়োজনে রিপোর্ট করা। এটা একটি এডভাঙ্গ স্টৱের ক্রিয়া তাই এটা ব্যবহার পদ্ধতি এখানে দেখানোর প্রয়োজন নেই।

**20. FlowLayoutPanel:** -এটা Panel জাতীয় কয়েকটি কন্ট্রোলের একটি। অন্যান্যগুলো হলো: TableLayoutPanel, GroupBox, TabControl, SplitContainer এবং Panel। এগুলো মূলত ডিজাইনকালে সুবিধার জন্য ব্যবহৃত হয়। নিচের চিত্রটি দেখুন।




**22. HelpProvider:** যে কোন কন্ট্রোলের জন্য সাহায্য নিশ্চিত করার উপায় হিসাবে এই কন্ট্রোলটি ব্যবহৃত হয়ে থাকে। যেমন মনে করুন, আপনি চাচ্চেন একটি বোতামের একশন কি হবে তা ব্যবহারকারীকে জানাবেন। আপনি চাইলে টুলটিপ ব্যবহার করতে পারেন। তবে এরচেয়েও উন্নতমানের পথ হলো হেল্পপ্রভাইডার। এটির মাধ্যমে শুধুমাত্র সামান্য কিছু লেখা নয়- আরো একটি সংরক্ষিত হেল্প ফাইলও দেখাতে পারেন। ব্যবহারকারী কন্ট্রোলটি ফোকাসে আসার পর কিবোর্ডের “-এ প্রেস করলেই হেল্পপ্রভাইডার সক্রিয় হয়ে ওঠবে। আসুন, একটি উদাহরণ দেখে নিই- বিষয়টি এতে স্পষ্ট হয়ে যাবে। আমরা ফর্মের লোড ইভেন্ট সাবে এই কোডটুকু লিখবো:

```
Private Sub Form1_Load(sender As Object, e As EventArgs) Handles MyBase.Load
```

```
    HelpProvider1.SetHelpString(Button3, "Click Here!")
```

```
End Sub
```


অবশ্য ফর্মের প্রে এলাকায় একটি HelpProvider1 আইটেম তো আনতে হবে। টুলবাক্সে যেয়ে এই আইটেমে ডবলক্লিক করলেই কাজটি সারবে। রান করার পর বোতামটি ফোকাসে এলে ‘F’ কী চাপুন। ডানের চিত্র দেখুন।




## ১৭তম পরিচ্ছেদ: Windows Form Controls

### উইন্ডোজ ফর্ম কন্ট্রোলস: Windows Form Controls

**23. HScrollBar:** এটা ও 'VScrollBar' কন্ট্রোলের কাজ হলো যথাক্রমে ব্যবহারকারী একটি অংশে ধরে অনুভূমিক ও উপর-নিচে স্ক্রল করতে পারবেন। আমরা একটি উদাহরণ দ্বারা এগুলো বুঝিয়ে দিচ্ছি।



**24. ImageList:** এটা ছবির একটি লিস্ট স্টোর করে যাতেকরে অন্যান্য কন্ট্রোল বা কোড এগুলো কাজে লাগাতে পারে। আপনি প্রথমে ফর্মে একটি ইমেজলিস্ট নিয়ে আসবেন টুলবক্স থেকে। দেখবেন, এর ডানে একটি ছোট এ্যারো আছে। সিলেক্ট করলেই ইমেজলিস্ট ট্যাক্সস লিস্ট আসবে। আপনি সেখানে ইমেজ সম্পর্কে তথ্যাদি লিখে রাখতে পারেন। ইমেজ লিস্ট নিয়েও আসতে পারেন। দেখুন নিচের চিত্রটি।



**25. Label:** এটা সম্পর্কে আর কী বলবো। আমরা তো সব সময় এটা ব্যবহার করে আসছি। ব্যবহারকারীকে দৃশ্যত কিছু তথ্য প্রদানের জন্য এটি কাজে লাগানো হয়। অবশ্য রানটাইমে কোডের মাধ্যমে এর টেক্সট, ভিজিবল ইত্যাদি প্রোপার্টি পরিবর্তনও করা যায়।


**26. LinkLabel:** এটা মূলত একটি লেবেল। তবে ওয়েব পেইজে ন্যাভিগেশনের জন্য এটি সহজে ব্যবহার করা যায়। বা ফর্মের ভেতরেও অন্যান্য কাজের জন্য এটি ব্যবহারযোগ্য। এর লেখা থাকে নীল রঙের। এছাড়া আভারলাইনও থাকে। এর উপরে মাউস গেলে হাত আইকনে পরিণত হয়। দেখুন নিচের চিত্রটি। লিংকলেবেলের বেশ কয়েকটি প্রোপার্টি আছে। এগুলো রদবদল করে দেখতে পারেন। একটি ওয়েবসাইটে সরাসরি ভিজিটের জন্য ফর্মের লিংকলেবেলে নিচের কোডটুকু লিখুন।

```
Private Sub LinkLabel1_LinkClicked(sender As Object, e As LinkLabelLinkClickedEventArgs) Handles LinkLabel1.LinkClicked
    'open the website URL set to the Tag property
    '(www.youtube.com)
    Process.Start(LinkLabel1.Tag.ToString())
End Sub
```

Go to youtube: [youtube home page](http://www.youtube.com)

## ১৭তম পরিচ্ছেদ: Windows Form Controls


### উইন্ডোজ ফর্ম কন্ট্রোলস: Windows Form Controls



নিচের কোডটি লিখুন। আপনি চাইলে অন্য যে কোনো ফস্টারের নামও দিতে পারেন। বরং বিভিন্ন ফস্টারের নাম দিয়ে টেস্ট করে দেখুন।

```
Private Sub Form6_Load(sender As Object, e As EventArgs) Handles MyBase.Load
    Dim mydoc As String = My.Computer.FileSystem.SpecialDirectories.Desktop
    Dim path As String = IO.Path.Combine(mydoc)
    Dim dir As New IO.DirectoryInfo(path)
    ' populate the listbox control
    For Each file In dir.GetFiles
        ' avoid jpg images
        If Not file.Extension = ".jpg" Then
            ListBox1.Items.Add(file.Name)
        End If
    Next
End Sub
```


**28. ListView:** এটাতে ফাইলের লিস্ট দেখানো যায়। তবে আরো বেশি তথ্যসহ। মোট ৫ উপায়ে লিস্টভিউ কন্ট্রোলে ফাইল নাম প্রদর্শন সম্ভব। বায়ের চিত্রটি দেখুন।




**29. MaskedTextBox:** এটা টেক্স্ট বাক্সের মতোই কাজ করে। তবে অতিরিক্ত যা তাহলো ব্যবহারকারী ফিল্ডের মধ্যে কী লিখবেন তা নির্ধারণ করা যায়। এক ধরনের ভেলিডিটি ফিল্ড এটি। উদাহরণ দেখুন।

## ১৭তম পরিচ্ছেদ: Windows Form Controls

### উইন্ডোজ ফর্ম কন্ট্রোলস: Windows Form Controls





টুল বাক্স থেকে ফর্মে যুক্ত করুন **MaskedTextBox** একটি। টেক্সটবাক্সের ডানের দিকে উপরের কোণে যে এ্যারো দেখা যাবে তাতে ক্লিক করুন। চয়েজ করুন **Set Mask ...**। বায়ে চিত্রিত জানালাটি আসবে। এখান থেকে যে কোনো একটি চয়েজ করে 'OK' ক্লিক করুন। এরার প্রোগ্রাম রান করুন। দেখবেন আপনার



চয়েজকৃত উপায়েই লেখা চুকানো স্তর হচ্ছে টেক্সট ফিল্ডে। লক্ষ করুন, ফিল্ডের মধ্যে ১১টি মাত্র সংখ্যা চুকানো স্তর হয়েছে।


**30. ToolStrip:** এ কন্ট্রোলের মাধ্যমে ফর্মের মধ্যে মেনু, সাবমেনু, মেনু আইটেম ইত্যাদি তৈরি করা যায়। প্রত্যেকটির সঙ্গে কোড যুক্ত করে কাজিক্ত একশনও আঙ্গাম দেওয়া যায়। নিচের চিত্রগুলো দেখুন।



**31. MessageQueue** এটা একটি উচ্চ পর্যায়ের ক্লাস। সার্ভারের সাথে মেসেজ যোগাযোগ কিউ নিয়ন্ত্রণে এটি ব্যবহৃত হয়। এ টুলবক্স আইটেম সম্পর্কে আর অতিরিক্ত আলোচনা গ্রন্থের স্কোপের বাইরে। সুতরাং আর কিছু বলার নেই। এ সম্পর্কে অতিরিক্ত জানতে চাইলে ইন্টারনেটের এই লিংক দেখতে পারেন: <http://msdn.microsoft.com/en-us/library/system.messaging.messagequeue.aspx>

**32. MonthCalendar** বুঝতেই পারছেন, এটা হলো পুরো মাসের ক্যালেন্ডার কন্ট্রোল। ক্যালেন্ডারের রেজি বিরাট: ১৭৫৩ থেকে ১৯৯৮ সাল পর্যন্ত এ রেঞ্জের ব্যাপ্তি। আপনি এরই ভেতর যে কোনো তারিখ যথাক্রমে সর্বনিম্ন ও সর্বোচ্চ হিসেবে প্রোগার্চিতে যেয়ে সেট করতে পারেন। ডানের চিত্রটি দেখুন।

**33. NotifyIcon:** এটা প্রোগ্রাম রানকালে অদৃশ্য থাকে। একে ব্যবহার করা



## ১৭তম পরিচেদ: Windows Form Controls

### উইন্ডোজ ফর্ম কন্ট্রোলস: Windows Form Controls

যায় সিস্টেম ট্রেতে আইকোন প্রদর্শন করে।



**34. NumericUpDown:** এ কন্ট্রোল একটি সংখ্যা প্রদর্শন করে। এতে থাকে একটি আপ-ডাউন এ্যারো। আপনি প্রোপার্টি তে যেয়ে সর্বোচ্চ ও সর্বনিম্ন সংখ্যা, কত করে বাড়বে বা কমমে কঢ়ি ডেসিলেম স্থান হবে ইত্যাদি সেট করতে পারেন। কন্ট্রোলের ValueChanged ইভেন্ট সক্রিয় হয় যখনই ব্যবহারকারী কিংবা কোড এর মান পরিবর্তন করে। এই ইভেন্ট সাবকে ধরে কোডিং করা যায়। দেখুন বায়ের চিত্রটি।

**35. OpenFileDialog** -এটার মাধ্যমে ফাইল খোলার ডায়লগ প্রদর্শিত হয়। এটা একটি শক্তিশালী কন্ট্রোল। অবশ্য ডিজিয়েল বেসিক.নেট বেশ ক'টি অনুরূপ ডায়লগ সৃষ্টি করে দিয়েছে। অপেন ডায়লগের কাজ হলো কম্পিউটার থেকে কোনো ফাইল সিলেক্ট করে খোলার জন্য প্রস্তুত করা। ডায়লগের ফলাফল হয় 'OK' না হয় 'Cancel'। এই কন্ট্রোলে বেশ ক'টি প্রোপার্টি আছে। এগুলো রানটাইমে ব্যবহার করা যায়। যেমন Filter প্রোপার্টির মাধ্যমে নিশ্চিত করতে পারেন যে ব্যবহারকারী শুধুমাত্র .jpg ও .png ফাইল টাইপ খোলা ছাড়া অন্য কিছু দেখতেই পারেন না। আমরা কোডে লিখতে পারি: OpenFileDialog1.Filter = "Jpeg Files (\*.jpg)|\*.jpg|Png Files (\*.png)|\*.png"

যে ফাইল সিলেক্ট করা হয়েছে তার নাম জানতে হলে আমরা ব্যবহার করতে পারি FileName প্রোপার্টি, যেমন:

```
Private Sub BrowseButton_Click(sender As Object, e As EventArgs) Handles BrowseButton.Click
    If OpenFileDialog1.ShowDialog = Windows.Forms.DialogResult.OK Then
        SelectedFile.Text = OpenFileDialog1.FileName
    End If
End Sub
```


আরো একটি উল্লেখযোগ্য প্রোপার্টি হচ্ছে MultiSelect। এটা দ্বারা সিন্ধান্ত নেওয়া যায় ব্যবহারকারী একাধিক ফাইল সিলেক্ট করতে পারবে কি না। যেমন:

```
Private Sub BrowseButton_Click(sender As Object, e As EventArgs) Handles BrowseButton.Click
    If OpenFileDialog1.ShowDialog = Windows.Forms.DialogResult.OK Then
        For Each file As String In OpenFileDialog1.FileNames
            MessageBox.Show(file)
        Next
    End If
End Sub
```

মেসেজ বাক্সে একে একে সকল ফাইলের নাম প্রদর্শিত হবে। এবার আমরা ছোট একটি উদাহরণ দেখে নেবো।

একটি নতুন ফর্ম প্রজেক্ট তৈরি করুন। যোগ করুন একটি বোতাম, একটি টেক্সট বাক্স ও একটি অপেন ফাইল ডায়লগ কন্ট্রোল। বোতামে ডবল ক্লিক করুন। কোড জানালাতে ফর্মের ক্লাসের ভেতর যে ইভেন্ট সাব আসবে তার ভেতর লিখুন:

```
Public Class Form1
    Private Sub Button1_Click(ByVal sender As System.Object, ByVal e As System.EventArgs) Handles Button1.Click
        ' Displays an OpenFileDialog so the user can select a Cursor.
        Dim openFileDialog1 As New OpenFileDialog()
```



## ১৭তম পরিচেদ: Windows Form Controls

### উইডেজ ফর্ম কন্ট্রোলস: Windows Form Controls

```

openFileDialog1.Filter = "Text Files|*.txt"
openFileDialog1.Title = "Select a Text File"
If openFileDialog1.ShowDialog() = System.Windows.Forms.DialogResult.OK Then
    Dim sr As New System.IO.StreamReader(openFileDialog1.FileName)
    TextBox1.Text = (sr.ReadToEnd)
    sr.Close()
End If
End Sub
End Class


```

**36. PageSetupDialog:** এই ডায়লগটি দ্বারা পেইজ সেটাপ করা যায়। একটি উদাহরণ দেখুন। আমরা ইতোমধ্যে অপেনডায়লগ নিয়ে যে প্রোগ্রামটি করেছিলাম সেটি আবার খুলুন। ফর্মে যোগ করুন একটি পেইজসেটাপডায়লগ ও একটি ‘পেইজ সেটাপ করুন’ বোতাম। এ বোতামের ইভেন্ট সাবরুটিনে লিখুন:

```

Private Sub Button2_Click(sender As Object, e As EventArgs)
Handles Button2.Click
    ' Initialize the dialog's PrinterSettings property to hold user
    ' defined printer settings.
    PageSetupDialog1.PageSettings =
        New System.Drawing.Printing.PageSettings
    ' Initialize dialog's PrinterSettings property to hold user
    ' set printer settings.
    PageSetupDialog1.PrinterSettings =
        New System.Drawing.Printing.PrinterSettings
    'Do not show the network in the printer dialog.
    PageSetupDialog1.ShowNetwork = False
    'Show the dialog storing the result.
    Dim result As DialogResult = PageSetupDialog1.ShowDialog()
    ' If the result is OK, display selected settings in
    ' ListBox1. These values can be used when printing the
    ' document.
    If (result = DialogResult.OK) Then
        Dim results() As Object = New Object()
        {PageSetupDialog1.PageSettings.Margins,
        PageSetupDialog1.PageSettings.PaperSize,
        PageSetupDialog1.PageSettings.Landscape,
        PageSetupDialog1.PrinterSettings.PrinterName,
        PageSetupDialog1.PrinterSettings.PrintRange}
    End If
End Sub

```





**37. Panel:** প্যানেল কন্ট্রোল মূলত গ্রুপ বাস্তুর মতো। আমরা ১৭৭ পৃষ্ঠায় এর ব্যবহার দেখেছি। সুতরাং এখানে আর পুনরাবৃত্তি করছি না।

**38. PerformanceCounter:** এটা হলো উইডেজ এন্টি [Windows NT] পারফরম্যান্স কাউটার কম্পোনেন্ট। এটা একটি উচ্চ পর্যায়ের কন্ট্রোল। কম্পিউটারের সিস্টেমের সঙ্গে এর ইন্টারেকশন। বর্তমান গ্রহে এর ওপর আদৌ কোনো অতিরিক্ত আলোচনা ঠিক হবে না।

## ১৭তম পরিচেদ: Windows Form Controls

### উইন্ডোজ ফর্ম কন্ট্রোলস: Windows Form Controls

**39. PictureBox:** এই কন্ট্রোলের মাধ্যমে ছবি প্রদর্শন করা যায়। এছাড়া এটি একটি গ্রাফিক্যাল অবজেক্ট হিসেবেও কাজ করে যার মধ্যে আপনি বিভিন্ন ধরনের আকার রান্টাইমে অঙ্কন করতে পারেন। ডিজাইন টাইমে দুটি প্রোপার্টি খুব ব্যবহারোপযোগী। এগুলো হলো তার ইমেজ [Image] এবং সাইজমোড [SizeMode] প্রোপার্টি। প্রথমটি দ্বারা যে কোনো ছবি ডিফোল্ট হিসাবে প্রদর্শন ও দ্বিতীয়টি দ্বারা ছবিটি কিভাবে প্রদর্শিত হবে তা নির্দিষ্ট করা যায়। ছবিটি কন্ট্রোলের পুরো এলাকা জুড়ে, মধ্যখানে, বড় হয়ে ইত্যাদি কোন উপায়ে প্রদর্শিত হবে- তা জিইন্টাইমে করার সুযোগ সৃষ্টি করে দিয়েছে দ্বিতীয় প্রোপার্টি। পিকচার বাক্স সম্পর্কে আরো কিছু জানতে আমরা একটি সুন্দর এ্যাপলিকেশন তৈরি করবো। এই এ্যাপলিকেশন হবে ছবি আলবামের মতো। আপনি যতোটা প্রয়োজন ছবি কম্পিউটারের যে কোনো ফল্ডার থেকে এনে পিকচার বাক্সে প্রদর্শন করতে পারেন। আরো যা পারবেন তাহলো পরবর্তিতে প্রোগ্রাম রান করলে সকল ছবির লিংক একটি লিস্ট বাক্সে দেখতে পাবেন। শুধু মাত্র যে কোনো লিংকে ক্লিক করলেই ছবিটি ভেসে আসবে পিকচার বাক্সে। সুতরাং আপনার ছবি আলবাম বানাতে নিচের পদক্ষেপগুলো অনুসরণ করুন।



১. একটি ফর্ম প্রজেক্ট তৈরি করুন। এর নামকরণ করুন: MyPictureAlbum।

২. ফর্মে টুলবাক্স থেকে নিয়ে আসুন দুটি বোতাম, একটি পিকচার বাক্স, একটি লেবেল, একটি লিস্ট বাক্স ও একটি অপেন ফাইল ডায়লগ। এরপর ইচ্ছেমতো ডিজাইন করুন। দেখুন আমার ডিজাইনটি।

৩. Solution Explorer এ যেয়ে ডবল ক্লিক করুন, My Project। একটি জানালা আসবে। নিচে এর একটি অংশ দেখানো হলো।

৪. সিলেক্ট করুন, Settings। Name কলামে টাইপ করুন: PictureList। পাশের Type কলামের এ্যারোতে যেয়ে সিলেক্ট করুন: System.Collections.Specialized.StringCollection। ব্যস! এটি বন্ধ করুন। এই সেটিংয়ের কারণে আমরা লিস্ট বাক্সের আইটেমগুলো সংরক্ষণ করতে পারবো।

৫. এবার কিছু কোডিং লাগবে। (ক) ‘ছবি আনুন’ বোতামে ডবল ক্লিক করে কোড এডিটর খুলুন। বোতামের ক্লিক ইভেন্টে লিখুন:

```
Private Sub Button1_Click(ByVal sender As System.Object, ByVal e As System.EventArgs) Handles Button1.Click
    Dim result As DialogResult
    'set filter
    OpenFileDialog1.Filter = "JPEG Files (*.jpg)|*.jpg|Bitmap Files (*.bmp)|*.bmp|Gif files (*.gif)|*.gif|Png files (*.png)|*.png"
    'Enable multi-file names selection
    OpenFileDialog1.Multiselect = True
    'Open file dialog
    result = OpenFileDialog1.ShowDialog
    If result = DialogResult.OK Then
```

## ১৭তম পরিচেদ: Windows Form Controls

### উইন্ডোজ ফর্ম কন্ট্রোলস: Windows Form Controls

```

For Each filename In OpenFileDialog1.FileNames
    'add selected file names to listbox
    ListBox1.Items.Add(filename)
Next
End If
End Sub

```

এই কোডের কাজ হলো OpenFileDialog। এর মাধ্যমে এক বা একাধিক ছবির পূর্ণাঙ্গ প্যাথ স্ট্রিং লিস্টবাক্সে নিয়ে আসা। প্রথম লাইন দ্বারা আমরা ডায়লগ থেকে যে ফলাফল আসবে তার জন্য একটি ডিক্লারেশন করেছি। দ্বিতীয় লাইন দ্বারা নির্দিষ্ট করেছি কোন্ কোন্ ধরনের ইমেজ ফাইল আনা যাবে। এর পরের লাইনে অপেন ডাইলগের Multiselect নামক প্রোপার্টি সত্য হিসাবে সেট করেছি। এর ফলে একই সঙ্গে একাধিক ছবি সিলেক্ট করতে পারবেন ব্যবহারকারী। এর পরের লাইনে ব্যবহারকারী ক্যানসেল না করলে আমরা প্রতিটি সিলেক্টেট ছবির ফাইল নাম [তাদের প্যাথ নেইম] লিস্ট বাক্সে নিয়ে এসেছি। অবশ্য ইতোমধ্যে লিস্ট বাক্সে কিছু থাকলে তা মুছে যাবে না।

৬. লিস্ট বাক্সে ডবল ক্লিক করুন। যে সাব আসবে তাতে লিখুন এই কোডটুকু:

```

Private Sub ListBox1_SelectedIndexChanged(ByVal sender As System.Object, ByVal e As System.EventArgs) Handles ListBox1.SelectedIndexChanged
    'View image in picturebox when a file name was selected from the list
    PictureBox1.Image = Image.FromFile(ListBox1.SelectedItem.ToString)
End Sub

```

এখানে আমরা একটি মাত্র লাইন লিখেছি। লিস্ট বাক্সে যে ইনডেক্সে ক্লিক করা আছে সে প্যাথ নাম অনুযায়ী পিকচার বাক্সে ছবি এনে প্রদর্শনের নির্দেশ দেওয়া হয়েছে এ লাইনের মাধ্যমে।

৭. এবার ডবল ক্লিক করুন ক্লিয়ার লিস্ট বোতামে। ক্লিক ইভেন্ট সাবে লিখুন:


```

'clear list button code
Private Sub Button2_Click(sender As Object, e As EventArgs) Handles Button2.Click
    PictureBox1.Image = Nothing
    Dim Res As Integer = MsgBox("সকল প্যাথ নাম মুছে দেবেন?", MsgBoxStyle.YesNo)
    'MsgBox(Res)
    If Res = 6 Then
        ListBox1.Items.Clear()
    End If
End Sub

```

এই সাবের প্রথম লাইন দ্বারা প্রদর্শিত ইমেজ (পিকচার বাক্সে থাকলে) মুছে দিয়েছি। এরপর একটি ওয়ার্নিং দ্বারা ব্যবহারকারীকে জানানো হচ্ছে সত্যিই কি লিস্টটি মুছে দেবেন? ফলাফল সত্য হলে [৬] পরের লাইন নির্দেশ দেওয়া হয়েছে লিস্ট বাক্সের সবকিছু মুছে ফেলে দিতে।

৮. Form Load এবং Form Closing ইভেন্ট সাবের কোড: আমরা এ দুটো ইভেন্ট ধরে কিছু কাজ করেছি। লোড হওয়ার সময় আমরা চাই সিস্টেম সেটিংয়ে সংরক্ষিত লিস্টটি লিস্ট বাক্সে নিয়ে আসতে। আর বন্ধ হওয়ার সময় আমরা চাই লিস্ট বাক্সের আইটেমগুলো আবার সিস্টেম সেটিংয়ে সংরক্ষণ করতে—কারণ, ইতোমধ্যে ব্যবহারকারী লিস্টে পরিবর্তন আনতে পারেন। প্রথম সাবরুটিন আসবে ফর্মের টাইলেট বারে ডবল ক্লিক করলে। কিন্তু দ্বিতীয়টি ফর্মের ইভেন্ট লিস্ট থেকে আনতে হবে। দেখুন ডানের চিত্রটি। এটা আনার ক্লিক পরম্পরাঃ ক্লিক Form1.vb > Form1 > (Form1 Event) > FormClosing। ব্যস! Form1\_FormClosing নামক একটি ইভেন্ট হ্যান্ডলার আসবে।



## ১৭তম পরিচ্ছেদ: Windows Form Controls

### উইন্ডোজ ফর্ম কন্ট্রোলস: Windows Form Controls

যাক, প্রথমে আমরা ফর্ম লোডের কোডের ওপর ব্যাখ্যা দেবো। নিচে এই কোডগুলো দেখানো হয়েছে।

'get whatever in settings to the ListBox

```
Private Sub Form1_Load(sender As Object, e As EventArgs) Handles Me.Load
    For Each item As String In My.Settings.PictureBoxList
        ListBox1.Items.Add(item) 'my.settings items adding to listBox1
    Next
End Sub
```

লক্ষ করুন, পিকচার লিস্টে যে ক'পি রেকর্ড আছে তা আমরা একে একে লিস্ট বাস্তে এনে প্রদর্শন করেছি। সুতরাং আলবামের সকল সংরক্ষিত ছবি পিকচার বাস্তে আনতে কোনো বাধা নেই। শুধুমাত্র লিংকে ক্লিক করলেই কাজ হবে। এবার দেখে নেবো ফর্ম ক্লোজিং সাবের কোড।

'save whatever in the list to setting as lines of strings

```
Private Sub Form1_FormClosing(sender As Object, e As FormClosingEventArgs) Handles Me.FormClosing
    My.Settings.PictureBoxList = New Specialized.StringCollection() 'pictureList collection Instant declaration
```

```
    For Each item As String In ListBox1.Items
        My.Settings.PictureBoxList.Add(item) 'ListBox items
    add-to settings one by one
    My.Settings.Save() 'and save it
    Next
End Sub
```

এ কোডগুলোর পথম লাইন সেটিংয়ে সংরক্ষিত লিস্ট মুছে দেবে ও একটি নতুন কালেকশন তৈরি করবে। এরপর লিস্ট বাস্তের প্রতিটি লাইন একে একে ত্রি কালেকশনে নিয়ে সংরক্ষণ করবে। সুতরাং আলবামের সকল লিংক সংরক্ষিত হবে। ব্যবহারকারী যখন প্রোগ্রাম আবার রান করবেন তখন ত্রি কালেকশন থেকে লিঙ্কগুলো উপরের ফর্ম লোড ইভেন্ট সাবের কোডের মাধ্যমে লিস্ট বাস্তে চলে আসবে। সুতরাং আমরা সত্যিকার অর্থে একটি ছবি আলবাম তৈরি করলাম। বায়ে এর রানটাইমকালীন একটি চিত্র দিয়েছি। দেখে নিন।

#### 40. PrintDialog: এই ডায়লগ ও PrintDocument-অবজেক্ট

একত্রে কাজ করে আপনার টেক্স্ট প্রিন্ট করতে পারেন ডিফোল্ট প্রিন্টারে। আমরা একটি উদাহরণ তুলে ধরছি।

একটি নতুন প্রজেক্ট তৈরি করুন। ফর্মের মধ্যে যুক্ত করুন দু'টি বোতাম ও একটি টেক্স্ট বাক্স। এরপর টুলবাক্স থেকে ডবল ক্লিক করে সলুশনে নিয়ে আসুন PrintDialog এবং PrintDocument অবজেক্ট। ডানের চিত্রটি দেখুন।


এবার ক্লিয়ার বোতামে ডবল ক্লিক করুন এবং সাবের ভেতর নিচের কোড লাইনটি লিখুন।

```
Private Sub Button2_Click(sender As Object, e As EventArgs)
Handles Button2.Click
```

```
    TextBox1.Text = ""
```

```
End Sub
```

এই কোড টেস্টট বাক্সকে খালি করে দেবে। এবার ডবল ক্লিক করুন



## ১৭তম পরিচ্ছেদ: Windows Form Controls

### উইন্ডোজ ফর্ম কন্ট্রোলস: Windows Form Controls

নিচের ধূসর এলাকায় পড়ে থাকা আমাদের PrintDocument1 -কে। একটি হ্যান্ডলার সাব আসবে ফর্মের কোড জানালায়। এতে নিচের কোডটুকু লিখুন।

'set the document font and colour'

```
Private Sub PrintDocument1_PrintPage(sender As Object, e As Printing.PrintPageEventArgs) Handles PrintDocument1.PrintPage
```

```
    Dim font1 As New Font("TonnyBanglaMJ", 14, FontStyle.Regular)
    e.Graphics.DrawString(TextBox1.Text, font1, Brushes.Black, 100, 100)
```

```
End Sub
```

এই কোডের কাজ হলো টেক্সট বাক্সের লেখাটুকুর ফন্ট, সাইজ, ফন্ট স্টাইল, ব্রাশ ইত্যাদি সেট করা। এবার প্রিন্ট বোতামে ডবল ক্লিক করুন। নিচের কোডটুকু লিখুন ইভেন্ট হ্যান্ডলারে।

'show setup dialog and then print using PrintDocument Object'

```
Private Sub Button1_Click(sender As Object, e As EventArgs) Handles Button1.Click
```

```
    If TextBox1.Text = "" Then
```

```
        MsgBox("Please write something!")
```

```
        Exit Sub
```

```
    End If
```

```
    Dim result As DialogResult = PrintDialog1.ShowDialog()
```

```
    If result = 1 Then
```

```
        PrintDocument1.Print()
```

```
    End If
```

```
End Sub
```

এই কোডের কাজ হলো প্রথমে নিশ্চিত করা টেক্সট বাক্সে কিছু লেখা আছে। এরপর প্রিন্ট ডায়লগ দেখানো সেটিংয়ের জন্য। তারপর প্রিন্ট ডকুমেন্ট অবজেক্টকে এ সেটিং মুতাবিক প্রিন্ট করার জন্য বলা। ব্যস! এটুকুই। লক্ষ করুন, মাঝখানে ডিম স্টেটমেন্ট এর মাধ্যমে আমরা প্রিন্ট ডায়লগ প্রদর্শন করেছি। আমরা ব্যবহারকারীর একশন কি জানতে চাই। কারণ তিনি প্রিন্ট না করে ক্যানসেল বোতামেও ক্লিক করতে পারেন। প্রিন্ট বোতামের ফলাফল ১ এবং ক্যানসেল বোতামের ফলাফল ২। সুতরাং রেজাল্ট ১ হলেই প্রিন্টের নির্দেশ দিতে পারি। আপনার টেক্সট বাক্সে যাই থাকুক- এ ক্ষেত্রে বিজয় কিবোর্ডে বাংলায় লিখা থাকবে, তা-ই ডিফোল্ট প্রিন্টারে প্রিন্ট হবে। আমি টেস্ট করে দেখেছি। আপনিও দেখে নিন।

**41. PrintDocument:** আমরা এইমাত্র এ অবজেক্টের কার্যকারিতার ওপর আলোচনা করেছি উদাহরণসহ। সুতরাং এখানে আর কিছু বলার নেই।

**42. PrintPreviewControl:** প্রিন্টিংয়ের জন্য প্রিন্ট ডায়লগ ও প্রিন্ট ডকুমেন্টই যথেষ্ট। তবে সময় সময় আমরা পিন্টের প্রিভিউ দেখতেও চাই। এই কম্পোনেন্টের কাজ এটাই।

**43. PrintPreviewDialog:** আমাদের সৃষ্টি উদাহরণটিকে কিছুটা পরিবর্তন করে নিলে এই ডায়লগের কার্যকারিতাও দেখতে পারি। এটার কাজও প্রিন্ট করা, তবে প্রথমে প্রদর্শিত হবে একটি প্রিভিউ। প্রিন্টিংসহ বেশ ক'ষি ফাংশন আছে। আসুন, ইতোমধ্যে আলোচিত প্রজেক্টে কিছুটা মডিফাই করি।

প্রথমেই আমরা টুলবাক্সে যেয়ে ফর্মে আরো একটি বোতাম ও PrintPreviewDialog যুক্ত করবো। বোতামের নামকরণ করবো: Print Preview। নতুন বোতামে ডবল ক্লিক করে সাবর্ণটিনে নিচের কোডটুকু লিখুন।

```
Private Sub Button3_Click(sender As Object, e As EventArgs) Handles Button3.Click
```

```
    If TextBox1.Text = "" Then
```

```
        MsgBox("Write something!")
```

## ১৭তম পরিচ্ছেদ: Windows Form Controls

### উইডেজ ফর্ম কন্ট্রুলস: Windows Form Controls


```

Else
    PrintPreviewDialog1.Show()
End If
End Sub

```

এই যা- আর কিছু লাগবে না। প্রিন্ট প্রিভিউ করেও এবার প্রিন্টিং করতে পারেন। ডানের চিত্রটি দেখুন।

**44. Process:** এটার কাজ হলো কম্পিউটারে চলন্ত প্রসেসগুলো সম্পর্কে তথ্য সংগ্রহ করা ও প্রয়োজনে প্রদর্শন করা। এটা মূলত সিস্টেম ডায়াগনস্টিক্স এর একটি ফাংশন। এডভাঙ্স স্তরের প্রোগ্রামাররা একে ব্যবহার করতে পারেন। সুতরাং আমাদের ক্ষেত্রে এর ওপর আলোচনা আদৌ সঠিক হবে না।




**45. ProgressBar:** ওয়েব ব্রাউজার উদ্দৱণ প্রোগ্রাম তৈরির সময় আমরা এর ব্যবহার দেখেছি। কোনো দীর্ঘ প্রসেসের সময় ব্যবহারকারীকে ফিডব্যাক দিতে এটি কাজে লাগানো যায়। এর দুটি গুরুত্বপূর্ণ প্রোপার্টি আছে: Minimum এবং Maximum। প্রথমাবস্থায় বারটি সম্পূর্ণ রংহীন থাকবে আর দ্বিতীয় অবস্থায় সম্পূর্ণরূপে রঙে পরিপূর্ণ হবে। একটি উদাহরণ দেখে নিই।

```
Private Sub Button1_Click(sender As Object, e As EventArgs) Handles Button1.Click
```

```

Label1.Text = "Process started."
For x As Integer = 0 To 100
    Label2.Text = x
    ProgressBar1.PerformStep()
    wait(1) 'wait for a millisecond
Next
ProgressBar1.Refresh()
Label1.Text = "Process Ended."
End Sub

```



' Loops for a specified period of time (milliseconds)

```
Private Sub wait(ByVal interval As Integer)
```

```

Dim sw As New Stopwatch
sw.Start()
Do While sw.ElapsedMilliseconds < interval
    ' Allows UI to remain responsive
    Application.DoEvents()
Loop
sw.Stop()
End Sub

```

উপরের wait সাবরুটিন দ্বারা নির্দিষ্ট মিলিসেকেন্ড পরিমাণ অপেক্ষার ব্যবস্থা করেছি। এটা প্রাগ্রেস বারের মাত্রা বৃদ্ধির পরই বার বার কল করেছি যাতেকরে বারের গতিটি দৃশ্যমান হয়।

**46. PropertyGrid:** এটা আইডিই [Integrated Development Environment] এর মতো বস্তর প্রোপার্টিগুলো দেখায়। কন্ট্রুলের দুটি গুরুত্বপূর্ণ প্রোপার্টি হলো: ১. SelectedObject এবং ২. SelectedObjects। প্রথমটির অর্থ একটি অবজেক্ট ও দ্বিতীয়টির অর্থ একাধিক অবজেক্ট। রানটাইমে অবজেক্টের প্রোপার্টি রান্ডবুল্ডল করা যায়। আমরা একটি উদাহরণ দেখাবো।

## ১৭তম পরিচ্ছেদ: Windows Form Controls

### উইডেজ ফর্ম কন্ট্রোলস: Windows Form Controls

একটি উইডেজ ফর্ম প্রজেক্ট তৈরি করে ফর্মের ভেতর একটি বোতাম, একটি চেক বাল্ব, একটি টেক্স্ট বাল্ব ও একটি প্রোপার্টি গ্রিড যুক্ত করুন। এরপর নিচের কোডগুলো বস্তুর ক্লিক ইভেন্ট সাবে লিখুন।

'make SelectedObject as Button1'

```
Private Sub Button1_Click(sender As Object, e As EventArgs) Handles Button1.Click
```

```
    PropertyGrid1.SelectedObject = Button1
```

```
End Sub
```

'make SelectedObject as CheckBox1'

```
Private Sub CheckBox1_CheckedChanged(sender As Object, e As EventArgs) Handles CheckBox1.CheckedChanged
```

```
    PropertyGrid1.SelectedObject = CheckBox1
```

```
End Sub
```

'make SelectedObject as TextBox1'


```
Private Sub TextBox1_MouseEnter(sender As Object, e As EventArgs)
```

```
Handles TextBox1.MouseEnter
```

```
    PropertyGrid1.SelectedObject = TextBox1
```


```
End Sub
```

আমরা এসব কোড দ্বারা প্রোপার্টি গ্রিডের সিলেক্টেড অবজেক্ট প্রোপার্টি বস্তুর সাথে সম্পৃক্ত করেছি মাত্র। দেখুন ফলাফল।



**47. RadioButton:** এ কন্ট্রোলে থাকে একটি গোল বোমাত ও পাশে কিছু লেখা। ব্যবহারকারী গোল বোতামে ক্লিক করলে কেন্দ্রে রঙিন একটি বৃত্ত আসে। কয়েকটি বোতাম একই সঙ্গে রাখা যায়। কোনটি ক্লিক করা আছে তা কোডের মাধ্যমে জেনে প্রয়োজনীয় ক্রিয়া সম্পাদন করাই হলো এর মূল কার্যকারিতা। দেখুন নীচের চিত্রটি।

**48. RichTextBox:** আমরা ইতোমধ্যে এই কন্ট্রোল নিয়ে কাজ করেছি। এটা টেক্স্ট বাল্বের মতোই- তবে কিছু মৌলিক পার্থক্য আছে। যেমন, এই বাল্বে যে কোনো ফন্ট [ইংরেজি, বাংলাসহ] ব্যবহার করা যায়। টেক্স্ট ফর্মাটিংও সম্ভব। দেখুন আমাদের সৃষ্টি ‘বাংলা টেক্স্ট এডিটর’ [পৃষ্ঠা ১৩৬]।



**49. SaveFileDialog:** এটা দ্বারা একটি সংরক্ষণ ডায়লগ দেখানো যায়। এটিও আমরা উক্ত ‘বাংলা টেক্স্ট এডিটর’ প্রোগ্রামে ব্যবহার করেছি। তবে এখানে একটি ছোট উদাহরণ দিচ্ছি। মনে করুন একটি জানালায় আছে রিচটেক্স্টবল্ব কন্ট্রোল। আপনি এতে কিছু লিখে ফাইলে সংরক্ষণ করবেন। এটা আঞ্চাম দিতে প্রথমেই একটি ইউজার ইন্টারফেস তৈরি করুন। দেখুন নিচের রানটাইমের চিত্রটি। এতে থাকবে একটি রিচটেক্স্টবল্ব, একটি ‘সংরক্ষণ করুন’ বোতাম ও একটি সেইভফাইলডায়লগ। এবার দেখুন প্রোগ্রামের কোডগুলো।

```
Private Sub Button1_Click(sender As Object, e As EventArgs) Handles Button1.Click
```

```
If RichTextBox1.Text = "" Then
```

```
    Exit Sub
```

```
End If
```

```
SaveFileDialog1.DefaultExt = "*.rtf"
```

```
SaveFileDialog1.Filter = "RTF Files|*.rtf"
```

```
SaveFileDialog1.CreatePrompt = True
```

```
If SaveFileDialog1.ShowDialog = Windows.Forms.DialogResult.OK Then
```

```
    RichTextBox1.SaveFile(SaveFileDialog1.FileName, RichTextBoxStreamType.RichText)
```

## ১৭তম পরিচ্ছেদ: Windows Form Controls


### উইন্ডোজ ফর্ম কন্ট্রোলস: Windows Form Controls

```
MsgBox("ফাইল সংরক্ষণ হয়েছে।")
```

```
End If
```

```
End Sub
```

**50. SerialPort:** -এটা দ্বারা কম্পিউটারের যে কোনো ফিজিক্যাল সিরিয়েল পোর্টের বিভিন্ন প্রোপার্টি সম্পর্কে অবগত হওয়া যায়। এগুলোর মধ্যে আছে: baud rate, break signal, Data Set Ready (DSR) state, port name, parity, and stop bits ইত্যাদি। নেট করুন, এসব ব্যাপার অনেকটা এডভাগ স্টেজের প্রোগ্রামিংয়ের সঙ্গে জড়িত। সুতরাং এ গ্রন্থে এসব ব্যাপার নিয়ে আলোচনা আদৌ সঠিক হবে না।




**51. ServiceController:** এটাও উচ্চ পর্যায়ের প্রোগ্রামারদের সুবিধার্তে তৈরি করেছে মাইক্রসফ্ট। উইন্ডোজ সার্ভিস প্রসেস ও মেথড এতে জড়িত। আমরা এ সম্পর্কে অতিরিক্ত কিছু বলতে পারবো না।

**52. SplitContainer:** এ কন্ট্রোল সম্পর্কে কিছুটা ব্যাখ্যা ১৭৭ পৃষ্ঠায় হয়েছে। এটি মূলত ডিজাইন কম্পোনেন্ট। এ সম্পর্কে এখানে আর কিছু বলছি না।


**53. Splitter:** এটার দ্বারাও ডিজাইনকালে কিছু কাজ করা যায়।

**54. StatusStrip:** এটা অনেকটা টুলস্ট্রিপের মতো। ফর্মের নিচে এটি প্রদর্শিত হয়। এর উদ্দেশ্য হলো স্টেটাস তথ্যাদি সংক্ষিপ্তভাবে দেখানো। এতে কয়েকটি বস্তু থাকে: স্টেটাস লেবেল, প্রগ্রেস বার, ড্রপডাউনবাটন এবং স্প্লিটবাটন। এগুলোর প্রতিটি আবার ফর্মের একেকটি কন্ট্রোল দ্বারা রেপ্রেজেন্ট করে। যেমন: প্রগ্রেসবারকে রেপ্রেজেন্ট করে টুলস্ট্রিপবার কন্ট্রোল। উদাহরণ থেকে ব্যাপারটি স্পষ্ট হবে। একটি ফর্মে যুক্ত করুন একটি স্টেটাস স্ট্রিপ কন্ট্রোল। ছেট এ্যারোতে যেয়ে প্রথমে চয়েজ করুন: ProgressBar। ফর্মে ডবলক্লিক করে এর কোড এডিটর খুলুন। যুক্ত করুন নিচের কোডগুলো লোড ইভেন্ট সাবে:

```
While ToolStripProgressBar1.Value < 100
    ToolStripProgressBar1.Value += 5
End While
```



রান করলে বায়ের চিত্রটি দেখতে পাবেন।



**55. TabControl:** এই কন্ট্রোল পৃষ্ঠায় পৃষ্ঠায় গ্রহণকৃত তথ্যাদি প্রদর্শন করে থাকে। আমরা এর ব্যবহার ১৭৭ পৃষ্ঠায় দেখেছি। সুতরাং এখানে আর অতিরিক্ত কিছু বলার নেই- তবে! একটি উদাহরণ দেখে নিই।

একটি নতুন প্রজেক্ট তৈরি করুন। ফর্মের মধ্যে একটি ট্যাব কন্ট্রোল যুক্ত করুন। আমাদের উদাহরণে মোট ৫টি ট্যাব আছে। কন্ট্রোলের ডানের উপরের কোণে যে ছেট এ্যারো আছে তাতে ক্লিক করে Abb Tab দ্বারা যতোটি প্রয়োজন ট্যাব যুক্ত করতে পারেন। প্রত্যেক ট্যাবের আলাদা জানালা আছে যাতে যুক্ত করা যায় অন্যান্য কন্ট্রোল। আমি প্রথম ট্যাবে একটি পিকচার বাক্স ও একটি লেবেল যুক্ত করেছি। পিকচার বাক্সে দেখাবো একটি ছবি এবং লেবেলে এ ছবি সম্পর্কে তথ্য থাকবে। অন্যান্য ট্যাবেও বিভিন্ন বস্তু যুক্ত করেছি। এবার দেখে নিন কোডটুকু।


## ১৭তম পরিচ্ছেদ: Windows Form Controls

### উইডেজ ফর্ম কন্ট্রোলস: Windows Form Controls

```
Private Sub TabControl_Load(sender As Object, e As EventArgs) Handles MyBase.Load
    'select the tabPage #3
    TabControl1.SelectedIndex = 4
End Sub
```

```
Private Sub TabControl1_SelectedIndexChanged(sender As Object, e As EventArgs) Handles TabControl1.SelectedIndexChanged
    If TabControl1.SelectedIndex = 0 Then
        PictureBox1.Image = My.Resources.LogoA
    End If
End Sub
```

উপরের প্রথম সাবরুটিনে আমরা ট্যাবের ডিফোল্ট ইনডেক্স কি হবে তা নির্দেশ করেছি। আর দ্বিতীয় সাব দ্বারা ইনডেক্স সিলেকশন ০ হলে ছবি প্রদর্শনের কথা বলেছি। ছবিটি অবশ্য My.Resources- এ ইতোমধ্যে এনে রেখেছিলাম। এবার দেখুন রানটাইমের কঠি চিত্র।



**56. TableLayoutPanel:** এটা ডিজাইনকালে ব্যবহারের একটি কন্ট্রোল। এটার ওপর আলোচনা ইতোমধ্যে পৃষ্ঠা ১৭৭-এ হয়ে গেছে। সুতরাং এখানে আর কিছু বলার নেই।

**57. TextBox:** এ কন্ট্রোলটি সম্ভবত সর্বাধিক বেশি ব্যবহৃত হয় ডিজিয়েল বেসিক.নেট প্রোগ্রামিংয়ে। পুরো এ বইটি জুড়ে টেক্স্ট বাক্স ব্যবহারের উদাহরণ আছে। এখানে অতিরিক্ত যা বলার তাহলো, এটা রিচটেক্স্টবক্স থেকে অনেকটা সহজ, এর ভেতর যে কোনো একটিমাত্র ফন্ট ব্যবহার করা যায়, ফন্টের রঙ একই হতে হবে। বিশেষ তেমন কোনো ফর্মাটিংও সম্ভব নয়। মোটকথা বেশি সুবিধার জন্য রিচ টেক্স্টবক্স কন্ট্রোল অনেকটা ব্যবহারোপযোগী। টেক্স্টবক্স কন্ট্রোলের শুরুত্তপূর্ণ কঠি প্রোপার্টি হলো: MultiLine, MaxLength, ReadOnly, WordWrap, ScrollBars and Text।

**58. Timer:** এটার কাজ হলো কোনো ফাংশন বা প্রসিডোরে ইন্টারভ্যল বা বিরতি দেওয়া। টাইমার কন্ট্রোল সলুশনের ধূসর এলাকায় পড়ে থাকে। একে কাজে লাগাতে হলে তার বিভিন্ন মেথড ও ফাংশন কল করতে হয় কোডে। একটি উদাহরণ দেখে নিই। নতুন একটি ফর্ম প্রজেক্ট তৈরি করুন। একটি টাইমার কন্ট্রোল প্রজেক্টে নিয়ে আসুন টুলবাক্স থেকে। আরো যুক্ত করুন দুটি বোতাম ও একটি টেক্স্ট বাক্স। প্রথম বোতামের টেক্স্ট ভ্যালু হবে, ‘টাইমার শুরু করুন’ এবং দ্বিতীয়টির ভ্যালু হবে, ‘টাইমার বন্ধ করুন’। টেক্স্ট বাক্সের ফন্ট সাইজ কিছুটা বাড়িয়ে দিন। এর ভ্যালু প্রপার্টি লিখুন ১। আমার মনে হয় উভয় বোতামের ফন্ট সাইজও কিছুটা বাড়িয়ে দিন যাতে স্পষ্ট দেখা যায়। টাইমারের প্রোপার্টি টেক্স্টে যেরে Interval প্রোপার্টির ভ্যালু লিখুন ১০০০। এর অর্থ ১০০০ মিলিসেকেন্ড বা ১ সেকেন্ড। এবার প্রথমে ডবল ক্লিক করুন টাইমার কন্ট্রোলে। কোড এডিটর জানালা আসবে। সেখানে Timer1\_Tick ইভেন্ট সাবরুটিন। এ সাবের ভেতর লিখুন:

```
Private Sub Timer1_Tick(sender As Object, e As EventArgs) Handles Timer1.Tick
    TextBox1.Text = Val(TextBox1.Text) + 1
End Sub
```

## ১৭তম পরিচ্ছেদ: Windows Form Controls

### উইডেজ ফর্ম কন্ট্রোলস: Windows Form Controls


এরপর ‘টাইমার শুরু করুন’ বোতামে ডবল ক্লিক করে তার ইভেন্ট সাবে লিখুন:

```
Private Sub Button1_Click(sender As Object, e As EventArgs) Handles Button1.Click
    Timer1.Start()
End Sub
```

সবশেষে ‘টাইমার বন্ধ করুন’ বোতামে ডবল ক্লিক করে তার ইভেন্ট সাবে লিখুন:

```
Private Sub Button2_Click(sender As Object, e As EventArgs) Handles Button2.Click
    Timer1.Stop()
End Sub
```

প্রোগ্রাম শুরু করে উভয় বোতামে ক্লিক করে দেখুন কিভাবে টেক্সট বাক্সে সংখ্যাটি বাড়ে ও বন্ধ হয়। আমরা এই টাইমার কন্ট্রোল দ্বারা একটি ডিজিটাল ঘড়ি বানাতে পারি। দেখুন এটা বানানো কতো সহজ!



নতুন প্রজেক্ট তৈরি করুন। ফর্মে একটি লেবেল নিয়ে আসুন। এর ফন্ট সাইজ ইত্যাদি পরিবর্তন করুন। যেভাবে বায়ের চিত্রে দেখানো হয়েছে। এর ফন্ট হবে বাংলা। আমরা বাংলা ডিজিটাল ঘড়ি বানাবো, কেমন?


ফর্মের কোথাও ডবল ক্লিক করে এর লোড ইভেন্ট সাবরুটিন প্রদর্শন করুন। এতে লিখুন নিচের কোড লাইনটি। আমরা চাই প্রোগ্রাম শুরু হলেই টাইমার সক্রিয় হয়ে ওঠবে- তাই এই কোড।

```
Private Sub Form9_Load(sender As Object, e As EventArgs) Handles MyBase.Load
    Timer1.Enabled = True
End Sub
```

এবার টাইমারে ডবল ক্লিক করে তার ইভেন্ট সাব বের করুন। লিখুন এই কোডটুকু।

```
Private Sub Timer1_Tick(sender As Object, e As EventArgs) Handles Timer1.Tick
    Label1.Text = Date.Now.ToString("dd-MM-yyyy hh:mm:ss")
    'Other date format "dd MM yyy hh mm ss"
End Sub
```


এ কোডের ওপর কিছুটা ব্যাখ্যার প্রয়োজন। আমরা লেবেলে তারিখ ও সময় দেখাতে চাই। সুতরাং এর টেক্সট-এ এখনকার তারিখ ও সময় [Now] প্রদর্শন করতে নির্দেশ দিচ্ছি। তারিখ ও সময় মূলত অবজেক্ট। ওগুলোকে স্ট্রিং বানাতে যেয়ে লিখতে হয়েছে ToString কীওয়ার্ডটি। ব্রাকেটে আমরা তারিখ ও সময় ফরম্যাট কি হবে সেটা উল্লেখ করেছি। এবার রান করুন। নিচের চিত্রে আমরা ডিজিটাল ঘড়িটি দেখতে পাচ্ছি- আর এটি বাংলা সংখ্যা প্রদর্শন করছে!



## ১৭তম পরিচ্ছেদ: Windows Form Controls

### উইডেজ ফর্ম কন্ট্রোলস: Windows Form Controls



**59. ToolStrip:** এটার কাজ হলো একাধিক বোতাম, ড্রপডাউন এবং অন্যান্য টুলস প্রদর্শন করা। এসব টুলস সহজে ও তাড়াতাড়ি পেতে টুলস্ট্রিপ খুব উপযোগী। বার বার মেনু আইটেমে যাওয়ার প্রয়োজন নেই। নিচের লিস্টে দেখানো হয়েছে টুলস্ট্রিপে কোন্ কোন্ আইটেম থাকতে পারে।



টুলস্ট্রিপ সৃষ্টির দুটি সময় আছে: ১. ডিজাইনটাইম ও ২. রানটাইম। প্রথমে আমরা ডিজাইনটাইমে টুলস্ট্রিপ তৈরির পদ্ধতি দেখবো।

একটি নতুন প্রজেক্টে তৈরি করুন। ফর্মের মধ্যে টুলবাক্স থেকে ডবল ক্লিক করে একটি টুলস্ট্রিপ যুক্ত করুন। এটা ফর্মের উপরে যেয়ে ডক করবে। ডানের ছোট এ্যারোতে ক্লিক করে দেখতে পাবেন আরেকটি জানালা। নিচের চিত্রটি দেখুন।


এবার টুলস্ট্রিপে ক্লিক করে এর প্রোপার্টিতে যান। সেট পরিস্থিতিতে BackColor - সবুজ এবং GripStyle - ভিজিবল। এরপর টুলস্ট্রিপের বায়ের ছোট এ্যারোতে ক্লিক করুন। একটি লিস্ট আসবে (উপরের ছবি)। এ লিস্ট থেকে যে কোনো আইমে চয়েজ করতে পারেন। দেখুন নিচের চিত্রটি।



টুলস্ট্রিপ মূলত বিভিন্ন টুলস রাখার স্থান। আপনি এগুলোর ক্লিক ও অন্যান্য ইভেন্ট খুলে কোডিং করতে পারেন। যেমন নিচের কোডগুলো হলো যথাক্রমে বোতাম, লেবেল ও প্রগ্রেস বারের ক্লিক ইভেন্ট কোড। প্রজেক্ট রান করে টুলস্ট্রিপের যে কোন আইটেমে ক্লিক করুন।

```
Private Sub ToolStripButton1_Click(sender As Object, e As EventArgs) Handles ToolStripButton1.Click
    Label1.Text = "আপনি টুলস্ট্রিপের বোতামে ক্লিক করেছেন।"
End Sub
Private Sub ToolStripLabel1_Click_1(sender As Object, e As EventArgs) Handles ToolStripLabel1.Click
    Label1.Text = "আপনি টুলস্ট্রিপের লেবেলে ক্লিক করেছেন।"
End Sub
Private Sub ToolStripProgressBar1_Click(sender As Object, e As EventArgs) Handles ToolStripProgressBar1.Click
    Label1.Text = "আপনি টুলস্ট্রিপের প্রগ্রেস বারে ক্লিক করেছেন।"
End Sub
```

মোটকথা, আমরা চাইলে টুলস্ট্রিপে বিভিন্ন আইটেম রেখে এগুলোর বিভিন্ন ইভেন্টে কোড লিখে কাঞ্চিত ফলাফল পেতে পারি। এভাবে করলে ব্যবহারকারীর জন্য সুন্দর একটি ইন্টারফেইসও তৈরি হতে পারে।




## ১৭তম পরিচ্ছেদ: Windows Form Controls

### উইডেজ ফর্ম কন্ট্রোলস: Windows Form Controls

**60. ToolStripContainer:** এটা একটি কন্টেইনার যার ভেতর ইতোমধ্যে আলোচিত টুলস্ট্রিপ থাকতে পারে। সুতরাং এটা ডিজাইনকালীন সুবিধার জন্য তৈরি হয়েছে।


**61. ToolTip:** এ বস্তি খুব ব্যবারোপযোগী। অন্য বস্তি যেমন বোতাম, লেবেল ইত্যাদির উপর মাউস পয়েন্টার গেলেই কিছু লেখা আসবে, যাতে নির্দেশ থাকবে এ বস্তির উদ্দেশ্য কি। শিক্ষার্থীরা নিচয়ই টুলস্ট্রিপ দেখেছেন। দেখে নিই একটি উদাহরণ। আগের টুলস্ট্রিপ সম্পর্কিত প্রোগ্রামে আমরা টুলস্ট্রিপ কন্ট্রোল যোগ করতে পারি। এবার দেখবেন ফর্মের সকল অন্যান্য কন্ট্রোলের প্রোপার্টিতে ‘ToolTipText’ নামক একটি অতিরিক্ত আইটেম এসেছে। আপনি এখানে যাই লিখবেন তা-ই আসবে যখনই মাউসটি এই কন্ট্রোলের ওপর যাবে। দেখুন নিচের চিত্রটি।



**কোডিং:** এটা খুব সহজ। প্রথমে ট্র্যাকবারু এর ওপর ডবল ক্লিক করে কোড জানালা খুলুন। এরপর নিচের কোডগুলো লিখুন। আপনি সব টাইপ করতে হবে না। একটি করে বাকিগুলো কপি-পেস্ট করতে পারেন। পরিবর্তন হবে সংখ্যা ও রঙ।

```
Private Sub TrackBar1_Scroll(sender As Object, e As EventArgs) Handles TrackBar1.Scroll
    Dim tValue As Integer = TrackBar1.Value
    If tValue = 0 Then TextBox1.BackColor = Color.Black
    If tValue = 1 Then TextBox1.BackColor = Color.White
    If tValue = 2 Then TextBox1.BackColor = Color.Red
    If tValue = 3 Then TextBox1.BackColor = Color.Blue
    If tValue = 4 Then TextBox1.BackColor = Color.Yellow
    If tValue = 5 Then TextBox1.BackColor = Color.Green
    If tValue = 6 Then TextBox1.BackColor = Color.Pink
    If tValue = 7 Then TextBox1.BackColor = Color.Brown
    If tValue = 8 Then TextBox1.BackColor = Color.Purple
    If tValue = 9 Then TextBox1.BackColor = Color.Gold
    If tValue = 10 Then TextBox1.BackColor = Color.Silver
End Sub
```

**63. TreeView:** এ কন্ট্রোল দ্বারা উইডেজের এক্সপ্লোরারের মতো বিভিন্ন বস্তি দেখানো যায়। প্রতিটি নোডে থাকতে পারে আরো বাচ্চা নোড। একটি সাধারণ উদাহরণ থেকে এ সম্পর্কে আরো জানা যাবে। ট্রিভিউ কন্ট্রোল ডিজাইনটাইমে ফর্মে নেওয়া যায় বা প্রোগ্রাম ভোক দ্বারাও তৈরি করা যায়। আমরা দ্বিতীয় পদ্ধতিতে এটি তৈরি করে দেখাবো।



প্রথমেই একটি নতুন প্রজেক্ট তৈরি করুন। ফর্মের মধ্যে ডবল ক্লিক করে এর কোড এডিটর জানালা খুলুন। এরপর পরের পৃষ্ঠার কোডগুলো ফর্মের লোড ইভেন্ট সাবে লিখুন।


## ১৭তম পরিচ্ছেদ: Windows Form Controls

### উইডেজ ফর্ম কন্ট্রোলস: Windows Form Controls

```

Private Sub Form1_Load(sender As Object, e As EventArgs) Handles MyBase.Load
    'create a new TreeView
    Dim TreeView1 As TreeView
    TreeView1 = New TreeView()
    TreeView1.Location = New Point(10, 10)
    TreeView1.Size = New Size(250, 250)
    Me.Controls.Add(TreeView1)
    TreeView1.Nodes.Clear()
    'Creating the root node
    Dim root = New TreeNode("Application")
    TreeView1.Nodes.Add(root)
    TreeView1.Nodes(0).Nodes.Add(New TreeNode("Project 1"))
    'Creating child nodes under the first child
    For loopindex As Integer = 1 To 4
        TreeView1.Nodes(0).Nodes(0).Nodes.Add(New TreeNode("Sub Project" & Str(loopindex)))
    Next loopindex
    'creating child nodes under the root
    TreeView1.Nodes(0).Nodes.Add(New TreeNode("Project 6"))
    'creating child nodes under the created child node
    For loopindex As Integer = 1 To 3
        TreeView1.Nodes(0).Nodes(1).Nodes.Add(New TreeNode("Project File" & Str(loopindex)))
    Next loopindex
    ' Set the caption bar text of the form.
    Me.Text = "ডিজিয়েল বেসিক.নেট প্রোগ্রামিং"
End Sub

```




ডানের চিত্রে আমরা ট্রিভিউটি দেখতে পাচ্ছি।

**64. VScrollBar:** এটা হলো উপর-নিচ স্ক্রলবার কন্ট্রোল। এই কন্ট্রোল সম্পর্কে আমরা ইতোমধ্যে আলোচনা করেছি। দেখুন, পৃষ্ঠা ১৭৮।

**65. WebBrowser:** এই কন্ট্রোলটি হলো ওয়েভ ব্রাউজার তৈরির ক্লাস। আমরা একটি পূর্ণাঙ্গ ওয়েভ ব্রাউজার তৈরি করেছি। সুতরাং এ সম্পর্কে অতিরিক্ত কিছু বলার নেই। আপনি আবার দেখতে পারেন পৃষ্ঠা ১৬৩ থেকে ১৬৭।

**66. Chart [Inside Data Sub Folder]:** মনে করুন মাইক্রসফ্ট এক্সেসের একটি ডাটাবেইজ আপনি তৈরি করলেন। সেখানে আছে দু'টি টেবিল: ১. Sales এবং ২. Expenses। আপনি চান, এই টেবিলদ্বয়ের একটি গ্রাফিক্যাল চার্ট আপনার বসকে দেখাবেন। এ কাজের জন্য ব্যবহার করতে পারেন ডিজিয়েল বেসিক.নেট এর Chart নামক কন্ট্রোলটি। আমরা এই উদাহরণ প্রোগ্রামটি করে নেবো।


প্রথমে একটি প্রজেক্ট তৈরি করুন। এতে একটি মাত্র বোতাম টুলবাক্স থেকে নিয়ে আসুন। এর নামকরণ করতে পারেন: চার্ট তৈরি করুন। এবার টুলস বাক্স থেকে একটি চার্ট নিয়ে আসুন ফর্মে। টুলস বাক্সের Data নামক টাবটিতে ক্লিক করলেই Chart আইটেমটি দেখতে পাবেন। সাধারণত চার্টটি ডানের চিত্রের মতো প্রদর্শিত হবে ফর্মে। তবে আমরা এভাবে রাখবো না। আমরা সেল্স ও এক্সপেন্স কথাগুলো লিখবো। সুতরাং Series1 মুছে ফেলতে হবে।



## ১৭তম পরিচ্ছেদ: Windows Form Controls

### উইডেজ ফর্ম কন্ট্রোলস: Windows Form Controls


প্রথমে চার্টে যেয়ে রাইট-ক্লিক করুন। চয়েজ করুন প্রোপার্টি। Series -এ যেয়ে ডানের [...] বোতামে ক্লিক করুন। যে জানালা আসবে তা নিচে দেখানো হয়েছে। Series সিলেক্ট করে Remove বোতামে ক্লিক করুন। ব্যস! অকে ক্লিক করে জানালা বন্ধ করুন। এবার 'চার্ট তৈরি করুন' বোতামে ডবল ক্লিক করে কোড এডিটর খুলুন। বোতামের ক্লিক ইভেন্টে নিচের কোডগুলো লিখুন।



```
Private Sub Button1_Click(sender As Object, e As EventArgs) Handles Button1.Click
    Chart1.Series.Add("Expenses")
    Chart1.Series.Add("Sales")
    Dim Conn As OleDbConnection = New
    OleDbConnection
    Dim provider =
    "Provider=Microsoft.ACE.OLEDB.12.0;Data
    Source ="
    Dim dataFile =
    "C:\Users\htci\Desktop\Sales.accdb" ' Change it to
    your Access Database location
    Conn.ConnectionString = provider & dataFile
    Conn.Open()
```

```
Dim cmd As OleDbCommand = New OleDbCommand("SELECT [Month], [Amount] FROM [Expenses]", Conn)
Dim dr As OleDbDataReader = cmd.ExecuteReader
While dr.Read
    Chart1.Series("Expenses").Points.AddXY(dr("Month").ToString, dr("Amount").ToString)
End While
dr.Close()
cmd.Dispose()
cmd = New OleDbCommand("SELECT [Month], [Amount] FROM [Sales]", Conn)
dr = cmd.ExecuteReader
While dr.Read
    Chart1.Series("Sales").Points.AddXY(dr("Month").ToString, dr("Amount").ToString)
End While
End Sub
```

প্রথমেই আমরা চার্টের সিরিজের মধ্যে দুটি কথা লিখেছি। এগুলো চার্টের ডানে লিখা থাকবে। এর পরের লাইনে ডাটাবেইজের সঙে যোগাযোগ সৃষ্টি করার জন্য নতুন কানেকশন ডিক্লায়ার করেছি। এরপর এক্সেসের ডাটাবেইজ খোলার যাবতীয় কোড এসেছে। যেখানে লেখা আছে: ' Change it to your Access Database location' সেখানে আপনার এক্সেস ফাইলের প্যাথ স্ট্রিং লিখবেন। ব্যস! এই কোড রান করলেই আপনার ডাটাবেইজের চার্ট তৈরি হবে। দেখুন ডানের চিত্রটি।



## ১৭তম পরিচ্ছেদ: Windows Form Controls

### উইডোজ ফর্ম কন্ট্রোলস: Windows Form Controls

**67. User Control:** এতোক্ষণ আমরা ডিজুয়্যাল বেসিক.নেট এর তৈরি করা কন্ট্রোলগুলোর ওপর বিস্তারিত আলেচনা করেছি। তবে এখানেই শেষ নয়। ব্যাবহারকারী বা প্রোগ্রামাররা নিজেরাই নতুন কন্ট্রোল তৈরি করতে পারেন। এগুলোর মাধ্যমে হয়তো বিশেষ কোন কাজও হতে পারে। সুতরাং, আমরা এখন একটি ইউজার কন্ট্রোল তৈরির প্রক্রিয়ার ওপর আলেচনা করবো। বাস্তবে একটি নতুন কন্ট্রোল বানাবো।

মূলত তিন ধরনের ইউজার কন্ট্রোল আছে। যথা:

১. **Combination control:** এর অর্থ একাধিক ফর্ম কন্ট্রোল দ্বারা একটি নতুন কন্ট্রোল তৈরি করা। সকল উইডোজ কন্ট্রোল এটির ভেতরে থাকবে এবং সরণগুলো ফাংশন্যাল হবে।

২. **Inherited control:** এটা হলো এমন একটি কন্ট্রোল যা কোনো উইডোজ কন্ট্রোল থেকে উত্তরাধিকার হিসাবে প্রাপ্ত। তবে এতে আরো থাকবে নতুন কিছু ফাংশন।

৩. **Custom control:** এটা সম্পূর্ণ নতুন কন্ট্রোল। এতে কোনো রেডিমেইড কন্ট্রোল থাকবে ন।

উপরে বর্ণিত তিনটির মধ্যে প্রথমটির ওপর একটি উদাহরণ এবার তুলে ধরছি। শিক্ষার্থীরা একে একে নিচের পদক্ষেপগুলো অনুসরণ করুন।

১. একটি ফর্ম প্রজেক্ট তৈরি করুন। এর নামকরণ যাচ্ছে তাই দিতে পারেন।

২. লোড হওয়ার পর চয়েজ করুন: Project > Add User Control। এর নামকরণ করুন: **ScrollText**।

৩. এটি আসবে নিচের চিত্রের মতো। টুলবাক্স থেকে একটি লেবেল কন্ট্রোল নিয়ে আসুন। এর নামকরণ করুন: **LabelScroll**। এরপর যুক্ত করুন একটি টাইমার। টাইমারের ওপর ডবল ক্লিক করে এর Tick ইভেন্ট সাব খুলুন। এই সাবের ভেতর লিখুন নিচের কোডগুলো।

```
Public Class ScrollText
    Private Sub Timer1_Tick(sender As Object, e As EventArgs) Handles Timer1.Tick
        Dim strBegin As String = Mid(LabelScroll.Text, 1, 1) 'Extract First Character
        Dim strEnd As String = Mid(LabelScroll.Text, 2, LabelScroll.Text.Length()) 'Extract Rest Of String
        LabelScroll.Text = strEnd & strBegin 'Add Beginning To End
    End Sub
End Class
```

লক্ষ করুন, এমনিতেই আমাদের কন্ট্রোলের নামে একটি ক্লাস এসেছে, ঠিক যেরূপ কোনো ফর্মের ক্লাস সাবরূটিন আসে। এই কোড একটি চলন্ত স্ট্রিং [লেখা] তৈরি করে। লেখার প্রথম অক্ষর ও বাকীগুলো যোগ করে এই কাজটি আঞ্চাম দেয়।

৪. এবার প্রোগ্রামটি বিল্ড করুন: Menu > Build > Build Solution। বিল্ড শেষে লক্ষ করুন, টুলবাক্সে আমাদের সৃষ্টি **ScrollText** কন্ট্রোলটি উ User Control Components লিস্টে এসে গেছে। দেখুন নিচের চিত্রটি।

৫. এবার এই নতুন কন্ট্রোলটি ডবল ক্লিক করে আমাদের উইডোজ ফর্মের ভেতর নিয়ে আসুন।

৬. ফর্মে দু'টি বোতাম যুক্ত করুন। এদের টেক্স্ট হবে যথাক্রমে: “শুরু” ও “বন্ধ”।

৭. ‘শুরু’ বোতামের ক্লিক সাবরূটিনে এই দু'টি লাইন লিখুন:

```
ScrollText1.LabelScroll.Text = "আমি তো ভাই খুব বেশি বেশি বেশি ক্ষুধার্ত..."
```


```
'Provide Text
```

```
ScrollText1.Timer1.Enabled = True 'Enable Timer
```


৮. ‘বন্ধ’ বোতামের ক্লিক সাবরূটিনে এই একটি লাইন লিখুন:

```
ScrollText1.Timer1.Enabled = False 'Stop Scrolling
```

ব্যস! আমাদের সৃষ্টি কন্ট্রোল এখন কাজ করবে। রান করে দেখুন।



## ১৮তম পরিচ্ছেদ: Visual Basic.Net: Simple Guide



## ডিজুয়্যাল বেসিক.নেট সহজ গাইড: Visual Basic.Net: Simple Guide



এটাই গ্রন্থের সর্বশেষ পরিচ্ছেদ। ডিজুয়্যাল বেসিক.নেট সম্পর্কে আমার যাকিছু শিখেছি তার ওপর সহজ একটি গাইড এ পরিচ্ছেদে তুলে ধরবো। শিক্ষার্থীরা নিজেদের এ্যাপ্লিকেশন সৃষ্টিতে এই পরিচ্ছেদকে সময় সময় কাজে লাগাতে পারবেন। এছাড়া মাইক্রোসফটের এই শক্তিশালী প্রোগ্রামিং ভাষার ওপরও এ গাইড থেকে অধিক বেশি জ্ঞানবান হবেন- এটাই আমার বিশ্বাস।

### ১. সার্বিক ধারণা: Overview

Microsoft Visual Basic.Net একটি অবজেক্ট অরিয়েন্টেড প্রোগ্রামিং ভাষা। এর বাস্তবায়ন .নেট [বর্তমান ভার্শন: 8.5] নামক ফ্রেমওয়ার্কের ওপর নির্ভরশীল। ভাষার সবকিছুই মূলত বস্তুভিত্তিক। এর মৌলিক টাইপ [Short, Long, Integer, String, Boolean etc.] একেকটি বস্তু। .নেট দ্বারা সৃষ্টি প্রোগ্রাম উইন্ডোজ ছাড়াও লাইনার্স [Linux] কিংবা ম্যাক অএসএক্স [Mac OSX] অপারেটিং সিস্টেমে রান করা যায়।

### ২. ডটনেট ফ্রেমওয়ার্ক: .Net Framework

এটা মাইক্রোসফটের একটি বৈপ্লাবিক সর্বাধুনিক প্রোগ্রামিং ফ্ল্যাটফর্ম। এটার দ্বারা প্রোগ্রামাররা সমগ্র বিশ্বব্যাপী প্রতিনিয়ত এ্যাপ্লিকেশন সৃষ্টি করে যাচ্ছেন:

- (ক) উইন্ডোজ ডেস্কটপ এ্যাপ্লিকেশন।
- (খ) ওয়েব এ্যাপ্লিকেশন ও সার্ভিসেস।

ডটনেট এ্যাপ্লিকেশন বহুমূল্য-ফ্ল্যাটফর্মও বটে। এটি ডিজাইন করা হয়েছে বেশ কঢ়ি সফ্টওয়্যার ভাষার কথা চিন্তা করে। এগুলোর মধ্যে Visual Basic, C#, C++, Jscript, and COBOL ইত্যাদি এখানে উল্লেখযোগ্য। এ ভাষাগুলো ডটনেট ফ্রেমওয়ার্ক কাজে লাগাতে পারে এবং একে অন্যের সঙ্গে যোগাযোগও সৃষ্টি করতে পারে। ফ্রেমওয়ার্কের মধ্যে একটি বিরাট কোড লাইব্রেরি আছে যা উক্ত ভাষাগুলোর মাধ্যমে ব্যবহার করা যায়। এই গ্রন্থে আলোচিত Vb.Net মূলত লাইব্রেরির কোড ব্যবহারেরই প্রশিক্ষণ মাত্র।

### ৩. প্রোগ্রাম কাঠামো : Program Structure

যে কোন প্রোগ্রামে সাধারণত এই বিষয়গুলো থাকে: ক. নেইমস্পেস ঘোষণা [Namespace declaration] উদাহরণ: Imports System, খ. ক্লাস বা মডিউল [Class or module] উদাহরণ: Public Class Form1; Module Module1, গ. প্রসিডিউর [Procedures- Sub, Function, Operator, Get, Set, AddHandler, RemoveHandler, RaiseEvent], ঘ. ভেরিয়েবল [Variables] উদাহরণ: Dim UserName as String, ঙ. মূল প্রসিডিউর [Main procedure] উদাহরণ: Sub Main(), চ. এক্সপ্রেশন ও স্টেটমেন্ট [Expressions & Statements] উদাহরণ: If MyVar = "Book" then; For x = 1 to 100 এবং ছ. মন্তব্য [Comments] উদাহরণ: 'This is the global variable for keeping User Name। শেমোক্ত [ছ] বিষয়টি বাস্তবে প্রোগ্রামের সঙ্গে সম্পৃক্ত নয়। এটা কম্পাইলার উপেক্ষা করে যাবে। তবে কমেন্ট থাকলে প্রোগ্রাম বুঝা অনেকটা সহজ হয়। ডিবাগিং ও নতুন সংস্করণ প্রকাশে এগুলো খুব সহায়ক হয়ে থাকে।

### ৪. ডিজুয়্যাল বেসিক.নেট মৌলিক সিনটেক্স: VB.Net - Basic Syntax

আগেই বলেছি ডিজুয়্যাল বেসিক.নেট একটি পূর্ণসং অবজেক্ট ওরিয়েন্টেড ভাষা। এর অর্থ হলো কোনো প্রোগ্রামে থাকবে বিভিন্ন বস্তু বা অবজেক্ট। তারা একে অন্যের সঙ্গে মিথস্ক্রিয়া করবে কিছু ক্রিয়ার মাধ্যমে। আর এসব ক্রিয়ার নামই হচ্ছে পদ্ধতি বা মেথড। একই ধরনের অবজেক্টকে বলে একই টাইপ বা ক্লাসের। সুতরাং আমরা যখন কোনো ডিজুয়্যাল বেসিক.নেট প্রোগ্রাম নিয়ে আলোচনা করি তখন একে সংজ্ঞায়িত করতে পারি এভাবে: একগুচ্ছ অবজেক্ট বা বস্তু যারা একে অন্যের সঙ্গে যোগাযোগ সৃষ্টি করে যার তার মেথড বা পদ্ধতিসমূহের মাধ্যমে। এসব বস্তু ও মেথডের ওপর আমরা আরো

## ১৮তম পরিচ্ছেদ: Visual Basic.Net: Simple Guide

### ভিজুয়্যাল বেসিক.নেট সহজ গাইড: Visual Basic.Net: Simple Guide

কিছু ব্যাখ্যা তুলে ধরতে পারি।

(ক) অবজেক্ট [Object]: অবজেক্টের আছে হাল বা স্টেট [State] ও চরিত্র [behavior]। উদাহরণ: একটি কুকুরের হালসমূহের মধ্যে আছে: রং, নাম, ধরন। আরো আছে তার চরিত্র: লেজ নাড়ানো, প্রভুভক্ষি, হাড়ি খাওয়া, ডাকা, ছুটোছুটি করা, পান করা ইত্যাদি। অবজেক্ট হলো ক্লাসের ইন্স্ট্যান্ট [মুহূর্ত]।

(খ) ক্লাস [Class]: ক্লাসকে আমরা সংজ্ঞায়িত করতে পারি এভাবে: একটি ব্লু প্রিন্ট বা টেমপ্লেট যা ব্যাখ্যা করে এই টাইপের বস্তুর অবস্থা ও চরিত্র।

(গ) মেথড [Method]: এটা মূলত একটি চরিত্রকে বুঝায়। ক্লাসের মধ্যে অনেকগুলো মেথড থাকতে পারে। আর এসব মেথডের মধ্যেই আমরা লজিক বা যুক্তিগুলো লিখে থাকি। এগুলোর মধ্যেই তথ্যাদি পরিবর্তন, পরিবর্ধন, কাজে লাগানো ও সকল ক্রিয়া সম্পাদিত হয়।

(ঘ) মুহূর্ত ভেরিয়েবল [Instant variables]: প্রতিটি অবজেক্টেই আছে তার নিজস্ব এক বা ততোধিক ভেরিয়েবল। এই মুহূর্ত ভেরিয়েবলসমূহে [অর্থাৎ অস্থায়ী কন্টেইনারে] ভ্যালু বা মান নির্দিষ্ট [assignment] করেই অবজেক্টের State সৃষ্টি করা হয়।

#### ৫. পরিচায়ক: Identifiers

প্রোগ্রামার দ্বারা ডিফাইন করা যে কোনো ক্লাস, ভেরিয়েবল, ফাংশন, সাবরুটিন কিংবা যে কোনো বস্তুর পরিচায়ক হিসাবে বিশেষ নাম থাকতে হয়। এ নামকেই বলে আইডেন্টিফাইয়ার। নামগুলো হতে হবে একক। এছাড়া ভিজুয়্যাল বেসিক.নেট ভাষার কিছু নাম আছে যেগুলো রিজর্ভ। এগুলো প্রোগ্রামে আইডেন্টিফাইয়ার হিসাবে ব্যবহার করা নিষিদ্ধ। আমরা একটু পরই রিজার্ভ কিওয়ার্ডগুলোর একটি লিস্ট তুলে ধরছি। আইডেন্টিফাইয়ার কিভাবে লিখবেন তারও কিছু নিয়মকানুন আছে। আমরা সেগুলো প্রথমে উল্লেখ করছি।

ক. নামের প্রথম অক্ষর কোনো সংখ্যা দেওয়া যাবে না। তবে আভারক্সের [-] গ্রহণযোগ্য। নামের মাঝখানে শূন্যস্থান [স্পেস] দেওয়া যাবে না। যেমন: Dim \_MyVariable; Dim FirstNumber1 - উভয়টি গ্রহণযোগ্য। কিন্তু, Number One কিংবা Dim 3TheNumber- গ্রহণযোগ্য নয়।

খ. আইডেন্টিফাইয়ারে এই ক্যারাক্টারগুলো দেওয়া যাবে না: ? - +! @ # % ^ & \* () [] {} . ; : " ' / \ | ইত্যাদি।

নিচের টেবিলে আমরা রিজার্ভ কিওয়ার্ডগুলো তুলে ধরেছি।

AddHandler	AddressOf	Alias	And	AndAlso	As	Boolean
ByRef	Byte	ByVal	Call	Case	Catch	CBool
CByte	CChar	CDate	CDec	CDbl	Char	CInt
Class	CLng	CObj	Const	Continue	CSByte	CShort
Decimal	Declare	Default	Delegate	Dim	DirectCast	Do
Double	Each	Else	ElseIf	End	End If	Enum
Erase	Error	Event	Exit	False	Finally	For
Friend	Function	Get	GetType	GetXML Namespace	Global	GoTo
Handles	If	Implements	Imports	In	Inherits	Integer
Interface	Is	IsNot	Let	Lib	Like	Long
Loop	Me	Mod	Module	MustInherit	MustOverride	MyBase
MyClass	Namespace	Narrowing	New	Next	Not	Nothing
Not Inheritable	Not Overridable	Object	Of	On	Operator	Option
Optional	Or	OrElse	Overloads	Overridable	Overrides	ParamArray

## ১৮তম পরিচ্ছেদ: Visual Basic.Net: Simple Guide

## ডিজিয়েল বেসিক.নেট সহজ গাইড: Visual Basic.Net: Simple Guide

Partial	Private	Property	Protected	Public	RaiseEvent	ReadOnly
ReDim	REM	Remove Handler	Resume	Return	SByte	Select
Set	Shadows	Shared	Short	Single	Static	Step
Stop	String	Structure	Sub	SyncLock	Then	Throw
To	True	Try	TryCast	TypeOf	UInteger	While
Widening	With	WithEvents	WriteOnly	Xor		

উপরোক্ত টেবিলের সকল শব্দ মূলত ডিজিয়েল বেসিক.নেট ভাষার সঙে সম্পৃক্ত। সুতরাং এগুলো আইডেন্টিফাইয়ার হিসাবে ব্যবহার করা যাবে না।

## ৬. তথ্যাদির ধরন: Data Types

সকল প্রোগ্রামিং ভাষার মতো ডিজিয়েল বেসিক.নেটে আমরা সব ধরনের ডাটা টাইপ ব্যবহার করতে পারি। গ্রন্থের শুরুর দিকে আমরা এসব টাইপ নিয়ে আলোচনা করেছি। এখানে শুধুমাত্র লিস্টটি পৃষ্ঠাগুলোর প্রয়োজন মনে করছি।

Data Type	Storage Allocation	Value Range
Boolean	Depends on implementing platform	True or False
Byte	1 byte	0 through 255 (unsigned)
Char	2 bytes	0 through 65535 (unsigned)
Date	8 bytes	0:00:00 (midnight) on January 1, 0001 through 11:59:59 PM on December 31, 9999
Decimal	16 bytes	0 through +/- 79,228,162,514,264,337,593,543,950,335 (+/- 7.9...E+28) with no decimal point; 0 through +/- 7.9228162514264337593543950335 with 28 places to the right of the decimal
Double	8 bytes	-1.79769313486231570E+308 through -4.94065645841246544E-324, for negative values 4.94065645841246544E-324 through 1.79769313486231570E+308, for positive values
Integer	4 bytes	-2,147,483,648 through 2,147,483,647 (signed)
Long	8 bytes	-9,223,372,036,854,775,808 through 9,223,372,036,854,775,807(signed)
Object	4 bytes on 32-bit platform 8 bytes on 64-bit platform	Any type can be stored in a variable of type Object
SByte	1 byte	-128 through 127 (signed)
Short	2 bytes	-32,768 through 32,767 (signed)
Single	4 bytes	-3.4028235E+38 through -1.401298E-45 for negative values; 1.401298E-45 through 3.4028235E+38 for positive values

## ১৮তম পরিচ্ছেদ: Visual Basic.Net: Simple Guide

## ভিজুয়্যাল বেসিক.নেট সহজ গাইড: Visual Basic.Net: Simple Guide

Data Type	Storage Allocation	Value Range
String	Depends on implementing platform	0 to approximately 2 billion Unicode characters
UInteger	4 bytes	0 through 4,294,967,295 (unsigned)
ULong	8 bytes	0 through 18,446,744,073,709,551,615 (unsigned)
User-Defined	Depends on implementing platform	Each member of the structure has a range determined by its data type and independent of the ranges of the other members
UShort	2 bytes	0 through 65,535 (unsigned)

## ৭. টাইপ রূপান্তর ফাংশন: Types Conversion Functions


ভিজুয়্যাল বেসিক.নেট নিচের টেবিলে উল্লেখিত ফাংশনগুলো প্রোগ্রামারদের সুবিধার্থে তৈরি করে দিয়েছে।

S.N	Functions & Description
1	<b>CBool(expression)</b> Converts the expression to Boolean data type.
2	<b>CByte(expression)</b> Converts the expression to Byte data type.
3	<b>CChar(expression)</b> Converts the expression to Char data type.
4	<b>CDate(expression)</b> Converts the expression to Date data type
5	<b>CDbl(expression)</b> Converts the expression to Double data type.
6	<b>CDec(expression)</b> Converts the expression to Decimal data type.
7	<b>CInt(expression)</b> Converts the expression to Integer data type.
8	<b>CLng(expression)</b> Converts the expression to Long data type.

S.N	Functions & Description
9	<b>CObj(expression)</b> Converts the expression to Object type.
10	<b>CSByte(expression)</b> Converts the expression to SByte data type.
11	<b>CShort(expression)</b> Converts the expression to Short data type.
12	<b>CSng(expression)</b> Converts the expression to Single data type.
13	<b>CStr(expression)</b> Converts the expression to String data type.
14	<b>CUInt(expression)</b> Converts the expression to UInt data type.
15	<b>CULng(expression)</b> Converts the expression to ULng data type.
16	<b>CUShort(expression)</b> Converts the expression to UShort data type.

উদাহরণ: নিচের কোড ব্লকট একটি কনসোল প্রজেক্ট তৈরি করে মডিউলে লিখে রান করুন।

```
Module Module1
Sub Main()
    Dim n As Integer
    Dim da As Date
    Dim bl As Boolean = True
    n = 1234567
    da = Today
    Console.WriteLine(bl)
    Console.WriteLine(CSByte(bl))
    Console.WriteLine(CStr(bl))
    Console.WriteLine(CStr(da))
    Console.WriteLine(CChar(CChar(CStr(n))))
    Console.WriteLine(CChar(CStr(da)))
    Console.ReadKey()
End Sub
End Module
```



বায়ের কনসোল প্রোগ্রাম রানের ফলাফল।

## ১৮তম পরিচ্ছেদ: Visual Basic.Net: Simple Guide

### ডিজিয়েল বেসিক.নেট সহজ গাইড: Visual Basic.Net: Simple Guide

#### ৮. ডিজিয়েল বেসিক.নেট ভেরিয়েবল : Visual Basic.Net Variables

ভেরিয়েবল কম্পিউটারের স্টোরেজ মেমোরিতে একটি নাম ছাড়া কিছুই নয়। আমরা এই নামে বিভিন্ন তথ্য সংরক্ষণ করি ও প্রয়োজনে বের করে পরিবর্তন করতে পারি। প্রত্যেক ভেরিয়েবল অবশ্য কোনো বিশেষ ধরনের হতে হবে। একে বলে ভেরিয়েবলের টাইপ। কোন টাইপের ভেরিয়েবল তা-ই নির্ধারণ করে কী পরিমাণ মেমোরির প্রয়োজন। ইতোমধ্যে আমার ভেরিয়েবল টাইপ নিয়ে আলোচনা করেছি। মৌলিক টাইপগুলোকে আমরা নিচের টেবিলে দেওয়া পদ্ধতিতে শ্রেণিভুক্ত করতে পারি।

Type	Example
Integral types	SByte, Byte, Short, UShort, Integer, UInteger, Long, ULong and Char
Floating point types	Single and Double
Decimal types	Decimal
Boolean types	True or False values, as assigned
Date types	Date

#### ৯. ভেরিয়েবল ডিক্লারেশন ও ইনিশিয়েলাইজেশন: Variable Declaration and Initialization

শিক্ষার্থীরা ভেরিয়েবল ডিক্লারেশন ও ইনিশিয়েলাইজেশন সম্পর্কে ওয়াকিফহান আছেন। এরপরও নিচে পূর্ণাঙ্গ নিয়ম-কানুন তুলে ধরছি রেফারেন্স হিসাবে।

Syntax: [ < attribute list> ] [ access modifier ] [ [ Shared ] [ Shadows ] [ [ Static ] [ ReadOnly ] Dim [ WithEvents ] variable list

উপরের সিনট্যাক্সের প্রতিটি শব্দের ব্যাখ্যা:

attribute list: এটা হলো ভেরিয়েবলের সঙ্গে সম্পর্কিত গুণাবলীর তালিকা- এটা অপশন্যাল।

access modifier: ভেরিয়েবলের প্রাপ্তির ব্যাপ্তি কতটুকু হবে। যেমন: Public, Protected, Friend, Protected Friend and Private। এটাও অপশন্যাল।

Shared: এটা ডিক্লায়ার করে যে ভেরিয়েবলটি সকল স্ট্রাকচার ও ক্লাসে ব্যবহারযোগ্য। এটা অপশন্যাল।

Shadows: এটা নির্দেশ করে যে ভেরিয়েবলটি পুনরায় একই নামে বেইজ ক্লাসে ডিক্লায়ার করা আছে। এটা অপশন্যাল।

Static: যে প্রসিডিউরে এটি ডিক্লায়ার হয়েছে সেটি বন্ধ হওয়ার পরও ভেরিয়েবলটি অপরিবর্তিত থাকবে। এটা অপশন্যাল।

ReadOnly: এর অর্থ ভেরিয়েবলটি শুধুমাত্র পড়া যাবে- কিন্তু লেখা যাবে না। এটা অপশন্যাল।

Dim: এর মানে ডাইমেনশন। এটা বাধ্যতামূলক।

WithEvents: ভেরিয়েবলে যে ইস্ট্যান্ট [মুহূর্ত] এসাইন করা হয়েছে তা এর দ্বারা সক্রিয় হতে পারে। অপশন্যাল।

variable list: এতে থাকে ডিক্লায়ার করা ভেরিয়েবল তালিকা। বাধ্যতামূলক।

প্রত্যেক ভেরিয়েবল লিস্টে থাকবে:

variable name[ ( [ bounds list ] ) ] [ As [ New ] data type ] [ = initializer ]

variable name: এটা হচ্ছে ভেরিয়েবলের নাম। বাধ্যতামূলক।

bounds list: যারে ভেরিয়েবলের প্রত্যেক বিস্তৃতির ব্যাপ্তি ডিক্লায়ার করে। এটা অপশন্যাল।

As: কিওয়ার্ড। এটা থাকতে হবে।

New: এটা ক্লাসের নতুন একটি ইস্ট্যান্ট তৈরি করে যখন ডাইমেনশন [Dim] স্টেটম্যান্ট রান করে। ঐচ্ছিক।

data type: অপশন স্ট্রিট [Option Strict] অন থাকলে এটা বাধ্যতামূলক।

initializer: যদি নিউ [New] লেখা না থাকে, এটা ব্যবহার অপশন্যাল।

## ১৮তম পরিচ্ছেদ: Visual Basic.NET: Simple Guide

### ডিজিটাল বেসিক.নেট সহজ গাইড: Visual Basic.NET: Simple Guide

কিছু গ্রহণযোগ্য ডিক্লারেশনের উদাহরণ:

```
Dim StudentID As Integer
